নভেম্বর ২০২১

ACHIEVERS *Collectors' Handbook of Infotainment*

ডব্লিউবিসিএস প্ল্যানার

- প্রধানমন্ত্রীর মার্কিন যুক্তরাষ্ট্র সফর
- কলম্বিয়ার উপরাষ্ট্রপতি ও পররাষ্ট্রমন্ত্রীর ভারত সফর
- ডেনমার্কের প্রধানমন্ত্রীর ভারত সফর
- ভবানীপুরে বিপুল ভোটে জয়ী মমতা ব্যানার্জি
- নোবেল পুরস্কার — ২০২১
- আইপিএল ক্রিকেট টুর্নামেন্ট– ২০২১
- ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

Practice Sets :

- SSC GD Constable Practice Set
- RRC Level-I Exam. Practice Set
- West Bengal Police (SI) Exam. Practice Set
- SSC CGL (Tier-II) – Mathematics Practice Set
- Bank Exam. Related Practice Set

₹50

অ্যাচিভার্সের নিজস্ব টেলিগ্রাম চ্যানেলে জয়েন করতে অ্যাক্সেস করুন–
https://t.me/Achievers_Magazine

সম্পাদকীয়

'নতুন যুগের জোয়ার আসে কোন একজন বিশেষ মনীষীর মনে
নতুন বাণীর পণ্য বহণ করে আনে,
সমস্ত দেশের মন জেগে ওঠে চিরভ্যস্ত জড়তা থেকে'।। — রবীন্দ্রনাথ ঠাকুর।

বিশ্বকবির এই উক্তিকে মান্যতা দিয়ে বলা যায় নানান প্রাকৃতিক প্রতিকূলতার মধ্য দিয়ে ধরিত্রী এগিয়ে চলেছে, তারই সঙ্গে মানব জীবনের বিবিধ ধারা নানা কলরবে ছুটে চলেছে সময়ের অন্তহীন রহস্যজালে। পার্থিব জগতে অনুষ্ঠিত নানান উৎসব আনন্দের ক্ষেত্রে মাঝে মাঝে ভাঁটা পড়লেও কোনোদিন ভাঁটা পড়ে না শিক্ষার ঢেউ-এ; বরং প্রতিনিয়ত উত্থিত নব শিক্ষার ঢেউ শিক্ষাঙ্গন ও শিক্ষার্থীদের করে তোলে আর সমৃদ্ধশালী ও যুগোপযোগী। করোনা পরবর্তী সময়ে প্রত্যেক শিক্ষার্থীর কাছে নতুন করে এগিয়ে চলার মানসিকতাকে উজ্জীবিত করতে প্রয়োজন অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের এক ঐকান্তিক প্রচেষ্টা। বর্তমান যুগ হল প্রবল প্রতিযোগিতার যুগ। এই যুগোপযোগী সময়ের সঙ্গে নিজেকে তালমিলিয়ে চলতে গেলে চাই অসীম সাহস, অনমনীয় সংযম ও স্বাবলম্বী হওয়ার অভিপ্রায়। বাস্তবতার মাটিতে আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার ক্ষেত্রে অভিভাবক-সহ শিক্ষার্থীদের প্রথম পছন্দ হল সরকারি চাকরি। সরকারি চাকরি একদিকে যেমন প্রশাসনিক দক্ষতাও সামাজিক সম্মান নিয়ে আসে, অন্যদিকে তেমনি নিয়ে আসে আর্থিক স্বচ্ছলতা ও ভবিষ্যৎ জীবনের নিরাপত্তা। অষ্টম থেকে স্নাতক যোগ্যতায় সরকারি চাকরি পেতে প্রয়োজন পরিকল্পনামাফিক প্রস্তুতি ও উপযুক্ত জ্ঞান সমৃদ্ধ তথ্যভাণ্ডার। এবিষয়ে GSCE পাবলিকেশনস থেকে প্রকাশিত মাসিক পত্রিকা **'অ্যাচিভার্স'** এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে; হয়ে উঠেছে চাকরিপ্রার্থীদের প্রধান ভরসাস্থল।

'অ্যাচিভার্স'-এর নভেম্বর-২০২১ সংখ্যায় সম্প্রতি ঘটে যাওয়া রাজ্য, দেশ, বিদেশের খবর, প্রয়াণ, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, পুরস্কার ও সম্মান এবং খেলাধুলার খবরাখবর যেমন রয়েছে, তেমনি রয়েছে বিভিন্ন পরীক্ষাকেন্দ্রিক বিশেষ তথ্যের সম্ভার ডব্লিউবিসিএস প্ল্যানার। আসন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট সেল পরিচালিত লেভেল ওয়ান এক্সাম, ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড পরিচালিত ওয়েস্ট বেঙ্গল পুলিশ (এস.আই.) প্র্যাকটিশ সেট এবং স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল ও জিডি কনস্টেবল এবং ব্যাঙ্ক পরীক্ষা সংক্রান্ত বিশেষ প্র্যাকটিশ সেট সহ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন চাকরির পরীক্ষার সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য সরকারি চাকরিপ্রার্থীদের কাছে **'অ্যাচিভার্স'** হয়ে উঠুক এক যথার্থ সহায়ক পত্রিকা— এই শুভকামনা-ই রইল।

নভেম্বর, ২০২১
কলকাতা

বিজ্ঞাপন

ইংরেজীর সেরা দু'টি বই

শুধু বই নয়, পরীক্ষার্থীদের সর্বক্ষণের সঙ্গী ও সম্পদ

For WBCS, UPSC, PSC, Staff Selection Commission, School Service Commission, TET, BANK, LIC, RAIL, CDS & Miscellaneous Services of Central and State Govts. Including Undertakings—

A TREASURE TROVE FOR ENGLISH LEARNERS

GRAMMAR
COMPOSITION
TRANSLATION
USAGE &
VOCABULARY

D. P. Bhattacharya

TIMES OF ENGLISH
TREASURE TROVE
PART TWO
by
SAUMIK BHATTACHARYA

NEW LIGHT 10/2B, Ramanath Majumder Street, Kolkata- 9
(033) 22414252 Mob : 9433014250 / 8902403599

— সূচিপত্র —

সাম্প্রতিক খবরের শিরোনাম

প্রধানমন্ত্রীর মার্কিন যুক্তরাষ্ট্র সফর

২২ সেপ্টেম্বর-২৫ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জো বাইডেনের আমন্ত্রণে সেদেশ সফরের জন্য ওয়াশিংটন ডি.সি-তে পৌঁছলেন। মার্কিন সরকারের পক্ষ থেকে সেদেশের ব্যবস্থাপনা ও সম্পদ দপ্তরের ডেপুটি সেক্রেটারি অফ স্টেট মিঃ টি এইচ ব্রায়ান ম্যাককিওন প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। অ্যান্ড্রুজ বিমান ঘাঁটিতে উৎসাহী ভারতীয় বংশোদ্ভূতরা উপস্থিত ছিলেন। হর্ষধ্বনির মাধ্যমে তাঁরা প্রধানমন্ত্রীকে স্বাগত জানান।

● প্রধানমন্ত্রীর সঙ্গে কোয়ালকমের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ ক্রিশ্চিয়ানো আমনের বৈঠক

২৩শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কোয়ালকমের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ ক্রিশ্চিয়ানো আমনের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে তাঁরা ভারতে টেলিযোগাযোগ ও বৈদ্যুতিন ক্ষেত্রে বিনিয়োগের সুযোগ ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। এছাড়াও বৈদ্যুতিন ব্যবস্থার নকশা ও উৎপাদনের জন্য উৎসাহ ভিত্তিক উৎপাদন প্রকল্প এবং ভারতে সেমিকনডাক্টরের সরবরাহ শৃঙ্খল তৈরি করা নিয়ে কথা বলেন। ভারতে স্থানীয় উদ্ভাবন ব্যবস্থাপনার জন্য কৌশল নিয়েও আলোচনা হয়।

● অ্যাডব-এর সভাপতি এবং সিইও শ্রী শান্তনু নারায়ণের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী অ্যাডব সংস্থার সভাপতি ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক (সিইও) শ্রী শান্তনু নারায়ণের সঙ্গে বৈঠক করেন। ভারতে অ্যাডব-এর চলতি সহযোগিতামূলক উদ্যোগ ও ভবিষ্যৎ বিনিয়োগ পরিকল্পনা নিয়ে দু'জনের মধ্যে আলোচনা হয়। ফ্ল্যাগশিপ কর্মসূচির ডিজিটাল ইন্ডিয়া সহ স্বাস্থ্য, শিক্ষা এবং গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে উদীয়মান প্রযুক্তির প্রয়োগ নিয়ে শান্তনু নারায়ণের সঙ্গে প্রধানমন্ত্রীর আলোচনা হয়েছে।

● প্রধানমন্ত্রীর সঙ্গে ফার্স্ট সোলারের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ মার্ক উইডমারের বৈঠক

২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ফার্স্ট সোলারের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ মার্ক উইডমারের সঙ্গে বৈঠক করেছেন। আলোচনায় ভারতে সৌরশক্তি সহ এবং পুণনবীকরণযোগ্য শক্তির সম্ভাবনা ও ২০৩০ সালের মধ্যে পুণনবীকরণযোগ্য শক্তির উৎস থেকে ৪৫০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য অর্জন নিয়ে কথা হয়েছে। ভারতে সম্প্রতি শুরু হওয়া উৎসাহভিত্তিক উৎপাদন প্রকল্পর সুবিধাকে কাজে লাগিয়ে ফার্স্ট সোলারের অনন্য 'থিন ফিল্ম প্রযুক্তি'র ব্যবহার করে উৎপাদন কেন্দ্র গড়ে তোলা নিয়ে আলোচনা হয়েছে। একই সঙ্গে ভারতে আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খল গড়ে তোলার বিষয় নিয়েও তাঁদের মধ্যে কথা হয়েছে।

● প্রধানমন্ত্রী জেনারেল অ্যাটমিকস গ্লোবাল কর্পোরেশনের মুখ্য নির্বাহী আধিকারিক বিবেক লালের সঙ্গে বৈঠক

২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জেনারেল অ্যাটমিকস গ্লোবাল কর্পোরেশনের মুখ্য নির্বাহী আধিকারিক শ্রী বিবেক লালের সঙ্গে বৈঠক করেছেন। তারা ভারতের প্রতিরক্ষা প্রযুক্তিকে আরও শক্তিশালী করতে উভয়ের মধ্যে আলোচনা করেছেন। শ্রীলাল ভারতের সাম্প্রতিক রীতি পরিবর্তনের প্রশংসা করেছেন যা প্রতিরক্ষা উৎপাদন এবং প্রযুক্তি ক্ষেত্রে ভারতের ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।

● প্রধানমন্ত্রী ব্ল্যাক স্টোন -এর চেয়ারম্যান, মুখ্য নির্বাহী আধিকারিক এবং সহ-প্রতিষ্ঠাতা স্টিফেন শোয়ার্জম্যানের সঙ্গে বৈঠক করেছেন

২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ব্ল্যাক স্টোন- এর চেয়ারম্যান, মুখ্য নির্বাহী আধিকারিক এবং সহ-প্রতিষ্ঠাতা শ্রী স্টিফেন শোয়ার্জম্যানের সঙ্গে বৈঠক করেছেন। শোয়ার্জম্যান তাঁদের ভারতে চলা প্রকল্পগুলি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেছেন এবং পরিকাঠামো ও রিয়েল এস্টেট ক্ষেত্রে বিনিয়োগের ইচ্ছা প্রকাশ করেছেন। জাতীয় পরিকাঠামো ক্ষেত্র এবং জাতীয় নগদীকরণ ক্ষেত্র সহ ভারতে সম্ভাব্য বিনিয়োগ নিয়ে তাঁদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়েছে।

● অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসনের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কোয়াড লিডার্সদের শীর্ষ সম্মেলনের ফাঁকে ওয়াশিংটনে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মাননীয় স্কট মরিসনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। করোনা পরবর্তী সময়ে দু'দেশের শীর্ষ নেতার মধ্যে এটাই ছিল প্রথম বৈঠক। এর আগে ভারত ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর মধ্যে ভার্চুয়াল মাধ্যমে ২০২০ সালের ৪ জুন দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। যখন ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে কৌশলগত অংশীদারিত্ব বিশেষ পথে উন্নীত হয়েছিল। এবারের বৈঠকে দু দেশের প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক আঞ্চলিক এবং বিশ্বের সঙ্গে সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করেন। ভারত ও অস্ট্রেলিয়ার বিদেশ ও প্রতিরক্ষা মন্ত্রীদের মধ্যে সাম্প্রতিক বৈঠক নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়। দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা চুক্তি নিয়ে দু'দেশের নেতা সন্তোষ প্রকাশ করেন। জলবায়ু পরিবর্তনের বিষয়টি জরুরি ভিত্তিতে মোকাবিলা করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রয়োজনীয়তার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে প্রধানমন্ত্রী পরিবেশ সুরক্ষার ক্ষেত্রে আরো বেশি করে আলোচনার

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশনের নতুন অধ্যক্ষ পদে নিযুক্ত হলেন সি কে রঙ্গনাথন

প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। দু'দেশের প্রধানমন্ত্রী ক্লিন টেকনোলজির সম্ভাবনার কথা আলোচনা করেন। অতিমারি পরবর্তী পর্যায় কে কাটিয়ে উঠতে উভয় দেশকে একসঙ্গে কাজ করার প্রয়োজনীয়তার ওপর তারা গুরুত্বারোপ করেন। উভয় নেতা অস্ট্রেলিয়ার অর্থনৈতিক ও সামাজিক বিকাশে প্রবাসী ভারতীয়দের অবদানের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মহামান্য স্কট মরিসনকে ভারত সফরের জন্য পুনরায় আমন্ত্রণ জানিয়েছেন।

● প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস-এর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তাঁর মার্কিন যুক্তরাষ্ট্র সফরকালে ওয়াশিংটনে মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এর সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছিলেন। তাঁদের মধ্যে প্রথম বৈঠকে উভয়েই সন্তোষ প্রকাশ করেছেন। এদিনের বৈঠকে আফগানিস্তান সহ বিশ্বের বর্তমান পরিস্থিতি নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। বিশ্বের সার্বিক উন্নয়ন সহ ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিস্থিতি নিয়ে তাঁদের মধ্যে মত বিনিময় হয়েছে। উভয় দেশের নেতা তাঁদের দেশের কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতির মোকাবিলায় টিকাকরণ সহ ওষুধ সরবরাহ এবং স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে আলোকপাত করা হয়েছে। প্রধানমন্ত্রী ভারতে অচিরাচরিত শক্তির অগ্রগতি এবং জাতীয় হাইড্রোজেন মিশনের কথা উল্লেখ করেছেন। তিনি পরিবেশ গত ক্ষেত্রে ধারাবাহিক উন্নয়নে মানুষের জীবনধারা পরিবর্তনের ওপর গুরুত্ব আরোপ করেছেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কমলা হ্যারিস মহাকাশ গবেষণা, তথ্যপ্রযুক্তি এবং স্বাস্থ্যপরিসেবা খাতে পারস্পরিক সহযোগিতার বিষয়গুলো নিয়ে আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ও ডগলাস এমহফ'কে ভারতে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

● প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী সুগা যোশিহিদের মধ্যে বৈঠক

কোয়াড বা চতুর্দেশীয় অক্ষ গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দের শিখর বৈঠকের ফাঁকে ওয়াশিংটন ডিসিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাপানের প্রধানমন্ত্রী সুগা যোশিহিদের সঙ্গে বৈঠক করেন। এই প্রথমবার স্বশরীরে বৈঠকে উপস্থিত হওয়ায় দুই প্রধানমন্ত্রীই সন্তোষ প্রকাশ করেন। বিশ্বব্যাপী মহামারী সত্ত্বেও সফলভাবে টোকিও অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস আয়োজনের জন্য প্রধানমন্ত্রী মোদী সেদেশের প্রধানমন্ত্রী সুগাকে অভিনন্দন জানান। দুই প্রধানমন্ত্রী উভয় দেশের মধ্যে বহুপাক্ষিক সম্পর্ক পর্যালোচনার পাশাপাশি, আফগানিস্তান সহ বিশ্ব ও আঞ্চলিক পর্যায়ে সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে মতবিনিময় করেন। এক অবাধ, উন্মুক্ত ও সার্বিক ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে দুই প্রধানমন্ত্রীই পুনরায় নিজেদের অঙ্গীকারের কথা জানান। এক নমনীয়, বৈচিত্র্যময় ও বিশ্বাসযোগ্য সরবরাহ-শৃঙ্খল গড়ে তুলতে এ বছরের গোড়ায় ভারত, জাপান ও অস্ট্রেলিয়ার মধ্যে সহযোগিতামূলক ব্যবস্থা হিসাবে সরবরাহ-শৃঙ্খল সম্পর্কিত নমনীয় উদ্যোগ (এসসিআরআই) গ্রহণের সূচনাকে দুই প্রধানমন্ত্রীই স্বাগত জানান। প্রধানমন্ত্রী মোদী উৎপাদন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং দক্ষতা বিকাশ ক্ষেত্রে দ্বিপাক্ষিক অংশীদারিত্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। এ বছরের গোড়ায় সুনির্দিষ্ট ক্ষেত্রভিত্তিক দক্ষ কর্মী বাহিনী (এসএসডব্লিউ) গড়ে তোলার লক্ষ্যে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে, তার প্রেক্ষিতে জাপান আগামী বছরের শুরু থেকেই ভারতে কর্মীদের দক্ষতা ও ভাষাজ্ঞান যাচাই প্রক্রিয়া শুরু করার প্রতিশ্রুতি দিয়েছে দুই দেশ। মুম্বাই-আমেদাবাদ হাইস্পিড রেল প্রকল্পের সুষ্ঠু ও সময় মতো রূপায়ণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারেও দুই প্রধানমন্ত্রী তাঁদের অঙ্গীকারের কথা জানান। প্রধানমন্ত্রী সুগা প্রত্যয় ব্যক্ত করেন, গত কয়েক বছরে ভারত-জাপান অংশীদারিত্বে যে ধারাবাহিক অগ্রগতি হয়েছে, তা জাপানে নতুন প্রশাসনের দায়িত্ব গ্রহণের পরও অব্যাহত থাকবে। অদূর ভবিষ্যতে ভারত-জাপান বার্ষিক শীর্ষ বৈঠকে জাপানের পরবর্তী প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত জানাতে তিনি অত্যন্ত আগ্রহী বলে প্রধানমন্ত্রী মোদী সেদেশের প্রধানমন্ত্রীকে জানান।

● কোয়াড গোষ্ঠীভুক্ত নেতৃবৃন্দের শীর্ষ বৈঠক

মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেন ২৪ সেপ্টেম্বর হোয়াইট হাউজে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী যোশিহিদে সুগাকে নিয়ে গঠিত কোয়াড বা চতুর্দেশীয় অক্ষ গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দকে সামনাসামনি বৈঠকে আমন্ত্রণ জানান। এটিই ছিল কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দের ব্যক্তিগত উপস্থিতিতে প্রথম বৈঠক। কোয়াড গোষ্ঠীভুক্ত নেতৃবৃন্দের মূল আলোচ্য সূচীর মধ্যে স্থান পেয়েছে—

১। কোভিড ও বিশ্ব স্বাস্থ্য

কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দ এটা স্বীকার করে নিয়েছেন যে এই গোষ্ঠীভুক্ত চারটি দেশ এবং সমগ্র বিশ্বের কাছেই কোভিড-১৯ মহামারী জীবন ও জীবিকার ক্ষেত্রে সবথেকে বড় বিপদ। গত মার্চে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দ ভ্যাক্সিন অংশীদারিত্ব কর্মসূচির সূচনা করেন। এর উদ্দেশ্য ছিল, ভারত-প্রশান্ত মহাসাগরীয় এবং বিশ্বে নিরাপদ ও কার্যকর টিকা সরবরাহ করা। গত মার্চ থেকে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি কোভিড-১৯ টিকার উৎপাদন বাড়াতে এবং সরবরাহে একাধিক পদক্ষেপ নিয়েছে। কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি নিরাপদ ও কার্যকর কোভিড-১৯ টিকা রপ্তানির জন্য ভারতের সাম্প্রতিকতম ঘোষণাকে স্বাগত জানিয়েছে। কোভিড-১৯ আপৎকালীন সঙ্কট মোকাবিলায় ঋণ সহায়তা কর্মসূচিতে ৩.৩ বিলিয়ন ঋণ সহায়তা সংস্থানের মাধ্যমে জাপান নিরাপদ, কার্যকর ও গুণগত মানের টিকা উৎপাদনে আঞ্চলিক দেশগুলিকে সাহায্য করবে। অন্যদিকে অস্ট্রেলিয়া ২১২ মিলিয়ন ডলার সাহায্য দেবে যাতে দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য টিকা সংগ্রহ করা যায়। এর পাশাপাশি অস্ট্রেলিয়া গোষ্ঠীভুক্ত দেশগুলির প্রত্যেক ব্যক্তির কাছে টিকার ডোজের সুবিধা পৌঁছে দিতে ২১৯ মিলিয়ন ডলার সাহায্য করবে।

উন্নত স্বাস্থ্য নিরাপত্তা গড়ে তোলা, কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি আরও বেশি প্রস্তুতি গ্রহণে অঙ্গীকারবদ্ধ যাতে পরবর্তী মহামারী থেকে বিশ্বকে রক্ষা করা যায়। কোভিড-১৯ সংক্রমণ ও প্রতিরোধ মোকাবিলায়

ওয়ার্ল্ড হার্ট ডে 2021-র থিম ছিল 'Use Heart to Connect'

সমন্বয় অব্যাহত রাখতে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে স্বাস্থ্য নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এই লক্ষ্যে ২০২২-এ মহামারীর আগাম প্রস্তুতি সম্পর্কিত অন্ততপক্ষে একটি কর্মসূচি যৌথভাবে আয়োজনের পরিকল্পনা করেছে। ভবিষ্যতেও এই ধরনের প্রয়াস অব্যাহত থাকবে।

২। পরিকাঠামো

জি-৭ গোষ্ঠীভুক্ত দেশগুলি আরও উন্নত বিশ্ব পরিকাঠামো গড়ে তোলার যে কথা ঘোষণা করেছে, তার ওপর গুরুত্ব দিয়ে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি ডিজিটাল যোগাযোগ ব্যবস্থা, জলবায়ু, স্বাস্থ্য নিরাপত্তা এবং লিঙ্গ সমতা সম্পর্কিত পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে বিশেষজ্ঞদের কাজে লাগানো, দক্ষতা বৃদ্ধি এবং আঞ্চলিক পর্যায়ে চালু পরিকাঠামোমূলক প্রয়াসগুলিকে আরও মজবুত করতে সম্মত হয়েছে। সেইসঙ্গে, কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি পরিকাঠামোগত চাহিদা মেটাতে সহযোগিতার নতুন সুযোগ-সুবিধা খুঁজে বের করবে। এই লক্ষ্যে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি : কোয়াড পরিকাঠামো সমন্বয় গোষ্ঠী গড়ে তুলবে।

৩। জলবায়ু পরিবর্তন

জলবায়ু পরিবর্তন সম্পর্কিত আন্তঃসরকারি প্যানেলের গত আগস্ট মাসের রিপোর্ট সম্পর্কে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি অভিন্ন উদ্বেগ প্রকাশ করেছে। কার্বন নিঃসরণের পরিমাণ হ্রাস এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদনের ধার্য লক্ষ্য ২০৩০-এর মধ্যে পূরণ করার লক্ষ্যে কাজ করছে। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনজনিত সমস্যার মোকাবিলায় যে লক্ষ্য স্থির হয়েছে তা পূরণ করতে এই পদক্ষেপ। প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রে মিথেনের পরিমাণ হ্রাস করার লক্ষ্যে এক নমনীয় পরিবেশবান্ধব শক্তি সরবরাহ শৃঙ্খল গড়ে তুলতে দেশগুলি অঙ্গীকারবদ্ধ। কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে এই অংশীদারিত্বে প্রযুক্তি উদ্ভাবন, ক্লিন হাইড্রোজেন উৎপাদন বাড়ানো, পারস্পরিক বন্টন পরিকাঠামো গড়ে তোলা, ক্লিন হাইড্রোজেন মজুত রাখা সহ বাজার চাহিদা পূরণে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ক্লিন হাইড্রোজেনের লেনদেন বাড়াতে উদ্যোগী হবে।

৪। মানুষের সঙ্গে মানুষের যোগাযোগ ও শিক্ষা

আগামী প্রজন্মের বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের মধ্যে সেতুবন্ধন গড়ে তুলতে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি এই প্রথম কোয়াড ফেলোশিপ চালু করার কথা ঘোষণা করেছে। এই ফেলোশিপ কর্মসূচি আমেরিকা, জাপান, অস্ট্রেলিয়া এবং ভারতের বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং ও গণিতশাস্ত্রের বিশেষজ্ঞ ও মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্য করবে। এমনকী এই ফেলোশিপ কর্মসূচি বিজ্ঞান ও প্রযুক্তি বিশেষজ্ঞদের মধ্যে একটি নেটওয়ার্ক গড়ে তুলবে, যাঁরা জাতীয় স্তরে এবং কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলিতে সরকারি, বেসরকারি ও শিক্ষাক্ষেত্রের সঙ্গে সহযোগিতা বজায় রাখবে। প্রতি বছর এই ফেলোশিপ কর্মসূচিতে ১০০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেওয়া হবে। গোষ্ঠীভুক্ত চারটি দেশের ২৫ জন করে ছাত্রছাত্রী এই সুবিধা পাবেন। মার্কিন যুক্তরাষ্ট্রের অগ্রণী বিশ্ববিদ্যালয়গুলিতে অধ্যায়নের ক্ষেত্রে এই সুবিধা মিলবে। ফেলোশিপ কর্মসূচির পৃষ্ঠপোষক সংস্থাগুলির মধ্যে থাকছে অ্যাসেঞ্চিওর, ব্ল্যাকস্টোন, বোয়িং, গুগল, মাস্টার কার্ড এবং ওয়েস্টার্ন ডিজিটাল।

৫। গুরুত্বপূর্ণ ও উদীয়মান প্রযুক্তি

কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি এক অবাধ, সহজলভ্য ও নিরাপদ প্রযুক্তির অনুকূল পরিবেশ গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। গত মার্চে গুরুত্বপূর্ণ এবং উদীয়মান প্রযুক্তি সম্পর্কিত কর্মীগোষ্ঠী গঠনের সময় থেকে আমরা চারটি ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করেছে এগুলি হল— কারিগরি গুণমান, ৫-জি ডাইভার্সিফিকেশন অ্যান্ড ডেপ্লয়মেন্ট, হরাইজন স্ক্যানিং এবং প্রযুক্তি সরবরাহ শৃঙ্খল। কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির সরকারের মধ্যে এক নমনীয় ও নিরাপদ টেলি-যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে ৫-জি ডেপ্লয়মেন্ট ও ডাইভার্সিফিকেশন ব্যবস্থাকে আরও শক্তিশালী করবে। এর ফলে, ৫-জি পরিষেবার অনুকূল বাতাবরণ গড়ে উঠবে।

৬। সাইবার নিরাপত্তা

সাইবার নিরাপত্তা ক্ষেত্রে চার দেশের মধ্যে দীর্ঘমেয়াদি ভিত্তিতে সহযোগিতা গড়ে তুলতে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি সাইবার বিপদের মোকাবিলায় এক উপযুক্ত পরিকাঠামো গড়ে তুলবে। আন্তর্জাতিক মানের সেরা পন্থাপদ্ধতিগুলিকে বিবেচনায় রেখে সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞদের নিয়ে এই সহযোগিতা গড়ে উঠবে। এছাড়াও, কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি একটি সিনিয়র সাইবার গোষ্ঠী গঠন করবে।

৭। মহাকাশ

মহাকাশ ক্ষেত্রে কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি বিশ্বের অগ্রণী দেশের মধ্যে পড়ে। আজ কোয়াড এক নতুন কর্মীগোষ্ঠী গঠনের মধ্য দিয়ে মহাকাশ ক্ষেত্রে সহযোগিতার সূচনা করেছে। আমাদের মধ্যে এই অংশীদারিত্ব স্যাটেলাইট ডেটা বিনিময়, জলবায়ু পরিবর্তনের ওপর নজর রাখা, বিপর্যয় ব্যবস্থাপনা এবং অভিন্ন চ্যালেঞ্জগুলির মোকাবিলায় পারস্পরিক সহায়তা যোগাবে। কোয়াড গোষ্ঠীভুক্ত আমাদের চারটি দেশ স্যাটেলাইট থেকে পাওয়া ভু-নিরীক্ষণ তথ্য বিনিময় করবে এবং জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি বিশ্লেষণ করবে। কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অন্যান্য দেশের সঙ্গে মহাকাশ সম্পর্কিত বিষয়ে দক্ষতার বিকাশ ঘটাবে।

● মার্কিন-ভারত নেতৃবৃন্দের যৌথ বিবৃতি

রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেন হোয়াইট হাউজে মুখোমুখি বৈঠকের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানান। বিশ্বের দুই বৃহৎ গণতন্ত্রের মধ্যে অংশীদারিত্বের এক নতুন যুগের সূচনা করতে এবং নিজেদের ঘনিষ্ঠ সম্পর্কের নবীকরণে দুই নেতার মধ্যে এই বৈঠক। দুই দেশের নেতৃবৃন্দ মার্কিন-ভারত সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে এক স্বচ্ছ দৃষ্টিভঙ্গির কথা পুনরায় ব্যক্ত করেছেন। দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব, আসিয়ান ও কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি সহ আঞ্চলিক সমন্বয়ের ক্ষেত্রে ভারত-প্রশান্ত মহাসাগর অঞ্চল এবং অন্যত্র অভিন্ন স্বার্থের প্রসারে দুই দেশ একযোগে কাজ করবে। রাষ্ট্রপতি বাইডেন এবং প্রধানমন্ত্রী মোদী কোভিড-১৯ মোকাবিলায় গত এক বছর ধরে দুই রাষ্ট্রের মধ্যে ঘনিষ্ঠ

An axe to grind Means : A personal interest in the matter

সম্প্রতি দিল্লি সরকার পর্যটন সংক্রান্ত 'দেখো মেরি দিল্লি' নামক একটি মোবাইল অ্যাপ লঞ্চ করল

সহযোগিতার প্রশংসা করে সন্তোষ প্রকাশ করেন। দেশে ও বিদেশে নিজেদের নাগরিকদের সুরক্ষার জন্য লক্ষ লক্ষ টিকার ডোজ দিয়ে দুই রাষ্ট্রই মহামারীর অবসান ঘটাতে আন্তর্জাতিক প্রয়াসগুলিকে এগিয়ে নিয়ে যেতে অঙ্গীকারবদ্ধ। কোভ্যাক্স সহ কোভিড-১৯ টিকা রপ্তানির ব্যাপারে ভারতের ঘোষণাকে রাষ্ট্রপতি বাইডেন স্বাগত জানান। রাষ্ট্রপতি বাইডেন ভারতে ২০৩০ সালের মধ্যে ৪৫০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রধানমন্ত্রী মোদীর প্রয়াসে সাহায্যের ইচ্ছাপ্রকাশ করেন। মার্কিন-ভারত জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি কর্মসূচি, ২০৩০ অংশীদারিত্বের মাধ্যমে দূষণমুক্ত শক্তিক্ষেত্রে কৌশলগত অংশীদারিত্ব এবং জলবায়ু পরিবর্তনের সমস্যা মোকাবিলায় অর্থের সংস্থানের বিষয়টিতে দুই দেশ অগ্রাধিকার দিয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র ও দুই দেশের নেতৃবৃন্দই একযোগে বিশ্ব সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে পরস্পরের পাশে থাকবে বলে জানিয়েছে। সেইসঙ্গে, সমস্ত জঙ্গি গোষ্ঠীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথাও বলা হয়েছে। দুই দেশের নেতৃবৃন্দই জোর দিয়ে বলেছেন যে তালিবানরা রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাব মেনে চলবে এবং আফগান ভূখণ্ডকে কোনভাবেই সন্ত্রাসবাদীদের নিরাপদ আশ্রয়স্থল হিসেবে ব্যবহার করতে দেওয়া বা অন্য দেশের কাছে বিপদ বা আক্রমণের কেন্দ্র হয়ে উঠতে দেওয়া চলবে না। সেইসঙ্গে, আফগানিস্তানে সন্ত্রাসবাদের মোকাবিলার বিষয়টিকেও সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। আফগান মানুষের সার্বিক কল্যাণ ও আর্থিক সুযোগ-সুবিধার বিষয়টি দীর্ঘমেয়াদি ভিত্তিতে সুনিশ্চিত করতে মার্কিন-ভারত দুই দেশের নেতৃবৃন্দই ঘনিষ্ঠ সহযোগিতা বজায় রাখার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। দুই দেশের নেতৃবৃন্দ মায়ানমারে যাবতীয় হিংসার অবসান ঘটিয়ে রাজনৈতিক বন্দীদের মুক্তি দিয়ে গণতন্ত্র পুনরায় ফিরিয়ে আনার আহ্বান জানান। উভয় দেশের নেতৃবৃন্দই আসিয়ান দেশগুলির পাঁচ দফা প্রস্তাব দ্রুত কার্যকর করার জন্য মায়ানমারের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি বাইডেন সদ্যসমাপ্ত আগস্ট মাসে রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদে সভাপতি হিসেবে ভারতের নেতৃত্বের প্রশংসা করেন। এই প্রেক্ষিতে রাষ্ট্রপতি বাইডেন রাষ্ট্রসঙ্ঘে নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদের ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্রের সমর্থনের কথা পুনরায় জানান। রাষ্ট্রপতি বাইডেন পারমাণবিক সরবরাহ গোষ্ঠীতে ভারতকে সদস্যপদ দেওয়ার বিষয়টিতেও সমর্থন জানিয়েছেন। ভারত-প্রশান্ত মহাসাগরীয় ও আফ্রিকা অঞ্চলে উন্নয়নমূলক চ্যালেঞ্জগুলির সমাধানে দুই দেশের নেতৃবৃন্দই ট্রায়াঙ্গুলার সহযোগিতার মূল নীতিগুলিতে সংশোধনের বিষয়টিকে স্বাগত জানিয়েছেন। এছাড়াও, মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে স্বাস্থ্য, শিক্ষা ও পরিবেশ ক্ষেত্রে সহযোগিতাকে এগিয়ে নিয়ে যেতে 'গান্ধী-কিং ডেভেলপমেন্ট ফাউন্ডেশন' শুরু করার ব্যাপারে দুই দেশ অত্যন্ত আশাবাদী। দুই দেশের নেতৃবৃন্দই এটা স্বীকার করে নিয়েছেন যে সুদক্ষ, পেশাদার, ছাত্রছাত্রী, লগ্নিকারী ও ব্যবসায়ীদের একে অপরের দেশে যাতায়াত অবাধ হলে অর্থনৈতিক ও প্রযুক্তিগত ক্ষেত্রে অংশীদারিত্ব আরও বাড়বে। দুই দেশের মধ্যে এক নমনীয় ও নিরাপদ সরবরাহ শৃঙ্খল গড়ে তোলার গুরুত্বের ওপর দুই দেশের নেতৃবৃন্দ জোর দেন। ফার্মাসিউটিক্যাল, জৈবপ্রযুক্তি, সেমি-কন্ডাক্টর এবং তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে যোগসূত্র আরও নিবিড় করতে দুই দেশের বেসরকারি ক্ষেত্রের অংশগ্রহণকেও উভয়ের পক্ষ থেকে স্বাগত জানানো হয়েছে। আগামী বছরের গোড়ায় আধুনিক প্রযুক্তি সম্পর্কিত সহযোগিতা গোষ্ঠীর পুনরুজ্জীবন ঘটবে বলে উভয় পক্ষই আশা প্রকাশ করেছে নতুন নতুন ক্ষেত্র সহ মহাকাশ, সাইবার, স্বাস্থ্য নিরাপত্তা, সেমি-কন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা, ৫-জি, ৬-জি এবং ভবিষ্যৎ প্রজন্মের টেলি-যোগাযোগ প্রযুক্তির মতো উদীয়মান কারিগরি ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারত সহযোগিতা অব্যাহত রাখবে এবং অংশীদারিত্বের প্রসার ঘটাবে বলে দুই দেশের নেতৃবৃন্দই একমত হয়েছেন। সাইবার ক্ষেত্রে বিপদকে দূর করতে মৌলিক কারিগরি চাহিদা পূরণের বিষয়টিকে দুই দেশের নেতৃবৃন্দই স্বীকার করে নিয়েছেন। একইসঙ্গে, উভয় দেশের নেতৃবৃন্দ দক্ষতা বৃদ্ধির ওপর জোর দিয়েছেন এবং সাইবার বিপদের মোকাবিলায় পারস্পরিক কারিগরি সহযোগিতা অব্যাহত রাখতে সহমত প্রকাশ করেছেন। দুই দেশের মানুষের মধ্যে নিবিড় ও প্রাণবন্ত সম্পর্কের কথা দুই দেশের নেতৃবৃন্দ পুনরায় উল্লেখ করেন। এমনকি এই দুই দেশের মধ্যে প্রায় ৭৫ বছরের অংশীদারিত্ব রয়েছে। এই প্রেক্ষিতে উভয় দেশেই স্বাধীনতা, গণতন্ত্র, সর্বজনীন মানবাধিকার, সহনশীলতা ও বহুত্ববাদ তথা সমান সুযোগ-সুবিধার অভিন্ন মূল্যবোধ রয়েছে বলে উল্লেখ করা হয়। প্রধানমন্ত্রী মোদী বিভিন্ন প্রাচীন প্রত্নসামগ্রী ভারতকে ফিরিয়ে দেওয়ার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। দুই দেশের নেতৃবৃন্দই চোরাচালান, অবৈধ লেনদেন ঠেকাতে সমন্বয় আরও সুদৃঢ় করতে দৃঢ় অঙ্গীকার প্রকাশ করেন।

কলম্বিয়ার উপ রাষ্ট্রপতি এবং পররাষ্ট্রমন্ত্রীর ভারত সফর

১-৩ অক্টোবর কলম্বিয়ার উপরাষ্ট্রপতি ও পররাষ্ট্রমন্ত্রী মার্তা লুসিয়া র‍্যামিরেজ ভারত সফরে এসেছিলেন। তার সঙ্গে কলম্বিয়ার স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা মন্ত্রী ডক্টর লুইস ফার্নান্দো রুইজ, সরকারি আধিকারিকগণ এবং বেসরকারি কোম্পানি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরাও এসেছিলেন। ১ অক্টোবর ২০২১ তারিখে ভারতের উপরাষ্ট্রপতি শ্রী বেঙ্কাইয়া নাইডু মাননীয়া র‍্যামিরেজের সাথে সাক্ষাৎ করেন এবং দীর্ঘকাল ধরে চলে আসা দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্কে মত বিনিময় করেন। ভারতের উপরাষ্ট্রপতিকে উপরাষ্ট্রপতি র‍্যামিরেজ কলম্বিয়া সফরের আমন্ত্রণ জানান। ২ অক্টোবর পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর মাননীয়া র‍্যামিরেজের সাথে দ্বিপাক্ষিক বিষয়ে কতাবার্তা বলেন। ৩ অক্টোবর ২০২১ পররাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মাননীয়া মীনাক্ষী লেখি মাননীয়া র‍্যামিরেজের সাথে সাক্ষাৎ করেন। গত মাসে তার কলম্বিয়া সফরে মাননীয়া র‍্যামিরেজের সাথে আলোচনা খুবই ফলদায়ক হয়েছিল। মাননীয়া র‍্যামিরেজ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের

To move heaven and earth *Means* **: To make a supreme effort**

সম্প্রতি মিড ডে মিলের নাম পরিবর্তন করে রাখা হল 'পিএম পোষণ যোজনা'

উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন। তিনি ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চের আধিকারিকদের সাথে জৈব প্রযুক্তি এবং ভ্যাকসিন ও ফার্মাসিউটিক্যাল পণ্যের উন্নতির জন্য একসঙ্গে উৎপাদন এবং প্রযুক্তি হস্তান্তর বিষয়ে সম্ভাবনার দিকগুলি নিয়ে আলোচনা করেন। পরে জৈবপ্রযুক্তি বিভাগ ও আইসিএমআর কলম্বিয়ার অনুরূপ সংস্থার সঙ্গে জৈবপ্রযুক্তি এবং চিকিৎসাবিজ্ঞান সম্পর্কিত গবেষণায় সহযোগিতার উন্নতিকল্পে একটি লেটার অফ ইন্টেন্ট স্বাক্ষর করে। মাননীয়া রামিরেজের সফরের আগে কলম্বিয়ার স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা মন্ত্রী লুইজ ফারনান্দর নেতৃত্বে ৪৮ জনের একটি প্রতিনিধিদল পুণে এবং বেঙ্গালুরু ভ্রমণ করেছিলেন এবং ভারতীয় ফার্মাসিউটিকাল কোম্পানি এবং সেন্টার অফ এক্সিলেন্স পরিদর্শন করেছিলেন। তারা ইসরোর কর্মকাণ্ড ও পরিদর্শন করেছিলেন এবং নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড এবং হিউম্যান স্পেস ফ্লাইট সেন্টারের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। ল্যাটিন আমেরিকায় ভারতের এক গুরুত্বপূর্ণ অংশীদার কলম্বিয়া এবং এই দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমশই বিস্তৃত হচ্ছে, বিশেষ করে অর্থনৈতিক ও ব্যবসায়িক ক্ষেত্রে, এমনকি এই অতিমারীর বাধা সত্ত্বেও। মাননীয়া রামিরেজের ভারত সফরের আগে পররাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মাননীয়া মীনাক্ষী লেখি ৪-৬ সেপ্টেম্বর ২০২১ কলম্বিয়া সফরে গিয়েছিলেন। মাননীয়া রামিরেজের এই সফর ভারত ও কলম্বিয়ার দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো মজবুত করবে এবং তাতে আরো বৈচিত্র আনবে।

● বিদেশমন্ত্রী এবং কলোম্বিয়ার উপরাষ্ট্রপতি ও বিদেশমন্ত্রীর মধ্যে বৈঠক :

২ অক্টোবর বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর, কলোম্বিয়ার উপরাষ্ট্রপতি ও বিদেশমন্ত্রী মার্তা লুসিয়া রামিরেজের সাথে একটি দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করেছেন। শ্রীমতী রামিরেজ ৪৮ সদস্যের একটি স্বাস্থ্য এবং প্রযুক্তি প্রতিনিধি দলের নেতৃত্ব প্রদান করে ভারত সফর করছেন। তার সঙ্গে রয়েছেন, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা মন্ত্রী ডঃ লুইজ ফার্নান্ডো রুইজ, সরকারি আধিকারিকগণ, বাণিজ্য এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ। এর আগে ২৫ সেপ্টেম্বর ২০২১-এ বিদেশমন্ত্রী ইউএনজিএ-৭৬-এর পাশাপাশি শ্রীমতী রামিরেজের সঙ্গে বৈঠক করেছিলেন। নেতৃবৃন্দ স্বাস্থ্য, ওষুধ প্রস্তুত, জৈবপ্রযুক্তি এবং মহাকাশ-এর মত ক্ষেত্রগুলি নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। পারস্পরিক স্বার্থে আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও বৈঠকে আলোচনা করা হয়েছে। বিদেশমন্ত্রী ইউএন-এর সংস্কারের পরিপ্রেক্ষিতে ভারতের অগ্রাধিকারগুলির উপরে জোর দিয়েছেন। নেতৃবৃন্দ বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতাকে শক্তিশালী করার জন্য সহমত প্রকাশ করেছেন। ভারত এবং কলম্বিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যে একটি নিয়মিত বৃদ্ধি লক্ষ্য করা গেছে যেটি কোভিড-১৯ অতিমারীর কারণে বিঘ্নিত হওয়া সত্ত্বেও ২০২০-২০২১-এ ২.২৭ বিলিয়ন মার্কিন ডলারে গিয়ে দাঁড়িয়েছে। উভয়পক্ষ বাণিজ্য, শক্তি, আইটি, ওষুধ প্রস্তুত এবং মোটরগাড়ি নির্মাণ ক্ষেত্রে আরও উৎসাহ প্রদান ও বিনিয়োগের জন্য সম্মত হয়েছেন। দুই নেতা জৈবপ্রযুক্তি ও চিকিৎসা গবেষণার ক্ষেত্রে সহযোগিতার অভিপ্রায়ের উপরে দুটি পত্র স্বাক্ষর অনুষ্ঠানের সাক্ষী ছিলেন। এগুলি জৈবপ্রযুক্তি দপ্তর এবং ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) ও তাদের কলম্বিয়ানা সমকক্ষ দপ্তর দ্বারা স্বাক্ষরিত হয়েছে। উপরাষ্ট্রপতি রামিরেজের আগমনের আগে, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা মন্ত্রী ডঃ লুইজ ফার্নান্ডো রিজের নেতৃত্বে একটি বাণিজ্য প্রতিনিধি দল ২৭-৩০ সেপ্টেম্বর পুণে, হায়দ্রাবাদ এবং বেঙ্গালুরু ভ্রমণ করেছেন। ভ্যাকসিন এবং ওষুধ উৎপাদনের বিকাশের জন্য যৌথ উৎপাদন এবং প্রযুক্তি প্রতিস্থাপনের লক্ষ্যে তারা এই শহরগুলির ওষুধ প্রস্তুতকারক কোম্পানিগুলি এবং উৎকর্ষতার কেন্দ্রগুলি পরিদর্শন করেছেন। তারা ইসরো সুবিধাও পরিদর্শন করেছেন এবং নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড (এনএসআইএল) এবং হিউমান স্পেস ফ্লাইট সেন্টার (এইচএসএফসি) থেকে আগত প্রতিনিধিবৃন্দের সাথেও সাক্ষাৎ করেছেন। বৈঠক চলাকালীন, উভয়পক্ষ উচ্চপর্যায়ের সম্পর্কের সাম্প্রতিক গতিবৃদ্ধিকে স্বাগত জানিয়েছেন এবং পারস্পরিক সুবিধার চিহ্নিত ক্ষেত্রগুলিতে সহযোগিতা বৃদ্ধিতে সহমত হয়েছেন।

ডেনমার্কের প্রধানমন্ত্রীর ভারত সফর

৯-১১ অক্টোবর ডেনমার্কের প্রধানমন্ত্রী মেত্তে ফ্রেডরিকসেন রাষ্ট্রীয় সফরে ভারত ভ্রমণ করলেন। কোভিড-১৯ শুরু হবার পরে এই প্রথম কোনও রাষ্ট্রপ্রধানের ভারত সফর। প্রধানমন্ত্রী ফ্রেডরিকসেনের সঙ্গে উচ্চ পর্যায়ের সরকারি এবং ব্যবসায়ী প্রতিনিধিরা এসেছেন। তার দ্বিপাক্ষিক আলোচনায় প্রধামন্ত্রী ফ্রেডরিকসেন প্রধামন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বলেছেন। তিনি ভারতের মাননীয়া রাষ্ট্রপতির সঙ্গেও সাক্ষাৎ করেছেন। বিদেশমন্ত্রী এস জয়শংকর ডেনমার্কের প্রধানমন্ত্রী ফ্রেডরিকসেনের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

দুই প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা একটি উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে যা কিনা দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ অংশীদারিত্বকে প্রদর্শন করেছে। দুই পক্ষ ২০২০-র সেপ্টেম্বরে অনুষ্ঠিত শীর্ষ সম্মেলনে স্থাপিত গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ-এর অগ্রগতির পর্যালোচনা করেছেন। সফরকালে দুই দেশ খাদ্য নিরাপত্তা, কোল্ড চেইন, খাদ্য প্রক্রিয়াকরণ, সার, মৎস্য, জলচাষ ইত্যাদি ক্ষেত্র সহ কৃষি প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা আরও সম্প্রসারিত করার সিদ্ধান্ত নিয়েছে। স্মার্ট জল সম্পদ পরিচালনা, বর্জ্য

থেকে সর্বোত্তম সম্পদ সৃষ্টির জন্য ওয়েস্ট টু বেস্ট এবং কার্যকরি সরবরাহ শৃঙ্খল পরিচালনার মত সহযোগিতার নতুন ক্ষেত্রগুলি চিহ্নিত হয়েছে। উভয় পক্ষ স্বাস্থ্য ক্ষেত্রে সহযোগিতাকে স্বাগত জানিয়েছেন। উভয় নেতা বায়ু এবং সৌর, জল, শিপিং এবং বন্দর, অবকাঠামো এবং বৃত্তাকার অর্থনীতি সহ পুনর্নবীকরণযোগ্য শক্তির মতো সবুজ প্রযুক্তি এবং টেকসই সমাধানগুলিতে চলমান অংশীদারিত্বের প্রশংসা প্রকাশ করে। ২০০-র বেশি ডেনিস কোম্পানি ভারতে মূল জাতীয় ব্রত যেমন মেক ইন ইন্ডিয়া, জল জীবন মিশন, স্মার্ট সিটি, ডিজিটাল ইন্ডিয়া, স্কিল ইন্ডিয়া, নমামি গঙ্গে ইত্যাদিগুলি সামনের দিকে এগিয়ে নিয়ে যাবার জন্য ভারতে সক্রিয় রয়েছে। ডেনিস প্রধানমন্ত্রী আরও ভারতীয় কোম্পানিকে ডেনমার্কে বিনিয়োগ করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। দুই প্রধানমন্ত্রী মহামারী পরবর্তী বৈশ্বিক অর্থনৈতিক পুনরুদ্ধার, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এবং আফগানিস্তানের পরিস্থিতি সহ আঞ্চলিক এবং বৈশ্বিক উন্নয়ন নিয়েও আলোচনা করেছেন। দুই নেতা ভারত-ইইউ এফটিএ আলোচনা পুনরায় শুরু করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। সফরকালে ঐতিহ্যবাহী জ্ঞান, দক্ষতা, উন্নয়ন, ভূগর্ভস্থ জল সম্পদের ম্যাপিং এবং কুল্যান্ট প্রযুক্তির ক্ষেত্রে চারটি সরকার-থেকে মৌ এবং চুক্তি বিনিময় করা হয়। এগুলি ছাড়াও, সফরের পাশাপাশি তিনটি বাণিজ্যিক চুক্তিও সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রী ফ্রেডরিকসেন ২০২২-এ ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কোপেনহেগেন সফর করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

● ভারতের রাষ্ট্রপতির সঙ্গে ডেনমার্কের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ :

৯ অক্টোবর ডেনমার্ক রাজতন্ত্রের প্রধানমন্ত্রী মাননীয়া মেত্তে ফ্রেড্রিকসেন, যিনি সরকারি সফরে ভারতে রাষ্ট্রপতি ভবনে গিয়ে ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দের সঙ্গে দেখা করেছেন। কোভিড-১৯ শুরু হবার পরে ডেনমার্ক রাজতন্ত্রের প্রধানমন্ত্রী হলেন প্রথম কোনও সরকারি স্তরের প্রধান ব্যক্তি যাকে রাষ্ট্রপতি অভ্যর্থনা জানিয়েছেন। রাষ্ট্রপতি মহামান্য, ডেনমার্ক রাজ্যের রাণী দ্বিতীয় মারগ্রেথকে আগামী বছর ভারত সফরের আমন্ত্রণ জানান, যা তার রাজত্বের সুবর্ণ জয়ন্তী এবং ভারতের স্বাধীনতার ৭৫ বছরের গুরুত্বপূর্ণ উপলক্ষের সঙ্গে মিলে যাবে। তিনি আরও বলেন, ১৯৬৩ সালে ক্রাউন প্রিন্সেস হিসেবে মহামান্য, ডেনমার্কের রাণী দ্বিতীয় মারগ্রেথ-এর ভারত সফর এখনও ভারতে উষ্ণভাবে স্মরণ করা হয়। ভারতে কোভিড-১৯ মহামারীর দ্বিতীয় ঢেউয়ের সময় ডেনমার্কের সংহতি প্রকাশের জন্য রাষ্ট্রপতি ডেনমার্কের সরকার এবং জনগণকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

ডেনমার্কের রাষ্ট্রপতির সরকারি সফরে সাক্ষরিত মউ/চুক্তি

যাদের মধ্যে মউ/চুক্তি সাক্ষরিত হল	যে যে বিষয়ে মউ/চুক্তি সাক্ষরিত হল	সাক্ষরের সময় উপস্থিত ভারতীয় প্রতিনিধি	সাক্ষরের সময় উপস্থিত ডেনিস প্রতিনিধি
হায়দ্রাবাদের সিএসআইআর-এন জিআরএস, ডেনমার্কের আরহাস ইউনিভার্সিটি, জিওলজিক্যাল সার্ভে অফ ডেনমার্ক এবং গ্রিনল্যান্ড	ভূগর্ভস্থ জল এবং জলজ বিষয়ে ম্যাপিং এর জন্য এই মউ সাক্ষরিত হল।	হায়দ্রাবাদের সিএসআইআর এনজি আরএসএর ডিরেক্টর ডঃ ভিএম তিওয়ারি	ফ্রেডি স্যাভেন
সিএসাইআর এবং ডেনিশ পেটেন্ট অ্যান্ড ট্রেডমার্ক অফিস	ডিজিটাল লাইব্রেরি অ্যাক্সেস মাধ্যমে ঐতিহ্যগত জ্ঞান অর্জনের জন্য এই চুক্তি সাক্ষরিত হল।	সিএসআইআর এর ট্রাডিশনাল নলেজ ডিজিটাল লাইব্রেরি ইউনিটের প্রধান ডঃ বিশ্বজননী সত্তিগেরি	ফ্রেডি স্যাভেন
আইআইএসসি বেঙ্গালুরু এবং ডেনফস ইন্ডাস্ট্রিস প্রাইভেট লিমিটেড	গ্রীষ্মমণ্ডলীয় জলবায়ুর জন্য প্রাকৃতিক রেফ্রিজারেটের শ্রেষ্ঠত্ব কেন্দ্র স্থাপনের জন্য এই চুক্তি সাক্ষরিত হল।	আইআইএসসি বেঙ্গালুরুর ডিরেক্টর প্রফেসর গোবিন্দন রঙ্গরাজন	ডেনফস ইন্ডিয়ার প্রেসিডেন্ট রবীচন্দ্রন পুরুষোত্তমন
ভারত সরকারের কৌশল বিকাশ ও উদ্যোগ মন্ত্রক এবং ডেনমার্ক সরকার	যৌথ লেটার অফ ইনটেন্টের জন্য এই চুক্তি সাক্ষরিত হল।	ভারত সরকারের কৌশল বিকাশ এবং উদ্যোগ মন্ত্রকের সচিব শ্রী রাজেশ আগরবাল	ফ্রেডি স্যাভেন

Out of the wood *Means* **: Free from difficulties and dangers**

রাজ্যের উল্লেখযোগ্য খবর

ভবানীপুরে বিপুল ভোটে জয়ী মমতা ব্যানার্জি

প্রত্যাশামতোই ভবানীপুরের উপনির্বাচনে মমতা ব্যানার্জি বিপুল জয় পেলেন। তিনি ৫৮ হাজার ৫৮২ ভোটে জিতেছেন বিজেপির প্রিয়াঙ্কা টিবরেওয়ালের বিরুদ্ধে। উপনির্বাচনে জয়ী হয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী পদে থাকা নিশ্চিত করেছেন। ভবানীপুর বিধানসভার বিধায়ক পদ ত্যাগ করেন শোভনদেব চট্টোপাধ্যায় সেই কারণেই এই উপনির্বাচন হয়। এর আগে দুই বার ভবানীপুরে দাঁড়িয়েছিলেন এবং জিতেছিলেন মমতা ব্যানার্জি। একবার জিতেছিলেন ৫৪ হাজার ভোটে ও অন্যবার ২৬ হাজারের মতো ভোটে। এবার তার থেকেও বেশি ব্যবধানে জিতেছেন মুখ্যমন্ত্রী। নন্দীগ্রামে শুভেন্দু অধিকারীর কাছে হারের পর এই রেকর্ড ব্যবধানে জয়ে মমতা বন্দ্যোপাধ্যায় খুশি। ভবানীপুরে এক লাখ ১৫ হাজারের মতো ভোট পড়েছিল। রাজ্যের বাকি দুই কেন্দ্র মুর্শিদাবাদের জঙ্গিপুর ও সামসেরগঞ্জেও জয়ী তৃণমূল। জঙ্গিপুরে ৯২ হাজারেরও বেশি ব্যবধানে, আর সামসেরগঞ্জে ২৬ হাজারের বেশি ভোটে তৃণমূল জয়ী হয়েছে।

চার কেন্দ্রে উপনির্বাচন ৩০ অক্টোবর

ফের ভোটের নির্ঘণ্ট প্রকাশ কমিশনের। রাজ্যের বাকি চার কেন্দ্রের উপনির্বাচনের ভোট হবে পুজো মিটলেই। আগামী ৩০ অক্টোবর কোচবিহারের দিনহাটা, উত্তর ২৪ পরগনার খড়দহ, দক্ষিণ ২৪ পরগনার গোসাবা এবং নদিয়ার শান্তিপুরে বিধানসভা উপনির্বাচন হবে বলে জানিয়ে দিল নির্বাচন কমিশন। আগামী ২ নভেম্বর ওই চার কেন্দ্রের ভোট গণনা হবে। এই চার কেন্দ্রের উপনির্বাচনের জন্য মনোনয়পত্র জমার শেষ দিন আগামী ৮ অক্টোবর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ১৩ অক্টোবর। পশ্চিমবঙ্গের চারটি কেন্দ্রের পাশাপাশি ৩০ অক্টোবর গোটা দেশের মোট ৩০ বিধানসভা আসনে উপনির্বাচন হবে বলে ঘোষণা নির্বাচন কমিশনের।

বিজয় সংস্কৃতি মহোৎসব

বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধে ভারতের বিজয় উদযাপনের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। দেশজুড়ে স্বর্ণিম বিজয় বর্ষ উদযাপন করা হচ্ছে। এরই অঙ্গ হিসেবে ভারত এবং বাংলাদেশের সাংস্কৃতিক যোগসূত্রকে তুলে ধরার জন্য সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ড ২৬ থেকে ২৯ সেপ্টেম্বর কলকাতায় 'বিজয় সংস্কৃতি মহোৎসব'-এর আয়োজন করেছিল। ভারতীয় সেনাবাহিনী এবং মুক্তি যোদ্ধাদের ১৯৭১এর মুক্তি যুদ্ধের সময় বিভিন্ন শৌর্যের কাহিনি এই অনুষ্ঠানে তুলে ধরা হয়। কলকাতার রবীন্দ্র সদনে ২৬ সেপ্টেম্বর বীর নারী, প্রাক্তন সেনানী, সংবাদ মাধ্যম, বিনোদন জগতের খ্যাতনামা ব্যক্তিত্ব এবং কলকাতার বিশিষ্টজনেদের উপস্থিতিতে সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের প্রধান লেফটেন্যান্ট জেনারেল মনোজ পান্ডে মহোৎসবের উদ্বোধন করেন। এখানে ফিউশন ব্যান্ড উপস্থাপনার পাশাপাশি বিশিষ্ট বাঙালি গায়ক-গায়িকারা বিভিন্ন ধরনের সঙ্গীত পরিবেশন করেন। আরএসআর গোষ্ঠী ১৯৭১এর ভারত-পাক যুদ্ধের পটভূমিকায় রচিত একটি নাটক উপস্থাপিত করে। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা পূর্বাঞ্চ সেনা কম্যান্ডের অতীত দিনের বিভিন্ন গাড়ি ও যুদ্ধের সরঞ্জাম দে এছাড়াও ফোর্ট উইলিয়াম দুর্গ নিয়ন্ত্রিতভাবে ঘুরে দেখার ব্যবস্থা করা

দুটি নতুন পুরসভা গঠন

রাজ্যে বাড়ল আরও দু'টি পুরসভা। ওই দু'টি পুরসভা হল, ময়না ও ফালাকাটা। এই দুই পুরসভার সীমানা পুনর্বিন্যাসের কাজ শেষ ক রাজ্য নির্বাচন কমিশন। শীঘ্রই শুরু হবে ওয়ার্ড সংরক্ষণের কাজ। আ নভেম্বর মাসের মধ্যে এই কাজ শেষ হবে। এরপর রাজ্যের ব পুরসভাগুলির সঙ্গে এই দুই পুরসভারও ভোটগ্রহণ হবে। রাজ্যে বর্তম ১২৫টি পুরসভা আছে, যা বেড়ে হল ১২৭টি। ইতিমধ্যেই ১১২টি পুরস ভোট বাকি। যদিও রাজ্য নির্বাচন কমিশন সূত্রে খবর, ২০২২-এর অ নতুন দুই পুরসভার ভোট নয়। সেখানে ভোট হতে পারে কয়েক মাস প এই দু'টি পুরসভা গঠনের কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মম বন্দ্যোপাধ্যায়।

জিআই স্বীকৃতির জন্য আবেদন

বাংলার রসগোল্লা আগেই জিআই স্বীকৃতি পেয়েছে। এবার সে তালিকায় শীতলপাটির নাম তুলতে উদ্যোগী হয়েছে রাজ্য। উৎসব মিটলেই জিআই স্বীকৃতির জন্য আবেদন জানানো হবে। মুখ্যমন্ত্রী মম বন্দ্যোপাধ্যায় চান, বাংলার শিল্প-সংস্কৃতির সঙ্গে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থা শীতলপাটিকে বিশ্বের দরবারে নিয়ে যেতে। এই স্বীকৃতি পেলে বাংল মুকুটে আরও একটি পালক যুক্ত হবে, তা বলাই বাহুল্য। মুখ্যমন্ত্রী ইতিমধ্যে এই স্বীকৃতি আদায়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করার নির্দেশ শুধু মেঝে নয়, গরমকালে বিছানার উপরেও এই পাটির ব্যবহার দেখতে পাও যায়। পূর্ব বাংলায় বিশেষ করে বাংলাদেশে শীতলপাটির ব্যবহার ব্যাপক এ বঙ্গে সুনাম কেড়েছে কোচবিহারের শীতলপাটি। বাজারে সিন্থেটি মাদুর এলেও, প্রাকৃতিক উপাদানে তৈরি শীতলপাটির কদর কিন্তু বিন্দুমা কমেনি। এই বাংলার হস্তশিল্পের গরিমা অক্ষুণ্ণ রেখে তার পথ আরও প্রশস্ত করতে চাইছে রাজ্য সরকার। 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' বা 'জিআই তকমা আদায়ের জন্য প্রশাসনিক কাজকর্ম শুরু হয়েছে। বাংলায় শীতলপাটির আঁতুড়ঘর হচ্ছে কোচবিহার। কয়েক হাজার শিল্পী এই কাজে জড়িত। এই শীতলপাটিই ছড়িয়ে পড়ে বাংলার সর্বত্র। কীভাবে এই শিল্পের প্রসার ঘটানো যায়, তা নিয়ে ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পদপ্তরের একাধিক ভাবনা রয়েছে। আর তাতেই উঠে এসেছে 'জিআই' স্বীকৃতির প্রসঙ্গ। বাংলার নিজস্ব প্রোডাক্ট শীতলপাটি। এর প্রচুর চাহিদা রয়েছে। জিআই স্বীকৃতি পওয়ার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহের কাজ শুরু হয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, প্রায় ৫০ হাজার কারিগর শীতলপাটি তৈরির কাজে যুক্ত। বছরে কয়েক কোটি টাকার রপ্তানি বাণিজ্য হয়। দেশ ভাগের আগে শীতলপাটি বাংলার নিজস্ব প্রোডাক্ট ছিল। কোচবিহারের পরিবেশের সঙ্গে তা আষ্টে পৃষ্ঠে জড়িয়ে। বাংলার বিভিন্ন গ্রামের শিল্পীদের হাতে তৈরি জিনিস ছড়িয়ে পড়ছে রাজ্যের সর্বত্র। শীতলপাটিকেও সেই আঙিনায় তুলে ধরার প্রয়াস।

At one's wits end** Means : **In a state where one does not know what to do

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

সম্প্রতি সংঘটিত দেশ ও বিদেশের গুরুত্বপূর্ণ ঘটনার খবর আলাদা আলাদাভাবে এই অংশে উপস্থাপিত করা হল। এতে পাঠককুল দেশ ও বিদেশের সমস্ত গুরুত্বপূর্ণ খবর একসঙ্গে জানতে পারবেন এবং মনে রাখতে খুব সুবিধা হবে।

প্রকল্প/অ্যাপ/পোর্টাল/পরিষেবা

ন্যাশনাল সিঙ্গল উইন্ডো সিস্টেম পোর্টাল

২২ সেপ্টেম্বর কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল সূচনা করলেন 'ন্যাশনাল সিঙ্গল উইন্ডো সিস্টেম' পোর্টালের। এই পোর্টালের মাধ্যমে বিশ্বব্যাপী ও স্থানীয় বিনিয়োগকারী, উদ্যোক্তা এবং ব্যবসায়ীরা জানতে পারবে ভারতে কী ধরনের ক্লিয়ারেন্স এবং অনুমতি প্রয়োজন। এটি নির্মাণ করেছে ডিপার্টমেন্ট ফর প্রোমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড এবং ইনভেস্ট ইন্ডিয়া যৌথভাবে।

'Mukhyamantri Bagwani Bima Yojana'

হরিয়ানা সরকারের তরফ থেকে সূচনা করা হল 'Mukhyamantri Bagwani Bima Yojana' এর। কৃষকদের উৎপাদিত উদ্যানজাত ফসল বিভিন্ন জৈব উপাদানের দ্বারা নষ্ট হয়ে গেলে, তার ক্ষতিপূরণ প্রদান করা হবে এই যোজনার মাধ্যমে।

'Digital Hub' এর উদ্বোধন

কেরলের কলমেশ্বরীতে কেরল স্টার্টআপ মিশন বা KSUM এর অধীনে 'Digital Hub' এর ভার্চুয়াল উদ্বোধন করলেন কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। এই Digital Hub দুশোটি স্টার্টআপকে সহায়তা প্রদান করতে পারবে এবং দু'লক্ষ বর্গকিমি অঞ্চলের ওপর এটি স্থাপিত হয়েছে।

'Samarpan Portal'

দীনদয়াল উপাধ্যায়ের ১০৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর সূচনা করলেন 'Samarpan Portal' এর। এই পোর্টালের মাধ্যমে আগ্রহী ব্যক্তি নিজেকে নথিভুক্ত করতে পারবে শিক্ষা, ক্রীড়া, কৃষি এবং কৌশল বিকাশ ক্ষেত্রে স্বেচ্ছা পরিষেবা প্রদানের জন্য।

'NIDHI-2.0' প্ল্যাটফর্ম

২৭ সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে নতুন দিল্লিতে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের তরফ থেকে সূচনা করা হল 'NIDHI-2.0' প্ল্যাটফর্মের। এই প্ল্যাটফর্মের মাধ্যমে নথিভুক্ত করা হবে আতিথেয়তা আবাসনের, যা পর্যটন শিল্পের জন্য জরুরি। এর সঙ্গেই প্রকাশ করা হল 'India Tourism Statistics-At a Glance, 2021' এর।

'Promotion of Medical Device Parks' প্রকল্প

কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সূচনা করা হল 'Promotion of Medical Device Parks' প্রকল্পের। মেডিক্যাল ডিভাইস শিল্প এবং দেশজুড়ে মেডিক্যাল ডিভাইস পার্কের প্রচারের জন্য এই প্রকল্প চালু করা হল। এই প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে চারশো কোটি টাকা এবং এর মেয়াদ অর্থবর্ষ ২০২০-২১ থেকে ২০২৪-২৫।

'India Export Initiative' এবং 'IndiaXports 2021'

কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রী নারায়ণ টাটু রানে সূচনা করলেন 'India Export Initiative' উদ্যোগের এবং 'IndiaXports 2021' পোর্টালের। এর মাধ্যমে পণ্য রপ্তানির গতি বৃদ্ধি পাবে।

'Digital Baramati Umbrella App'

মহারাষ্ট্রের ডেপুটি মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার সূচনা করলেন 'Digital Baramati Umbrella App' এর। এই অ্যাপের মাধ্যমে পুণে জেলার বারামতি নগরের বাসিন্দারা সমস্ত ধরনের নাগরিক কেন্দ্রিক সুযোগ সুবিধা পেয়ে থাকবে।

'Mukhyamantri Paryatan Udyog Sambal Yojana-2021'

২৭ সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট সূচনা করলেন 'Mukhyamantri Paryatan Udyog Sambal Yojana-2021' এর। কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত পর্যটন এবং আতিথেয়তা শিল্পের উদ্যোক্তাদের অর্থনৈতিক সহায়তা প্রদানের জন্য এই যোজনা চালু করা হল। সেইসঙ্গে তিনি চালু করলেন 'Rajasthan Tourism Official' নামক মোবাইল অ্যাপ। এই অ্যাপ সেই সকল পর্যটককে সহায়তা প্রদান করবে যারা রাজস্থান ভ্রমণে আগ্রহী।

'DigiSaksham' উদ্যোগ

৩০ সেপ্টেম্বর কেন্দ্রীয় শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রী ভূপেন্দ্র সিং যাদব মাইক্রোসফটের সহযোগিতায় সূচনা করলেন 'DigiSaksham' উদ্যোগের। গ্রামীণ এবং আধা শহরে অঞ্চলের যুবকদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য এই উদ্যোগের সূচনা করা হল।

Cock and bull story** Means : **Made up story that one should not believe

1-4 অক্টোবর ভারত সফর করলেন কলম্বিয়ার উপ-রাষ্ট্রপতি মার্তা লুসিয়া রামিরেজ

PPC 2021 Sabki Yojana-Sabka Vikas অভিযান এবং 'Vibrant Gram Sabha Dashboard'

৩০ সেপ্টেম্বর কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং সূচনা করলেন 'People's Plan Campaign (PPC) 2021-Sabki Yojana Sabka Vikas' অভিযান এবং 'Vibrant Gram Sabha Dashboard'। 'People's Plan Campaign 2021-Sabki Yojana Sabka Vikas' অভিযানের মূল উদ্দেশ্য হল গ্রাম পঞ্চায়েতের উন্নয়ন পরিকল্পনার প্রস্তুতির জন্য সকলকে আশ্বস্ত করা। অন্যদিকে 'Vibrant Gram Sabha Dashboard' এর মূল উদ্দেশ্য হল গ্রাম সভার বৈঠক, গ্রাম পঞ্চায়েতের স্ট্যান্ডিং কমিটির বৈঠক এবং জনগণের দ্বারা সরাসরি নির্বাচিত পঞ্চায়েতি জন প্রতিনিধিদের বৈঠকে বেশি সংখ্যক মানুষের অংশগ্রহণে সহায়তা করা।

'SBM-U2.0 এবং 'AMRUT 2.0'

১ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সূচনা করলেন 'Swacch Bharat Mission - Urban 2.0' বা 'SBM-U2.0 এবং 'Atal Mission for Rejuvenation and Urban Transformation 2.0' বা 'AMRUT-2.0' এর। SBM-U2.0 এর মূল উদ্দেশ্য হল নগরগুলিকে সম্পূর্ণ আবর্জনা মুক্ত করা এবং AMRUT এর অধীনে না থাকা শহরের ধূসর এবং কালো জল ব্যবস্থাপনায় লক্ষ্য রাখা। অন্যদিকে AMRUT 2.0 এর মূল উদ্দেশ্য হল শহরের নর্দমা এবং সেপটিক ব্যবস্থাপনার ওপর নজর রাখা যাতে শহরগুলি জল নিরাপদ শহর হিসাবে থাকতে পারে এবং নিকাশি ব্যবস্থার বর্জ্য পদার্থ যেন নদীতে না মেশে।

'JJM' অ্যাপ এবং রাষ্ট্রীয় জল জীবন কোষ

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সূচনা করলেন 'Jal Jeevan Mission' বা 'JJM' অ্যাপের। এই অ্যাপের মাধ্যমে নাগরিকদের মধ্যে জল জীবন মিশন সংক্রান্ত সচেতনতা গড়ে তোলা হবে এবং এই প্রকল্পে স্বচ্ছতা ও দায়িত্বের উন্নতি ঘটানো হবে। অন্যদিকে রাষ্ট্রীয় জল জীবন কোষের মাধ্যমে ব্যক্তিবিশেষ, সংস্থা, কর্পোরেশন এবং পরোপকারী ব্যক্তিদের অর্থদানে উদ্বুদ্ধ করা হবে ট্যাপ ওয়াটার সরবরাহ যোগাযোগ গড়ে তোলার উদ্দেশ্যে।

'Wetlands of India' পোর্টাল

২ অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকী অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভুপেন্দ্র যাদব সূচনা করলেন 'Wetlands of India' পোর্টালের। এই পোর্টালের মাধ্যমে জলাভূমি সংক্রান্ত সমস্ত তথ্য জানা যাবে।

'Mission Basundhara'

অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা সূচনা করলেন 'Mission Basundhara' এর। এর মূল উদ্দেশ্য হল অসম রাজ্যের নাগরিকদের জমি সংক্রান্ত সমস্যার সমাধান অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে করা। এই মিশনের আয়োজক হল অসমের রাজস্ব এবং বিপর্যয় মোকাবিলা দপ্তর।

'Waste to Wealth' ওয়েব পোর্টাল

২ অক্টোবর কেন্দ্রীয় সরকার স্বচ্ছ ভারত মিশন এবং উন্নত ভা[রত] মিশন উপলক্ষ্যে সূচনা করল 'Waste to Wealth' ওয়েব পোর্টালে[র]। এই ওয়েব পোর্টালের মাধ্যমে প্রযুক্তি সরবরাহকারী, সরকারি অংশীদা[র] শহরের স্থানীয় সংস্থা সকলকে এক জায়গায় নিয়ে এসে দেশের ব[র্জ্য] সংক্রান্ত সমস্যার সমাধান করা।

'Fishwaale' অ্যাপ

অসমের মৎস্যচাষ মন্ত্রী পরিমল শুক্লাবৈদ্য সূচনা করলেন দেশে[র] প্রথম ই ফিস মার্কেট অ্যাপ 'Fishwaale'। এই অ্যাপের মাধ্যমে বিক্রে[তা] এবং ক্রেতা উভয়ে মাছ বিক্রয় ও ক্রয় করতে পারবে। এছাড়া মাছে[র] চারা, খাদ্য, জল ও চাষ সংক্রান্ত যন্ত্রপাতি, ওষুধ, অ্যাকুয়ারিয়াম ট্যা[ঙ্ক], আলঙ্কারিক মাছ, হিমায়িত মাছ, শুষ্ক মাছ প্রভৃতির সন্ধান এই অ্যাপে[র] মাধ্যমে পাওয়া যাবে। অসম মৎস্য চাষ দপ্তরের সহযোগীতায় অ্যাকু[য়া] ব্লু গ্লোবাল অ্যাকুয়াকালচার সলিউশন প্রাইভেট লিমিটেড এই অ্যা[প] নির্মাণ করেছে।

'River Ranching' প্রোগ্রাম

কেন্দ্রীয় মৎস্যচাষ, পশুপালন এবং দুগ্ধজাত মন্ত্রী পুরুষোত্তম রূপাল[া] দেশজুড়ে সূচনা করলেন 'River Ranching' প্রোগ্রামের। উত্তরপ্রদেশে[র] গড় মুক্তেশ্বর এর ব্রিজঘাটে এই প্রোগ্রামের সূচনা করলেন তিনি। উত্তরপ্রদেশের পাশাপাশি অন্যান্য চারটি রাজ্য যথা উত্তরাখণ্ড, ওড়িশা, ত্রিপুরা এবং ছত্তিশগড়ে এই প্রোগ্রামের সূচনা করা হল। দেশে মৎস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে এই প্রোগ্রাম শুরু করা হল।

'MyPortApp'

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল সূচনা করলেন 'MyPortApp' এর। এই অ্যাপের মাধ্যমে বন্দর সংক্রান্ত সমস্ত ধরনের তথ্য স্বচ্ছতার সঙ্গে পাওয়া যাবে।

'Swechha' প্রকল্প

অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী ওয়াই এস জগনমোহন রেড্ডি সূচনা করলেন 'Swechha' প্রকল্পের। এই প্রকল্পের মাধ্যমে সরকারি স্কুল এবং জুনিয়র কলেজে পাঠরত বালিকাদের বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন প্রদান করা হবে।

'দেশ কে মেন্টর' প্রোগ্রাম

দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিবাল সূচনা করলেন 'দেশ কে মেন্টর' প্রোগ্রামের। এই প্রোগ্রামের মূল উদ্দেশ্য হল দিল্লির সরকারি স্কুলের ছাত্রদের কেরিয়ার পছন্দের এবং তাতে অগ্রসর হওয়ার উদ্দেশ্যে বিভিন্ন ক্ষেত্রের সফল মানুষদের পরামর্শ লাভ করার সুযোগ প্রদান। এই প্রোগ্রামের ব্র্যান্ড অ্যাম্বাসাডর হলেন অভিনেতা সোনু সুদ।

'Good Samaritans' প্রকল্প

কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং হাইওয়েজ মন্ত্রকের তরফ থেকে সূচনা করা হল 'Good Samaritans' প্রকল্পের। এই প্রকল্পের মাধ্যমে

Between the devil and the deep sea *Means* : **Between two dangers**

এনএসডিএল-র নতুন এমডি ও সিইও পদে নিযুক্ত হলেন পদ্মজা চুন্দুরু

সেই সকল নাগরিককে পুরস্কার ও প্রশংসা প্রদান করা হবে যারা সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে হসপিটালে পাঠিয়ে জীবন রক্ষায় সফল হবেন। জীবন রক্ষাকারীকে এর জন্য দেওয়া হবে 'গোল্ডেন আওয়ার' পুরস্কার। ৫০০০ টাকা এবং প্রশংসাসূচক সার্টিফিকেট।

'Mera Ghar Mere Naam' প্রকল্প

পাঞ্জাবের মুখ্যমন্ত্রী চরণজিৎ সিং চান্নি সূচনা করলেন 'Mera Ghar Mere Naam' প্রকল্পের। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের 'লাল লকির' অঞ্চলের বাসিন্দাদের বসবাস করার জন্য জমির মালিকানা প্রদান করা হবে।

'ক্লিন ইন্ডিয়া প্রোগ্রাম'

কেন্দ্রীয় ক্রীড়া এবং যুবকল্যাণ মন্ত্রী সূচনা করলেন 'ক্লিন ইন্ডিয়া প্রোগ্রামের'। উত্তরপ্রদেশের প্রয়াগরাজ থেকে দেশব্যাপী এই প্রোগ্রামের সূচনা করলেন তিনি। এই প্রোগ্রামের মাধ্যমে দেশের নাগরিকদের মধ্যে বর্জ্য পরিষ্কার সংক্রান্ত সচেতনতা গড়ে তোলা হল এবং পরিষ্কারের জন্য তাদের এগিয়ে আসার অনুরোধ করা হল।

'Chief Minister's Health for All' প্রকল্প

মনিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং সূচনা করলেন 'Chief Minister's Health for All' বা 'Gi Hakchel Gi Tengbal' প্রকল্পের। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের প্রতিটি বাসিন্দাকে তাদের গৃহে স্বাস্থ্য পরীক্ষা পরিষেবা প্রদান করা হবে এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বিনামূল্যে জনঔষধি ওষুধ প্রদান করা হবে।

'Prashasan Gaon ke Sang' অভিযান

২ অক্টোবর রাজস্থানে সূচনা করা হল 'Prashason Gaon Ke Sang' অভিযানের। এই অভিযানের মূল উদ্দেশ্য হল রাজ্যের প্রত্যন্ত গ্রামীণ অঞ্চলে সরকারি সমস্ত ধরনের সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া।

সামিট/বৈঠক/অধিবেশন/উৎসব/সম্মেলন

ষষ্ঠ ব্রিকস ইয়ং সায়েন্টিস ফোরাম এবং ব্রিকস ট্যাক্স অথরিটির ভার্চুয়াল বৈঠক

ভারতের সভাপতিত্বে অনুষ্ঠিত হল ষষ্ঠ ব্রিকস ইয়ং সায়েন্টিস ফোরাম। এই ফোরামের আয়োজক হল বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর এবং বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড স্টাডিজ। এই বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন সচিব এবং ব্রিকস শেরপা সঞ্জয় ভট্টাচার্য। স্বাস্থ্য পরিষেবা, শক্তি, সাইবার এবং উদ্ভাবনী ক্ষেত্রের ওপর এই ফোরাম অনুষ্ঠিত হয়েছিল। পাশাপাশি অনুষ্ঠিত হল ব্রিকস ট্যাক্স অথরিটির ভার্চুয়াল বৈঠক। ব্রিকস ট্যাক্স অথরিটির ভার্চুয়াল বৈঠকের থিম হল– 'Redefining the Business Processes of Tax Administration amidst challenges posed by Covid-19 and in the Digital Era'। এই বৈঠকে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় সরকারের রাজস্ব সচিব তরুণ বাজাজ। ব্রিকস সদস্যভুক্ত দেশগুলির কর আধিকারিকরা ডিজিটাল যুগে এবং কোভিড অতিমারীর সময়ে যে সমস্ত সমস্যার সম্মুখীন হয় সেই ব্যাপারে আলোচনা করেন।

১৫তম 'ইস্ট এশিয়া সামিট' এবং নবম 'ইএএস-ইএমএম'

ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ১৫তম 'ইস্ট এশিয়া সামিট'। এই বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় শক্তি মন্ত্রী কিষাণ পাল গুজর। এই বৈঠকের থিম হল– 'We Care, We Prepare, We Prosper'। এই বৈঠকে ভারতের তরফ থেকে শক্তি রূপান্তর পরিকল্পনা, পলিসি, চ্যালেঞ্জ এবং ডিকার্বোনাইজেশনের প্রচেষ্টা সংক্রান্ত তথ্য তুলে ধরা হয়। অন্যদিকে, ভার্চুয়ালি অনুষ্ঠিত হল নবম 'ইএএস-ইএমএম (ইস্ট এশিয়া সামিট-ইকনমিক মিনিস্টার্স মিটিং)। বৈঠকে ভারতের তরফ থেকে বলা হয় কোভিড-১৯ এর চিকিৎসায় ব্যবহৃত ড্রাগ এবং চিকিৎসা প্রযুক্তির ব্যবহারে পূর্ব এশিয়ার দেশগুলিকে ভারতে সহায়তা প্রদান করবে।

প্রথম ভারত-ব্রিটিশ যুক্তরাজ্য কনস্যুলার ডায়ালগ

২২ সেপ্টেম্বর ভারতের তরফ থেকে ভার্চুয়ালি অনুষ্ঠিত হল প্রথম প্রথম ভারত-ব্রিটিশ যুক্তরাজ্য কনস্যুলার ডায়ালগ। বৈঠকে ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব প্রদান করেন বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব দেবেশ উত্তম এবং ব্রিটিশ যুক্তরাজ্যের প্রতিনিধি দলকে নেতৃত্ব প্রদান করেন ব্রিটিশ যুক্তরাজ্যের কনস্যুলার সার্ভিসেস, বিদেশ, কমনওয়েলথ এবং ডেভেলপমেন্ট অফিসের ডিরেক্টর জেনিফার অ্যান্ডারসন। এই বৈঠকে ভারত -ব্রিটিশ যুক্তরাষ্ট্র ২০৩০ রোডম্যাপ নিয়ে দুই দেশের মধ্যে আলোচনা হয়।

হিমালয়ান ফিল্ম ফেস্টিভ্যালের প্রথম সংস্করণ

২৪-২৮ সেপ্টেম্বর পাঁচ দিন ব্যাপী লাদাখে অনুষ্ঠিত হল হিমালয়ান ফিল্ম ফেস্টিভ্যালের প্রথম সংস্করণ। এর উদ্বোধন করেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। লাদাখ কেন্দ্রশাসিত অঞ্চল এবং কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ডিরেক্টরেট অফ ফিল্ম ফেস্টিভ্যাল এই অনুষ্ঠানের আয়োজন করেছিল। লেহের সিন্ধু সংস্কৃতি কেন্দ্রে এই উৎসব উপলক্ষ্যে ১২টি হিমালয় রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের চলচ্চিত্র পরিবেশন করা হল। বারোটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল হল যথাক্রমে– লাদাখ, জম্মু ও কাশ্মীর, উত্তরাখণ্ড, হিমাচল প্রদেশ, সিকিম, অসম, মেঘালয়, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, অরুণাচলপ্রদেশ এবং নাগাল্যান্ড।

Summit for Information and Democracy

ভার্চুয়ালি অনুষ্ঠিত হল 'Summit for Information and Democracy'। ৭৬তম ইউনাইটেড নেশনস জেনারেল অ্যাসেম্বলি এর পাশাপাশি এটি অনুষ্ঠিত হল। এই বৈঠকে ভারতের তরফ থেকে যোগদান করেছিলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর। বৈঠকে অংশগ্রহণকারী সদস্যরা বিশ্বব্যাপী তথ্য প্রবণতা অনুযায়ী তথ্য এবং গণতন্ত্রের ওপর আন্তর্জাতিক অবজার্ভেটরি তৈরির সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Show a clean pair of heals Means : **Run away**

ডঃ রুক্মিণী ব্যানার্জি-কে 'Yidan Prize 2021' দিয়ে সম্মানিত করা হল

Swachh Survekshan 2022

২৭ সেপ্টেম্বর কেন্দ্রীয় গৃহ ও নগরোন্নয়ন মন্ত্রী নিউ দিল্লি থেকে সূচনা করলেন সপ্তম Swachh Survekshan 2022 এর। যার থিম হল– 'People First'। এই অনুষ্ঠান উপলক্ষ্যে সামনের সারির যোদ্ধাদের সম্মান জানাতে তাদের কার্য অবস্থা এবং জীবন ধারনের সুযোগের ওপর লক্ষ্য রাখা হয় ও তার উন্নতি ঘটানোর চেষ্টা করা হয়।

Nata-Sankirtana

২৮-৩০ সেপ্টেম্বর মণিপুরের ইম্ফলে অনুষ্ঠিত হল তিনদিন ব্যাপী নৃত্য ও সঙ্গীত উৎসব 'Nata-Sankirtana'। প্রতি বছর জওহরলাল নেহরু মণিপুর ডান্স অ্যাকাডেমির তরফ থেকে এই উৎসবের আয়োজন করা হয়ে থাকে। নট সংকীর্তনকে যুব সম্প্রদায়ের মধ্যে প্রচারের উদ্দেশ্যে এই উৎসব পালন করা হয়ে থাকে।

দ্বিতীয় Global Fintech Festival-2021

২৮-৩০ সেপ্টেম্বর ভারতের তরফ থেকে অনুষ্ঠিত হল দ্বিতীয় Global Fintech Festival-2021। এটি বিশ্বের বৃহত্তম ভার্চুয়াল ফিনটেক ফেস্টিভ্যাল। এর এবছরের থিম হল-- 'FinTech : Empowering a Global Digital Economy'। ডিজিটাল লেনদেন এবং অর্থনৈতিক প্রযুক্তির প্রচার, ভারতীয় স্টার্টআপ ইকো সিস্টেমের জন্য বিনিয়োগকারীদের আকর্ষণের উদ্দেশ্যে এই অনুষ্ঠান আয়োজিত হল। এই অনুষ্ঠানের আয়োজক হল ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া, এফসিসি, পিসিআই, ইন্টারনেট অ্যান্ড মোবাইল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া। এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন।

'Azadi@75 – New Urban India : Transforming Urban Landscape'

৫ অক্টোবর উত্তরপ্রদেশের লক্ষ্ণৌতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্বোধন করলেন 'Azadi@75 – New Urban India : Transforming Urban Landscape' কনফারেন্স কাম এক্সপো। এই অনুষ্ঠান উপলক্ষ্যে প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশের ৭৫টি জেলার ৭৫,০০০ সুবিধাভোগীর হাতে 'Pradhan Mantri Awas Yojana-Urban (PMAY-U) এর অধীনে গৃহের চাবি তুলে দিলেন।

'I-Sprint' 21

৭ অক্টোবর ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল সার্ভিসেস সেন্টার অথরিটি (আইএফএসসিএ) এবং GIFT সিটির তরফ থেকে সূচনা করা হল 'I-Sprint' 21 এর। এটি গ্লোবাল ফিনটেক হ্যাক্যাথন সিরিজ যা আইএফএসসিএ-এর তরফ থেকে ভার্চুয়ালি আয়োজন করা হয়েছিল। ব্যাঙ্কিং সেক্টরের ওপর লক্ষ্য রাখার জন্য এই হ্যাকাথন অনুষ্ঠিত হল।

বটুকাম্মা উৎসব

তেলেঙ্গানা এবং অন্ধ্রপ্রদেশের কিছু অঞ্চলে পালিত হল বটুকাম্মা উৎসব। দশেরা উৎসবের অংশ হিসাবে এই উৎসব পালন করা হয়ে থাকে। বটুকাম্মা কথার অর্থ হল 'জীবনের দেবী'। এই উৎসব উপল[illegible] মানুষের সঙ্গে পৃথিবী, জল প্রভৃতির সম্পর্ক উদযাপন করা হয়ে থা[illegible]

ICRIER এর তেরোতম বার্ষিক আন্তর্জাতিক G-20 কনফারেন্স

অনুষ্ঠিত হল ইন্ডিয়ান কাউন্সিল ফর রিসার্চ অন ইন্টারন্যাশ[illegible] ইকনমিক রিলেশন (ICRIER) এর তেরোতম বার্ষিক আন্তর্জাতিক [illegible] 20 কনফারেন্স। এই কনফারেন্সে ভারতের তরফ থেকে উপস্থিত ছি[illegible] কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প, উপভোক্তা বিষয়ক এবং খাদ্য ও জনবি[illegible] ও বস্ত্র মন্ত্রী পীযূস গোয়েল। বৈঠকে তিনি বলেন কোভিড-১৯ অতি[illegible] কারণে বেশ কয়েকটি ক্ষেত্রে G-20 এর অগ্রাধিকার বৃদ্ধি পেয়েছে

ন্যাশনাল কনফারেন্স ফর জ্যু ডিরেক্টর অ্যান্ড ভেটেরিনারিয়ান

১০-১১ অক্টোবর গুজরাতের কেবাদিয়ায় সর্দার প্যাটে[illegible] জ্যুলজিকাল পার্কে অনুষ্ঠিত হল ন্যাশনাল কনফারেন্স ফর জ্যু ডিরে[illegible] অ্যান্ড ভেটেরিনারিয়ান। এর আয়োজন করেছিল সেন্ট্রাল জ্যু অথরি[illegible] এই কনফারেন্সে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় পরিবেশ, বন এ[illegible] জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব। চিড়িয়াখানা ব্যবস্থাপনার বিভি[illegible] দিক নিয়ে এই বৈঠকে আলোচনা হয়। এই কনফারেন্সে মুক্তি পে[illegible] 'Live in harmony with nature, stop illegal trade i[illegible] wildlife' শিরোনামে চলচ্চিত্র যার প্রযোজনা করেছে ওয়াইল্ডলাই[illegible] ক্রাইম সেন্ট্রাল ব্যুরো।

আফগানিস্তানের বিষয়ে G-20 এর অসাধারণ নেতৃবৃন্দের বৈঠক

ইতালির প্রধানমন্ত্রী মরিও দ্রাঘি এর সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্ঠিত হল আফগানিস্তানের বিষয়ে G-20 এর অসাধারণ নেতৃবৃন্দের বৈঠক বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আফগানিস্তানের বর্তমান পরিস্থিতির ওপর বৈঠকে আলোচনা হয়।

ITU Digital World 2021

ভিয়েতনাম সরকারের আয়োজনে ভিয়েতনামে অনুষ্ঠিত হল 'ITU (International Telecommunication Union (ITU) Digital World 2021' এর বৈঠক। এটা মন্ত্রী পর্যায়ের গোল টেবিল বৈঠক যার পঞ্চাশতম সংস্করণ অনুষ্ঠিত হল। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যোগাযোগ প্রতিমন্ত্রী দেবুশিন চৌহান। ডিজিটাল ট্রান্সফর্মেশন এর সুবিধা, অসুবিধা এবং সামর্থ্য নিয়ে বৈঠকে আলোচনা হয়।

৬০তম 'NAM' Commemorative Meeting'

১০-১৩ অক্টোবর সার্বিয়ার বেলগ্রেডে অনুষ্ঠিত হল ৬০তম 'NAM (Non Aligned Movement) Commemorative Meeting'. বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী

Cross one's t's and dot** Means : **Be precise, careful and one's i's exact

মীনাক্ষী লেখি। এই বৈঠকে যৌথভাবে সভাপতিত্ব করেন সার্বিয়ার প্রেসিডেন্ট আলেকজান্ডার ভুচিক এবং 'NAM' এর বর্তমান চেয়ারম্যান তথা আজারবাইজানের প্রেসিডেন্ট অলিয়েব। বৈঠকে বিশ্ব শান্তি, বিচার, আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি এবং পারস্পারিক সার্বভৌমত্বের জোরালো প্রচার নিয়ে আলোচনা হয়।

চতুর্থ G-20 অর্থমন্ত্রী ও সেন্ট্রাল ব্যাঙ্ক গভর্নরদের বৈঠক

১০ অক্টোবর ইতালির সভাপতিত্বে মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত হল চতুর্থ G-20 অর্থমন্ত্রী ও সেন্ট্রাল ব্যাঙ্ক গভর্নরদের বৈঠক। বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিল কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। বৈঠকে অর্থনীতির ডিজিটাইজেশনের ফলে কর ব্যবস্থার সুবিধা ও অসুবিধা নিয়ে আলোচনা হয়।

ওয়ার্ল্ড ব্যাঙ্ক গ্রুপ এবং আইএমএফের ২০২১ এর বাৎসরিক বৈঠক

১১-১৭ অক্টোবর ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত হল ওয়ার্ল্ড ব্যাঙ্ক গ্রুপ এবং আইএমএফের ২০২১ এর বাৎসরিক বৈঠক। এই বৈঠকের অংশ হিসাবেই অনুষ্ঠিত হল আইএমএফের বোর্ড অফ গভর্নর ইন্টারন্যাশনাল মনিটারি অ্যান্ড ফিন্যান্সিয়াল কমিটি এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক গ্রুপ-আইএমএফের ডেভেলপমেন্ট কমিটির ৪৪তম বৈঠক। বৈঠকে সভাপতিত্ব করেন সুইডেনের অর্থমন্ত্রী ম্যাকডালেনা অ্যান্ডারসন। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়কমন্ত্রী নির্মলা সীতারামন। এছাড়া ১৯০টি দেশের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

ভারত-মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতি এবং আর্থিক অংশীদারিত্বের অষ্টম মন্ত্রী পর্যায়ের বৈঠক

১৫ অক্টোবর মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত হল ভারত-মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতি এবং আর্থিক অংশিদারীত্বের অষ্টম মন্ত্রী পর্যায়ের বৈঠক। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের তরফ থেকে উপস্থিত ছিলেন কোষাগার সচিব ডঃ জ্যানেট ইয়েলেন। বৈঠকে ঠিক হয় দুই দেশ বাৎসরিক ১০০ বিলিয়ন ডলার সংগ্রহের অঙ্গীকার করে জলবায়ু পরিবর্তন সমস্যার মুখোমুখি হবার জন্য।

এলএমডিসি মিনিস্টিরিয়াল মিটিং

১৮ অক্টোবর ভার্চুয়ালি অনুষ্ঠিত হল লিঙ্ক মাইন্ডেড ডেভলপিং কান্ট্রিজ বা এলএমডিসি মিনিস্ট্রিরিয়াল মিটিং যার শিরোনাম হল 'Preparations for Cop 26 on Climate Change-Expectations and Challenges'. বৈঠকের আয়োজক হল বলিভিয়ার বহুমুখী রাজ্য, বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব। বৈঠকে জলবায়ু পরিবর্তন বিষয়ে অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে আলোচনা হয়।

ভারত-ব্রিটিশ যুক্তরাজ্য মেরিটাইম ডায়ালগ

ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ভারত-ব্রিটিশ যুক্তরাজ্য মেরিটাইম ডায়ালগ। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ব্রিটিশ যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন। বৈঠকে দুই দেশের মধ্যে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে মুক্ত বাণিজ্য এবং রোডম্যাপ ২০৩০ নিয়ে আলোচনা হয়।

বই ও লেখক

'Shining Sikh Youth of India' – ডঃ প্রভলীন সিং

নিউ দিল্লিতে নবম শিখগুরু তেগ বাহাদুরের চারশোতম জন্মবার্ষিকী অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রকাশ করলেন ডঃ প্রভলীন সিং রচিত 'Shining Sikh Youth of India' বইটি। এই বইটিতে তুলে ধরা হয়েছে বিভিন্ন ক্ষেত্রের সঙ্গে যুক্ত শিখ যুবকদের সাফল্যের গল্প।

'Smart Villages : Bridging the Global Urban-Rural Divide' – ডঃ ভি আই লক্ষমনন, ডঃ অরুণ চোকালিঙ্গম, ডঃ ভি কুমার মূর্তি, এস কল্যাণসুন্দরম

সম্প্রতি জোহোর প্রতিষ্ঠাতা ডঃ শ্রীধর ভেম্বু প্রকাশ করলেন ডঃ ভি আই লক্ষমনন, ডঃ অরুণ চোকালিঙ্গম, ডঃ ভি কুমার মূর্তি, এস কল্যাণসুন্দরম সম্পাদিত 'Smart Villages : Bridging the Global Urban-Rural Divide' বইটি। বইটি বিভিন্ন গ্রামের উন্নতির ওপর রচিত হয়েছে।

'The Three Khans : And the Emergence of New India' – কাবেরী বামজাই

প্রকাশিত হল কাবেরী বামজাই রচিত 'The Three Khans : And the Emergence of New India' বইটি। এই বইটিতে তুলে ধরা হয়েছে বলিউডের তিন জন নায়ক যথা– আমির খান, শাহরুখ খান এবং সলমন খানের কেরিয়ার।

'Economist Gandhi : The Roots and the Relevance of the Political Economy of the Mahatma' – জেরি রাও

প্রকাশিত হল জেরি রাও রচিত 'Economist Gandhi : The Roots and the Relevance of the Political Economy of the Mahatma' বইটি। অর্থনীতি এবং পুঁজিবাদের ওপর মহাত্মা গান্ধীর চিন্তা-ভাবনা এই বইটিতে তুলে ধরা হয়েছে।

To take the bull by the horns *Means* : **To tackle a problem in a bold and direct fashion**

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

'The Battle of Rezang La' – কুলপ্রীত যাদব

প্রাক্তন নৌবাহিনীর অফিসার কুলপ্রীত যাদব রচিত, 'The Battle of Rezang La' বইটি প্রকাশিত হল। বইটিতে তুলে ধরা হয়েছে ১৯৬২ সালের চীন-ভারত যুদ্ধের কথা। যেখানে লাদাখ অঞ্চলকে ৫০০০ চীনা সৈন্যর হাত থেকে উদ্ধার করতে নিজেদের জীবন বাজি রেখে অসামান্য লড়াই চালিয়েছিল ১২০ জন ভারতীয় বীরসেনা।

'The Fractured Himalaya : India Tibet China 1949-1962' – নিরুপমা রাও

প্রকাশিত হল অবসরপ্রাপ্ত কূটনীতিক নিরুপমা রাও রচিত 'The Fractured Himalaya : India Tibet China 1949-1962' বইটি। বইটিতে তুলে ধরা হয়েছে ১৯৪৯-১৯৬২ পর্যন্ত ভারত, চীন এবং তিব্বতের সম্পর্কের কথা।

'My Life in Full : Work, Family and Our Future' – ইন্দ্রা নুই

প্রকাশিত হল পেপসিকোর প্রাক্তন চেয়ারম্যান এবং সিইও ইন্দ্রা নুই রচিত 'My Life in Full : Work, Family and Our Future' বইটি। বইটিতে ইন্দ্রা নুই তুলে ধরেছেন তাঁর জীবন, কেরিয়ার এবং ত্যাগের কাহিনি।

'Jungle Nama : a story of the Sundarban' – অমিতাভ ঘোষ

সম্প্রতি প্রকাশিত হল অমিতাভ ঘোষ রচিত 'Jungle Nama : a story of the Sundarban' নামক অডিও বুকটি। সুন্দরবনের আরাধ্য দেবী বনবিবির গল্পের উপর বইটি নির্মিত হয়েছে। অডিওবুকে কণ্ঠস্বর প্রদান করেছেন মার্কিন যুক্তরাষ্ট্রের গায়ক লেখক আলি শেঠি।

'400 Days' – চেতন ভগত

প্রকাশিত হল চেতন ভগত রচিত '400 Days' বইটি। এটি কেশব-সৌরভ সিরিজের তৃতীয় বই। প্রথম দুটি বই ছিল যথাক্রমে 'The Girl in Room 105' এবং 'One Arranged Murder'। বইটিতে তুলে ধরা হয়েছে মানুষের মধ্যে সম্পর্ক, ভালবাসা, কিডন্যাপিং, বন্ধুত্ব প্রভৃতি।

'Kathmandu Dilemma : Resetting India-Nepal Ties' – রনজিৎ রাই

সম্প্রতি প্রকাশিত হল প্রাক্তন ভারতীয় রাষ্ট্রদূত রনজিৎ রাই এর প্রথম বই 'Kathmandu Dilemma : Resetting India-Nepal Ties' বইটি। বইটিতে ভারতীয় দৃষ্টিভঙ্গি থেকে ভারত এবং নেপালের সম্পর্কের কাহিনি তুলে ধরা হয়েছে।

'Chronicles From the Land of the Happiest People on Earth' – ওল সনিকা

প্রকাশিত হল আফ্রিকান নোবেল জয়ী লেখক ওল সনিকা রচিত 'Chronicles From the Land of the Happiest People on Earth' উপন্যাসটি। এই উপন্যাসটি নাইজেরিয়ার উচ্চ রাজনৈতিক শ্রেণির রাজনৈতিক এবং সামাজিক ব্যাঙ্গের ওপর রচিত হয়েছে।

'The Custodian of Trust' – রজনীশ কুমার

প্রকাশিত হল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার রচিত 'The Custodian of Trust' বইটি। ভারতীয় ব্যাঙ্কিং এবং অর্থনৈতিক ক্ষেত্রে তিনি তাঁর অভিজ্ঞতার কথা এই বইটিতে তুলে ধরেছেন।

'Quest for a Stable Afghanistan : A View from Ground Zero' – সুজিত সরকার

প্রকাশিত হল সুজিত সরকার রচিত 'Quest for a Stable Afghanistan : A View from Ground Zero' বইটি। বইটিতে তুলে ধরা হয়েছে পশ্চিমি দেশগুলির ভুল এবং অযোগ্য পলিসির কথা যার জন্য আফগানিস্তানে গভীর এবং উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

'Veer Savarkar : The Man Who Could Have Prevented Partition' – উদয় মহুরকার এবং চিরায়ু পণ্ডিত

নিউ দিল্লির আম্বেদকর ইন্টারন্যাশনাল সেন্টারে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং প্রকাশ করলেন উদয় মহুরকার এবং চিরায়ু পণ্ডিত রচিত 'Veer Savarkar : The Man Who Could Have Prevented Partition' বইটি। বইটিতে বীর সাভারকারের সংগ্রামের কাহিনি তুলে ধরা হয়েছে।

'Sir Syed Ahmad Khan : Reason, Religion and Nation' – সফি কিদওয়াই

প্রকাশিত হল সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার বিজেতা সফি কিদওয়াই রচিত 'Sir Syed Ahmad Khan : Reason, Religion and Nation' বইটি। বইটিতে মহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ বর্তমানে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় তাঁর প্রতিষ্ঠাতা স্যার সৈয়দ আহমেদ খানের দৃষ্টিভঙ্গির ওপর রচিত হয়েছে।

'The Stars in My Sky : Those Who Brightened My Film Journey' – দিব্যা দত্ত

প্রকাশিত হল বলিউড অভিনেত্রী দিব্যা দত্ত রচিত 'The Stars in My Sky : Those Who Brightened My Film Journey' বইটি। বইটি তিনি বিভিন্ন অভিনেতার সম্বন্ধে লিখেছেন, যাঁরা তাঁর বলিউড জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এটি তাঁর দ্বিতীয় বই। তাঁর প্রথম বইটি ২০১৭ সালে প্রকাশিত হয়েছিল, যার নাম 'Me and Ma'।

Spread like wild fire Means : *Spread quickly*

গুরুত্বপূর্ণ দিবস/সপ্তাহ

২৩ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল ডে অফ সাইন ল্যাঙ্গুয়েজেস'

২৩ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালন করা হল ইন্টারন্যাশনাল ডে অফ সাইন ল্যাঙ্গুয়েজেস। বধির মানুষদের মানবাধিকারের পূর্ণ উপলব্ধি বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'We Sign For Human Rights'। এই বছর এই দিবসের সত্তরতম বার্ষিকী পালিত হল।

২০-২৬ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল উইক অফ ডেফ পিপল

২০-২৬ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল উইক অফ ডেফ পিপল। বধির মানুষদের একত্রিত করতে তাদের নিজস্ব গোষ্ঠী। নিজস্ব সংস্কৃতি, নিজস্ব ভাষা এবং সাংস্কৃতিক ভাষা ব্যবহারের প্রয়োজন এবং তাঁদের সম্মান জানাতে এই সপ্তাহ পালন করা হয়ে থাকে। প্রতি বছরের সেপ্টেম্বর মাসের অন্তিম পূর্ণ সপ্তাহ ধরে এই সপ্তাহ পালন করা হয়ে থাকে। এই সপ্তাহের এবছরের থিম– 'Celebrating Thriving Deaf Communities'।

২৫ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে

২৫ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে। বিশ্বব্যাপী মানুষের স্বাস্থ্য উন্নতিতে ফার্মাসিস্টদের অবদানকে স্বীকৃতি জানাতে ইন্টারন্যাশনাল ফার্মাসিউটিক্যাল ফেডারেশনের তরফ থেকে এই দিবস পালিত হল। এই বছর একাদশতম এই দিবস পালিত হল। এই দিবসের এই বছরের থিম– 'Pharmacy : Always Trusted for Your Health'।

২৫ সেপ্টেম্বর : অন্ত্যোদয় দিবস

২৫ সেপ্টেম্বর সারা দেশজুড়ে পালিত হল অন্ত্যোদয় দিবস। ভারতের বিশিষ্ট রাজনীতিবিদ দীনদয়াল উপাধ্যায়কে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাতে এই দিবস পালন করা হল। এই বছর দীনদয়াল উপাধ্যায়ের ১০৫তম জন্মবার্ষিকী পালিত হল। অন্ত্যোদয়ের অর্থ হল 'অন্তিম ব্যক্তির উত্থান' এবং এই তত্ত্বের প্রবক্তা হলেন দীনদয়াল উপাধ্যায়। এই কারণে দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকী অন্ত্যোদয় দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

২৬ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড রিভার্স ডে

২৬ সেপ্টেম্বর দেশজুড়ে পালিত হল ওয়ার্ল্ড রিভার্স ডে। বিশ্বব্যাপী জলাভূমির গুরুত্ব এবং জলসংরক্ষণের গুরুত্ব বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হল। প্রতি বছর সেপ্টেম্বর মাসের শেষ রবিবার এই দিবস পালিত হয়ে থাকে। ২০০৫ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল এবং এই দিবস পালনের প্রস্তাব প্রদান করেছিলেন কানাডার নদী আইনজীবী মার্ক অ্যাঞ্জেলো।

২৬ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড এনভায়রনমেন্টাল হেলথ ডে

২৬ সেপ্টেম্বর সারা দেশজুড়ে পালিত হল ওয়ার্ল্ড এনভায়রনমেন্টাল হেলথ ডে। পরিবেশের স্বাস্থ্যগত গুরুত্ব এবং সবুজ পুনরুদ্ধারের জন্য বিনিয়োগের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হল। প্রথমবার এই দিবস ২০১১ সালে পালন করা হয়েছিল। এই দিবসের এবছরের থিম– 'Prioritizing Environmental Health for healthier communities in global recovery'।

২৬ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল ডে ফর দ্য টোটাল এলিমিনেশন অফ নিউক্লিয়ার ওয়েপন

২৬ সেপ্টেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে ফর দ্য টোটাল এলিমিনেশন অফ নিউক্লিয়ার ওয়েপন। নিউক্লিয়ারজাত অস্ত্রের ব্যবহার মানবতার জন্য কতটা ক্ষতিকারক সেই বিষয়ে জনগণকে সচেতন ও অবগত করতে এই দিবস পালন করা হয়ে থাকে। ২০১৪ সালে প্রথমবার এই দিবস পালন করা হয়েছিল।

২৬ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড কনট্রাসেপশন ডে

২৬ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড কনট্রাসেপশন ডে। যৌন এবং প্রজনন স্বাস্থ্যসেবা বিষয়ে মানুষের মধ্যে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৭ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড ট্যুরিজম ডে

২৭ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ট্যুরিজম ডে। পর্যটনের গুরুত্ব এবং কোনো অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক উন্নতির জন্য পর্যটন কতটা জরুরি সেই সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হল। ১৯৮০ সালে প্রথমবার এই দিবস পালন করা হয়েছিল। এই দিবসে এবছর যে ফোকাসের ওপর নির্মিত হল তা হল– 'Tourism for Inclusive Growth'।

২৬ সেপ্টেম্বর : মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস ডে

২৬ সেপ্টেম্বর সারা দেশজুড়ে পালিত হল মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস ডে। ভারতের অন্যতম বৃহত্তম সরকারি নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ সংস্থা মিলিটারি ইঞ্জিনিয়ার্স সার্ভিসেসের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে এই

Have a card up one's sleeve *Means* : **Have a secret plan in reserve**

দিবস পালিত হল। এই বছর এই সংস্থার প্রতিষ্ঠার ৯৯তম বার্ষিকী পালিত হল।

২৮ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড র‍্যাবিস ডে

২৮ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড র‍্যাবিস ডে। ভাইরাস জনিত রোগ র‍্যাবিসের প্রভাব এবং তা প্রতিহত করার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই বছর ১৫তম এই দিবস পালিত হল। ২০০৭ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল। এই দিবসের এবছরের থিম– 'Rabies : Facts, not Fear'।

২৮ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল ডে ফর ইউনিভার্সাল অ্যাক্সেস টু ইনফর্মেশন

২৮ সেপ্টেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে ফর ইউনিভার্সাল অ্যাক্সেস টু ইনফর্মেশন। তথ্য সংগ্রহ সাস্টেনেবল ডেভেলপমেন্টের ক্ষেত্রে এবং মানবাধিকারের বিষয়ে এর গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এবছরের থিম– 'The Right to know – Building Back Better with Access to Information'। এই বছর দ্বিতীয় এই দিবস পালিত হল।

২৮ সেপ্টেম্বর : গানার্স ডে

২৮ সেপ্টেম্বর সারা দেশজুড়ে পালিত হল গানার্স ডে। ১৮২৭ সালের এই দিনেই গঠিত হয়েছিল ভারতের প্রথম আর্টিলারি ইউনিটের। এই প্রতিষ্ঠা বার্ষিকীকে স্মরণীয় করে রাখতে এই দিবস পালিত হল।

২৯ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড হার্ট ডে

২৯ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড হার্ট ডে। বিভিন্ন কার্ডিওভাসকুলার রোগ এবং হৃদপিণ্ডজনিত অসুখ ও স্ট্রোকের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। ২০০০ সালে প্রথম এই দিবস পালিত হয়েছিল ২৪ সেপ্টেম্বর। পরবর্তীকালে ২০১১ সাল থেকে এই দিবস ২৯ সেপ্টেম্বর পালিত হচ্ছে।

২৯ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল ডে অফ অ্যাওয়ারনেস অফ ফুড লস অ্যান্ড ওয়েস্ট

২৯ সেপ্টেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ অ্যাওয়ারনেস অফ ফুড লস্ট অ্যান্ড ওয়েস্ট। খাদ্য নষ্ট রোধ এবং বিশ্বে স্বাভাবিক খাদ্য শৃঙ্খল গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। ২০২১ সালে এই দিবসের দ্বিতীয় সংস্করণ পালিত হল।

৩০ সেপ্টেম্বর : ইন্টারন্যাশনাল ট্রান্সলেশন ডে

৩০ সেপ্টেম্বর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ট্রান্সলেশন ডে। এই দিবস উপলক্ষ্যে সেই সকল ভাষাবিদকে সম্মান প্রদর্শন করা হয় যারা কথোপকথন, সমঝোতা এবং সহযোগিতার মাধ্যমে এক দেশের সঙ্গে অন্য দেশের যোগাযোগ রক্ষা করে। এছাড়া এই দিবস উপলক্ষ্যে বিশ্বে শান্তি এবং সুরক্ষা রক্ষার জন্য ট্রান্সলেশন বা অনুবাদের গুরুত্বকে সকলের সামনে তুলে ধরা হয়। এই দিবসের এবছরের থিম– 'United In Translation'।

৩০ সেপ্টেম্বর : ওয়ার্ল্ড মেরিটাইম ডে

৩০ সেপ্টেম্বর ইউনাইটেড নেশনসের ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের তরফ থেকে পালন করা হল ওয়ার্ল্ড মেরিটাইম ডে। প্রতি বছর সেপ্টেম্বর মাসের শেষ বৃহস্পতিবার এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবস উপলক্ষ্যে বিশ্ব অর্থনীতি এবং সাস্টেনেবল ডেভেলপমেন্ট ক্ষেত্রে আন্তর্জাতিক সামুদ্রিক শিল্পের অবদানকে সকলের সামনে তুলে ধরা হয়। এই দিবসের এবছরের থিম– 'Seafarers at the core of shipping's future'।

১ অক্টোবর : ইন্টারন্যাশনাল ডে অফ ওল্ডার পার্সন

১ অক্টোবর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালন করা হল ইন্টারন্যাশনাল ডে অফ ওল্ডার পার্সন। বিশ্বব্যাপী বয়স্ক মানুষেরা যে সমস্ত সমস্যা এবং অসুবিধার সম্মুখীন হয় সেই বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Digital Equity for All Ages'।

১-৩১ অক্টোবর : ব্রেস্ট ক্যান্সার অ্যাওয়ারনেস মান্থ

১-৩১ অক্টোবর অর্থাৎ পুরো অক্টোবর মাস ব্রেস্ট ক্যান্সার অ্যাওয়ারনেস মান্থ হিসাবে পালিত হল। ব্রেস্ট ক্যান্সার সম্পর্কে জনসচেতনতা গড়ে তোলা এবং ব্রেস্ট ক্যান্সার দ্রুত শনাক্তকরণ ও তার চিকিৎসা কতটা গুরুত্বপূর্ণ তার বিষয়ে জনগণকে অবগত করতে এই মাস পালিত হল। গোলাপি ফিতা হল ব্রেস্ট ক্যান্সার অ্যাওয়ারনেসের আন্তর্জাতিক প্রতীক।

১ অক্টোবর : ইন্টারন্যাশনাল কফি ডে

১ অক্টোবর বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল কফি ডে। কফি ক্ষেত্রের বৈচিত্র্য, গুণমান এবং আবেগ সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল। এছাড়া কফি চাষিরা কি ধরনের সমস্যার সম্মুখীন হয়ে থাকে তা এই দিবস উপলক্ষ্যে তুলে ধরা হয়।

১ অক্টোবর : ওয়ার্ল্ড ভেজিটেরিয়ান ডে

১ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ভেজিটেরিয়ান ডে। উন্নত স্বাস্থ্যর জন্য সবজির গুরুত্ব সকলে সামনে তুলে ধরতে এবং নিরামিশাষীদের সম্মান প্রদর্শন করতে এই দিবস পালিত হল। সেই সঙ্গে পুরো অক্টোবর মাসকে ভেজিটেরিয়ান অ্যাওয়ারনেস মান্থ হিসাবে পালন করা হল।

Sitting on the fence *Means* : **Hesitate between two decisions**

১ অক্টোবর : ন্যাশনাল ভলান্টারি ব্লাড ডোনেশন ডে

১ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ভলান্টারি ব্লাড ডোনেশন ডে। রক্তদান এবং স্বেচ্ছা রক্তদানের প্রচারের জন্য এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম—'Give Blood and keep the world-beating'।

১ অক্টোবর : ন্যাশনাল পেনশন সিস্টেম দিবস

১ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল পেনশন সিস্টেম দিবস। পেনশন এবং অবসর পরিকল্পনার প্রচারের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। আজাদি কা অমৃত মহোৎসবের অংশ হিসাবে পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির তরফ থেকে প্রথমবার এই দিবস পালিত হল।

২-৮ অক্টোবর : ওয়াইল্ড লাইফ উইক

২-৮ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ওয়াইল্ড লাইফ উইক। ভারতে বিভিন্ন প্রাণী ও উদ্ভিদকে রক্ষা ও সংরক্ষণের জন্য মানুষকে সচেতন করতে এই সপ্তাহ পালিত হল। এই বছর ৬৭তম এই সপ্তাহ পালিত হল।

২ অক্টোবর : নন-ভায়োলেন্স ডে

২ অক্টোবর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালন করা হয় নন-ভায়োলেন্স ডে। জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিবস পালিত হল। মহাত্মা গান্ধী অহিংসা পথে বিশ্বাসী ছিলেন বলেই তাঁর জন্মবার্ষিকী নন-ভায়োলেন্স ডে হিসাবে পালন করা হয়ে থাকে।

২ অক্টোবর : ওয়ার্ল্ড ডে ফর ফার্মড অ্যানিমেলস

২ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডে ফর ফার্মড অ্যানিমেলস। ইন্টারন্যাশনাল অ্যানিমেলস ওয়েলফেয়ার অর্গানাইজেশন, ওয়ার্ল্ড অ্যানিমেল প্রোটেকশন এবং এশিয়া ফর অ্যানিমেলস কোয়ালিশন যৌথভাবে এই দিবসের আয়োজন করেছিল। সাধারণ জলজ এবং স্থলজ প্রাণী হত্যা রোধে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল।

৪ অক্টোবর : ওয়ার্ল্ড অ্যানিমেল ডে

৪ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড অ্যানিমেল ডে। পশু অধিকার সুরক্ষিত করতে এবং পশুকল্যাণের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। ২০০৩ সালে প্রথমবার এই দিবস ন্যাচারওয়াচ ফাউন্ডেশনের তরফ থেকে পালিত হয়েছিল।

৪-১০ অক্টোবর : ওয়ার্ল্ড স্পেস উইক

৪-১০ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্পেস উইক। মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন অবদান ও সাফল্যকে সম্মান জানাতে এই সপ্তাহ পালিত হল। এই সপ্তাহের এবছরের থিম– 'Women in Space'।

৪ অক্টোবর : ওয়ার্ল্ড হ্যাবিটেট ডে

৪ অক্টোবর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড হ্যাবিটেট ডে। নগর এবং শহরের ভবিষ্যত রূপ প্রদানে নাগরিকদের অবদানকে স্বীকৃতি জানাতে এই দিবস পালন করা হয়ে থাকে। প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Accelerating urban action for a carbon-free world'।

৫ অক্টোবর : ওয়ার্ল্ড টিচার্স ডে

৫ অক্টোবর ইউনেস্কোর তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড টিচার্স ডে। বিশ্বব্যাপী শিক্ষকদের সম্মান প্রদর্শন করতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Teachers at the heart of education recovery'।

৭ অক্টোবর : ওয়ার্ল্ড কটন ডে

৭ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড কটন ডে। অর্থনৈতিক উন্নতি এবং কটন সেক্টরের অংশীদারদের অবদানকে স্বীকৃতি জানাতে ইউনাইটেড নেশনস এর তরফ থেকে এই দিবস পালিত হল। প্রথমবার এই দিবস পালিত হল।

৮ অক্টোবর : ইন্ডিয়ান এয়ার ফোর্স ডে

৮ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ইন্ডিয়ান এয়ার ফোর্স ডে। জাতীয় সুরক্ষাকে শক্তিশালী করার উদ্দেশ্যে ভারতীয় বিমান বাহিনীর অবদানকে স্বীকৃতি জানাতে এই দিবস পালিত হল। ১৯৩২ সালের এই দিনেই ভারতীয় বিমান বাহিনী স্থাপিত হয়েছিল। ভারতীয় বায়ুসেনার তরফ থেকে ১৯৭১ সালের ভারতীয় সেনার জয়ের পঞ্চাশ বছর উদ্‌যাপন করা হল এই বছর এবং সেইজন্য ২০২১ সালকে ভারতীয় বায়ুসেনার পক্ষ থেকে Swarnim Vijay Varsh হিসাবে ঘোষণা করা হল।

৮ অক্টোবর : ওয়ার্ল্ড এগ ডে

৮ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড এগ ডে। প্রতি বছর সেপ্টেম্বর মাসের দ্বিতীয় শুক্রবার এই দিবস পালন করা হয়ে থাকে। মানব স্বাস্থ্য গঠনে ডিমের গুরুত্ব তুলে ধরতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এ বছরের থিম—'Eggs for all : Nature's perfect package'.

৯ অক্টোবর : ওয়ার্ল্ড হসপাইস অ্যান্ড প্যালিয়েটিভ কেয়ার ডে

৯ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড হসপাইস অ্যান্ড প্যালিয়েটিভ কেয়ার ডে। প্রতিবছর অক্টোবর মাসের দ্বিতীয় শনিবার এই দিবস পালন করা হয়ে থাকে। উপশমকারীর প্রয়োজন এবং উপশমকারীর

The pros and cons *Means* **: The various aspects of a matter in detail**

টিউনিসিয়ার প্রথম মহিলা প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন নাজলা বুডেন রামদান

গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম—'Leave no one behind—equity in access to palliative care'.

৯ অক্টোবর : ওয়ার্ল্ড পোস্ট ডে

৯ অক্টোবর সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনস এর তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড পোস্ট ডে। ১৮৭৪ সালের এই দিনেই স্থাপিত হয়েছিল ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ান। এই স্থাপনকালকে স্বীকৃতি জানাতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম—'Innovate to recover'। ভারতে ৯-১৫ অক্টোবর পালিত হল ন্যাশনাল পোস্টাল উইক। জাতীয় স্তরে ভারতীয় পোস্টের ভূমিকা ও কার্যক্ষম বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই সপ্তাহ পালিত হল। এছাড়া ১০ অক্টোবর ভারত জুড়ে পালিত হল ন্যাশনাল পোস্টাল ডে।

৯ অক্টোবর : ওয়ার্ল্ড মাইগ্রেটরি বার্ড ডে

৯ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড মাইগ্রেটরি বার্ড ডে। প্রতি বছর মে এবং অক্টোবর মাসের দ্বিতীয় শনিবার এই দিবস পালন করা হয়ে থাকে। পরিযায়ী পাখি এবং তাদের বাসস্থান সংরক্ষণের উদ্দেশ্যে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Sing, Fly, Soar-Like a Bird!'?

১০ অক্টোবর : ওয়ার্ল্ড ডে এগেইনস্ট দ্য ডেথ পেনাল্টি

১০ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড ডে এগেইনস্ট দ্য ডেথ পেনাল্টি। মৃত্যুদণ্ডের শাস্তি এবং তা বন্দী অপরাধীর ওপর কী প্রভাব ফেলে তার বিষয়ে জন সচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Women Sentenced to Death : An Invisible Reality'.

১০ অক্টোবর : ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে

১০ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে। মানসিক স্বাস্থ্য এবং সামাজিক কলঙ্কের কুপ্রভাবের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Mental health in an unequal World'. ১৯৯২ সালে প্রথমবার এই দিবস পালন করা হয়েছিল।

১১ অক্টোবর : ইন্টারন্যাশনাল গার্ল চাইল্ড ডে

১১ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল গার্ল চাইল্ড ডে। শিশু বালিকাদের বিশ্বব্যাপী শিক্ষা, পুষ্টিকর খাদ্য গ্রহণ প্রভৃতি বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এবং বাল্যবিবাহ এর বিরুদ্ধে জনমত গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই বছরের থিম– 'Digital generation. Our generation'.

১২ অক্টোবর : ওয়ার্ল্ড আর্থারাইটিস ডে

১২ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড আর্থারাইটিস ডে। আর্থারাইটিস বা বাতের বিষয়ে বিশ্বব্যাপী জনসচেনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Don't delay, Connect Today : Time2work.

১৩ অক্টোবর : ইন্টারন্যাশনাল ডে ফর ডিজাস্টার রিডাকশন

১৩ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে ফর ডিজাস্টার রিডাকশন। বিপর্যয়ের প্রভাব কমানো এবং বিপর্যয়ের সময় সকল স্তরের মানুষকে একযোগ কাজ করতে উদ্বুদ্ধ করতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'International cooperation for developing countries to reduce their disaster risk and disaster losses'.

১৪ অক্টোবর : ইন্টারন্যাশনাল ই-ওয়েস্ট ডে

১৪ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ই-ওয়েস্ট ডে। ইলেকট্রনিক বর্জ্যের সঠিক নিষ্পত্তি এবং তার পুনর্ব্যবহারযোগ্য পুনরুদ্ধার হার বাড়ানোর জন্য জনগণকে অবগত করতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'CONSUMER IS THE KEY TO CIRCULAR ECONOMY!'

১৪ অক্টোবর : ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড ডে

১৪ অক্টোবর সারা দেশ জুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্ট্যান্ডার্ড ডে। বিশ্ব অর্থনীতির মানায়নের গুরুত্ব সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Standards for Sustainable Development Goals-Our shared Vision for a Better world'

১৫ অক্টোবর : ইন্টারন্যাশনাল ডে অফ রুরাল ওম্যান

১৫ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ রুরাল ওম্যান। গ্রামীণ জীবনযাত্রার উন্নতি, গ্রামীণ পরিবার ও গোষ্ঠীর স্থায়িত্ব নিশ্চিতকরণ এবং সামগ্রিক কল্যাণে গ্রামীণ নারী ও মহিলাদের অবদানকে স্বীকৃতি প্রদান করতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Rural Women Cultivating Good Food for All'। ভারতে এই দিবস ২০১৬ সাল থেকে 'রাষ্ট্রীয় মহিলা কিষাণ দিবস' হিসাবে পালিত হচ্ছে।

১৫ অক্টোবর : ওয়ার্ল্ড স্টুডেন্ট ডে

১৫ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্টুডেন্ট ডে। ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত ডঃ এপিজে আব্দুল কালামের জন্মবার্ষিকী উদ্‌যাপন করতে এই দিবস পালিত হল। এই দিবস উপলক্ষ্যে শিক্ষা এবং ছাত্রদের প্রতি তাঁর অবদানকে সকলের সামনে তুলে ধরা হয়। এই দিবসের এ বছরের থিম— Learning for people, planet, prosperity and peace'.

At arm's length Means : **To keep at a distance**

ওয়ার্ল্ড টিচার্স ডে 2021-র থিম ছিল 'Teachers at the heart of education'

১৬ অক্টোবর : ওয়ার্ল্ড ফুড ডে

১৬ অক্টোবর ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড ফুড ডে। বিশ্ব থেকে ক্ষুধা দূর করার উদ্দেশ্যে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। তাছাড়া ১৯৪৫ সালের এই দিনেই স্থাপিত হয়েছিল ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন। এই দিবসের এ বছরের থিম— 'Safe food now for a healthy tomorrow'.

১৭ অক্টোবর : ইন্টারন্যাশনাল ডে ফর দ্য ইরাডিকেশন অফ প্রভার্টি

১৭ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে ফর দ্য ইরাডিকেশন অফ প্রভার্টি। বিশ্বব্যাপী দারিদ্রতা দূরীকরণে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম— 'Building Forward Together : Ending Persistent Poverty, Respecting all People and our Planet'.

২০ অক্টোবর : ওয়ার্ল্ড স্ট্যাটিটিক্স ডে

২০ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্ট্যাটিটিক্স ডে। পরিসংখ্যানের গুরুত্ব ও অবদানকে সকলের সামনে তুলে ধরতে এই দিবস পালিত হল। ২০১০ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল।

২০ অক্টোবর : ইন্টারন্যাশনাল শেফ ডে

২০ অক্টোবর সারা বিশ্ব জুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল শেফ ডে। স্বাস্থ্যকর খাবার প্রস্তুতিতে শেফদের অবদানকে স্বীকৃতি জানাতে এই দিবস পালিত হল। ২০০৪ সালে ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অফ শেফ সোসাইটির প্রতিষ্ঠাতা ডঃ বিল গালাগার এই দিবস প্রথম পালন করেছিলেন। এই দিবসের এ বছরের অভিযানের থিম— 'Healthy Food for the Future'.

২০ অক্টোবর : ওয়ার্ল্ড অস্টিওপোরেসিস ডে

২০ অক্টোবর সারা বিশ্ব জুড়ে ইন্টারন্যাশনাল অস্টিওপোরেসিস ফাউন্ডেশনের তরফ থেকে পালিত হল ওয়ার্ল্ড অস্টিওপোরেসিস ডে। অস্টিওপোরেসিস ও অস্থির বিভিন্ন রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসা সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের অভিযানের থিম— 'Serve up Bone Strength'.

২১ অক্টোবর : ন্যাশনাল পুলিশ কমিমোরেশন ডে

২১ অক্টোবর সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল পুলিশ কমিমোরেশন ডে। যে সমস্ত পুলিশকর্মী তাদের কর্তব্য পালন করতে গিয়ে শহিদ হয়েছেন তাদের শ্রদ্ধা জানাতে এই দিবস পালিত হল।

২২ অক্টোবর : ইন্টারন্যাশনাল স্টাটারিং অ্যাওয়ারনেস ডে

২২ অক্টোবর সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল স্টাটারিং অ্যাওয়ারনেস ডে। যে সমস্ত মানুষ বিশ্বব্যাপী তোতলামিতে আক্রান্ত তাদের বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালিতে হল। এই দিবসের এ বছরের থিম— Speak the change you wish to see'.

প্রতিরক্ষা

Arjun-MK-1A ট্যাঙ্কের বরাত প্রতিরক্ষা মন্ত্রকের

ভারতীয় সেনাবাহিনীর জন্য প্রতিরক্ষা মন্ত্রকের তরফ থেকে আবাদির হেবি ভেহিক্যাল ফ্যাক্টরিকে ১১৮টি Arjun MK-1A ট্যাঙ্কের বরাত দেওয়া হল। এর জন্য খরচ হবে ৭৫২৩ কোটি টাকা। এটি 'Make in India' উদ্যোগকে সহায়তা প্রদান করবে এবং 'আত্মনির্ভর ভারতের' লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে।

সামরিক মহড়া 'Mitra Shakti-21'

৪-১৫ অক্টোবর শ্রীলঙ্কার আমপাড়ার কম্ব্যাট ট্রেনিং স্কুলে অনুষ্ঠিত হল সামরিক মহড়া 'Mitra Shakti-21'। এই সামরিক মহড়ায় অংশগ্রহণ করেছিল ভারত ও শ্রীলঙ্কার সেনাবাহিনী। এই সামরিক মহড়ায় বিদ্রোহ প্রতিরোধ এবং সন্ত্রাস দমনের জন্য প্রয়োজনীয় সামরিক অভ্যাস অনুষ্ঠিত হল।

সামুদ্রিক মহড়া 'JIMEX-21'

৬-৮ অক্টোবর আরব সাগরে ভারতীয় ও জাপানী নৌবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল পঞ্চম সামুদ্রিক মহড়া 'JIMEX-21'। এই সামরিক মহড়ায় ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিল গাইডেড মিশাইল স্টিলথ ডেস্ট্রয়ার কোচি, গাইডেড মিশাইল ফ্রিগেট তেজ, দীর্ঘ রেঞ্জের সামুদ্রিক পেট্রোল এয়ারক্র্যাফ্ট P81, ডর্নিয়ার সামুদ্রিক পেট্রল এয়ারক্র্যাফ্ট এবং MIG29K যুদ্ধজাহাজ।

সামরিক মহড়া 'Ajeya Warrior'

উত্তরাখণ্ডের চৌবাতিয়ায় ভারত ও ব্রিটিশ যুক্তরাজ্যের সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল সামরিক মহড়া। 'Ajeya Warrior'। এটি দুই দেশের ষষ্ঠ সামরিক মহড়া। বন্ধুত্বপূর্ণ বিদেশী দেশগুলির সঙ্গে আন্তঃকার্যকারিতা এবং দক্ষতা ভাগ করে নেওয়ার উদ্যোগের অংশ হিসাবে এই সামরিক মহড়া অনুষ্ঠিত হল।

সামরিক মহড়া 'Yudh Abhyas-21'

১৫-২৯ অক্টোবর মার্কিন যুক্তরাষ্ট্রের আলাস্কার জয়েন্ট বেস এলমেন্ডরফ রিচার্ডসনে ভারতীয় সেনাবাহিনী এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল সামরিক মহড়া 'Yudh Abhyas-21'। এই সামরিক মহড়ায় ভারতের তরফ থেকে ৩৫০ জন সামরিক

Burn the midnight oil Means : **Work or study hard**

বাহিনীর জওয়ান অংশগ্রহণ করেছিল। দুই দেশের সেনাবাহিনীর মধ্যে সমঝোতা ও পারস্পরিক সম্পর্ক গড়ে তুলতে এই সামরিক মহড়া সহায়তা প্রদান করেছে।

নতুন দুটি প্রতিরক্ষা অফিসের উদ্বোধন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিউ দিল্লিতে উদ্বোধন করলেন নতুন দুটি প্রতিরক্ষা অফিসের। একটি স্থাপন করা হল কস্তুরবা গান্ধী মার্গে এবং অপরটি স্থাপন করা হল আফ্রিকা এভিনিউতে।

'Malabar 2021' এর দ্বিতীয় পর্যায়

১২ অক্টোবর বঙ্গোপসাগরে শুরু হল নৌ মহড়া 'Malabar 2021' -এর দ্বিতীয় পর্যায়ের। কোয়াড সদস্যভুক্ত চারটি দেশ যথা— ভারত, অস্ট্রেলিয়া, জাপান এবং মার্কিন যুক্তরাষ্ট্র এই নৌ-মহড়ায় অংশগ্রহণ করেছিল। ভারতের তরফ থেকে এই নৌ-মহড়ায় অংশগ্রহণ করেছিল আইএনএস রনবিজয়, আইএনএস সাতপুরা, P-81 দীর্ঘ রেঞ্জের সামুদ্রিক পেট্রল এয়ারক্র্যাফট এবং একটি সাবমেরিন।

Ex Milan-এর আয়োজক ভারতীয় নৌবাহিনী

ভারতীয় নৌবাহিনীর তরফ থেকে ২০২২ সালের ফেব্রুয়া[illegible] মাসে আয়োজিত হতে চলেছে বৃহত্তম নৌ মহড়া Ex Milan। ৪৬[illegible] দেশকে এই সামরিক মহড়ায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

'Exercise Cambrian Patrol 2021'

১৩-১৫ অক্টোবর ব্রিটিশ যুক্তরাজ্যের ওয়েলসের ব্রেকন শহ[illegible] অনুষ্ঠিত হল 'Exercise Cambrian Patrol 2021'। ব্রিটি[illegible] যুক্তরাজ্যের সেনাবাহিনীর তরফ থেকে এই মহড়ার আয়োজন ক[illegible] হয়েছিল। ভারতীয় সেনাবাহিনীর তরফ থেকে এই মহড়ায় অংশগ্রহ[illegible] করেছিল ৪/৫ গোর্খা রাইফেল। ভারতীয় সেনাবাহিনীর গোর্খা রাইফে[illegible] এই সামরিক মহড়ায় স্বর্ণপদক জয় করল।

ইনডেক্স/রিপোর্ট/স্টাডি/র‍্যাঙ্কিং

Global Innovation Index 2021

সম্প্রতি প্রকাশিত হল Global Innovation Index 2021। ওয়ার্ল্ড ইনটেলেকচুয়াল প্রপার্টি অর্গানাইজেশনের তরফ থেকে প্রকাশিত হল এই ইনডেক্স। এই ইনডেক্স অনুযায়ী প্রথম স্থানে রয়েছে সুইৎজারল্যান্ড। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে সুইডেন ও মার্কিন যুক্তরাষ্ট্র ভারত রয়েছে ৪৬তম স্থানে। অন্যদিকে তিনটি শীর্ষ উদ্ভাবনী অর্থনীতির ক্ষেত্রে মধ্য ও দক্ষিণ এশিয়ার অঞ্চলগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে ভারত। দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ইরান ও কাজাকিস্তান। অন্যদিকে তিনটি শীর্ষ উদ্ভাবনী অর্থনীতির ক্ষেত্রে নিম্ন মধ্য আয় অঞ্চলের মধ্যে প্রথম স্থানে রয়েছে ভিয়েতনাম। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ভারত এবং ইউক্রেন।

দুবাই এর বাণিজ্য অংশীদারী

দুবাই সরকার এর তথ্য অনুযায়ী ২০২১ সালের প্রথম অর্ধে দুবাইয়ের বৃহত্তম বাণিজ্য অংশীদারী হল চীন, দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র।

র‍্যাঙ্ক	দেশ	বাণিজ্যের পরিমাণ (বিলিয়ন দিরহাম)
১.	চীন	৮৬.৭
২.	ভারত	৬৭.১
৩.	মার্কিন যুক্তরাষ্ট্র	৩২

Digital Quality of Life Index 2021

সাইবার সুরক্ষা সংস্থা 'Surfshrk' কর্তৃক প্রকাশিত হল তৃতীয় 'Digital Quality of Life Index 2021'। ১১০টি দেশের মধ্যে এই ইনডেক্স প্রকাশিত হয়েছে। এই ইনডেক্স অনুযায়ী প্রথম স্থানে রয়েছে ডেনমার্ক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে দক্ষিণ কোরিয়া এবং ফিনল্যান্ড। ইথিওপিয়া রয়েছে সর্বশেষ অর্থাৎ ১১০তম স্থানে। ভারত রয়েছে ৫৭তম স্থানে।

Global Startup Ecosystem Report 2021

সম্প্রতি 'Startup Genome' এবং 'The Global Enterpreneurship Network' কর্তৃক প্রকাশিত হল Global Startup Ecosystem Report 2021, এই রিপোর্ট অনুযায়ী গ্লোবাল স্টার্ট আপ ইকোসিস্টেমগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালি। দ্বিতীয় স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটি এবং ব্রিটিশ যুক্তরাজ্যের লন্ডন। ভারতের বেঙ্গালুরু রয়েছে ২৩ তম স্থানে এবং দিল্লি রয়েছে ৩৬ তম স্থানে। উদীয়মান ইকোসিস্টেমের মধ্যে প্রথম স্থানে রয়েছে ভারতের মুম্বাই।

IIFL Wealth Hurun India Rich List 2021

হুরুন ইন্ডিয়া এবং আইআইএফএল ওয়েলথ এর তরফ থেকে যৌথভাবে প্রকাশিত হল IIFL Wealth Hurun India Rich List 2021.' এই র‍্যাঙ্কিং অনুযায়ী প্রথম স্থানে রয়েছেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ এর মুকেশ আম্বানি, দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে আদানি গ্রুপের গৌতম আদানি এবং এইচসিএল গ্রুপ এর শিব নাদার।

Bloomberg Billionaires Index

২৮ সেপ্টেম্বর প্রকাশিত Bloomberg Billionaires Index অনুযায়ী, বিশ্বের ধনীতম ব্যক্তি হলেন Tesla এর সিইও এলন মাস্ক যার সম্পত্তির পরিমাণ ২১৩ বিলিয়ন মার্কিন ডলার। দ্বিতীয় স্থানে রয়েছেন Amazon এর প্রতিষ্ঠাতা জেফ বেজস যার সম্পত্তির পরিমাণ ১৯৭ বিলিয়ন মার্কিন ডলার। তৃতীয় স্থানে রয়েছেন লুইস কুইটন এর চেয়ারম্যান বার্নার্ড আর্নল্ড যার সম্পত্তির পরিমাণ ১৬০ বিলিয়ন মার্কিন ডলার। ভারতের রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ এর কর্ণধার মুকেশ আম্বানি রয়েছে ১১তম স্থানে এবং আদানি গ্রুপের কর্ণধার গৌতম আদানি রয়েছেন ১৪তম স্থানে।

To play ducks and drakes *Means* : ***To act foolishly or inconsistently***

এশিয়ান টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপ 2021 আয়োজিত হল দোহায়

Forbes India Rich List 2021

প্রকাশিত হল Forbes India Rich List 2021. এই তালিকা অনুযায়ী ভারতের ধনীতম ব্যক্তি হলেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের ম্যানেজিং ডিরেক্টর এবং চেয়ারম্যান মুকেশ আম্বানি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন আদানি পোর্ট ও এসইজেড এর প্রতিষ্ঠাতা গৌতম আদানি এবং এইচসিএল টেকনোলজির প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান শিব নাদার।

র‍্যাঙ্ক	নাম	সংস্থা	সম্পত্তির পরিমাণ (মার্কিন বিলিয়ন ডলার)
১.	মুকেশ আম্বানি	রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ	৯২.৭
২.	গৌতম আদানি	আদানি পোর্ট ও এসইজেড	৭৪.৮
৩.	শিব নাদার	এইচসিএল টেকনোলজি	৩১

Multidimensional Poverty Index 2021

৭ অক্টোবর ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম, অক্সফোর্ড প্রভার্টি এবং হিউম্যান ডেভেলপমেন্ট ইনিসেয়েটিভ কর্তৃক প্রকাশিত হল 'Multidimensional Poverty Index 2021'। এই ইনডেক্স অনুযায়ি বহুমাত্রিক দারিদ্র সম্মিলিত দেশগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে ভারত। দ্বিতীয় ও তৃতীয় স্থানে দেশ রয়েছে যথাক্রমে নাইজেরিয়া এবং পাকিস্তান।

হেনলি পাসপোর্ট ইনডেক্সে Q4-2021

হেনলি এবং পার্টনার কর্তৃক প্রকাশিত হল হেনলি পাসপোর্ট ইনডেক্স Q4-2021। অর্থাৎ 2021 সালের চতুর্থ ত্রৈমাসিকের উদ্দেশ্যে এই ইনডেক্স প্রকাশিত হল। ভিসা মুক্ত ভ্রমণের অধিকারের ওপর এই ইনডেক্স নির্ভর করে। এই ইনডেক্স অনুযায়ী প্রথম স্থানে রয়েছে জাপান ও সিঙ্গাপুর। দ্বিতীয় স্থানে রয়েছে জার্মানি ও দক্ষিণ কোরিয়া। তৃতীয় স্থানে রয়েছে ফিনল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ এবং স্পেন। ভারত রয়েছে ৯০ তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	ভিসামুক্ত ভ্রমণ (দেশের সংখ্যা)
১.	জাপান ও সিঙ্গাপুর	১৯২
২.	জার্মানি ও দক্ষিণ কোরিয়া	১৯০
৩.	ফিনল্যান্ড, ইতালি, লুক্সেমবার্গ, এবং স্পেন	১৮৯
৯০.	ভারত, তাজাকিস্তান, বুরকিনা ফাসো	৫৮

Renewable Energy Country Attractiveness Index 2021

প্রকাশিত হল Ernst & Young Global Limited এর ৫৮তম Renewable Energy Country Attractiveness Index 2021. এই ইনডেক্স অনুযায়ী প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চীন এবং ভারত।

র‍্যাঙ্ক	দেশ	ইনডেক্স স্কোর
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	৭২.৮
২.	চীন	৭০.৭
৩.	ভারত	৭০.২

Global Hunger Index 2021

আইরিস সংস্থা Concern Worldwide এবং জার্মান সংস্থা WeltHungerHilfe এর তরফ থেকে প্রকাশিত হল Global Hunger Index 2021. এই ইনডেক্স ১১৬টি দেশের মধ্যে প্রকাশিত হয়েছে। ভারত রয়েছে ১০১তম স্থানে। ভারতের স্কোর ২৭.৫। সবচেয়ে খারাপ অবস্থা সোমালিয়ার, যার স্কোর ৫০.৮। তারপর রয়েছে ইয়েমেন এবং সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক।

Mercer Global Pension Index 2021

Mercer Consulting এর তরফ থেকে প্রকাশিত হল Mercer Global Pension Index 2021। এই ইনডেক্স ৪৩টি দেশের মধ্যে প্রকাশিত হয়েছে। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে আইসল্যান্ড, নেদারল্যান্ড এবং ডেনমার্ক। ভারত রয়েছে ৪০তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	সর্বমোট ইনডেক্স ভ্যালু
১.	আইসল্যান্ড	৮৪.২
২.	নেদারল্যান্ডস	৮৩.৫
৩.	ডেনমার্ক	৮২
৪০.	ভারত	৪৩.৩

World's Best Employer Ranking 2021

ফোর্বস কর্তৃক প্রকাশিত হল World's Best Employer Ranking 2021, এই র‍্যাঙ্কিং অনুযায়ী প্রথম স্থানে রয়েছে দক্ষিণ কোরিয়ার স্যামসাং ইলেকট্রনিক্স, দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্রের আইবিএম এবং মাইক্রোসফট। ভারতের রিলায়েন্স ইন্ড্রাস্ট্রিজ রয়েছে ৫২তম স্থানে।

Global Food Security Index

ইকনমিস্ট ইমপ্যাক্টের তরফ থেকে প্রকাশ করা হল দশম Global Food Security Index-2021। এই ইনডেক্স ১১৩টি দেশের মধ্যে প্রকাশিত হয়েছে। এই ইনডেক্সে আয়ারল্যান্ড প্রথম। দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে অস্ট্রিয়া এবং ব্রিটিশ যুক্তরাজ্য। ভারত রয়েছে ৭১তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	স্কোর
১.	আয়ারল্যান্ড	৮৪
২.	অস্ট্রিয়া	৮১.৩
৩.	ব্রিটিশ যুক্তরাজ্য	৮১
৭১.	ভারত	৫৭.২

Call a spade a spade *Means* : **Speak frankly and directly**

ডুরান্ড কাপ 2021 জিতেছে এফসি গোয়া টিম

২০২১ সালের সেপ্টেম্বর-অক্টোবর মাসে স্বাক্ষরিত জাতীয় ও আন্তর্জাতিক মউ/চুক্তি

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
টিআরআইএফইডি, বিগ বাসকেট এবং ঝাড়খণ্ডের পুর্টি এগ্রোটেক	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	প্রাকৃতিক বনধন দ্রব্যের প্রচার ও বিক্রয়ের জন্য এই মউ সাক্ষরিত হল।
ওড়িশা সরকারের গৃহ এবং এবং গ্রামোন্নয়ন ও পঞ্চায়েতি রাজ ও পানীয় জল দপ্তর এবং ইউনিসেফ ও সিপিআর	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ওড়িশার গ্রামীণ অঞ্চলে উন্নতমানের স্যানিটেশন সুবিধা প্রদানের উদ্দেশ্যে এই মউ সাক্ষরিত হল।
ওড়িশার সরকারের কৃষি এবং কৃষককল্যাণ ও মৎস্য চাষ এবং পশুসম্পদ উন্নয়ন এবং বিল অ্যান্ড মিলিন্দা গেট ফাউন্ডেশন	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	স্যাস্টেনেবল এবং অন্তর্ভুক্তিমূলক কৃষিজ রূপান্তরে সহায়তা প্রদানের উদ্দেশ্যে মউ সাক্ষরিত হল।
পশুপালন ও দুগ্ধজাত দ্রব্য দপ্তর এবং বিল অ্যান্ড মিলিন্ডা গেট ফাউন্ডেশন	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ভারতীয় পশু সম্পদ ক্ষেত্রকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এই মউ সাক্ষরিত হল।
এনসিএল এবং সিআইএল এনটিপিসি উর্জা প্রাইভেট লিমিটেড	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	৫০ মেগাওয়াট সোলার পাওয়ার প্রোজেক্ট ইনস্টলের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
সিআইএল এবং কেন্দ্রীয় যুবকল্যাণ এবং ক্রীড়া মন্ত্রকের ক্রীড়া দপ্তর	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ভারতে ক্রীড়া পরিকাঠামো গড়ে তুলতে এই মউ স্বাক্ষরিত হল।
তামিলনাড়ু সরকার এবং অন্যান্য শিল্প সংস্থা	২২ সেপ্টেম্বর	৪১, ৬৯৫ জনের কর্মসংস্থানের উদ্দেশ্যে বিভিন্ন সংস্থার সঙ্গে তামিলনাড়ু সরকারের ২৪টি মউ স্বাক্ষরিত হল।
তেলেঙ্গানা সরকার এবং উইংসিওর	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন শস্যবিমা প্রদানের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ডব্লুএফপি এবং আইসিআরআইএসএটি	২৪ সেপ্টেম্বর	জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে ভারতে খাদ্য, পুষ্টি সুরক্ষা এবং জীবনযাত্রার মানের উন্নতি ঘটাতে এই মউ স্বাক্ষরিত হল।
এক্সিম ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং মলদ্বীপের ফাহি দিরিহুলুন কর্পোরেশন লিমিটেড	২৩ সেপ্টেম্বর	দ্বিতীয় পর্যায়ে মালদ্বীপের হুলুম্যালেতে ৪০০০টি সামাজিক গৃহনির্মাণের উদ্দেশ্যে ২২৮ মিলিয়ন ডলার সহায়তা প্রদানের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং ভূটান	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ক্ষুদ্র স্যাটেলাইটের যৌথ নির্মাণের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
এইচএএল এবং অ্যালায়েন্স এয়ার অ্যাভিয়েশন লিমিটেড	২৬ সেপ্টেম্বর	এইচএএলের দুটি সিভিল ডর্নিয়ার-২২৮ এয়ারক্র্যাফট অরুণাচল প্রদেশে মোতায়েনের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।

Hit the nail on the head *Means* : ***Do or say the exact thing***

2 অক্টোবর বিশ্বের প্রথম খাদি জাতীয় পতাকা উত্তোলন করা হল লেহতে

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
ভারতীয় নৌবাহিনী এবং ওমানের রয়্যাল নেবি	২৭ সেপ্টেম্বর	শ্বেত জাহাজ চলাচল সংক্রান্ত তথ্য বিনিময় এবং সামুদ্রিক নিরাপত্তা ও সুরক্ষা প্রদানে সহযোগীতার উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এবং মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য এবং মানবসেবা দপ্তর	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	স্বাস্থ্য এবং জৈব চিকিৎসা বিজ্ঞান ক্ষেত্রে সহযোগীতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
আইসিএমআর এবং এনআইএআইডি	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ইন্টারন্যাশনাল সেন্টার ফর এক্সিলেন্স ইন রিসার্চে সহযোগীতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কর্ণাটক সরকার এবং ইনফোসিস	সেপ্টেম্বরের শেষ সপ্তাহ	ছাত্রকল্যাণের উদ্দেশ্যে তিনটি মউ স্বাক্ষরিত হল।
এনএমডিসি-এর রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার এবং সিএসআইআর-আইএমএমটি	অক্টোবরের প্রথম সপ্তাহ	যৌথ রিসার্চ এবং ডেভেলপমেন্ট প্রোজেক্ট-এর জন্য এই মউ স্বাক্ষরিত হল।
মণিপুর সরকার এবং টিটিএল	অক্টোবরের প্রথম সপ্তাহ	রাজ্যে প্রযুক্তি প্রশিক্ষণের রূপান্তর, উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ এবং উদ্ভাবনীর জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
আদানি গ্রুপ এবং এসএলপিএ	৩০ সেপ্টেম্বর	শ্রীলঙ্কা বন্দরের উন্নয়নের উদ্দেশ্যে এই চুক্তি স্বাক্ষরিত হল।
আইএফসিসিআই এবং এমআইডিসি	অক্টোবরের প্রথম সপ্তাহ	ফ্রান্স থেকে মহারাষ্ট্রে বিনিয়োগের সুবিধার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এফএসএসএআই এবং কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রক	অক্টোবরের প্রথম সপ্তাহ	স্বনির্ভর গোষ্ঠী, ফার্মার প্রোডাকসন অর্গানাইজেশন এবং প্রোডিউসার কো-অপারেটিভদের খাদ্য ব্যবসার মান উন্নয়নের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
আইআরইডিএ এবং এনইইপিসিও	অক্টোবরের প্রথম সপ্তাহ	নবীকরণযোগ্য প্রোজেক্টের উন্নয়ন এবং তহবিল সংগ্রহের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এমআইডিসি এবং কাশিস ই-মোবিলিটি প্রাইভেট লিমিটেড	অক্টোবরের প্রথম সপ্তাহ	মহারাষ্ট্রের তালেগাঁওতে শূন্য নিঃসরণযুক্ত বৈদ্যুতিক যানবাহন উৎপাদন সুবিধা স্থাপনের জন্য ২,৮২৩ কোটি টাকার বিনিময়ে এই চুক্তি স্বাক্ষরিত হল।
আরএআরআই এবং এসএমইউ	অক্টোবরের প্রথম সপ্তাহ	পারস্পরিকভাবে চিহ্নিত এলাকায় সহযোগীতামূলক গবেষণা পরিচালনা এবং গবেষণা কার্যকলাপের প্রচারের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এনটিপিসি লিমিটেড এবং ইলেকট্রিসাইট ডি ফ্রান্স	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	মধ্যপ্রাচ্য, এশিয়া, ইউরোপ এবং আফ্রিকাতে আন্তর্জাতিক শক্তিক্ষেত্রের উন্নয়নে সহযোগীতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এমবিই এবং কর্ণাটক সরকার	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	সোলার মডিউল এবং সেল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট রাজ্যে স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রক এবং জার্মানি	৭ অক্টোবর	কটন উৎপাদনের গতি বৃদ্ধি করতে এই মউ স্বাক্ষরিত হল।
অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ এবং ক্রোয়েশিয়ার কেবানর হেলথ ট্যুরিজম ক্লাস্টার	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	প্রথাগত চিকিৎসা ব্যবস্থা বিশেষত আয়ুর্বেদ ক্ষেত্রে অ্যাকাডেমিক সহযোগীতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং নেপাল	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	সীমান্ত বাধা অতিক্রম করে দুই দেশের মধ্যে ট্রেন চলাচল, আঞ্চলিক যোগাযোগ ও বাণিজ্যের উন্নতি ঘটাতে এই চুক্তি ৩.১৫ বিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে স্বাক্ষরিত হল।

Come off with flying colors *Means* : **Be highly successful**

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

রসায়নে নোবেল প্রাইজ পেলেন বেঞ্জামিন লিস্ট ও ডেভিড ম্যাকমিলান

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
এনএমজিসি এবং ওয়াস ইনস্টিটিউট	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	নগরের স্থানীয় সংস্থার আধিকারিকদের উন্নত মানের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
এনএইচএআই এবং টিআইডিসিও	অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ	চেন্নাই বন্দর অঞ্চলে মাল্টি-মডেল লজিস্টিক পার্ক স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
পেপাল এবং আইআইএফটি	১৩ অক্টোবর	ডিজিটাল ট্রেড ফেসিলিটেশন ফোরামের সূচনার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
কর্ণাটকের স্টেট হায়ার এডুকেশন কাউন্সিল এবং ন্যাসকম	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	ছাত্রদের শিল্প কলকারখানা সমৃদ্ধ কৌশল বিকাশের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
রেলটেল এবং সি-ডট	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	ভারতে টেলিকম পরিষেবার সম্প্রসারণের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রক এবং রাশিয়ার শক্তি মন্ত্রক	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	খনি এবং ইস্পাতে ক্ষেত্র বিশেষত কোক কয়লা ক্ষেত্রে সহযোগীতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
বিএসই এবং বিজনেস লিডার্স শিপ লিগ	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	ছোট, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পোদ্যোগগুলিকে সহায়তার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
জম্মু ও কাশ্মীর প্রশাসন এবং দুবাই সরকার	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	রিয়াল এস্টেট ডেভলপমেন্টের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং রাশিয়া	অক্টোবরের তৃতীয় সপ্তাহ	ডাই-অ্যামোনিয়াম ফসফেট সার সরবরাহের জন্য এই মউ স্বাক্ষরিত হল।

বিজ্ঞান ও প্রযুক্তি

চীনের Tianzhou3 কার্গো স্পেসক্র্যাফট

- চীনের হাইনানের দক্ষিণ অঞ্চল এর Spacecraft Launch Site থেকে Long March-7Y4 রকেটের সাহায্যে চীনের তরফ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল তৃতীয় মানববিহীন কার্গো স্পেসক্র্যাফট Tianzhou3।
- চীনের নির্মাণাধীন স্পেস স্টেশন Tiangong এ জ্বালানি সরবরাহ করতে এবং তিনজন মহাকাশচারী যারা Tiangong এ গত তিনমাস ধরে রয়েছেন তাদের ফিরিয়ে আনতে এই স্পেসক্র্যাফটের উৎক্ষেপণ করা হল।

পুনর্ব্যবহারযোগ্য GSLV MK-III লঞ্চ ভেহিক্যাল

- ইসরোর তরফ থেকে নির্মিত হতে চলেছে পুনর্ব্যবহারযোগ্য GSLV MK-III লঞ্চ ভেহিক্যাল।
- এই প্রযুক্তির মাধ্যমে ইসরো প্রথম ও দ্বিতীয় পর্যায় পুনরুদ্ধার করতে পারবে।
- লঞ্চ ভেহিক্যালটি তিনটি পর্যায়ে কাজ করবে। দ্বিতীয় তরল অবস্থায় এটি সেমি-ক্রায়ো স্টেজের সঙ্গে পরিবর্তন করা হবে এবং টার্মিনাল ক্রায়ো-স্টেজ C-25 পরিবর্তিত করা হবে C-32 এ।

ম্যাটিউ হেনসনের নামে লুনার ক্রেটার

- ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল ইউনিয়ন এর তরফ থেকে চাঁদের দক্ষিণ মেরুতে অবস্থিত একটি ক্রেটারের নামকরণ করা হল ম্যাটিউ হেনসনের নামানুসারে।
- এই লুনার ক্রেটারের নাম হল হেনসন ক্রেটার।
- Sverdrup ক্রেটার, এবং DeGerlache ক্রেটারের মধ্যে হেন্সান ক্রেটার অবস্থিত।

'Akash' মিসাইলের নতুন সংস্করণ

- 27 সেপ্টেম্বর ডিআরডিও এর তরফ থেকে সফলভাবে ফ্লাইট টেস্ট করা হল 'Akash' মিসাইলের নতুন সংস্করণ 'Akash Prime' এর।

Keep one at bay *Means* : ***Keep one at a distance***

- ওড়িশার চাঁদিপুরের ইনট্রিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে এই পরীক্ষা করা হল।
- এটি একটি মধ্যম রেঞ্জের মোবাইল ভূমি থেকে বায়ু প্রকৃতির মিসাইল।

'Raytheon Hypersonic Weapon' এর সফল পরীক্ষা

- মার্কিন যুক্তরাষ্ট্রের Defense Advanced Research Projects Agency থেকে সফলভাবে পরীক্ষা করা হল 'Raytheon Hypersonic Weapon' এর।
- Hspersonic Air-breathing weapon concept বা HAWC এর মাধ্যমে এটি নির্মিত হয়েছে।
- এটা ঘণ্টায় 6200 কিমি পথ অতিক্রমে সক্ষম।

পৃথিবী পর্যবেক্ষণকারী স্যাটেলাইট 'Landsat 9'

- 27 সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ভ্যান্ডেনবার্গ স্পেসফোর্স বেস থেকে ইউনাইটেড লঞ্চ অ্যালিয়েন্স AtlasV রকেটের মাধ্যমে পৃথিবী পর্যবেক্ষণকারী স্যাটেলাইট 'Landsat 9' এর উৎক্ষেপণ করা হল।
- পৃথিবীর ভূমির উপরিতল এটা পর্যবেক্ষণ করবে।
- নাসা এবং ইউএস জিওলজিক্যাল সার্ভের যৌথ প্রোজেক্ট হল এটি।

হাইপারসনিক মিসাইল 'Hwasong-8' এর সফল পরীক্ষা

- উত্তর কোরিয়ার ন্যাশনাল ডিফেন্স সায়েন্সের তরফ থেকে সফলভাবে উৎক্ষেপণ করা হল হাইপারসনিক মিসাইল 'Hwasong-8' এর।
- এই মিসাইলের জন্য ব্যবহার করা হয়েছে তরল জ্বালানি সমৃদ্ধ ampoule fuel system.
- উত্তর কোরিয়া প্রথমবার ampoule fuel system ব্যবহার করল।

যোগাযোগকারী স্যাটেলাইট মিশন 'demand-driven'

- ইসরো এবং তার সহযোগী নিউস্পেস ইন্ডিয়া লিমিটেড ঘোষণা করল প্রথম যোগাযোগকারী স্যাটেলাইট মিশন 'demand-driven' এর।
- প্রথম যোগাযোগকারী স্যাটেলাইট মিশনের নাম রাখা হল GSAT-24
- GSAT-24 স্যাটেলাইট ২০২২ সালের প্রথম অর্ধে উৎক্ষেপণ করা হবে।

i-Drone

- 4 অক্টোবর কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডব্য লঞ্চ করলেন 'ICMR's Drone Response and outreach in North East বা i-Drone এর।
- এর মাধ্যমে কোভিড-১৯ ভ্যাকসিন সহ সব ধরনের জীবনদায়ী ভ্যাকসিন সরবরাহ করা হবে।
- দক্ষিণ এশিয়ার প্রথমবার এই ধরনের ভারতীয় ড্রোন ব্যবহৃত হল।

হাইপারসনিক ক্রুজ মিসাইল 'Zircon' এর সফল পরীক্ষা

- রাশিয়ার তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল হাইপারসনিক ক্রুজ মিসাইল 'Zircon' এর।
- প্রথমবার 'Severodvinsk' নিউক্লিয়ার সাবমেরিন থেকে এই পরীক্ষা করা হল।
- এটার রেঞ্জ 1000 কিমি এবং শব্দের গতিবেগের নয়গুণ বেগে গমনে সক্ষম।

Starscapes এর দ্বিতীয় অবজার্ভেটরি

- উত্তরাখণ্ডের ভীমতালে Starscapes এর তরফ থেকে স্থাপন করা হল দ্বিতীয় অবজার্ভেটরি।
- এর নাম হল 'Stargate Observatory Bhimtal'
- কৌশানিতে Starscapes এর প্রথম অবজার্ভেটরি স্থাপিত হয়েছিল।
- এটা সামগ্রিক জ্যোতির্বিজ্ঞান সংক্রান্ত অভিজ্ঞতা প্রদান করবে।

হ্যালের হ্যাবিয়েন্ট সেমি-ক্রায়োজেনিক প্রপালেন্ট ট্যাঙ্ক

- 07 অক্টোবর হিন্দুস্থান অ্যারোনেটিক্স লিমিটেড বা হ্যালের তরফ থেকে ইসরোকে সরবরাহ করা হল হ্যাবিয়েন্ট সেমি-ক্রায়োজেনিক প্রপালেন্ট ট্যাঙ্ক 'SC120-LOX'
- হ্যালের অ্যারোস্পেস ডিভিশনের জেনারেল ম্যানেজার এস কে মিশ্র এটা ইসরোর জেনারেল ম্যানেজার টি কে বি কুমারেশ বাবুকে হস্তান্তর করলেন।

Heli-born সার্ভে প্রযুক্তি

- কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং সূচনা করলেন Heli-born সার্ভে প্রযুক্তির।
- ভূগর্ভস্থ জলসম্পদ ম্যাপিংয়ের জন্য এটা ব্যবহৃত হবে।
- হায়দ্রাবাদের সিএসআইআর এর ন্যাশনাল জিওফিজিক্যাল রিসার্চ ইনস্টিটিউটের তরফ থেকে এই প্রযুক্তি ব্যবহার করা হল।

বিশ্বের প্রথম চালকবিহীন ট্রেন

- জার্মান রেল পরিচালক সংস্থা Deutsche Bahn এবং শিল্প সংগঠন Siemens উন্মোচন করল বিশ্বের প্রথম স্বচালিত চালকবিহীন ট্রেনের।
- এটি সাধারণ ট্রেনের তুলনায় আরো সময়নিষ্ঠ হবে এবং এনার্জি এফিসিয়েন্ট হবে।
- ডিসেম্বর থেকে এই ট্রেন যাত্রী পরিবহনের জন্য ব্যবহৃত হবে।

ITCA এর 75টি স্যাটেলাইটের উৎক্ষেপণ

- 2022 সালের কর্ণাটকের বেঙ্গালুরুর ইন্ডিয়ান টেকনোলজি কংগ্রেস অ্যাসোসিয়েশন বা ITCA এর তরফ থেকে উৎক্ষেপণ করা হবে 75টি স্যাটেলাইট।
- এই স্যাটেলাইটগুলি ছাত্রদের দ্বারা নির্মিত হয়েছে।

In the nick of time** Means : **Just at the last moment

- এর জন্য ITCA সহযোগী হল ইজরায়েলের TMISAT, সার্বিয়ার CSPD এবং জাপান এর UNISEC এর।

OneWeb এর 36টি স্যাটেলাইটের উৎক্ষেপণ

- রাশিয়ার ভস্টোচিনি কসমোড্রোন থেকে এরিয়ান স্পেসের মাধ্যমে উৎক্ষেপণ করা হল 36টি OneWeb স্যাটেলাইটের।
- OneWeb এখনও পর্যন্ত 358টি স্যাটেলাইট উৎক্ষেপণ করতে সক্ষম হয়েছে।
- এই স্যাটেলাইটগুলির নির্মাণও OneWeb করেছে।

চীনের প্রথম সৌর অন্বেষণ স্যাটেলাইট এবং Shenzhou-13 স্যাটেলাইট

- চীনের উত্তর সানকি প্রদেশের তায়ুহান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে Long March-2D রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হল চীনের প্রথম সৌর অন্বেষণ স্যাটেলাইটের।
- অন্যদিকে, চীনের তরফ থেকে ছয় মাসের মিশনের উদ্দেশ্যে উৎক্ষেপণ করা হল তিনজন মহাকাশচারী সমৃদ্ধ Shenzhou-13 স্যাটেলাইটের।
- Shenzhou-13 স্যাটেলাইট Long March-2F রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হল।

নাসা SpaceX এর Crew-3 মিশন

- মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে ইন্টারন্যাশনাল স্পেস স্টেশনের উদ্দেশ্যে উৎক্ষেপণ করা হল নাসা SpaceX এর তৃতীয় মিশনের, যার নাম Crew-3 মিশন।
- এই মিশনে তিনজন মহাকাশচারী থাকবেন। তাঁরা হলেন রাজা চারী, টম মার্সবার্ন, কায়লা বেরন।

'Lucy' মিশন

- নাসার তরফ থেকে উৎক্ষেপণ করা হল বারো বছরের মিশন 'Lucy' এর।
- বৃহস্পতির ট্রোজান অ্যাস্টারয়েডের উদ্দেশ্যে এটি প্রথম অভিযান।
- মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাবেরাল স্পেস ফোর্স স্টেশন থেকে Atlas V রকেটের মাধ্যমে এর উৎক্ষেপণ করা হল।

অন্যান্য

রাও জয়মাল রাঠোরের সম্মানে ডাকটিকিট প্রকাশ

কেন্দ্রীয় যোগাযোগ প্রতিমন্ত্রী দেবুশিন চৌহান প্রকাশ করলেন রাও জয়মাল রাঠোরের সম্মানে ডাকটিকিটের। রাও জয়মাল রাঠোরের ৫১৫তম জন্মবার্ষিকী পালনের উদ্দেশ্যে এই ডাকটিকিট প্রকাশ করা হল। তিনি একজন রাজপুত যোদ্ধা ছিলেন যিনি ১৫৬৭-১৫৬৮ সালে মোঘলদের বিরুদ্ধে লড়েছিলেন।

সিকিমের রাজ্য মাছ

সিকিম সরকারের তরফ থেকে 'Copper Mahseer' যার স্থানীয় নাম 'Katley' যা একপ্রকারের মাছ তাকে রাজ্য মাছের মর্যাদা প্রদান করা হল। এই মাছের বিজ্ঞান সম্মত নাম হল Neolissochilus hexagonolepis. তিস্তা এবং রঙ্গিত নদীতে এই মাছ পাওয়া যায়। মাছের গুরুত্ব এবং তার সংরক্ষণের জন্য সিকিম সরকার এই পদক্ষেপ গ্রহণ করল।

ব্লু ফ্ল্যাগ ট্যাগ পেল কোবালাম ও ইডেন সমুদ্রতট

ভারতের আরো দুটি সমুদ্রতটকে ব্লু ফ্ল্যাগ ট্যাগের মর্যাদা প্রদান করা হল। একটি হল তামিলনাড়ু কোবালাম সমুদ্রতট এবং পুদুচেরির ইডেন সমুদ্রতট। বর্তমানে ভারতের দশটি সমুদ্রতট ব্লু ফ্ল্যাগ ট্যাগ লাভ করল। পূর্বে ২০২০ সালে আটটি সমুদ্রতট এই ট্যাগ লাভ করেছিল।

হাইবোডোন্ট সার্কের নতুন প্রজাতির সন্ধান

রাজস্থানের জয়সলমীরে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অফিসার দল আবিষ্কার করলেন হাইবোডোন্ট সার্কের নতুন প্রজাতির দাঁত। এই প্রজাতির উপস্থিতি ছিল জুরাসিক যুগে। এর নাম দেওয়া হল 'Strophodusjaisalmerensis.

ভারতের প্রথম মোবাইল মিউজিক ক্লাসরুম ও রেকর্ডিং স্টুডিও

দিল্লির ডেপুটি মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী মনীশ সিসোদিয়া সূচনা করলেন ভারতের প্রথম মোবাইল মিউজিক ক্লাসরুম ও রেকর্ডিং স্টুডিওর। এটির নাম রাখা হল 'Music Bus'। এর ফলে সরকারি স্কুলের ৫০০ ছাত্র উপকৃত হবে।

সাংহাই কো অপারেশন অর্গানাইজেশনের নবম সদস্য

সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনের নবম সদস্য হল ইরান। তাজাকিস্তানের দুশানবেতে সাংহাই কো অপারেশন অর্গানাইজেশনের এস সি ও কাউন্সিল অফ হেড অফ স্টেটের ২১তম বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হল।

দেশের প্রথম CO_2 আবদ্ধকারী ও ব্যবহারযোগ্য প্ল্যান্ট

ঝাড়খণ্ডের জামশেদপুরে টাটা স্টিলের তরফ থেকে কমিশন করা হল দেশের প্রথম CO_2 আবদ্ধকারী ও ব্যবহারযোগ্য প্ল্যান্টের। এই প্ল্যান্টটি দিনে ৫ টন CO_2 আবদ্ধ ও ব্যবহারযোগ্য করতে পারে। এই প্ল্যান্টের উদ্বোধন করলেন টাটা স্টিলের সিইও এবং এমডি টিভি নরেন্দ্রন।

ইউনেস্কোর নতুন ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল

ইউনেস্কোর ডিরেক্টর জেনারেল আড্রে অ্যাজোলে ২০২৩ সালের জন্য ইউনেস্কোর ওয়ার্ল্ড বুক ক্যাপিটালের ঘোষণা করলেন। ২০২৩ সালের জন্য ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল নির্বাচিত হল ঘানার রাজধানী আক্রা। আক্রা বিশ্বের ২০তম শহর যেটি এই মর্যাদা লাভ করল।

Like a cat on hot bricks *Means* : ***Very nervous***

জিমেক্স 2021 নামক সামুদ্রিক অনুশীলনের আয়োজন করল ভারত ও জাপান

বর্তমানে অর্থাৎ ২০২১ সালের জন্য ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল হল জার্জিয়ার রাজধানী তিবিলিশি এবং ২০২২ সালের জন্য ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল হল মেক্সিকোর গুয়াদালাজারা।

রাজস্থান, অসম এবং নাগাল্যান্ডের দ্রব্যের জি আই ট্যাগ লাভ

সম্প্রতি রাজস্থান, অসম এবং নাগাল্যান্ডের একটি করে দ্রব্য জি আই ট্যাগ লাভ করল। রাজস্থানের সোজাত মেহেন্দি তার ওষধি গুণের জন্য জি আই ট্যাগ লাভ করল। এছাড়া অসমের ধান দ্বারা তৈরি করা জুডিমা ওয়াইন এবং নাগাল্যান্ডের শশা জি আই ট্যাগ লাভ করল।

বিশ্বের উচ্চতম ইলেকট্রিক ভেহিক্যাল চার্জিং স্টেশন

হিমাচল প্রদেশের লাহুল ও স্পিতি জেলার স্পিতি উপত্যকার কাজায় উদ্বোধন করা হল ইলেকট্রিক ভেহিক্যাল চার্জিং স্টেশনের। এটি বিশ্বের উচ্চতম চার্জিং স্টেশন যা সমুদ্রপৃষ্ঠ থেকে ৫০০ ফুট উঁচুতে অবস্থিত। এই চার্জিং স্টেশন সকল ধরনের বৈদ্যুতিক স্কুটার এবং গাড়িকে চার্জ করতে সক্ষম।

দেশের প্রথম অটল কমিউনিটি ইনোভেশন সেন্টার

রাজস্থানের জয়পুরে অবস্থিত বিবেকানন্দ গ্লোবাল ইউনিভার্সিটিতে স্থাপন করা হল দেশের প্রথম অটল কমিউনিটি ইনোভেশন সেন্টারের। কেন্দ্রীয় সরকার, অটল ইনোভেশন মিশন এবং নীতি আয়োগের সহযোগে এটি স্থাপিত হল।

উন্মোচিত হল নমামী গঙ্গা প্রোগ্রামের ম্যাসকট

কেন্দ্রীয় সরকারের তরফ থেকে উন্মোচিত হল নমামী গঙ্গা প্রোগ্রামের ম্যাসকট চাচা চৌধুরীর। ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গার ৩৭তম এক্সিকিউটিভ কমিটির বৈঠকে ম্যাসকট উন্মোচিত হল শিশু এবং যুবকদের মধ্যে গঙ্গা ও অন্যান্য নদী পরিষ্কারের বিষয়ে সচেতনতা গড়ে তুলতে। ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গার ৩৭তম এক্সিকিউটিভ কমিটির বৈঠকে সভাপতিত্ব করেছেন ডিরেক্টর জেনারেল রাজীব রঞ্জন মিশ্র।

স্বাদুজলের অন্ধ পাকাল মাছের নতুন প্রজাতির সন্ধান

মহারাষ্ট্রের মুম্বাইতে সন্ধান মিলল স্বাদুজলের অন্ধ পাকাল মাছের নতুন প্রজাতির। এর নাম রাখা হল Rakthamichthys Mumba। মুম্বাই শহরে নামানুসারে ইহার নাম রাখা হল।

মহারাষ্ট্র, কেরল ও মধ্যপ্রদেশের দ্রব্যের জি আই ট্যাগ লাভ

মহারাষ্ট্রের রায়গড় জেলার আলিবাগের বিখ্যাত সাদা পিঁয়াজ এবং পালগড় জেলার ওয়াদা গ্রামের উৎপাদিত চাল যা ওয়াদা কোলাম নামে পরিচিত, দ্রব্য দুটি জি আই ট্যাগ লাভ করল। এছাড়া কেরলের মল্লপুরম জেলার উৎপাদিত লঙ্কা যা ইদায়ুর চিল্লি নামে পরিচিত এবং কুন্নুর জেলার কুট্টিয়াটুরে উৎপাদিত আম যা কুট্টিয়াটুর ম্যাঙ্গো নামে পরিচিত দ্রব্য দুটি জি আই ট্যাগ লাভ করল। এছাড়া মধ্যপ্রদেশের বালাঘাট জেলার চিন্নুর চাল জি আই ট্যাগ লাভ করল। এটি মধ্যপ্রদেশের প্রথম কৃষিজাত দ্রব্য যা জি আই ট্যাগ লাভ করল।

ভারতের প্রথম ভার্টিকাল লিফট রেলওয়ে ব্রিজ

রেলমন্ত্রকের তরফ থেকে ঘোষণা করা তামিলনাড়ুর মণ্ডাপামে নবরূপে নির্মিত পামবন রেলওয়ে ব্রিজ এর নির্মাণ কার্য ২০২২ সালের মার্চ মাসে সমাপ্ত হবে। এটি ভারতের প্রথম ভার্টিকাল লিফট রেলওয়ে ব্রিজ যা তামিলনাড়ুর মূল ভূখণ্ডের সঙ্গে রামেশ্বরমের যোগাযোগ স্থাপন করবে।

ভারতের প্রথম রোপওয়ে গণপরিবহণ

উত্তরপ্রদেশের বারাণসীতে নির্মিত হতে চলেছে ভারতের প্রথম রোপওয়ে গণপরিবহণ। বিশ্বের তৃতীয় রোপওয়ে গণপরিবহণ হতে চলেছে। যানজট সমস্যা দূর করতে এই রোপওয়ে গণপরিবহণ চালু হতে চলেছে। উত্তরপ্রদেশের বারাণসী ক্যান্টনমেন্ট থেকে চার্চ স্কোয়ার পর্যন্ত ৫ কিমি রাস্তা ১৫ মিনিটে যাওয়া যাবে এই রোপওয়ের পরিবহণের মাধ্যমে।

ট্যাক্সিবোট পরিষেবা শুরু করতে চলেছে এয়ারএশিয়া ইন্ডিয়া

বিশ্বের প্রথম এয়ারবাস অপারেটর এয়ারএশিয়া ইন্ডিয়া শুরু করতে চলেছে ট্যাক্সিবোট পরিষেবা। এর জন্য কার্যকর করা হল অল্টারনেট ট্যাক্সিং সলিউশন। এর জন্য এয়ারএশিয়া ইন্ডিয়া কেএসইউ অ্যাভিয়েশনের সহযোগী হল।

তক্ষকের নতুন প্রজাতির সন্ধান

পশ্চিমঘাটে সন্ধান মিলল তক্ষক বা গেকোর নতুন প্রজাতির। জ্যাকি চ্যানের নামানুসারে এই নতুন প্রজাতির নামকরণ করা হল। নাম রাখা হল Cnemaspis jackieii।

ছত্তিশগড়ের চতুর্থ ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র

ছত্তিশগড় সরকারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করে ন্যাশনাল টাইগার কনজার্ভেশন অথরিটির একাদশ টেকনিক্যাল কমিটির তরফ থেকে তামোর পিংলা ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি এবং গুরু গাসিদাস ন্যাশনাল পার্কের সম্মিলিত অঞ্চলকে ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রের মর্যাদা প্রদান করল। এটি ছত্তিশগড়ের চতুর্থ ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রের মর্যাদা লাভ করল।

সাইক্লোন গুলাব পরিবর্তিত হল সাইক্লোন শাহিনে

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্নিঝড় যার ফলে ভারতের পূর্ব উপকূল মূলত ওড়িশা ও অন্ধ্রপ্রদেশ প্রভাবিত হল এবং অন্ধ্রপ্রদেশের শ্রীকাকুলাম জেলার কলিঙ্গপত্তনম শহরে বৃষ্টিপাত হল, সেই ঘূর্ণিঝড় গুলাব পরিবর্তিত হল সাইক্লোন শাহিনে। সাইক্লোন শাহিন ওমান এবং ইরানের কিছু অংশে প্রভাব ফেলে। ইন্ডিয়ার মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্টের তরফ থেকে এই ঘোষণা করা হল। সাইক্লোন গুলাবের নামকরণ করেছে পাকিস্তান এবং সাইক্লোন শাহিনের নামকরণ করেছে কাতার।

Be in a tight corner Means : **In a very difficult situation**

মেডিসিনে নোবেল প্রাইজ পেলেন ডেভিড জুলিয়াস ও আর্দেম পাটাপোথিয়ান

ভারতের প্রথম স্মার্টফোন জাতীয় ই ভোটিং সলিউশন

ভারতের প্রথম স্মার্টফোন জাতীয় ই ভোটিং সলিউশন নির্মাণ করল তেলেঙ্গানা। ডামি ভোটে এটির পরীক্ষা করা হবে এবং তেলেঙ্গানার খাম্মাম জেলায় এটি ব্যবহৃত হবে।

এয়ার ইন্ডিয়া মালিকানা পেল টাটা সন্স

এয়ার ইন্ডিয়ার মালিকানা পেল টাটা সন্সের অধীনস্ত Talace Pvt Ltd.। Talace Pvt Ltd এর তরফ থেকে আঠারো কোটি টাকার অন্তিম বিড রাখা হয়েছিল।

তামিলনাড়ুর তিনটি দ্রব্যের জিআই ট্যাগ লাভ

তামিলনাড়ুর তিনটি দ্রব্য জিআই ট্যাগ লাভ করল। দ্রব্য তিনটি হল যথাক্রমে কারুপ্পুর কলমকারী চিত্রশিল্প, কল্লাকুরিচি কাষ্ঠ ভাস্কর্য এবং কন্যাকুমারী লবঙ্গ জিআই ট্যাগ লাভ করল।

'Akasa Air' চালু হবে ২০২২ সালে

১১ অক্টোবর অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের তরফ থেকে নো অবজেকশন শংসাপত্র প্রদান করা হল SNV Aviation Pvt Ltd কে। যার ফলস্বরূপ ২০২২ সাল থেকে চালু হতে চলেছে বাণিজ্যিক বিমান পরিষেবা। 'Akasa Air' এর নামে এই বিমান পরিষেবা চালু হবে।

মহারত্ন মর্যাদা পেল পাওয়ার ফিন্যান্স কর্পোরেশন

কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের জনউদ্যোগ দপ্তরের তরফ থেকে পাওয়ার ফিন্যান্স কর্পোরেশনকে মহারত্ন সেন্ট্রাল পাবলিক সেক্টর এন্টারপ্রাইজের মর্যাদা প্রদান করা হল। বৃহত্তর কর্মক্ষম এবং আর্থিক স্বায়ত্তশাসনের জন্য পাওয়ার ফিন্যান্স, কর্পোরেশন এই মর্যাদা লাভ করল।

মাউন্ট হ্যারিয়েটের নাম পরিবর্তিত হল

কেন্দ্রশাসিত অঞ্চল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের তৃতীয় সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট হ্যারিয়েটের নাম পরিবর্তিত হল। নতুন নাম রাখা হল মাউন্ট মনিপুর। ১৮৯১ সালে অ্যাংলো-মনিপুর যুদ্ধ চলাকালীন মনিপুরের মহারাজা কুলচন্দ্র সিংহ এবং অন্যান্য ২২ জন স্বাধীনতা সংগ্রামীকে মাউন্ট হ্যারিয়েটে বন্দী করে রাখা হয়েছিল। তাঁদের অবদানকে স্বীকৃতি জানাতে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে হ্যারিয়েটের নাম পরিবর্তন করে মাউন্ট মনিপুর রাখা হল।

পিঁয়াজের নতুন প্রজাতির সন্ধান

উত্তরাখণ্ডে সন্ধান মিলল পিঁয়াজের নতুন প্রজাতির। এই নতুন প্রজাতির নাম রাখা হল 'Allium negianum'। ভারতের বিখ্যাত অ্যালিয়াম সংগ্রাহক ডঃ কুলদীপ সিং নেগির নামানুসারে এই নতুন প্রজাতির নামকরণ করা হল।

বিপিসিএল এর স্বশাসিত জ্বালানি ব্যবস্থা

ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনে বা বিপিসিএল এর তরফ থেকে সূচনা করা হল স্বশাসিত জ্বালানি ব্যবস্থার, যার নাম রাখা হল 'U-Fill'। বিপিসিএল তার গ্রাহকদের আউটলেটে উন্নত পরিষেবা প্রদানের উদ্দেশ্যে এই স্বশাসিত জ্বালানি ব্যবস্থার সূচনা করল।

ভারতের জিওস্পোটিয়াল এনার্জি ম্যাপ

নীতি আয়োগ এবং ইসরোর তরফ থেকে সূচনা করা হল ভারতের জিওস্পোটিয়াল এনার্জি ম্যাপের। এই ম্যাপে প্রকাশ করা হল ভারতীয় শক্তি সম্পদের সামগ্রিক চিত্র।

GSCE পাবলিকেশন্স থেকে প্রকাশিত মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স', 'অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা WBCS Guide Book', পশ্চিমবঙ্গের ভৌগোলিক পরিচিতি, অ্যাচিভার্সের পুরোনো সংস্করণ, অ্যাচিভার্স ইয়ার বুক, 'অ্যাচিভার্স ইন ফোকাস', শিক্ষা, চাকরি ও খেলা-সহ সমস্ত সংস্করণ/বই সংগ্রহ করতে নিম্নোক্ত ডিস্ট্রিবিউটারদের সঙ্গে যোগাযোগ করুন

সবার সুবিধার্থে জেলাভিত্তিক ডিস্ট্রিবিউটারদের নাম ও ফোন নং দেওয়া হল—

জেলা/শহর	ডিস্ট্রিবিউটার	ফোন নং	জেলা/শহর	ডিস্ট্রিবিউটার	ফোন নং
কলেজ স্ট্রিট এরিয়া	অসীম তরফদার	8296359942	আরামবাগ	স্বপন সিংহরায়	9434829327
কলকাতা ডেকার্স লেন	রবি সাহা	9830389342	তারকেশ্বর	সুশান্তকুমার মদাঙ্ক	7797406975
কন্টাই	শুভেন্দু ভূঞ্যা	9609338016	বনগাঁও	মৃণালকান্তি মণ্ডল	9332534322
রামনগর	হরিপদ দা	9609048294	বেথুয়াডহরি	তপন সাহা	9933168728
পুরুলিয়া	এস কে তাজ	9434176389	বহরমপুর	মণ্ডল বুক স্টল	9851661164
বোলপুর	আশিস দাস	8158030355	বালুরঘাট	সুজন দাস	8670582892
বাঁকুড়া	অনিল বৈরাগী	9474144678	রায়গঞ্জ	রঞ্জিতকুমার পাল	7550871883
বর্ধমান	অসিত ব্যানার্জি	9635267446	শিলিগুড়ি	অনিল বিশ্বাস	9641480911
দুর্গাপুর	পরেশ কেশরি	9476366645	ময়নাগুড়ি	দেবাশিস বসুভাট	8617326738
			কোচবিহার	জয়ন্ত দাস	6295521626

For Online Booking — www.gscepublications.com, Phone : 9874273000

পুরস্কার ও সম্মান

❖ বিল অ্যান্ড মেলিন্দা গেটস ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত বিবিধ বার্ষিক পুরস্কার :

২০ সেপ্টেম্বর বিল অ্যান্ড মেলিন্দা গেটস ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত ২০২১ সালের বার্ষিক পুরস্কার তুলে দেওয়া হল বিভিন্ন পুরস্কার প্রাপকদের হাতে। নীচে পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক
গ্লোবাল গোলকিপার অ্যাওয়ার্ড – ২০২১	ফুমঝাইল ম্লাম্বো-নাগুকা (দক্ষিণ আফ্রিকা)
চেঞ্জমেকার অ্যাওয়ার্ড– ২০২১	ফাইরোজ ফাইজা বিথার (বাংলাদেশ)
প্রোগ্রেস অ্যাওয়ার্ড – ২০২১	জেনিফার কোলপাস (কলম্বিয়া)
ক্যাম্পেন অ্যাওয়ার্ড – ২০২১	সাত্তা শেরিফ (লাইবেরিয়া)

❖ শান্তি স্বরূপ ভাটনগর প্রাইজ — ২০২১ :

সম্প্রতি কাউন্সিল অফ সায়েন্টিফি অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ কর্তৃক প্রদত্ত ২০২১ সালের শান্তি স্বরূপ ভাটনগর প্রাইজ ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে ভূষিত হলেন বিভিন্ন বৈজ্ঞানিক ও তথ্যপ্রযুক্তিবিদগণ। সাধারণত, জীববিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, পদার্থবিজ্ঞান, ভূ-বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং সার্ভিসের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার প্রদান করা হয়। সিএসআইআর-এর প্রতিষ্ঠাতা ডিরেক্টর শান্তি স্বরূপ ভাটনগরের নামে এই পুরস্কার প্রদান করা হয়। ১৯৫৮ সালে প্রথম এই পুরস্কার প্রদান করা হয়েছিল। এই পুরস্কারে সম্মান স্বরূপ প্রত্যেক প্রাপককে একটি শংসাপত্র, একটি ফলক এবং নগদ পাঁচ লক্ষ টাকা এবং ৬৫ বছর বয়স অবধি সাম্মানিক ভাতা হিসাবে মাসিক ১৫ হাজার টাকা প্রদান করা হয়। নীচে এবারের পুরস্কার প্রাপকদের তালিকা দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক
জীববিজ্ঞান	ডঃ অমিত সিং এবং ডঃ অরুণ কুমার শুক্লা
রসায়ন বিজ্ঞান	ডঃ কণিষ্ক বিশ্বাস এবং ডঃ টি গোবিন্দ রাজু
ইঞ্জিনিয়ারিং সায়েন্স	ডঃ দেবদীপ মুখোপাধ্যায়
ভূ-বিজ্ঞান, বায়ুমণ্ডল, মহাসাগর এবং গ্রহ বিজ্ঞান	ডঃ বিনয় কুমার সাইকিয়া
ম্যাথমেটিক্যাল সায়েন্স	ডঃ অনীশ ঘোষ
মেডিক্যাল সায়েন্স	ডঃ জিমন পান্নিয়ামাক্কাল
পদার্থ বিজ্ঞান	ডঃ কনক সাহা

❖ CIPS অ্যাওয়ার্ড— ২০২১ :

লন্ডনের দ্য চার্টার্ড ইনস্টিটিউট অফ প্রোক্রিওরমেন্ট অ্যান্ড সাপ্লাই কর্তৃক প্রদত্ত ২০২১ সালের CIPS এক্সিলেন্স ইন প্রোক্রিওরমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হল ভারতের গভর্নমেন্ট ই-মার্কেট প্লেস (GeM)। ২২ সেপ্টেম্বর লন্ডনে অনুষ্ঠিত এক পুরস্কার বিতরণী সভায় পুরস্কার গ্রহণ করেন লন্ডনে অবস্থিত ভারতীয় দূতাবাসের সচিব (আর্থিক) রোহিত বাধোয়ানা।

❖ আইসিসি বার্ষিক পুরস্কার — ২০২০ :

২৪ সেপ্টেম্বর কেন্দ্রীয় রাসায়নিক ও সার মন্ত্রী মনসুখ মন্ডোভিয়া ভার্চুয়াল প্লাটফর্মে ২০২০ সালের ইন্ডিয়ান কমিক্যাল কাউন্সিল (আইসিসি) বার্ষিক পুরস্কার তুলে দিলেন বিভিন্ন পুরস্কার প্রাপক/সংস্থার হাতে। নীচে পুরস্কার প্রাপকদের তালিকা দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক/সংস্থা
লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড	ডঃ শান্তরূপ মিশ্র, অজয় শ্রীরাম, ডঃ অনিরুদ্ধ বি পণ্ডিত
আইসিসি আচার্য পি সি রায় অ্যাওয়ার্ড ফর ডেভেলপমেন্ট অফ ইন্ডিজিনিয়াস টেকনোলজি	Galaxy Surfactants Ltd.
আইসিসি অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন প্রসেস ডিজাইন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং	Jubilant Pharmova Ltd.
আইসিসি অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন ম্যানেজমেন্ট অফ হেলথ অ্যান্ড সেফটি: ক্যাটাগরি - ১	Lanxess India Pvt. Ltd. (Gujarat)
আইসিসি অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন ম্যানেজমেন্ট অফ হেলথ অ্যান্ড সেফটি; ক্যাটাগরি - ২	ইন্ডিয়ান অয়েল অ্যান্ড ট্যাঙ্কিং লিমিটেড, ছত্তিশগড়
আইসিসি সার্টিফিকেট অফ মেরিট ফর এক্সিলেন্স ইন ম্যানেজমেন্ট অফ হেলথ অ্যান্ড সেফটি: ক্যাটাগরি- ১	রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার লিমিটেড, থল ইউনিট (মহারাষ্ট্র) এবং রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড, জামনগর
আইসিসি সার্টিফিকেট অফ মেরিট ফর এক্সিলেন্স ইন ম্যানেজমেন্ট অফ হেলথ অ্যান্ড সেফটি: ক্যাটাগরি- ২	ক্ল্যারিয়েন্ট কেমিক্যালস ইন্ডিয়া লিমিটেড, কুদ্দালোর (তামিলনাড়ু)

❖ ভারতীয় পর্বতারোহী হিসাবে দ্রুততম ২টি পর্বত শৃঙ্গ জয় গীতা সামোটার :

সম্প্রতি ভারতের মহিলা সিআইএসএফ কর্মচারী গীতা সামোটা প্রথম ভারতীয় পর্বতারোহী হিসাবে দ্রুততম ২টি উচ্চতম শৃঙ্গ জয়

Rain cats and dogs *Means* : **Rain heavily**

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

ইন্ডিয়ান ওয়েট লিফটিং-র প্রেসিডেন্ট পদে নিযুক্ত হলেন সহদেব যাদব

করলেন। রাশিয়ার পর্বতশৃঙ্গ মাউন্ট এলবুর্জ (৫৬৪২ মিটার) জয় করেন ১৩ আগস্ট, ২০২১ তারিখে। তার কিছুদিন পরে ১১ সেপ্টেম্বর আফ্রিকার সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট কিলিমাঞ্জারো (৫৮৯৫ মিটার) জয় করে তিনি ভারতীয় পর্বতারোহী হিসাবে দ্রুততম ২টি উচ্চতম পর্বতশৃঙ্গ জয় করার কৃতিত্ব অর্জন করলেন।

❖ ইদান প্রাইজ— ২০২১:

সম্প্রতি ২০২১ সালের 'ইদান প্রাইজ ফর এডুকেশন ডেভেলপমেন্ট'-এ ভূষিত হল 'প্রথম এডুকেশন ফাউন্ডেশনের চিফ এগজিকিউটিভ অফিসার ডক্টর রুক্মিণী ব্যানার্জি। শিশুদের শিক্ষার ক্ষেত্রে গঠনমূলক ভূমিকা গ্রহণের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৬ সালে ডক্টর চার্লস চেং ইদান এই পুরস্কার দেওয়া শুরু করেছিলেন। সাধারণত শিক্ষা ক্ষেত্রে গবেষণা এবং শিক্ষা ক্ষেত্রে গঠনমূলক উন্নয়নের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার প্রদান করা হয়। এই পুরস্কারের সম্মান স্বরূপ প্রাপককে নগদ ৩০ মিলিয়ন হংকং ডলার প্রদান করা হয়।

❖ রাইট লাইভলিহুড অ্যাওয়ার্ড — ২০২১:

সম্প্রতি ২০২১ সালের রাইট লাইভলিহুড অ্যাওয়ার্ডে ভূষিত হল দিল্লির পরিবেশ বিষয়ক প্রতিষ্ঠান লিগ্যাল ইনিশিয়েটিভ ফর ফরেস্ট অ্যান্ড এনভায়রনমেন্ট (LIFE)। দিল্লির এই প্রতিষ্ঠানের পাশাপাশি আরো যাঁরা এবছর এই পুরস্কারে ভূষিত হয়েছে তাঁরা হলেন— ফ্রেদা হুসন (কানাডা), মার্থি ওয়াংদৌ (ক্যামেরুন) এবং ভ্লাদিমির স্লিবায়ক (রাশিয়া)। পরিবেশের সংরক্ষণ ও শিশু অধিকার রক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার প্রদান করা হয়। এটি সুইডেনের নোবেল পুরস্কারের বিকল্প হিসাবেও পরিগণিত হয়। ১৯৮০ সালে সুইডিশ-জার্মান মানবতাবাদী জেকব ভন উয়েক্সকাল এই পুরস্কার প্রদান করা শুরু করেছিলেন। এই পুরস্কারের সম্মান স্বরূপ প্রাপককে নগদ ১ মিলিয়ন সুইডিশ ক্রোনার প্রদান করা হয়।

❖ UNHCR নানসেন রিফিউজি অ্যাওয়ার্ড:

সম্প্রতি ২০২১ সালের UNHCR নানসেন রিফিউজি অ্যাওয়ার্ডে ভূষিত হল ইয়েমেনের মানবহিতৈষী প্রতিষ্ঠান Jeel Albena Association for Humanitarian Development। এদিন সংস্থার হয়ে পুরস্কার গ্রহণ করেন প্রতিষ্ঠাতা আমীন জাবরান। প্রসঙ্গত উল্লেখ্য, শরনার্থীদের অধিকার রক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজ করার স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার প্রদান করা হয়। ১৯৫৪ সালে প্রথম এই পুরস্কার প্রদান করা হয়েছিল। এই পুরস্কারের সম্মান স্বরূপ ১ লক্ষ ৫০ হাজার মার্কিন ডলার প্রদান করা হয়। এবছর UNHCR নানসেন রিফিউজি অ্যাওয়ার্ডে রিজিওনাল ক্ষেত্রে যাঁরা পুরস্কৃত হয়েছে তাঁরা হলেন— (১) আফ্রিকা — রাউকিয়াতৌ মাইগা (বুরুকিনা ফ্যাসো) এবং দিয়ামবেন্দি মাদিয়েগা (বুরুকিনা ফ্যাসো), (২) এশিয়া — ডক্টর সালিমা রেহমান (পাকিস্তান), (৩) আমেরিকা — সান্তিয়াগো আভিলা (হন্ডুরাস), (৪) ইউরোপ — নিকোলা কোভাসেভিচ (সার্বিয়া)।

❖ লস্কর অ্যাওয়ার্ড — ২০২১:

সম্প্রতি লস্কর ফাউন্ডেশন কর্তৃক ২০২১ সালের লস্কর অ্যাওয়ার্ড তুলে দেওয়া হল বিভিন্ন পুরস্কার প্রাপকের হাতে। ১৯৪২ সালে লস্কর ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়েছিল। বায়োমেডিক্যাল রিসার্চের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ সাধারণত ৩টি বিভাগে এই পুরস্কার প্রদান করা হয়। নীচে বিভাগ অনুযায়ী পুরস্কার প্রাপকদের তালিকা দেওয়া হল—

বিভাগ	পুরস্কার প্রাপক
আলবার্ট লস্কর বেসিক মেডিক্যাল রিসার্চ অ্যাওয়ার্ড	ডায়েটার অস্টারহেল্ড (এমিরেটাস) পিটার হেগম্যান (বার্লিন) কার্ল দেইসিরোথ (ক্যালিফোর্নিয়া)
লস্কর-ডিবাকে ক্লিনিকাল মেডিক্যাল রিসার্চ অ্যাওয়ার্ড	ক্যাটালিন তারিকো এবং ড্রিউ উইসম্যান (পেনসিলভেনিয়া)
লস্কর কোসল্যান্ড স্পেশাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড ইন মেডিক্যাল সায়েন্স	ডেভিড বাল্টিমোর

❖ FIH হকি স্টার অ্যাওয়ার্ড — ২০২১:

সম্প্রতি ইন্টারন্যাশনাল হকি ফেডারেশন কর্তৃক প্রদত্ত ২০২১ সালের হকি স্টার অ্যাওয়ার্ডে ভূষিত হলেন বিভিন্ন পুরস্কার প্রাপকগণ। নীচে পুরস্কার প্রাপকদের তালিকা দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	প্রাপক	প্রাপিকা
প্লেয়ার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড	হরমনপ্রীত সিং	গুরজিৎ কাউর
গোলকিপার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড	পি আর শ্রীজেশ	সবিতা পুনিয়া
রাইজিং স্টার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড	বিবেক সাগর প্রসাদ	শর্মিলা দেবী
বেস্ট কোচ অ্যাওয়ার্ড	গ্রাহাম রেড	এস মারিজিন

❖ USIBC গ্লোবাল লিডারশিপ হিউম্যানিটারিয়ান অ্যাওয়ার্ড – ২০২১:

সম্প্রতি ইউনাইটেড স্টেটস-ইন্ডিয়া বিজনেস কাউন্সিল (USIBC) কর্তৃক প্রদত্ত ২০২১ সালের 'গ্লোবাল লিডারশিপ হিউম্যানিটারিয়ান অ্যাওয়ার্ডে' ভূষিত করা হল মাইক্রোসফট, আইবিএম ও অ্যাকসেঞ্চারের

Leave no stone unturned** Means : **Use all available means

পদার্থ বিদ্যায় নোবেল প্রাইজ পেলেন এস মানাবে, কে. হাসেলম্যান ও জর্জিও পারিসি

পদাধিকারীদের। এবারের পুরস্কার প্রাপকরা হলেন অ্যাকসেঞ্চারের সিইও এবং চেয়ারম্যান জুলি সুইট, আইবিএম-এর চেয়ারম্যান ও সিইও অরবিন্দ কৃষ্ণ এবং মাইক্রোসফটের ভাইস চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট ব্র্যাড স্মিথ। করোনা সংক্রমণজনিত পরিস্থিতিতে ভারতকে সাহায্য করার উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁদের এই পুরস্কারে ভূষিত করা হল। এবছর যারা USIBC গ্লোবাল লিডারশিপ অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন তারা হলেন— শিব নাদার (HCL Technologies), মল্লিকা শ্রীনিবাসন (Tractors and Farm Equipment Ltd.)।

❖ প্রাণীমিত্রা অ্যাওয়ার্ড – ২০২১ :

১০-১১ অক্টোবর গুজরাটের সর্দার প্যাটেল জুলোজিক্যাল পার্কে ন্যাশনাল কনফারেন্স ফর জু ডিরেক্টর্স অ্যান্ড ভেটেরিনারিয়ান ২০২১ এ আয়োজিত এক পুরস্কার বিতরণী সভায় ২০২১ সালের প্রাণীমিত্রা অ্যাওয়ার্ডস তুলে দেওয়া হল বিভিন্ন পুরস্কার প্রাপকের হাতে। নীচে বিভাগ অনুযায়ী পুরস্কার প্রাপদের তালিকা দেওয়া হল—

বিভাগ	পুরস্কার প্রাপক
আউটস্ট্যান্ডিং অ্যানিমেল কিপার	শ্রীমতী লক্ষ্মীদেবী (ভগবান বীরসা জুলোজিক্যাল পার্ক, ঝাড়খণ্ড)
আউটস্ট্যান্ডিং এডুকেশনিস্ট/বায়োলজিস্ট	হরপাল সিং (মহেন্দ্র চৌধুরি জুলোজিক্যাল পার্ক, পাঞ্জাব)
আউটস্ট্যান্ডিং ভেটেরিনারিয়ান	ডঃ ইল্লিয়া রাজা (আগ্রা বিয়ার রেসকিউ ফেসিলিটি, উত্তরপ্রদেশ)
আউটস্ট্যান্ডিং ডিরেক্টর	ডঃ বিভুপ্রকাশ মাথুর (ভালচার কনজার্ভেশন ব্রিডিং সেন্টার, হরিয়ানা)

❖ আর্যভট্ট অ্যাওয়ার্ড — ২০২১ :

সম্প্রতি অ্যাস্ট্রোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া কর্তৃক প্রদত্ত ২০২১ সালের আর্যভট্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন ডিআরডিও'র চেয়ারম্যান এবং ডিপার্টমেন্ট অফ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের সেক্রেটারি ডক্টর জি সতীশ রেড্ডি। ভারতীয় জ্যোতির্বিজ্ঞানে সমগ্র জীবনের অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল।

❖ আর্থশট প্রাইজ — ২০২১ :

সম্প্রতি ভারতের সোশাল এন্টারপ্রাইজ Takachar -এর আবিষ্কর্তা বিদ্যুৎ মোহন ২০২১ সালের আর্থশট প্রাইজের ক্লিন অ্যাওয়ার্ড বিভাগে ভূষিত হলেন। Takachar হল স্মল স্কেল পোর্টেবল টেকনোলজি যেটি ট্রাক্টর্স জাতীয় গাড়িতে লাগিয়ে সস্তায় জৈব জ্বালানি ও সার প্রস্তুত করার কাজ করে থাকে। প্রসঙ্গত উল্লেখ্য, এই পুরস্কারের সম্মান স্বরূপ প্রাপককে একটি মেডেল এবং ১ মিলিয়ন পাউন্ড অর্থ প্রদান করা হয়।

❖ সি কে প্রহ্লাদ অ্যাওয়ার্ড ফর গ্লোবাল বিজনেস সাস্টেনেবিলিটি লিডারশিপ অ্যাওয়ার্ড — ২০২১ :

সম্প্রতি ২০২১ সালের সি কে প্রহ্লাদ অ্যাওয়ার্ড ফর গ্লোবাল বিজনেস সাস্টেনিবিলিটি লিডারশিপ অ্যাওয়ার্ডে ভূষিত হলেন মাইক্রোসফটের চিফ এগজিকিউটিভ ডিরেক্টর সত্য নাদেল্লা। বিশ্বব্যাপী ব্যবসায়িক ক্ষেত্রে সাফল্য লাভের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

❖ সাখরোভ প্রাইজ — ২০২১ :

সম্প্রতি ২০২১ সালের সাখারোভ প্রাইজে ভূষিত হলেন রাশিয়ার বিরোধী দলনেতা, আইনজীবী ও দুর্নীতি বিরোধী কর্মী অ্যালেক্স জেই নাভালানি। রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের দুর্নীতির বিরুদ্ধে প্রকাশ্য প্রতিবাদ জানায় তাঁকে ২০২০ সালে কারাবাস করতে হয়েছিল। মানবাধিকারকে অক্ষুণ্ণ রাখতে এবং স্বাধীন চিন্তাকে সর্বসমক্ষে প্রকাশ করার সাহসিকতাকে সম্মান জানানোর জন্য এই পুরস্কার প্রদান করা হয়। এই পুরস্কারের সম্মান স্বরূপ প্রাপককে ৫০ হাজার ইউরো প্রদান করা হয়।

❖ ন্যাটওয়েস্ট গ্রুপ আর্থ হিরোজ অ্যাওয়ার্ড

সম্প্রতি ২০২১ সালের ন্যাটওয়েস্ট গ্রুপ আর্থ হিরোজ অ্যাওয়ার্ডস প্রদান করা হল বিভিন্ন অভয়ারণ্য/ব্যক্তিবর্গকে। নীচে বিভাগ অনুযায়ী পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

বিভাগ	বিজয়ী	সংশ্লিষ্ট রাজ্য
গ্রিন ওয়ারিয়র	নীতীশ কুমার	ওড়িশা
	এস এল শিল্পা	কর্ণাটক
আর্থ গার্ডিয়ান	সাতপুরা টাইগার রিজার্ভ	মধ্যপ্রদেশ
	পারাম্বিকুলাম টাইগার	
	কনজার্ভেশন ফাউন্ডেশন	কেরল
সেভ দ্য স্পেসিস	অরুণিমা সিং	উত্তরপ্রদেশ
	অনিল বিশ্নয়ী	রাজস্থান
ইন্সপায়ার	কর্মা সোনম	লাদাখ
লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড	ব্রিজমোহন সিং রাঠোর	মধ্যপ্রদেশ

❖ লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স:

সম্প্রতি উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু ডক্টর রণদীপ গুলেরিয়াকে ২২তম লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স-এ ভূষিত করলেন। ডক্টর রণদীপ গুলেরিয়া একজন বিখ্যাত পালমোনোলজিস্ট, যিনি বর্তমানে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের ডিরেক্টর হিসাবে কর্মরত আছেন।

Cry for the moon *Means* : **Ask for the Impossible**

৬ নোবেল পুরস্কার — ২০২১ ...

১৯০১ সাল থেকে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, চিকিৎসাবিজ্ঞান, সাহিত্য ও শান্তিতে এবং ১৯৬৯ সাল থেকে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদান করা হয় 'যাঁরা আন্তঃরাষ্ট্র সম্পর্ক, সেনাবাহিনীর সংকোচন বা অবলোপন ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সর্বোচ্চ ও সেরাটা বিশ্বের মানব সমাজকে উপহার দেবে'। ৩১ জানুয়ারি মধ্যরাত্রি ১২টা পর্যন্ত আবেদনপত্র জমা নেওয়া হয়। মার্চ মাস থেকে নোবেল কমিটিগুলির মাধ্যমে প্রতি ক্ষেত্রে শর্টলিস্ট করা হয়। অক্টোবর মাসে নোবেল পুরস্কার ঘোষণা করা হয় এবং প্রতি বছর ১০ ডিসেম্বর আলফ্রেড নোবেলের মৃত্যুদিনে নোবেল পুরস্কার প্রাপকগণের হাতে প্রদান করা হয়। সুইডিশ পদার্থবিদ, রসায়নবিদ, ডিনামাইট আবিষ্কর্তা, ইঞ্জিনিয়ার, ব্যবসায়ী, শান্তিবাদী ও বিশিষ্ট লেখক অ্যালফ্রেড নোবেল ১৮৯৫ সালের ২৭ নভেম্বর তিনি তাঁর মোট সম্পত্তির ৯৪ শতাংশ প্রায় ৩১ মিলিয়ন সুইডিশ ক্রোন অর্থ প্রদান করেন নোবেল পুরস্কার তহবিলের জন্য। নোবেল পুরস্কার প্রাপকগণের নির্বাচন করেন– (১) পদার্থবিদ্যা ও রসায়নবিদ্যায় সুইডেনের স্টকহোম থেকে 'রয়্যাল সুইডিশ অ্যাকাডেমি'। (২) অর্থনীতিতে সুইডেনের 'সেভরিক রিক্সব্যাঙ্ক'। (৩) চিকিৎসাবিদ্যা বা মেডিসিন বিভাগে 'ক্যারোলিনস্কা ইনস্টিটিউট'। (৪) সাহিত্যে 'সুইডিশ অ্যাকাডেমি' এবং (৫) শান্তিতে 'নরওয়েজিয়ান নোবেল কমিটি'। পুরস্কার হিসেবে দেওয়া হয় একটি স্বর্ণপদক, ডিপ্লোমা ও পুরস্কার মূল্য হিসেবে ১০ মিলিয়ন সুইডিশ ক্রোনার।

❖ **পুরস্কার হিসাবে কী কী দেওয়া হয় :**
নোবেলের আর্থিক মূল্য হিসাবে ১০ মিলিয়ন সুইডিশ ক্রোনার প্রদান করা হয়। আর্থিক মূল্য বাদেও নোবেল পুরস্কার বিজয়ীদের একটি ডিপ্লোমা, ২৪ ক্যারেট স্বর্ণের প্রলেপ দেওয়া ১৮ ক্যারেটের একটি সোনার পদক দেওয়া হয়।

❖ **একাধিকবার নোবেল পুরস্কার প্রাপকগণ:**
- ✓ মারী ক্যুরি স্কেলাডাওস্কা (ফ্রান্স, নাগরিক সূত্রে); পদার্থবিদ্যা (১৯০৩), রসায়ন (১৯১১)।
- ✓ লুই কার্ল পলিং (মার্কিন যুক্তরাষ্ট্র); রসায়ন (১৯৫৪), শান্তি (১৯৬২)।
- ✓ জন বার্ডিন (মার্কিন যুক্তরাষ্ট্র); পদার্থবিদ্যা (১৯৫৬ এবং ১৯৭২)।
- ✓ ফ্রেডারিক স্যাংগার (ইংল্যান্ড); রসায়ন শাস্ত্র (১৯৫৮ এবং ১৯৮০)।
- ✓ আন্তর্জাতিক রেডক্রস কমিটি তিন-তিনবার নোবেল শান্তি পুরস্কার জয় লাভ করেন যথাক্রমে ১৯১৭, ১৯৪৪ এবং ১৯৬৩ সালে।
- ✓ ইউএনএইচসিআর দু'বার নোবেল শান্তি পুরস্কার লাভ করেছে। যথা- ১৯৫৪ ও ১৯৮১ সালে।

❖ **নোবেলজয়ী দম্পতি :**
- ✓ পিয়ের কুরি ও মাদাম মেরি কুরি (ফ্রান্স); পদার্থবিদ্যা (১৯০৩)।
- ✓ ফ্রেডরিক জলিয়ট ও আয়রিন জলিয়ট ক্যুরি (ফ্রান্স): রসায়নবিদ্যা (১৯৩৫)।
- ✓ কার্ল ফার্দিনান্দ কুরি ও গ্রিটি থেরেসা কুরি (মার্কিন যুক্তরাষ্ট্র): চিকিৎসাবিজ্ঞান (১৯৪৭)।
- ✓ সুইডেনের দম্পতি গান্নার মিরডাল– অর্থনীতি (১৯৭৪) ও আলভা মিরডাল— শান্তি (১৯৮২)।
- ✓ এডভার্ড মোজার ও মে-ব্রিট মোজার (নরওয়ে): চিকিৎসাবিজ্ঞান (২০১৪)।
- ✓ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় (ভারত) ও এস্থার ডুফলো (ফ্রান্স)— অর্থনীতি-২০১৯

❖ **নোবেলজয়ী পিতা-পুত্র :**
- ✓ স্যার উইলিয়াম ব্রাগ ও স্যার লরেন্স ব্রাগ (ইংল্যান্ড); পদার্থবিদ্যা (১৯১৫)।
- ✓ ডেনমার্কের নীলস হেনরিক বোর–পদার্থবিদ্যা (১৯২২) ও অ্যাগেস নীলস বোর–পদার্থবিদ্যা (১৯৭৫)।
- ✓ সুইডেনের হ্যান্স ভন ইউলার চেলপিন—রসায়নবিদ্যা (১৯২৯) ও উলফ ভন ইউলার— চিকিৎসাবিদ্যা (১৯৭০)।
- ✓ মার্কিন যুক্তরাষ্ট্রের আর্থার কর্নবার্গ-চিকিৎসাবিদ্যা (১৯৫৯) ও রজার ডি কর্নবার্গ-রসায়নবিদ্যা (২০০৬)।
- ✓ সুইডেনের কার্ল মান্নি জর্জ সিগবান–পদার্থবিদ্যা (১৯২৪) ও কাই এম সিগবান–পদার্থবিদ্যা (১৯৮১)।
- ✓ ব্রিটেনের জে জে থমসন—পদার্থবিদ্যা (১৯০৬) ও জি পি থমসন— পদার্থবিদ্যা (১৯৩৭)।

❖ **নোবেল জয়ী মা ও মেয়ে:**
- ✓ মেরি কুরি (ফ্রান্স), পদার্থবিদ্যা (১৯০৩) এবং আয়রিন জলিয়ন কুরি (ফ্রান্স) রসায়নবিদ্যা (১৯৩৫)।

❖ **নোবেল জয়ী দুই ভাই:**
নেদারল্যান্ডের জন টিনবারজেন–অর্থনীতি (১৯৬৯) ও নিকোলাস টিনবারজেন –চিকিৎসাবিদ্যা (১৯৭৩)।

❖ **মরণোত্তর নোবেল :**
সুইডেনের ডাগ হামারহোল্ড—শান্তিতে (১৯৬১)।
সুইডেনের এরিক অ্যাক্সেল কার্লফেল্ড—সাহিত্যে (১৯৩১)।
কানাডার র‍্যালফ স্টেইনমন—চিকিৎসাবিজ্ঞান (২০১১)।

❖ **অর্থনীতিতে প্রথম নোবেল প্রাপক (১৯৬৯) :**
র‍্যাগনার ফ্রিশ (নরওয়ে) এবং জন টিম্বারজেন (নেদারল্যান্ড)।

❖ **বিশ্বে প্রথম নোবেল বিজয়ী (১৯০১ সাল)**
- ✓ **পদার্থবিদ্যা**– ডব্লিউ কে রন্টজেন (জার্মানি) ✓ **রসায়ন**– জে এইচ ভ্যান্টহফ (নেদারল্যান্ড)
- ✓ **সাহিত্য**– রেনেসুলি প্রুধোম্মে (ফ্রান্স) ✓ **চিকিৎসা**–এমিল অ্যাডলফ বেহরিং (জার্মানি)
- ✓ **শান্তি** – জনে হেনরি দুনান্ত (সুইৎজারল্যান্ড), ফ্রেডরিক প্যাসি (ফ্রান্স)

Harp on the same string *Means* : **Dwell on the same subject**

মহাবাহু ব্রহ্মপুত্র রিভার হেরিটেজ সেন্টারের উদ্বোধন করা হল গুয়াহাটিতে

* নোবেল পুরস্কারে ভারত

✓ **প্রথম ভারতীয় নোবেল বিজয়ী :** রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে সাহিত্যে তার 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য নোবেল পুরস্কার পান।

✓ **প্রথম ভারতীয় মহিলা নোবেল বিজয়িনী :** ১৯৭৯ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার পান মাদার টেরিজা (নাগরিক সূত্রে)।

ভারতীয় নোবেল পুরস্কার প্রাপকদের তালিকা

নোবেল প্রাপক	বিষয়	সাল
১। রবীন্দ্রনাথ ঠাকুর	সাহিত্য	১৯১৩
২। সি ভি রমন	পদার্থবিদ্যা	১৯৩০
৩। হরগোবিন্দ খোরানা	চিকিৎসাবিদ্যা	১৯৬৮
৪। মাদার টেরিজা (নাগরিক সূত্রে)	শান্তি	১৯৭৯
৫। চন্দ্রশেখর সুব্রহ্মনিয়ম	পদার্থবিদ্যা	১৯৮৩
৬। অমর্ত্য সেন	অর্থনীতি	১৯৯৮
৭। রাজেন্দ্র কে পচৌরি	শান্তি	২০০৭
৮। ভেঙ্কটরামন রামাকৃষ্ণণ	রসায়ন	২০০৯
৯। কৈলাস সত্যার্থী	শান্তি	২০১৪
১০। অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়	অর্থনীতি	২০১৯
এছাড়াও নোবেল পুরস্কার পাওয়ার ক্ষেত্রে যাঁদের নাম ভারতের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত—		
১১। রোনাল্ড রস	চিকিৎসাবিদ্যা	১৯০২
১২। রুডইয়ার্ড কিপলিং	সাহিত্য	১৯০৭
১৩। ভি এস নইপল	সাহিত্য	২০০১

বিভিন্ন ক্ষেত্রে সর্ব কনিষ্ঠ নোবেল পুরস্কার প্রাপকগণ

পুরস্কার প্রাপকের নাম	পুরস্কারের ক্ষেত্র	প্রদানের সাল	সমকালীন বয়স
মালালা ইউসুফ জাই (পাকিস্তান)	শান্তি	২০১৪	১৭
লরেন্স ব্রাগ (অস্ট্রেলিয়া)	পদার্থবিদ্যা	১৯১৫	২৫
ফেডেরিক বান্টিং (কানাডা)	চিকিৎসাবিদ্যা	১৯২৩	৩২
ফেডেরিক জলিয়ট (ফ্রান্স)	রসায়নবিদ্যা	১৯৩৫	৩৫
রুডিয়ার্ড কিপলিং (ইউকে)	সাহিত্য	১৯০৭	৪১
এস্থার ডুফলো (ফ্রান্স)	অর্থনীতি	২০১৯	৪৬

১৯০১-২০২১ সাল পর্যন্ত নোবেল প্রাপকগণের সংখ্যা

নোবেল প্রাইজ	মোট প্রাইজ	মোট প্রাপক	একক প্রাপক	যুগ্ম প্রাপক	ত্রয়ী প্রাপক
পদার্থবিদ্যা	১১৫	২১৯	৪৭	৩২	৩৬
রসায়নবিদ্যা	১১৩	১৮৮	৬৩	২৫	২৫
চিকিৎসাবিদ্যা	১১২	২২৪	৩৯	৩৪	৩৯
সাহিত্য	১১৪	১১৮	১১০	৪	—
শান্তি	১০২	১০৯+২৮	৬৯	৩১	২
অর্থনীতি	৫৩	৮৯	২৫	২০	৮
মোট	৬০৯	৯৭৫	৩৫৩	১৪৬	১১০

যে সমস্ত বছরে নোবেল পুরস্কার প্রদান করা হয়নি

নোবেল প্রাইজ	যে বছর প্রদান করা হয়নি
পদার্থবিদ্যা	১৯১৬, ১৯৩১, ১৯৩৪, ১৯৪০, ১৯৪১, ১৯৪২
রসায়নবিদ্যা	১৯১৬, ১৯১৭, ১৯১৯, ১৯২৪, ১৯৩৩, ১৯৪০, ১৯৪১, ১৯৪২
চিকিৎসাবিদ্যা	১৯১৫, ১৯১৬, ১৯১৭, ১৯১৮, ১৯২১, ১৯২৫, ১৯৪০, ১৯৪১, ১৯৪২
সাহিত্য	১৯১৪, ১৯১৮, ১৯৩৫, ১৯৪০, ১৯৪১, ১৯৪২, ১৯৪৩
শান্তি	১৯১৪, ১৯১৫, ১৯১৬, ১৯১৮, ১৯২৩, ১৯২৪, ১৯২৮, ১৯৩২, ১৯৩৯, ১৯৪০, ১৯৪১, ১৯৪২, ১৯৪৩, ১৯৪৮, ১৯৫৫, ১৯৫৬, ১৯৬৬, ১৯৬৭, ১৯৭২

বিভিন্ন ক্ষেত্রে প্রবীণ নোবেল পুরস্কার প্রাপকগণ

পুরস্কার প্রাপকের নাম	পুরস্কারের ক্ষেত্র	প্রদানের সাল	সমকালীন বয়স
আর্থার অ্যাসকিন (ইউএসএ)	পদার্থবিদ্যা	২০১৮	৯৬
লিওনিথ হুরুইজ (ইউএসএ)	অর্থনীতি	২০০৭	৯০
ডোরিস লেসিং (ইরান)	সাহিত্য	২০০৭	৮৮
জন বি গুডনাফ (জার্মানি)	রসায়নবিদ্যা	২০১৯	৯৭
পেটন রাউস (মার্কিন যুক্তরাষ্ট্র)	চিকিৎসাবিদ্যা	১৯৬৬	৮৭
যোসেফ রোটব্লাট (পোল্যান্ড)	শান্তি	১৯৯৫	৮৭

★★★

Bury the hatchet Means : **End the quarrel and make peace**

@bettersolution4u

নোবেল পুরস্কার – ২০২১

চিকিৎসাবিদ্যায় নোবেল

- ডেভিড জুলিয়াস — (মার্কিন যুক্তরাষ্ট্র) — পুরস্কার মূল্য ১/২ অংশ
- আর্দেম পাটাপোশিয়ান — (মার্কিন যুক্তরাষ্ট্র) — পুরস্কার মূল্য ১/২ অংশ

৪ অক্টোবর ঘোষণা করা হল এ বছরের প্রথম নোবেল জয়ীদের নাম। ফিজিওলজি বা মেডিসিন বিভাগে নোবেল পুরস্কার পেলেন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের দুই গবেষক ডেভিড জুলিয়াস (David Julius) এবং আর্দেম পাটাপোশিয়ান (Ardem Patapoutian)।

মলিকিউলার মেকানিজমে গবেষণারত ডেভিড জুলিয়াস ব্যাখ্যা করেন কী ভাবে ঠান্ডা, গরমের স্পর্শ এবং অনুভূতি মানবশরীরের স্নায়ুকে সিগন্যাল পাঠাতে সক্ষম হয়। তার কারণ জানতে কাঁচা লঙ্কা থেকে পাওয়া একটি যৌগকে ব্যবহার করেছিলেন তিনি। খুব কটু গন্ধের সেই যৌগটির নাম- 'ক্যাপসাইসিন'। এই যৌগটি স্পর্শ করলে আমরা তীব্র জ্বালাবোধ করি ত্বকে। এই যৌগটির মাধ্যমেই জুলিয়াস প্রথম জানতে পেরেছিলেন, আমাদের স্নায়ুর সেন্সরগুলি কী ভাবে বিভিন্ন ব্যক্তি, বস্তু ও পরিবেশকে সাড়া দেয়। তাপমাত্রার তারতম্য বুঝতে পারে। আর ৫৪ বছর বয়সি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পাটাপোশিয়ান প্রথম দেখিয়েছিলেন, কী ভাবে বাইরের নানা ধরনের চাপ বুঝতে পারে, তাদের বাড়া-কমা অনুভব করতে পারে আমাদের গাত্রত্বক ও বিভিন্ন অঙ্গে থাকা স্নায়ুগুলি। চাপ আর তার তারতম্য বুঝতে পারে এমন কয়েকটি মানবকোষকে ব্যবহার করে পাটাপোশিয়ান আমাদের স্নায়ুর এমন কয়েকটি সেন্সরের সন্ধান পেয়েছিলেন, বাইরের যে কোনও চাপ আর তার রকমফেরের গন্ধ যা নাকে পৌঁছে দেয় সঙ্গে, সঙ্গে। এই দু'টি আবিষ্কারই অন্য কোনও ব্যক্তি, বস্তু ও পরিবেশের সঙ্গে আমাদের বোঝাপড়ার জটিল রহস্য ভেদ করেছিল। পরিবেশকে কী ভাবে চেনে, বোঝে আমাদের স্নায়ুতন্ত্র, সেই পথগুলিই দেখিয়ে দিয়েছিল।

সাহিত্যে নোবেল

- আব্দুলরজাক গুর্নাহ — (তাঞ্জানিয়া) — পুরস্কার মূল্য সম্পূর্ণ অংশ

সাহিত্যে ২০২১ সালের নোবেল পুরস্কার পেলেন আব্দুলরজাক গুর্নাহ। ৭৩ বছর বয়সি তাঞ্জানিয়ার কথা সাহিত্যিককে এই পুরস্কার দেওয়া হল ঔপনিবেশিকতার অনুপ্রবেশের বিরুদ্ধে তাঁর আপসহীন সংগ্রাম এবং সংস্কৃতি ও মহাদেশীয় পরিসরে উদ্বাস্তু মানুষের কণ্ঠস্বরকে সাহসের সঙ্গে তুলে ধরার জন্য। আব্দুলরজাকের জন্ম পূর্ব আফ্রিকার জাঞ্জিবারে, ১৯৪৮ সালে। ১৯৬০-এর দশকে তিনি উদ্বাস্তু হিসেবে ইংল্যান্ডে উপস্থিত হন। ১৯৬৩ সালে ব্রিটিশ ঔপনিবেশিকতা থেকে জাঞ্জিবার মুক্ত হয়। কিন্তু সেই সময় সে দেশে শুরু হয় আরব বংশোদ্ভূতদের বিরুদ্ধে অত্যাচার এবং গণহত্যা। আব্দুলরজাক ও তাঁর পরিবারে আক্রমণের লক্ষ্য হয়ে পড়লে তাঁদের দেশ ছেড়ে চলে যেতে হয়। ১৯৮৪ সালের আগে তিনি আর স্বভূমিতে ফিরে যেতে পারেননি। এই ভূমিচ্যুত হওয়ার বেদনা তাঁকে উত্তর- ঔপনিবেশিকতাবাদের দিকে দৃষ্টি প্রসারিত করতে বাধ্য করে।

উদ্বাস্তু মানুষের অনুপ্রবেশ সমস্যার হাতিয়ার হয়ে ওঠে তার বিখ্যাত সব উপন্যাস 'মেমরি অফ ডিপার্চার' (১৯৮৭), 'পিলিগ্রিমস' (১৯৮৮), 'প্যারাডাইস' (১৯৯৪), 'অ্যাডমায়ারিং লাইসেন্স' (১৯৯৬), 'বাই দ্য সি' (২০০১), 'আফটারলাইভস' (২০২০)। তাঁর নোবেল প্রাপ্তি এই বিশেষ ঘরানার সাহিত্যের দিকে আবার নজর ফেরাল বিশ্বের।

শান্তিতে নোবেল

- দিমিত্রি মুরাতভ (রাশিয়া) — পুরস্কার মূল্য ১/২ অংশ
- মারিয়া রেসা (মার্কিন যুক্তরাষ্ট্র) জন্মসূত্রে ফিলিপিন্স — পুরস্কার মূল্য ১/২ অংশ

আমজনতার মতামতপ্রকাশের স্বাধীনতা ও সংবাদমাধ্যমের পূর্ণ স্বাধীনতার দাবিতে আজীবন লড়াই চালিয়ে যাওয়া দুই পথিকৃৎ সাংবাদিককে এ বার দেওয়া হল নোবেল শান্তি পুরস্কার। জয়ীদের অন্যতমা ফিলিপিন্সের মহিলা সাংবাদিক মারিয়া রেসা। যিনি ২০১২ সালে মারিয়া প্রতিষ্ঠা করেন র‍্যাপলার নামে একটি ডিজিটাল মিডিয়া প্ল্যাটফর্ম। যেটি মূলত ইনভেস্টিগেটিভ জার্নালিজম নির্ভর। অন্য জন রাশিয়ার বিশিষ্ট সাংবাদিক রাশিয়ান সংবাদপত্র নোভায়া গেজেটার মুখ্য সম্পাদক দিমিত্রি মুরাতভ। মতামত প্রকাশের স্বাধীনতার দাবিতে বুক চিতিয়ে আজীবন লড়াই করার স্বীকৃতি হিসাবেই শুক্রবার এই দুই শান্তি পুরস্কারজয়ীর নাম ঘোষণা করেছে নোবেল কমিটি। নোবেল কমিটি বলেছে, 'এই দু'জনের অবাধ, নিরপেক্ষ ও তথ্যনিষ্ঠ সাংবাদিকতা সব সময়েই ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, মিথ্যা ও যুদ্ধবাজদের মুখোশ খুলে দিতে তৎপর থেকেছে। কোনও কুণ্ঠাবোধ না করে অসমসাহসেই তাঁরা কাজ করে গিয়েছেন; করে চলেছেন। মতামত প্রকাশের স্বাধীনতা ও সংবাদমাধ্যমের পূর্ণ স্বাধীনতা ছাড়া বিশ্বভ্রাতৃত্ব অসম্ভব। নিরস্ত্রীকরণ ও উন্নততর পৃথিবী গড়ে তোলাও সম্ভব নয়। তাই এই দু'জনকে সম্মান জানানোর মাধ্যমে নোবেল কমিটি আলফ্রেড নোবেলের শেষ ইচ্ছাপত্রকেই সম্মান জানাল।'

Take a leaf out of one's book Means : ***Imitate one***

নোবেল শান্তি পুরস্কার জিতলেন মারিয়া রেসা ও দিমিত্রি মুরাতভ

অর্থনীতিতে নোবেল

- ডেভিড কার্ড — (কানাডা)— পুরস্কার মূল্য ১/২ অংশ
- জোশুয়া ডি অ্যাংরিস্ট — (মার্কিন যুক্তরাষ্ট্র)— পুরস্কার মূল্য ১/৪ অংশ
- গুইডো ডব্লু ইমবেনস — (নেদারল্যান্ড) — পুরস্কার মূল্য ১/৪ অংশ

অর্থনীতি বিজ্ঞানে অবদানের কারণে ২০২১-এ তিন অর্থনীতিবিদ একত্রে পেলেন আলফ্রেড নোবেল স্মারক পুরস্কার। তাঁরা যথাক্রমে ডেভিড কার্ড, জোশুয়া ডি অ্যাংরিস্ট এবং গুইডো ডব্লু ইমবেনস। ডেভিড কার্ড এক জন শ্রম-অর্থনীতিবিদ। তিনি আমেরিকার ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, বার্কলের অর্থনীতির অধ্যাপক। জোশুয়া অ্যাংরিস্ট আমেরিকার ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি)-র অর্থনীতির অধ্যাপক। গুইডো উইলহেলমস ইমবেনস জন্মসূত্রে ওলন্দাজ। তিনি আমেরিকার পিয়ার রিভিউ অর্থনীতি বিষয়ক পত্রিকা 'ইকনোমেট্রিকস'-এর বর্তমান সম্পাদক। সুইডিশ অ্যাকাডেমির তরফে জানানো হয়েছে, ডেভিড কার্ডকে পুরস্কৃত করা হয়েছে 'শ্রম-অর্থনীতিতে তাঁর অভিজ্ঞতালব্ধ অবদানের কারণে' এবং বাকি দুই অর্থনীতিবিদকে 'কার্য-কারণগত সম্পর্ক বিন্যাস সংক্রান্ত ক্যাজুয়াল সম্পর্ক বিশ্লেষণের বিষয়ে পদ্ধতিগত অবদানের জন্য' নোবেল পুরস্কার দেওয়া হল।

রসায়নবিদ্যায় নোবেল

- বেঞ্জামিন লিস্ট — (জার্মানি) — পুরস্কার মূল্য ১/২ অংশ
- ডেভিড ম্যাকমিলান — (ব্রিটিশ যুক্তরাজ্য)— পুরস্কার মূল্য ১/২ অংশ

জৈব যৌগ উৎপাদনের সময়ে অনেক ক্ষেত্রেই এ রকম একটা পরিস্থিতি তৈরি হয়, যখন দেখা যায় একই যৌগের দুটি রূপ তৈরি হয়েছে অর্থাৎ মিরর ইমেজ। ওই যৌগের দু'টি রূপ একই কাজ করতে পারবে না। যেমন লিমোনিন নামে একটি জৈব যৌগ আছে যার একটি গঠনের গন্ধ কমলালেবুর মতো আর তার মিরর ইমেজের গন্ধ পাতিলেবুর মতো। অর্থাৎ, যৌগ এক হলেও গঠনে সামান্য তারতম্য থাকায় রাসায়নিক বৈশিষ্ট্যও আলাদা হয়ে যায়। এই ধরনের যৌগগুলিকে অ্যাসিমেট্রিক যৌগ বলা হয়, যারা সমান নয়। দীর্ঘ দিন পর্যন্ত এই দুই মিরর ইমেজকে সহজে আলাদা করার পদ্ধতি জানা ছিল না। সেই কাজটাই আলাদাভাবে দুটি পৃথক ল্যাবে করছিলেন জার্মানির বেঞ্জামিন লিস্ট এবং স্কটল্যান্ডের ডেভিড ম্যাকমিলান।

প্রথমজন গবেষণা করেছিলেন ম্যাক্স প্লাঙ্ক ইনস্টিটিউটে, দ্বিতীয় জন আমেরিকার প্রিন্সটন ইউনিভার্সিটিতে। তাঁরাই ২০০০ সাল নাগাদ আবিষ্কার করে ফেলেন নতুন এক ধরনের ক্যাটালিস্ট বা অনুঘটক। যাকে বলা হয় অ্যাসিমেট্রিক অর্গানোক্যাটালিস্ট। অ্যাসিমেট্রিক অর্গ্যানিক বা জৈব যৌগ তৈরি করতে সাহায্য করে বলেই নাম এরকম। এই জৈব যৌগ যা বিভিন্ন জীবনদায়ী ওষুধ তৈরিতে লাগবে।

পদার্থবিদ্যায় নোবেল

- জিওর্জিও পারিসি (ইটালি) — পুরস্কার মূল্য ১/২ অংশ
- ক্লস হাসেলম্যান (জার্মানি) — পুরস্কার মূল্য ১/৪ অংশ
- স্যুকোরো মানাবে (মার্কিন যুক্তরাষ্ট্র) জন্মসূত্রে জাপান —পুরস্কার মূল্য ১/৪ অংশ

বিশ্বব্রহ্মাণ্ডের যে সব ঘটনা কোনো নির্দিষ্ট 'প্যাটার্ন' মেনে হয়, তাকে গণনার অধীনে আনা তুলনামূলকভাবে সহজ। কিন্তু যে সব ঘটনার কোনো 'প্যাটার্ন' নেই, যাকে বলা হয় 'ক্যাওটিক' অথবা 'র‍্যান্ডম'— তাদের ক্ষেত্রে কী করা যেতে পারে? র‍্যান্ডম বা ক্যাওটিক ঘটনার সবচেয়ে বড় উদাহরণ আবহাওয়া ও জলবায়ু, আর এদের যাবতীয় অনিয়মের প্রায় নিখুঁত পূর্বাভাসের পথ দেখানোর জন্য এ বার পদার্থবিজ্ঞানে তিন জনকে দেওয়া হল নোবেল পুরস্কার। পুরস্কৃত হলেন তিন দেশের নাগরিক। আমেরিকার প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক স্যুকোরো মানাবে, জার্মানির ম্যাক্স প্ল্যাঙ্ক ইনস্টিটিউট ফর মেটিরিওলজির অধ্যাপক ক্লস হাসেলম্যান এবং ইটালির রোমের সাপিয়েঞ্জা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিওর্জিও পারিসি।

ছয়ের দশকে মানাবের দেওয়া গাণিতিক মডেলেই প্রথম দেখিয়েছিল বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড গ্যাসের পরিমাণ বাড়ার সঙ্গে সঙ্গে কী ভাবে ভূপৃষ্ঠের তাপমাত্রা বাড়ে। দেখিয়েছিলেন, এক ঘণ্টায় পৃথিবীর এক বর্গ মিটার এলাকার উপর যদি ৩৪২ ওয়াটের ক্ষমতাসম্পন্ন সৌর বিকিরণ আছড়ে পড়ে ভূ-পৃষ্ঠ শুষে নেয় ২৩৫ ওয়াট, আর বাকি মাত্র ১০৭ ওয়াটের বিকিরণ মহাকাশে ফেরত পাঠায় পৃথিবীর বায়ুমণ্ডল। ফলে, ভূ-পৃষ্ঠ যতটা উত্তপ্ত হয়, ততটা গরম হয় না বায়ুমণ্ডলের উপরের স্তরগুলি। মানাবেই প্রথম দেখিয়েছিলেন, এই তারতম্যের সঙ্গে যথেষ্টই সম্পর্ক আছে বায়ুমণ্ডলের পরিচলনের। মানাবে'র কাজের ১০ বছর পরের গবেষণায় আবহাওয়া আর জলবায়ুর মধ্যে মেলবন্ধন ঘটিয়েছিলেন হাসেলম্যান। আবহাওয়া প্রচণ্ড খামখেয়ালি হলেও কেন জলবায়ুর মন আগেভাগে পড়ে ফেলা যায়, তারও কারণ জানিয়েছিলেন হাসেলম্যান তাঁর গাণিতিক মডেলে।

আবার পরমাণু পর্যায় থেকে গ্রহের বিশাল মাপে ফিজিক্যাল সিস্টেমে 'ডিসঅর্ডার'-এর সঙ্গে কী ভাবে বিচ্যুতি জড়িয়ে তার হিসেব-নিকেশ দিয়েছেন জিওর্জিও প্যারিসি।

দেশের সাম্প্রতিক নতুন নিয়োগ

❖ **রাজীব আগরওয়াল – ফেসবুক ইন্ডিয়ার পাবলিক পলিসি বিষয়ক প্রধান :**

২২ সেপ্টেম্বর সোশাল নেটওয়ার্কিং সাইট ফেসবুক ইন্ডিয়ার পাবলিক পলিসি বিষয়ক প্রধান হিসাবে নিযুক্ত হলেন রাজীব আগরওয়াল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আঁখি দাসের স্থলাভিষিক্ত হলেন।

❖ **উদয় কোটাক — IL & FS-এর নন-এগজিকিউটিভ চেয়ারম্যান :**

২৩ সেপ্টেম্বর কেন্দ্রীয় সরকার ইনফ্রাস্ট্রকচার লিজিং অ্যান্ড ফিনান্সিয়াল সার্ভিসেস (IL & FS) -এর নন-এগজিকিউটিভ চেয়ারম্যান হিসাবে উদয় কোটাকের কার্যকালের মেয়াদ পরবর্তী ৬ মাস বৃদ্ধি করল। তিনি ২০২২ সালের ২ এপ্রিল পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন।

❖ **সুরেশ রায়না — Howzat Fantasy Sports Platform -এর বিপণন দূত :**

২৩ সেপ্টেম্বর ভারতের কিংবদন্তী ক্রিকেটার সুরেশ রায়না Howzat Fantasy Sports Platform-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন। তিনি ওই স্পোর্টস প্লাটফর্মের Junglee Games-এর বিপণনে সহায়তা করবেন।

❖ **অনিরুদ্ধ তেওয়ারি — পাঞ্জাবের মুখ্য সচিব :**

২৪ সেপ্টেম্বর পাঞ্জাবের মুখ্যসচিব হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন অনিরুদ্ধ তেওয়ারি। ১৯৯০ সালের ব্যাচের এই আইএএস অফিসার এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিনি মহাজনের স্থলাভিষিক্ত হলেন। অনিরুদ্ধ তেওয়ারি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে পাঞ্জাবের কৃষি উন্নয়ন বিভাগের অ্যাডিশনাল চিফ সেক্রেটারি হিসাবে কর্মরত ছিলেন।

❖ **রাজীব বনসল – অসামরিক বিমান চলাচল মন্ত্রকের সচিব :**

২৪ সেপ্টেম্বর অসামরিক বিমান চলাচল মন্ত্রকের সচিব হিসাবে নিযুক্ত হলেন রাজীব বনসল। ১৯৮৮ সালের ব্যাচের নাগাল্যান্ড ক্যাডারের এই আইএএস অফিসার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এয়ার ইন্ডিয়ার সিএমডি হিসাবে কর্মরত ছিলেন।

❖ **দেবব্রত মুখার্জি – অডিট ব্যুরো অফ সার্কুলেশনসের চেয়ারম্যান :**

২৭ সেপ্টেম্বর অডিট ব্যুরো অফ সার্কুলেশনস-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেদ দেবব্রত মুখার্জি। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে দীর্ঘ ২৭ বছর ধরে কিংফিশার, হেইক্যান, আমস্টেল প্রভৃতি মদ কোম্পানির ম্যানেজমেন্ট আধিকারিক হিসাবে কর্মরত ছিলেন। এছাড়া অডিট ব্যুরো অফ সার্কুলেশনস'-এর ডেপুটি চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন প্রতাপ জি পাওয়ার।

❖ **এয়ার মার্শাল বিবেক রাম চৌধুরি — ভারতীয় বিমান বাহিনীর প্রধান :**

৩০ সেপ্টেম্বর ভারতীয় বিমান বাহিনীর প্রধান বা এয়ার চিফ মার্শাল হিসাবে নিযুক্ত হলেন এয়ার মার্শাল বিবেক রাম চৌধুরি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আর কে এস ভাদুরিয়ার স্থলাভিষিক্ত হলেন। বিবেক রাম চৌধুরি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এয়ার স্টাফের ভাইস চিফ হিসাবে কর্মরত ছিলেন।

❖ **রেবেকা ভ্যানেসা সুচিয়াং — মেঘালয়ের মুখ্য সচিব**

৩০ সেপ্টেম্বর মেঘালয়ের মুখ্য সচিব হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন রেবেকা ভ্যানেসা সুচিয়াং। এই পদে পূর্ববর্তী পদাধিকারী এম এস রাওয়ের স্থলাভিষিক্ত হলেন। ১৯৮৯ সালের অসম-মেঘালয় ক্যাডারের আইএএস অফিসার রেবেকা ভ্যানেসা সুচিয়াং প্রথম মহিলা হিসাবে মেঘালয়ের মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হয়েছেন।

❖ **বি সি পট্টনায়েক — এলআইসি'র ম্যানেজিং ডিরেক্টর**

১ অক্টোবর লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন অফ ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন বি সি পট্টনায়েক। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কাউন্সিল ফর ইন্সিয়োরেন্স ওম্বাডসম্যান (CIO) -এর সেক্রেটারি জেনারেল হিসাবে কর্মরত ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, বর্তমানে এলআইসিতে ১ জন চেয়ারম্যান এবং ৪ জন ম্যানেজিং ডিরেক্টর রয়েছেন।

❖ **বিনোদ আগরওয়াল – ASDC-র প্রেসিডেন্ট :**

১ অক্টোবর অটোমেটিভ স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল (ASDC) -র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন বিনোদ আগরওয়াল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নিকুঞ্জ সাংঘির স্থলাভিষিক্ত হলেন। বিনোদ আগরওয়াল এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ভি ই কমার্শিয়াল ভেহিকেলস লিমিটেডের ডিরেক্টর এবং সিইও হিসাবে কর্মরত ছিলেন।

❖ **পদ্মাজা চুন্দুরু — NSDL-এর এমডি এবং সিইও :**

২ অক্টোবর ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড (NSDL)-এর এমডি এবং সিইও হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন পদ্মাজা চুন্দুরু। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জি ভি নাগেশ্বর রাওয়ের স্থলাভিষিক্ত

Read between the lines *Means* **: Understand the hidden meaning**

ফোর্বর্স ইন্ডিয়া রিচ লিস্ট 2021-র শীর্ষে আছেন মুকেশ আম্বানি

হলেন। পদ্মাজা চুন্দুরু এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে দীর্ঘদিন ইন্ডিয়ান ব্যাঙ্কের এমডি এবং সিইও, এসবিআইয়ের ডিজিটাল ব্যাঙ্কিং ক্ষেত্রের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, এলআইসি'র ডিরেক্টর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

❖ **রণবীর সিং— ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশনের বিপণন দূত :**

২ অক্টোবর ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশনের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বলিউড চলচ্চিত্র অভিনেতা রণবীর সিং। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে বাস্কেটবল সংক্রান্ত সচেতনতা বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

❖ **কঙ্গনা রানাওয়াত — উত্তরপ্রদেশের ওয়ান ডিস্ট্রিক্ট -ওয়ান প্রোডাক্ট-এর বিপণন দূত :**

৪ অক্টোবর উত্তরপ্রদেশ সরকার কর্তৃক 'ওয়ান ডিস্ট্রিক্ট-ওয়ান প্রোডাক্ট' -এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বলিউড চলচ্চিত্র অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। উত্তরপ্রদেশ সরকার ৭৫টি জেলায় প্রোডাক্ট- স্পেসিফিক ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রিয়াল হাব গড়ে তোলার জন্য 'ওয়ান ডিস্ট্রিক্ট-ওয়ান প্রোডাক্ট' কর্মসূচী গ্রহণ করেছে।

❖ **আমীশ মেহেতা – CRISIL -এর এমডি এবং সিইও :**

৪ অক্টোবর CRISIL-এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন আমীশ মেহেতা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আশু সুহাসের স্থলাভিষিক্ত হলেন।

❖ **অমিতাভ বচ্চন — CoinDCX-এর বিপণন দূত :**

৫ অক্টোবর ভারতের প্রথম ক্রিপ্টো ইউনিকর্ন সংস্থা CoinDCX এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বর্ষীয়ান চলচ্চিত্র অভিনেতা অমিতাভ বচ্চন। তিনি এই সংস্থার বিভিন্ন বিপণনমূলক কর্মসূচীতে অংশগ্রহণ করে সংস্থাটির বিপণনে সাহায্য করবেন।

❖ **ওয়েন্ডি ওয়ার্নার --- ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশনের ভারতীয় ক্ষেত্রের প্রধান :**

৬ অক্টোবর ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশনের ভারতীয় ক্ষেত্রের প্রধান হিসাবে নিযুক্ত হলেন ওয়েন্ডি ওয়ার্নার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জুং ঝ্যাং-এর স্থলাভিষিক্ত হলেন। ওয়েন্ডি ওয়ার্নার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার পূর্ব এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ট্রেড অ্যান্ড কম্পিটিটিভনেস ম্যানেজার হিসাবে কর্মরত ছিলেন।

❖ **বজরং পুনিয়া ও মীরাবাঈ চানু — অম্রুতাঞ্জন হেলথ কেয়ার লিমিটেডের বিপণন দূত :**

৭ অক্টোবর অম্রুতাঞ্জন হেলথ কেয়ার লিমিটেডের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন টোকিও অলিম্পিকে রৌপ্য মেডেল জয়ী ভারোত্তোলক মীরবাঈ চানু এবং এবং ব্রোঞ্জ মেডেল জয়ী কুস্তীগির বজরং পুনিয়া। এই দুই খেলোয়াড় সংস্থার বিপণনমূলক কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

❖ **বিরাট কোহলি — ফায়ার-বোল্ট স্মার্ট ওয়াচের বিপণন দূত :**

৮ অক্টোবর ভারতের জনপ্রিয় স্মার্ট ওয়াচ প্রস্তুতকারক সংস্থা ফায়ার বোল্ট-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ক্রিকেটার বিরাট কোহলি। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থার তরফে গ্রহণ করা বিভিন্ন বিপণনমূলক কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

❖ **অশোক কুমার গুপ্তা — ন্যাশনাল ফিনান্সিয়াল রিপোর্টিং অথরিটির চেয়ারপার্সন :**

৮ অক্টোবর ন্যাশনাল ফিনান্সিয়াল রিপোর্টিং অথরিটির চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন অশোক কুমার গুপ্তা। এই পদে তিনি পূর্ববর্তী পদাধিকারী রঙ্গচারী শ্রীধরনের স্থলাভিষিক্ত হলেন। তিনি বর্তমানে কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়ার চেয়ারপার্সন হিসাবেও নিযুক্ত আছেন।

❖ **রণবীর সিং — CoinSwitch Kuber-এর বিপণন দূত:**

১০ অক্টোবর ক্রিপ্টো কারেন্সি প্লাটফর্ম CoinSwitch Kuber-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বিশিষ্ট বলিউড অভিনেতা রণবীর সিং। তিনি ক্রিপ্টো কারেন্সি সংক্রান্ত বিষয়ে গ্রাহক সাধারণকে অবগত করার জন্য বিভিন্ন প্রচারাভিযান কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

❖ **অভীক সরকার — প্রেস ট্রাস্ট অফ ইন্ডিয়ার চেয়ারম্যান:**

১০ অক্টোবর প্রেস ট্রাস্ট অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে দ্বিতীয় বারের জন্য পুনর্নিযুক্ত হলেন এডিটর অ্যামেরিটাস এবং আনন্দ গ্রুপ অফ পাবলিকেশনসের ভাইস চেয়ারম্যান অভীক সরকার। এদিন পিটিআই-এর ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন দ্য প্রিন্টার্স প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর এ এন শান্ত কুমার।

❖ **ভারতের বিভিন্ন হাইকোর্ট-এর নবনিযুক্ত প্রধান বিচারপতিগণ:**

১১ অক্টোবর রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ভারতের ১৩টি হাইকোর্টের প্রধান বিচারপতিদের নিয়োগ করার সুপারিশ করেছেন। এর মধ্যে ৮টি

Stick to one's guns *Means* : **Remain falthful to the cause**

সম্প্রতি NARCL-র এমডি পদে নিযুক্ত হলেন পি এম নায়ার

হাইকোর্টের প্রধান বিচারপতিদের নতুনভাবে নিয়োগ করার সুপারিশ করেছেন এবং ৫টি হাইকোর্টের প্রধান বিচারপতিদের বদলির বিষয়ে সুপারিশ করেছেন। নীচে নবনিযুক্ত প্রধান বিচারপতিদের তালিকা দেওয়া হল—

প্রধান বিচারপতির নাম	হাইকোর্টের নাম
রাজেশ বিন্দাল	এলাহাবাদ হাইকোর্ট
প্রকাশ শ্রীবাস্তব	ক্যালকাটা হাইকোর্ট
রঞ্জিত বসন্তরাও মোরে	মেঘালয় হাইকোর্ট
আর ভি মালিমাত	মধ্যপ্রদেশ হাইকোর্ট
সতীশচন্দ্র শর্মা	তেলেঙ্গানা হাইকোর্ট
অরবিন্দ কুমার	গুজরাট হাইকোর্ট
ঋতুরাজ অবস্থি	কর্ণাটক হাইকোর্ট
প্রশান্ত কুমার মিশ্র	অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট
এ এ কুরেশি	রাজস্থান হাইকোর্ট
ইন্দ্রজিৎ মোহান্তি	ত্রিপুরা হাইকোর্ট
মহম্মদ রফিক	হিমাচল প্রদেশ হাইকোর্ট
বিশ্বনাথ সমাদ্দার	সিকিম হাইকোর্ট
অরূপ কুমার গোস্বামী	ছত্তিশগড় হাইকোর্ট

❖ মীরা মোহান্তি — পিএমও দপ্তরের যুগ্ম সচিব :

১২ অক্টোবর পিএমও দপ্তরের যুগ্ম সচিব হিসাবে নিযুক্ত হলেন মীরা মোহান্তি। ২০০৫ সালের ব্যাচের হিমাচল প্রদেশ ক্যাডারের এই আইএএস অফিসার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে পিএমও দপ্তরের ডিরেক্টর হিসাবে কর্মরত ছিলেন।

❖ অরুণ কুমার মিশ্র — EESL-এর সিইও :

১৩ অক্টোবর দ্য এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেস লিমিটেড-এর সিইও হিসাবে নিযুক্ত হলেন অরুণ কুমার মিশ্র। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সৌরভ কুমারের স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এনটিপিসি লিমিটেড, রুরাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেড, পাওয়ার ফিনান্স কর্পোরেশন লিমিটেড এবং পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের যৌথ তত্ত্বাবধানে এই সংস্থা গঠিত হয়েছিল।

❖ রজনীশ কুমার — BharatPe-এর চেয়ারম্যান :

১৩ অক্টোবর ভারতের ফিনটেক কোম্পানি BharatPe-এর পরিচালন বোর্ডের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন রজনীশ কুমার। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ২০১৭-২০ সাল পর্যন্ত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও বর্তমানে তিনি এইচএসবিসি ব্যাঙ্কের ইন্ডিপেন্ডেন্ট নন-এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত আছেন।

❖ অমিত খারে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপদেষ্টা :

১৩ অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার অমিত খারে। ১৯৮৫ সালের ঝাড়খণ্ড ক্যাডারের এই আইএএস অফিসার কিছুদিন পূর্বে কেন্দ্রীয় উচ্চশিক্ষা মন্ত্রকের সচিব পদ থেকে অবসর নিয়েছিলেন।

❖ রীতেশ চৌহান — প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার সিইও :

১৪ অক্টোবর প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার সিইও হিসাবে নিযুক্ত হলেন রীতেশ চৌহান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আশিস কুমার ভুটানির স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে ২০২৩ সাল পর্যন্ত নিযুক্ত থাকবেন।

❖ পি কে পূর্বার — MTNL-এর সিএমডি :

১৫ অক্টোবর কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি মহানগর টেলিফোন নিগম লিমিটেডের সিএমডি হিসাবে পি কে পূর্বারের কার্যকালের মেয়াদ পরবর্তী ১ বছর বৃদ্ধি করল। তিনি এই পদে ১৪ অক্টোবর ২০২২ পর্যন্ত নিযুক্ত থাকবেন। বর্তমানে তিনি বিএসএনএল- এর সিএমডি হিসাবেও অতিরিক্ত দায়িত্বভার পালন করছেন।

❖ এ কে গোয়েল — ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান :

১৬ অক্টোবর ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ইউকো ব্যাঙ্কের এমডি এবং সিইও এ কে গোয়েল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জি রাজকিরণ রাইয়ের স্থলাভিষিক্ত হলেন।

❖ নবরং সাইনি — IBBI-এর চেয়ারপার্সন :

১৮ অক্টোবর ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (IBBI)-এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন নবরং সাইনি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এম এস সাহু'র স্থলাভিষিক্ত হলেন। নবরং সাইনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার পরিচালন বোর্ডের পূর্ণ সময়ের সদস্য ছিলেন।

❖ প্রদীপ কুমার পাঁজা — কর্ণাটক ব্যাঙ্কের নন-এগজিকিউটিভ চেয়ারম্যান :

১৯ অক্টোবর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্ণাটক ব্যাঙ্ক লিমিটেডের নন-এগজিকিউটিভ চেয়ারম্যান হিসাবে প্রদীপ কুমার পাঁজাকে নিযুক্ত করার সুপারিশ করল। তাঁর কার্যকালের মেয়াদ ১৪ নভেম্বর ২০২১ থেকে পরবর্তী

'A man of straw Means : A man of no substance

৩ বছর কার্যকরী থাকবে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি জয়রাম ভাটের স্থলাভিষিক্ত হলেন।

❖ **সহদেব যাদব – ইন্ডিয়ান ওয়েটলিফটিং ফেডারেশনের প্রেসিডেন্ট :**

১৯ অক্টোবর ইন্ডিয়ান ওয়েটলিফটিং ফেডারেশনের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন সহদেব যাদব। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার সেক্রেটারি জেনারেল হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। এদিন ওই সংস্থার সেক্রেটারি জেনারেল এবং কোষাধ্যক্ষ হিসাবে নিযুক্ত হলেন যথাক্রমে এস এইচ আনাডে গৌড়া এবং নরেশ শর্মা।

❖ **অমিত রাস্তোগি – NRDC-র সিএমডি :**

২০ অক্টোবর ন্যাশনাল রিসার্চ ডেভেলমেন্ট কর্পোরেশন (NRDC) -এর সিএমডি হিসাবে নিযুক্ত হলেন অমিত রাস্তোগি। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্ত ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের ডিরেক্টর হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

❖ **এ বালাশুভ্রমনিয়ান – AMFI-এর চেয়ারম্যান :**

২১ অক্টোবর অ্যাসোসিয়েশন অফ মিউচুয়াল ফান্ডস ইন ইন্ডিয়া (AMFI) এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন আদিত্য বিড়লা সানলাইফ অ্যাসেট ম্যানেজমেন্টের সিইও এ বালাশুভ্রমনিয়ান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নীলেশ শাহ'র স্থলাভিষিক্ত হলেন। এদিন ওই সংস্থার আরো যেসকল পদাধিকারীরা নিযুক্ত হয়েছেন তাঁরা হলেন— (১) নীলেশ শাহ — AMFI ভ্যালুয়েশন কমিটির চেয়ারম্যান (২) রাধিকা গুপ্ত — AMFI এর ভাইস চেয়ারপার্সন (৩) বিশাল কাপুর — AMFI স্ট্যান্ডিং কমিটি অফ সার্টিফায়েড ডিস্ট্রিবিউটর্সের চেয়ারম্যান।

❖ **ক্যাপ্টেন আলোক মিশ্র – IPGL-এর ম্যানেজিং ডিরেক্টর :**

২১ অক্টোবর কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি ইন্ডিয়া পোর্টস গ্লোবাল লিমিটেড (IPGL) এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন ক্যাপ্টেন আলোক মিশ্র। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী হরজিৎ কাউর যোশীর স্থলাভিষিক্ত হলেন।

❖ **পি কে গর্গ – স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার সিইও :**

২২ অক্টোবর স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার সিইও হিসাবে নিযুক্ত হলেন পি কে গর্গ। ১৯৮৪ সালে তিনি ভারতীয় নৌবাহিনীতে যোগদান করে কর্মজীবন শুরু করেছিলেন। তিনি ১৯৯০ সালে 'অর্জুন পুরস্কার', ১৯৯৩-৯৪ সালে 'মেজর ধ্যানচাঁদ খেলরত্ন অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছেন।

❖ **কে এল রাহুল – রিয়েলমি'র বিপণন দূত :**

২৩ অক্টোবর চাইনিজ স্মার্টফোন প্রস্তুতকারক সংস্থা রিয়েলমি'র বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার কে এল রাহুল। তিনি এই পদে নির্বাচিত হওয়ার সুবাদে ভারতসহ বিশ্বব্যাপী ব্র্যান্ডটির বিপণনে সহায়তা করবেন।

সাম্প্রতিককালের আন্তর্জাতিক নতুন নিয়োগ

○ **জাস্টিন ট্রুডো — কানাডার প্রধানমন্ত্রী :**

২৩ সেপ্টেম্বর কানাডার প্রধানমন্ত্রী নির্বাচনে তৃতীয়বারের জন্য নির্বাচিত হলেন জাস্টিন ট্রুডো। কানাডার লিবারেল পার্টির এই দলনেতা এবারের নির্বাচনে ১৫৮টি আসনে জয়লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৫ সালে ৪ নভেম্বর কানাডার প্রধানমন্ত্রী হিসাবে প্রথমবার দায়িত্ব গ্রহণ করেছিলেন। পূর্বে ২০১৫-১৮ সাল পর্যন্ত ইউথ অ্যান্ড ইন্টার গভর্নমেন্টাল অ্যাফেয়ার্স মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

○ **অভিষেক ভার্মা — ওয়ার্ল্ড আর্চারি অ্যাথলিট কমিটির সদস্য :**

২৪ সেপ্টেম্বর ওয়ার্ল্ড আর্চারি অ্যাথলিট কমিটির সদস্য হিসাবে নিযুক্ত হলেন ভারতের বিশিষ্ট তিরন্দাজি খেলোয়াড় অভিষেক ভার্মা। তিনি ২০২৫ সাল পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন। এই দিন অভিষেক ভার্মার পাশাপাশি রাশিয়ার নাটালিয়া আভদেভাও ওই কমিটির সদস্য হিসাবে নিযুক্ত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, কমিটির মোট সদস্য সংখ্যা চেয়ারম্যান-সহ ৫ জন। বর্তমান চেয়ারম্যান হলেন নাওমি ফোলকার্ড (গ্রেট ব্রিটেন)।

○ **ম্যাগনাস কার্লসেন — মাস্টার কার্ডের বিপণন দূত :**

২৬ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের মাল্টি ন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিসেস কোম্পানি মাস্টার কার্ডের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন নরওয়ের কিংবদন্তী দাবাড়ু ম্যাগনাস কার্লসেন। প্রসঙ্গত উল্লেখ্য, মাস্টার কার্ড সম্প্রতি মেল্ট ওয়াটার চ্যাম্পিয়ন্স চেস ট্যুরের অফিসিয়াল পার্টনার হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

A big gun *Means* : An important person

* পশ্চিমবঙ্গের মিহিদানা মিষ্টিটি সম্প্রতি জিআই ট্যাগ পেল

○ গিরিশ চন্দ্র মুর্মু — IAEA-এর এক্সটার্নাল অডিটর :

২৭ সেপ্টেম্বর ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সির (IAEA) -এর এক্সটার্নাল অডিটর হিসাবে নিযুক্ত হলেন ভারতের গিরিশ চন্দ্র মুর্মু। তিনি বর্তমানে ভারতের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল হিসাবে কর্মরত আছেন। ভারতের ক্যাগ হিসাবে নিযুক্ত হওয়ার পূর্বে ২০১৯-২০ পর্যন্ত জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

○ কর্নেল মামাদি দোম্বোয়া — গিনির রাষ্ট্রপতি :

১ অক্টোবর গিনির অন্তর্বর্তীকালীন রাষ্ট্রপতি হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন কর্নেল মামারি দোম্বোয়া। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আলফা কোন্দের স্থলাভিষিক্ত হলেন। বর্তমানে তিনি গিনির ন্যাশনাল কমিটি অফ রিকনসিলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট'-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত আছেন।

○ ফুমিও কিশিদা — জাপানের প্রধানমন্ত্রী :

৪ অক্টোবর জাপানের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন ফুমিও কিশিদা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জোশিহিদি সুগার স্থলাভিষিক্ত হলেন। লিবারেল ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট ফুমিও কিশিদা এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ২০১২-২০১৭ সাল পর্যন্ত বিদেশ মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।

○ নাজলা বৌদান রমধানী — তিউনিশিয়ার প্রধানমন্ত্রী :

১১ অক্টোবর তিউনিশিয়ার ৪৩তম তথা প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন নাজলা বৌদান রমধানী। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী হেইচেম মেকহাইচির স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিউনিশিয়ার ন্যাশনাল স্কুল অফ ইঞ্জিনিয়ার্সের ভূ-বিদ্যা বিষয়ের অধ্যাপিক হিসাবে কর্মরত ছিলেন।

○ আলেকজান্ডার চ্যালেনবার্গ — অস্ট্রিয়ার চ্যান্সেলর :

১১ অক্টোবর অস্ট্রিয়ার চ্যান্সেলর হিসাবে নিযুক্ত হলেন আলেকজান্ডার চ্যালেনবার্গ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সেবাস্টিয়ান ক্রুজের স্থলাভিষিক্ত হলেন। অস্ট্রিয়ার এই অভীজ্ঞ কূটনীতিবিদ এই পদে নিযুক্ত হওয়ার আগে পর্যন্ত বিদেশ মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।

○ দীপা মালিক — OYO-এর স্বাধীন ডিরেক্টর :

১৪ অক্টোবর জনপ্রিয় আতিথেয়তা প্রতিষ্ঠান OYO-এর পরিচালন বোর্ডের স্বাধীন ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন ভারতের প্যারা অ্যাথলিট দীপা মালিক, যিনি ২০১৬ সালের প্যারা অলিম্পিক গেমসে রৌপ্য মেডেল জয়লাভ করেছিলেন।

○ সজ্জন জিন্দাল — ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান :

১৭ অক্টোবর ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভারতের জেএসডব্লিউ স্টিল লিমিটেডের সিএমডি সজ্জন জিন্দাল। এদিন ওই সংস্থার ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন বিএইচআইএস গ্রুপ লিমিটেডের চেয়ারম্যান ইউ ইয়ং।

○ ইমতিয়াজ আলি — রাশিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল ইন ইন্ডিয়ার বিপণন দূত :

২১ অক্টোবর রাশিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল ইন ইন্ডিয়ার বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের বিশিষ্ট চলচ্চিত্র-প্রযোজক এবং লেখক ইমতিয়াজ আলি। ১৬ অক্টোবর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত এই চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হবে।

○ সান্দা ম্যাসন — বার্বাডোজে'র প্রেসিডেন্ট :

২৩ অক্টোবর বার্বাডোজের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন সান্দা ম্যাসন। তিনি চলতি বছরের ৩০ নভেম্বর আনুষ্ঠানিকভাবে এই পদের দায়িত্ব গ্রহণ করবেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রানি দ্বিতীয় এলিজাবেথের স্থলাভিষিক্ত হলেন। বর্তমানে তিনি বার্বাডোজের অষ্টম গভর্নর জেনারেল হিসাবে কর্মরত আছেন।

○ দীপিকা পাড়ুকোন — অ্যাডিডাসে'র বিশ্বব্যাপী বিপণন দূত :

২৩ অক্টোবর ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক সংস্থা অ্যাডিডাসের বিশ্বব্যাপী বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের জনপ্রিয় চলচ্চিত্র অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। প্রসঙ্গত উল্লেখ্য, পূর্বে অ্যাডিডাস ইন্ডিয়ার বিপণন দূত হিসাবে যাঁরা নিযুক্ত হয়েছেন তাঁরা হলেন— মীরাবাঈ চানু, লভলীনা বোরগোহাইন, সীমরনজিৎ কাউর, হিমা দাস, দীপিকা পাল্লিকাল প্রমুখ।

বিশেষ বিজ্ঞপ্তি

GSCE Publications থেকে প্রকাশিত Magazine ও Books খুব কম দামে Students ও ডিলারগণ বাড়িতে বসে সংগ্রহ করতে যোগাযোগ করুন :- www.gscepublications.com ● Phone :- 9874273000

সাম্প্রতিককালের প্রয়াণ

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
যুধবীর সিং দাদোয়াল	জন্ম : ১৯৫১ সাল মৃত্যু : ২৪ সেপ্টেম্বর, ২০২১ মৃত্যুস্থান : দিল্লি মৃত্যুকালীন বয়স : ৭০ বছর	তিনি একজন অভীজ্ঞ আইপিএস অফিসার ও দক্ষ প্রশাসক ছিলেন। ২০০৭-২০১০ পর্যন্ত তিনি দিল্লির ১৬তম পুলিশ কমিশনার হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও ২০১৬ সালে অরুণাচল প্রদেশের গভর্নর হিসাবে নিযুক্ত হয়ে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।
মনোরমা মহাপাত্র	জন্ম : ১০ জুন, ১৯৩৪ মৃত্যু : ২৫ সেপ্টেম্বর, ২০২১ মৃত্যুস্থান : কটক মৃত্যুকালীন বয়স : ৮৭ বছর	তিনি ওডিশার জনপ্রিয় কবি, সাহিত্যিক ও সমাজসেবী ছিলেন। তিনি সমগ্র জীবনে ৪০টির বেশি গ্রন্থ রচনা করেছেন। সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ১৯৮৮ সালে 'সোভিয়েত নেহেরু অ্যাওয়ার্ড', ১৯৯০ সালে 'ক্রিটিক সার্কেল অফ ইন্ডিয়া অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছেন।
কমলা বাসিন	জন্ম : ২৪ এপ্রিল, ১৯৪৬ মৃত্যু : ২৫ সেপ্টেম্বর, ২০২১ মৃত্যুস্থান : দিল্লি মৃত্যুকালীন বয়স : ৭৫ বছর	তিনি ভারতের একজন উন্নয়নশীল নারীবাদী লেখিকা ও সমাজবিজ্ঞানী ছিলেন। তাঁর লেখার মধ্যে দিয়ে নারীবাদী চিন্তাচেতনা ও নারীর অধিকার রক্ষার বিষয়টি ফুটে উঠেছে। তাঁর লেখা উল্লেখযোগ্য কবিতা 'কিঁউকি ম্যায় লেড়কি হুঁ', 'মুঝে পড়না হ্যা',-এর জন্য তিনি বিখ্যাত হয়ে আছেন।
রজার হান্ট	জন্ম : ২০ জুলাই, ১৯৩৮ মৃত্যু : ২৭ সেপ্টেম্বর, ২০২১ মৃত্যুস্থান : ইংল্যান্ড মৃত্যুকালীন বয়স : ৮৩ বছর	তিনি ইংল্যান্ডের পেশাদারী ফুটবলার ছিলেন। লিভারপুলের স্ট্রাইকার হিসাবে দীর্ঘদিন খেলেছিলেন। ১৯৬৬ সালে ফিফা বিশ্বকাপ জয়ী ইংল্যান্ড দলের সদস্য ছিলেন তিনি। ১৯৬২-১৯৬৯ সাল পর্যন্ত ইংল্যান্ড জাতীয় দলের হয়ে মোট ৩৪টি ম্যাচে ১৮টি গোল করেছেন।
বালা ভি বালাচন্দ্রন	জন্ম : ৫ মে, ১৯৩৭ মৃত্যু : ২৮ সেপ্টেম্বর, ২০২১ মৃত্যুস্থান : মার্কিন যুক্তরাষ্ট্র মৃত্যুকালীন বয়স : ৮৪ বছর	তিনি একজন ভারতীয় বংশোদ্ভূত ম্যানেজমেন্ট কর্মী ছিলেন। তিনি গ্রেট লেকস ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (GLIM) প্রতিষ্ঠা করেছিলেন। ম্যানেজমেন্ট জগতে তিনি 'আঙ্কেল বালা' হিসাবে অধিক জনপ্রিয় হয়ে আছেন।
সৈয়দ আবুল-হাসান বানিসদর	জন্ম : ২২ মার্চ, ১৯৩৩ মৃত্যু : ৯ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : ফ্রান্স মৃত্যুকালীন বয়স : ৮৮ বছর	তিনি ইরানের বিশিষ্ট রাজনীতিবিদ ও লেখক ছিলেন। ১৯৭৯ সালে ইরানি বিপ্লবের মধ্য দিয়ে রাজতন্ত্রের অবসানের পর তিনিই প্রথম ইরানের রাষ্ট্রপতি হন। ১৯৮০-৮১ সাল পর্যন্ত রাষ্ট্রপতি পদে নিযুক্ত ছিলেন। তিনি ১৯৭৯-৮০ সাল পর্যন্ত সেদেশের অর্থমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।
আব্দুল কাদের খান	জন্ম : ১ এপ্রিল, ১৯৩৬ মৃত্যু : ১০ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : পাকিস্তান মৃত্যুকালীন বয়স : ৮৫ বছর	তিনি পাকিস্তানের বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী ছিলেন। পরমাণু বিজ্ঞানে অসামান্য অবদানের জন্য তাঁকে ফাদার অফ পাকিস্তান নিউক্লিয়ার ওয়েপনস বলা হয়। তিনি ১৯৯৬ সালে নিশান-ই-ইমতিয়াজ, ১৯৮৯ সালে হিলাল-ই-ইমতিয়াজ সম্মানে ভূষিত হয়েছেন।
বলবিন্দর সিং নাকাই	জন্ম : ৫ ডিসেম্বর, ১৯৩৪ মৃত্যু : ১১ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : নতুন দিল্লি মৃত্যুকালীন বয়স : ৮৭ বছর	তিনি বিশিষ্ট কৃষক দরদী প্রশাসক ছিলেন। ২০১৯ সালে তিনি ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার্স কো-অপারেটিভ (IFFCO) -এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছিলেন।
সারণজিৎ সিং	জন্ম : ১৯৬২ সাল মৃত্যু : ১৬ অক্টোবর, ২০২১ মৃত্যুস্থান : হায়দরাবাদ মৃত্যুকালীন বয়স : ৫৯ বছর	তিনি ভারতের একজন আন্তর্জাতিক মানের হকি খেলোয়াড় ছিলেন। তিনি ১৯৮৩ সালে জার্মান সফরকারী ভারতীয় হকি দলের সদস্য ছিলেন। তিনি এসবিআই-এর হয়ে দীর্ঘদিন হকি খেলেছিলেন।

Nip in the bud *Means* : **Destroy in the early stage**

খেলাধুলার খবরাখবর

ক্রিকেট

টেস্ট ক্রিকেটকে বিদায় জানালেন মঈন আলি

সম্প্রতি ইংল্যান্ডের ৩৪ বছর বয়সি ক্রিকেটার মঈন আলি টেস্ট ক্রিকেট থেকে অবসর নিলেন। ৬ সেপ্টেম্বর ২০২১ এর সর্বশেষ তথ্য অনুযায়ী তিনি সমগ্র টেস্ট ক্রিকেট জীবনে ৬৪টি টেস্টে ২৯১৪ রান এবং ১৯৫টি উইকেট সংগ্রহ করেছেন। টেস্ট ক্রিকেটে তাঁর সর্বাধিক রান হল ১৫৫।

অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম ভারতীয় মহিলা ব্যাটসম্যান হিসাবে শতরান স্মৃতির

সম্প্রতি ভারত ও অস্ট্রেলিয়ার মহিলা ক্রিকেট দলের মধ্যে অনুষ্ঠিত প্রথম গোলাপি বলে দিনরাতের ক্রিকেটে অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম ভারতীয় মহিলা ব্যাটসম্যান হিসাবে শতরান করার রেকর্ড গড়লেন স্মৃতি মান্ধানা। তিনি এই খেলায় ২২টি চার, ১টি ছক্কাসহ মোট ১২৭ রান করেছেন।

দাবা

❖ সম্প্রতি নরওয়েতে অনুষ্ঠিত 'ইওয়াই নরওয়ে চেস টুর্নামেন্ট- ২০২১' এ চ্যাম্পিয়ন হলেন নরওয়ের গ্র্যান্ড মাস্টার ম্যাগনাস কার্লসেন। তিনি এবারের খেলায় রাশিয়ার গ্র্যান্ড মাস্টার আয়ান আলেকজান্ডারোভিচ নেপোমনিয়াচিটচিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

❖ সম্প্রতি হাঙ্গেরিরর বুদাপেস্টে অনুষ্ঠিত ফার্স্ট স্যাটারডে গ্র্যান্ড মাস্টার দাবা প্রতিযোগিতায় ভারতের ১৫ বছর বয়সি মহিলা দাবাড়ু দিব্যা দেশমুখ চ্যাম্পিয়ন হলেন। তিনি ভারতের ২১তম মহিলা হিসাবে এই চ্যাম্পিয়নশিপ খেতাব জয়লাভ করলেন।

কার রেসিং

❖ ২৬ সেপ্টেম্বর রাশিয়ার সোচি অটোড্রোমে অনুষ্ঠিত ২০২১ সালের রাশিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ব্রিটেনের মার্সিডিজ ড্রাইভার লুইস হ্যামিল্টন। এটি তাঁর ক্রীড়া জীবনের ১০০তম জয়লাভ। এবারের রাশিয়ান গ্রাঁপিতে দ্বিতীয় ও তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন এবং স্পেনের ফেরারি ড্রাইভার কার্লোস সাঞ্চ জুনিয়র।

❖ ১০ অক্টোবর ইস্তানবুল পার্কে অনুষ্ঠিত ২০২১ সালের তুর্কিজ গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন মার্সিডিজ ড্রাইভার ভালতেরি বোট্টাস (ফিনল্যান্ড)। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন (নেদারল্যান্ড) এবং রেডবুল ড্রাইভার সার্জিও পেরেজ (মেক্সিকো)।

হকি

❖ চলতি বছরের ২৪ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত অনূর্ধ্ব-২১ এফআইএইচ মেনস হকি জুনিয়র ওয়ার্ল্ড কাপ-২০২১ ওড়িশার ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে চলেছে। ফেডারেশন ইন্টারন্যাশনাল ডি হকি কর্তৃক পরিচালিত এই খেলাটিতে সারা বিশ্বের ১৬টি দল অংশগ্রহণ করবে।

স্নুকার

❖ সম্প্রতি কাতারের দোহায় অনুষ্ঠিত IBSF 6-Red স্নুকার ওয়ার্ল্ড কাপ ২০২১ এ চ্যাম্পিয়ন হলেন ভারতের পেশাদারি স্নুকার খেলোয়াড় পঙ্কজ আদবানি। তিনি ফাইনালে পাকিস্তানের বাবর মাসিহকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন। এই খেতাব জয়লাভ করার সুবাদে তিনি ১২ হাজার মার্কিন ডলার পেয়েছেন।

ফুটবল

ডুরান্ড কাপে চ্যাম্পিয়ন হল এফসি গোয়া

৫ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর অনুষ্ঠিত হয়ে গেল এশিয়ার সর্ব প্রাচীন ফুটবল টুর্নামেন্ট ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা। এবারের ১৩০তম ডুরান্ড কাপ ফুটবলে প্রথমবারের জন্য চ্যাম্পিয়ন হল এফসি গোয়া। ফাইনালে তারা ১-০ গোলে মহমেডান স্পোর্টিংকে পরাজিত করেছে। এবারের খেলার টপ স্কোরার হয়েছেন দেবেন্দ্র মুরগাঁওকার এবং মার্কিউজ জোসেফ (প্রত্যেকে ৫টি গোল) এবং বেস্ট গোলকিপার হয়েছেন নবীন কুমার।

❖ বিশ্ব ফুটবল পরিচালন সংস্থা ফিফা আসন্ন ২০২২ সালের অনূর্ধ্ব-১৭ ওমেন'স ওয়ার্ল্ড কাপ ফুটবল প্রতিযোগিতার ম্যাসকট নির্বাচন করেছে। আসন্ন এই খেলার ম্যাসকট হল 'এশিয়াটিক লায়ন ইভা' (IBHA)। প্রসঙ্গত উল্লেখ্য, ফিফা অনূর্ধ্ব-১৭ ওমেন'স ওয়ার্ল্ড কাপ ২০২২ সালের ১১-৩০ অক্টোবর ভারতে অনুষ্ঠিত হবে।

Feather one's own nest *Means* : **Make money unfairly**

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

২০২১-এর স্যাফ চ্যাম্পিয়নশিপে জয় ভারতের

লিগ পর্বে প্রথম দু'টি ম্যাচে ড্র করে এক সময় ফাইনালে ওঠাই অনিশ্চত হয়ে পড়েছিল। শেষ দু'টি ম্যাচে জিতে ফাইনালের ছাড়পত্র। অবশেষে নেপালকে ৩-০ ব্যবধানে হারিয়ে সাফ চ্যাম্পিয়নশিপের আধিপত্য বজায় রাখল ভারত। এই নিয়ে ৮ বার চ্যাম্পিয়ন হল। ২০১৫ সালে কেরলে আফগানিস্তানকে হারিয়ে শেষবার চ্যাম্পিয়ন হয়েছিলেন সুনীল ছেত্রীরা। ম্যাচের শুরু থেকেই আক্রমণের ঝড় তুললেও সে অর্থে কোনো ইতিবাচক ফলাফলের জায়গায় নিয়ে আসতে পারেনি ভারত। ম্যাচের দ্বিতীয়ার্ধের শুরু থেকেই গোলের জন্য আরো মরিয়া হয়ে ওঠেন সুনীলরা। মাঝখান দিয়ে আক্রমণ তুলে নিয়ে এসে কোনো ফায়দা না ওঠায় দু'প্রান্ত দিয়ে আক্রমণ তুলে নিয়ে আসছিলেন মহম্মদ ইয়াসির, প্রীতম কোটালরা। ফলও পেয়ে যায়। ম্যাচের ৪৯মিনিটে কাঙ্খিত গোল পেয়ে যায় ভারত। ডান প্রান্ত দিয়ে উঠে এসে সেন্টার করেন প্রীতম কোটাল। দুর্দান্ত হেডে গোল করে দলকে এগিয়ে দেন সুনীল ছেত্রী। এই গোলের সঙ্গে সঙ্গে লিওনেল মেসিকে স্পর্শ করেন তিনি। দেশের হয়ে দু'জনের গোল সংখ্যাই ৮০। এক মিনিট পরেই ব্যবধান বাড়ান সুরেশ সিং। মহম্মদ ইয়াসিরের কাছ থেকে বল পেয়ে দুর্দান্ত শটে তিনি গোল করেন। ৯০ মিনিটে ভারতের হয়ে তৃতীয় গোলটি করেন সাহাল।

ইয়াংটন ওয়ার্ল্ড আর্চারি চ্যাম্পিয়নশিপ ২০২১

২০-২৬ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের ইয়াংটনে অনুষ্ঠিত ওয়ার্ল্ড আর্চারি চ্যাম্পিয়নশিপে ভারত মোট ৩টি রৌপ্য মডেল জয়লাভ করে পদক তালিকায় পঞ্চম স্থানে রয়েছে। মেডেল জয়ী ভারতীয় তিরন্দাজরা হলেন— (১) জ্যোতি সুরেখা ভেন্নাম (মহিলাদের ব্যক্তিগত ইভেন্ট), (২) প্রিয়া গুর্জর, মুসকান কিরার এবং জ্যোতি সুরেখা ভেন্নাম (মহিলাদের দলগত ইভেন্ট), (৩) অভিষেক ভার্মা, জ্যোতি সুরেখা ভেন্নাম (মিক্সড ইভেন্ট)। এবারের প্রতিযোগিতায় দক্ষিণ কোরিয়া ৫টি সোনা ও ২টি ব্রোঞ্জসহ মোট ৭টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় প্রথম স্থানে রয়েছে, কলম্বিয়া ৩টি সোনা জয়লাভ করে পদক তালিকায় দ্বিতীয় স্থানে এবং আয়োজক দেশ মার্কিন যুক্তরাষ্ট্র ১টি সোনা, ২টি রুপো এবং ২টি ব্রোঞ্জসহ মোট ৫টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় তৃতীয় স্থানে রয়েছে।

ISSF জুনিয়র ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ – ২০২১

২৭ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর পেরুর লিমাতে অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের ISSF জুনিয়র ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ। এই প্রতিযোগিতায় ভারতীয় শুটাররা ১৭টি সোনা, ১৬টি রুপো এবং ১০টি ব্রোঞ্জসহ মোট ৪৩টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় শীর্ষস্থানে রয়েছে। অপরদিকে মার্কিন যুক্তরাষ্ট্র ৭টি সোন, ৮টি রুপো এবং ৬টি ব্রোঞ্জসহ মোট ২১টি মেডেল জয়লাভ করে দ্বিতীয় এবং ৩টি সোনা, ৩টি রুপো এবং ৪টি ব্রোঞ্জসহ মোট ১০টি মেডেল জয়লাভ করে পদক তালিকায় তৃতীয় স্থানে রয়েছে ইতালি।

রাইডার কাপ গল্ফ টুর্নামেন্ট চ্যাম্পিয়ন ইউএসএ

২৪-২৬ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রে হেভেনে অনুষ্ঠিত হয়ে গেল ৪৩তম রাইডার কাপ গল্ফ টুর্নামেন্ট। এবারের টুর্নামেন্টে মার্কিন যুক্তরাষ্ট্র ১৯-৯ ফলাফলে ইউরোপকে পরাজিত করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, রাইডার কাপের ইতিহাসে এত বড় ব্যবধানে জয় এর পূর্বে কোনো দলই করতে পারেনি।

উবের কাপে চীন ও থমাস কাপে চ্যাম্পিয়ন ইন্দোনেশিয়া

৯-১৭ অক্টোবর ডেনমার্কে অনুষ্ঠিত উবের কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হল চীন। ফাইনালে তারা ৩-১ ফলাফলে জাপানকে পরাজিত করেছে। অপরদিকে থমাস কাপ ট্রফিতে ইন্দোনেশিয়া, চীনকে ৩-০ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হল। প্রসঙ্গত উল্লেখ্য, উবের ও থমাস কাপ হল দ্বিবার্ষিক আন্তর্জাতিক ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ যা ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন পরিচালনা করে থাকে। সাধারণত প্রতি দেশে জাতীয় পুরুষ ও মহিলা দল এই খেলায় অংশগ্রহণ করে থাকে।

আসন্ন বেজিং শীতাকালীন অলিম্পিকের মোটো

বেজিং শীতাকলীন অলিম্পিকের অর্গানাইজিং কমিটি মোটো প্রকাশ করল। এর মোটো হল 'Together for a Shared Future'। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালের বেজিং শীতকালীন অলিম্পিক ৪-১৩ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এই অলিম্পিকের ম্যাসকট হল– 'Bing Dwen Dwen' (A Panda)।

❖ এশিয়ান ফুটবল কনফেডারেশন এবং লোকাল অর্গানাইজিং কমিটি সম্প্রতি ২০২২ সালের এএফসি ওমেন'স এশিয়ান কাপের ট্যাগ লাইন প্রকাশ করেছে। ট্যাগ লাইনটি হল— 'Our Goal for All'। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালে এএফসি ওমেন'স এশিয়ান কাপ ফুটবল প্রতিযোগিতা ২০ জানুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি ভারতের নভি মুম্বাই, মুম্মাই এবং পুণেতে অনুষ্ঠিত হবে।

❖ সম্প্রতি অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়া'র ঘোষণা অনুযায়ী ২০২২ সালের সাউথ এশিয়ান ফেডারেশন ক্রস কান্ট্রি চ্যাম্পিয়নশিপ ভারতের নাগাল্যান্ডে অনুষ্ঠিত হবে।

কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে চতুর্থ আইপিএল খেতাব চেন্নাই সুপার কিংসের

করোনা সংক্রমণজনিত পরিস্থিতিতে প্রথমে খেলা শুরু হলেও তা স্থগিত করে পরবর্তী পর্যায়ে অনুষ্ঠিত হল। ৯ এপ্রিল-২ মে এবং ১৯ সেপ্টেম্বর-১৫ অক্টোবর ভারত এবং সংযুক্ত আরব আমিরশাহিতে অনুষ্ঠিত হয়ে গেল ১৪তম আইপিএস ক্রিকেট টুর্নামেন্ট। ১৫ অক্টোবর দুবাই ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়ে গেল এবারের আইপিএল-এর ফাইনাল খেলা। এদিন টসে জিতে কলকাতা নাইট রাইডার্স ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। মহেন্দ্র সিং ধোনির চেন্নাই সুপার কিংস ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৩ উইকেট হারিয়ে ১৯২ রান সংগ্রহ করে। ১৯৩ রানের লক্ষ্যমাত্রা নিয়ে খেলতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে কলকাতা নাইট রাইডার্স ১৬৫ রান তুলতে সমর্থ হয়।

বিজয়া দশমীর সন্ধ্যায় দুরন্ত পারফরম্যান্স করল চেন্নাই সুপার কিংসের বোলিং ডিপার্টমেন্ট। আর সেই সুবাদেই আইপিএল ২০২১ মরসুমের ফাইনালে কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে কার্যত একপেশে জয় হাসিল করল মাহি ব্রিগেড। এই নিয়ে চতুর্থবার হলুদ বাহিনী আইপিএল খেতাব জয় করল। ইতিপূর্বে তারা ২০১০, ২০১১ এবং ২০১৮ সালে এই খেতাব জিতেছিল।

❖ একনজরে আইপিএল ২০২১ ❖

- ✓ তারিখ — ৯ এপ্রিল - ২ মে এবং ১৯ সেপ্টেম্বর - ১৫ অক্টোবর।
- ✓ খেলার স্থান — ভারত এবং সংযুক্ত আরব আমিরশাহি।
- ✓ টুর্নামেন্ট ফরম্যাট — ডবল রাউন্ড রবিন এবং প্লেঅফ।
- ✓ পরিচালন সংস্থা — বিসিসিআই।
- ✓ চ্যাম্পিয়ন — চেন্নাই সুপার কিংস (চতুর্থবার)। পুরস্কার মূল্য ২০ কোটি টাকা।
- ✓ রানার্স আপ — কলকাতা নাইট রাইডার্স। পুরস্কার মূল্য ১২.৫ কোটি টাকা।
- ✓ মোট দলের সংখ্যা — ৮টি।
- ✓ মোট ম্যাচের সংখ্যা — ৬০।
- ✓ অফিসিয়াল সম্প্রচার— স্টার স্পোর্টস।
- ✓ অফিসিয়াল ডিজিটাল স্ট্রিমিং পার্টনার — ডিজনে প্লাস হটস্টার।

❖ একনজরে আইপিএল ২০২১-এর রেকর্ডসমূহ ❖

- ✓ সর্বাধিক রান সংগ্রহকারী — ঋতুরাজ গাইকোয়াড (৬৩৫ রান)।
- ✓ সর্বাধিক বাউন্ডারি মেরেছেন— ঋতুরাজ গাইকোয়াড (৬৪টি)।
- ✓ এক ওভারে সর্বাধিক রান সংগ্রহকারী— রবীন্দ্র জাদেজা (৩৬ রান)।
- ✓ এক ইনিংসে সর্বাধিক বাউন্ডারি — সূর্যকুমার যাদব (১৩টি)।
- ✓ সর্বাধিক ওভার বাউন্ডারি — কে এল রাহুল (৩০টি)।
- ✓ এক ইনিংসে সর্বাধিক ওভার বাউন্ডারি — কেরন পোলার্ড (৮টি)।
- ✓ সর্বাধিক অর্ধ শতরান— ফাফ ডুপ্লেসি (৬টি)।
- ✓ সর্বাধিক শতরান সংগ্রহকারী— ঋতুরাজ গাইকোয়াড।
- ✓ দ্রুততম অর্ধ শতরান — ঈশান কিষান (১৬ বলে)।
- ✓ দ্রুততম শতরান — দেবদূত পাডিক্কাল (৫১ বলে)।
- ✓ এক ম্যাচে সর্বাধিক রান সংগ্রহকারী — যশ বাটলার (১২৪ রান)।
- ✓ দীর্ঘতম ছয় — ঋতুরাজ গাইকোয়াড (১০৮ মিটার)।
- ✓ সর্বাধিক উইকেট সংগ্রহকারী — হার্সল প্যাটেল (৩২টি)।
- ✓ সর্বাধিক মেডেন ওভার — ইশান্ত শর্মা (২টি)।
- ✓ সর্বাধিক ডট বল — আবেশ খান (১৫৬ বল)।
- ✓ সর্বাধিক হ্যাট্রিক — হার্সল প্যাটেল।
- ✓ সর্বাধিক চার উইকেট সংগ্রহকারী — দীপক চাহার (২ বার)।

এবারের টুর্নামেন্টে বিবিধ পুরস্কার প্রাপক ক্রিকেটারগণ/টিম

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক	পুরস্কার
অরেঞ্জ ক্যাপ/সর্বাধিক রান সংগ্রহকারী	ঋতুরাজ গাইকোয়াড (৬৩৫ রান)	১০ লক্ষ
পার্পেল ক্যাপ/সর্বাধিক উইকেট	হার্সল প্যাটেল-৩২টি	১০ লক্ষ
মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার	হার্সল প্যাটেল।	১০ লক্ষ
বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়	ঋতুরাজ গাইকোয়াড	১০ লক্ষ
ফেয়ার প্লে অ্যাওয়ার্ড	রাজস্থান রয়্যালস	১০ লক্ষ
মরসুমের পারফেক্ট ক্যাচ	রবি বিষ্ণই	১০ লক্ষ
মরসুমের সুপার স্ট্রাইকার	সিমরন হেটমায়ার	১০ লক্ষ
মরসুমের গেম চেঞ্জার	হার্সল প্যাটেল	১০ লক্ষ
ক্র্যাক ইট সিক্স অফ দ্য সিজন	কে এল রাহুল	১০ লক্ষ
পাওয়ার প্লেয়ার	ভেঙ্কটেশ আইয়ার	১০ লক্ষ

এক নজরে এবারের টিমের তথ্য

টিমের নাম	মালিক	২০২১ ক্যাপ্টেন	২০২১ কোচ
দিল্লি ক্যাপিটালস	গ্রান্ধী মল্লিকার্জু রাও ও সজ্জন জিন্দাল	ঋষভ পান্ত	রিকি পন্টিং
চেন্নাই সুপার কিংস	এন শ্রীনিবাসন	এম এস ধোনি	স্টিফেন ফ্লেমিং
রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর	ইউনাইটেড স্পিরিট	বিরাট কোহলি	মাইক হেসসন
কলকাতা নাইট রাইডার্স	শাহরুখ খান ও জয় মেহতা	ইওন মর্গ্যান	ব্রেন্ডন ম্যাক্কালাম
মুম্বাই ইন্ডিয়ান্স	মুকেশ আম্বানি	রোহিত শর্মা	মহেলা জয়বর্ধনে
পাঞ্জাব কিংস	মোহিত বর্মন, নেস ওয়াদিয়া, প্রীতি জিন্টা, করন পল	কে এল রাহুল	অনিল কুম্বলে
রাজস্থান রয়ালস	মনোজ বাড়ালে	সঞ্জু স্যামসন	কুমার সাঙ্গাকারা
সানরাইজার্স হায়দরাবাদ	কালানিধি মারান	কেন উইলিয়ামসন	ট্রেভর বেলিস

@bettersolution4u

ভারতের প্রথম ই-ফিশ মার্কেট অ্যাপ লঞ্চ হল অসমে যার নাম 'ফিশওয়ালে'

এপর্যন্ত আইপিএলে ফাইনাল খেলার ফলাফল

সাল	চ্যাম্পিয়ন	রানার্স	ফলাফল	ফাইনালের স্থান	সেরা খেলোয়াড়
২০০৮	রাজস্থান রয়্যালস	চেন্নাই সুপার কিংস	৩ উইকেটে জয়ী	ডিওয়াই পাটিল স্টেডিয়াম	শেন ওয়াটসন
২০০৯	ডেকান চার্জার্স	রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর	৬ উইকেট জয়ী	ওয়ানডারার্স স্টেডিয়াম	অ্যাডাম গিলক্রিস্ট
২০১০	চেন্নাই সুপার কিংস	মুম্বাই ইন্ডিয়ান্স	২২ রানে জয়ী	ডিওয়াই পাটিল স্টেডিয়াম	শচীন তেন্ডুলকর
২০১১	চেন্নাই সুপার কিংস	রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর	৫৮ রানে জয়ী	এমএ চিদাম্বরম স্টেডিয়াম	ক্রিস গেইল
২০১২	কলকাতা নাইট রাইডার্স	চেন্নাই সুপার কিংস	৫ উইকেটে জয়ী	এমএ চিদাম্বরম স্টেডিয়াম	সুনীল নারিন
২০১৩	মুম্বাই ইন্ডিয়ান্স	চেন্নাই সুপার কিংস	২৩ রানে জয়ী	ইডেন গার্ডেন্স	শেন ওয়াটসন
২০১৪	কলকাতা নাইট রাইডার্স	কিংস ইলেভেন পাঞ্জাব	৩ উইকেটে জয়ী	এম চিন্নাস্বামী স্টেডিয়াম	গ্লেন ম্যাক্সওয়েল
২০১৫	মুম্বাই ইন্ডিয়ান্স	চেন্নাই সুপার কিংস	৪১ রানে জয়ী	ইডেন গার্ডেন্স	অ্যান্ড্রে রাসেল
২০১৬	সানরাইজার্স হায়দরাবাদ	রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর	৮ উইকেটে জয়ী	এম চিন্নাস্বামী স্টেডিয়াম	বিরাট কোহলি
২০১৭	মুম্বাই ইন্ডিয়ান্স	রাইজিং পুণে সুপারজায়েন্ট	১ রানে জয়ী	আরজিআই ক্রিকেট স্টেডিয়াম	বেন স্টোকস
২০১৮	চেন্নাই সুপার কিংস	সানরাইজার্স হায়দরাবাদ	৮ উইকেটে জয়ী	ওয়াংখেড়ে স্টেডিয়াম,	সুনীল নারিন
২০১৯	মুম্বাই ইন্ডিয়ান্স	চেন্নাই সুপার কিংস	১ রানে জয়ী	রাজীব গান্ধী ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়াম	আন্দ্রে রাসেল
২০২০	মুম্বাই ইন্ডিয়ান্স	দিল্লি ক্যাপিটালস	৫ উইকেটে জয়ী	দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়াম	জোফরা আর্চার
২০২১	চেন্নাই সুপার কিংস	কলকাতা নাইট রাইডার্স	২৭ রানে জয়ী	দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়াম	হার্সল প্যাটেল

ওস্টারাভা টেনিস প্রতিযোগিতা — ২০২১

২০-২৬ সেপ্টেম্বর চেক প্রজাতন্ত্রের ওস্টারাভাতে অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের জে অ্যান্ড টি ব্যাঙ্কা ওস্টারাভা ওপেন টেনিস প্রতিযোগিতা। এটি মহিলাদের একটি জনপ্রিয় টেনিস টুর্নামেন্ট। নীচে এই খেলার সম্পূর্ণ ফলাফল দেওয়া হল—

খেলার বিভাগ	বিজয়ী	পরাজিত	ফলাফল
○ মহিলাদের সিঙ্গলস	অ্যানেট কোন্টাভেট (এস্টোনিয়া)	মারিয়া সাকারি (গ্রিস)	৬-২, ৭-৫
○ মহিলাদের ডাবলস	সানিয়া মির্জা (ভারত) এবং ঝ্যাং সুয়াই (চীন)	ক্যাটনিল ক্রিস্টিয়ান (ইউএসএ) এবং এরিন রৌতলিফি (নিউজিল্যান্ড)	৬-৩, ৬-২

বিএনপি পরিবাস ওপেন টেনিস টুর্নামেন্ট — ২০২১

৬-১৭ অক্টোবর মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অনুষ্ঠিত হয়ে গেল ২০২১ সালের বিএনপি পরিবাস ওপেন টেনিস টুর্নামেন্ট। নীচে এই খেলার সম্পূর্ণ ফলাফল দেওয়া হল—

খেলার বিভাগ	বিজয়ী	পরাজিত	ফলাফল
○ পুরুষদের সিঙ্গলস	ক্যামেরুন নোরি (ইউকে)	নিকোলাস বাসিলাসভিলি (জর্জিয়া)	৩-৬, ৬-৪, ৬-১
○ মহিলাদের সিঙ্গলস	পাওলা বাদোসা (স্পেন)	ভিক্টোরিয়া আজারেঙ্কা (বেলারুশ)	৭-৬(৭-৫), ২-৬, ৭-৬(৭-২)
○ পুরষদের ডাবলস	জন পিয়ার্স (অস্ট্রেলিয়া) এবং ফিলিপ পোলাসেক (স্লোভাকিয়া)	অ্যাসলান কারাটসেভ এবং অ্যান্ড্রি রৌভলেভ (রাশিয়া)	৬-৩, ৭-৬(৭-৫)
○ মহিলাদের ডাবলস	হেই সু-উই (তাইপেই) এবং এলিস মার্টেন্স (বেলজিয়াম)	ভেরোনিকা কুদারমেতোভা (রাশিয়া) এবং এলিনা রেবাকিনা (কাজাখস্তান)	৭-৬(৭-১), ৬-৩

Leave one in the lurch *Means* : **Desert one in difficulties; leave one in a helpless condition**

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

প্রশ্নোত্তরে সাম্প্রতিকী

১।	২১ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল– 'Recovering Better for an Equitable and Sustainable World'?	ইন্টারন্যাশনাল ডে অফ পিস।
২।	উত্তরপ্রদেশ সরকার, যমুনা এক্সপ্রেসওয়ে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটির (YEIDA) সহযোগিতায় কোথায় ইলেকট্রনিক পার্ক গড়ে তুলতে চলেছে?	নয়ডা।
৩।	২০-২৬ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন সপ্তাহ পালিত হল যার এবছরের থিম হল— 'Celebrating Thriving Deaf Communities'?	ইন্টারন্যাশনাল উইক অফ ডিফ পিপল।
৪।	ভারতের কোন মহিলা সিআইএসএফ কর্মচারী দ্রুততম দু'টি পর্বতশৃঙ্গ জয় করলেন যেগুলি হল— রাশিয়ার মাউন্ট এলবুর্জ (১৩/০৮/২০২১) এবং আফ্রিকার মাউন্ট কিলিমাঞ্জারো (১১/০৯/২০২১)?	গীতা সামোটা।
৫।	ভারতের কোন দাবাড়ু হাঙ্গেরির বুদাপেস্টে অনুষ্ঠিত দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়ে ভারতের ৭০তম গ্র্যান্ড মাস্টার খেতাব জয়লাভ করলেন?	আর রাজা ঋত্বিক।
৬।	সম্প্রতি কোন দেশ সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনে'র নবম পূর্ণ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হল পূর্বে যেটি কেবলমাত্র পর্যবেক্ষণকারী সদস্য ছিল?	ইসলামিক রিপাবলিক অফ ইরান।
৭।	সম্প্রতি World Intellectual Property Organisation (WIPO) কর্তৃক প্রকাশিত গ্লোবাল ইনোভেশন ইনডেক্স-২০২১ এ ভারত কততম স্থানে রয়েছে যে তালিকায় সুইৎজারল্যান্ড প্রথম স্থানে রয়েছে?	৪৬তম।
৮।	FSSAI কর্তৃক প্রকাশিত তৃতীয় 'স্টেট ফুড সেফটি ইনডেক্স'-এর 'বৃহত্তম রাজ্য ক্যাটাগরি' -তে কোন রাজ্য প্রথম স্থানে রয়েছে?	গুজরাট।
৯।	২১ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল– 'Know Dementia, Know Alzheimer's'?	ওয়ার্ল্ড অ্যালঝাইমার্স ডে।
১০।	সম্প্রতি প্রয়াত 'অখিল ভারতীয় আখরা পরিষদে'র (ABAP) প্রাক্তন প্রেসিডেন্টের নাম কী?	মহন্ত নরেন্দ্র গিরি।
১১।	সম্প্রতি ভারতের কোন দুই সমুদ্র সৈকত 'Blue Flag Certification' লাভ করল যেটি 'ফাউন্ডেশন অফ এনভায়রনমেন্ট এডুকেশন' (FEE) প্রদান করে থাকে?	কোভালাম (তামিলনাড়ু) এবং ইডেন (পুদুচেরি)।
১২।	সম্প্রতি প্রয়াত অভীজ্ঞ আইপিএস অফিসারের নাম কী, যিনি অরুণাচল প্রদেশের প্রাক্তন গভর্নর এবং দিল্লির প্রাক্তন পুলিশ কমিশনার ছিলেন?	ওয়াই এস দাদওয়াল।
১৩।	ভারতের বেসরকারি রাষ্ট্রায়ত্ত ইয়েস ব্যাঙ্ক গ্রাহকদের ক্রেডিট কার্ড পরিষেবা প্রদানের জন্য কোন সংস্থার সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করল?	VISA.
১৪।	বিশিষ্ট ভারতীয় লেখক চেতন ভগত সম্প্রতি কোন উপন্যাস প্রকাশ করেছেন যিনি দিল্লি আইআইটি থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি লাভ করেছেন?	'400 Days'.
১৫।	সম্প্রতি ভারতের কোন মানবাধিকার কর্মী রাষ্ট্রসংঘের মহাসচিব কর্তৃক SDG অ্যাডভোকেট হিসাবে নিযুক্ত হলেন যিনি ২০১৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছিলেন?	কৈলাশ সত্যার্থী।
১৬।	সম্প্রতি ভারতের কোন স্নুকার খেলোয়াড় IBSF 6-Red স্নুকার ওয়ার্ল্ড কাপে পাকিস্তানের বাবর মণীশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন, যেটি তাঁর জীবনের ২৪তম খেতাব?	পঙ্কজ আদবানী।
১৭।	আসন্ন ২০২২ সালের বেজিং শীতকালীন অলিম্পিক এবং প্যারা অলিম্পিকের মোটো হিসাবে কী নির্বাচিত হয়েছে যে খেলাগুলো যথাক্রমে ৪-২০ ফেব্রুয়ারি ২০২২ এবং ৪-১৩ মার্চ-২০২১ অনুষ্ঠিত হবে?	Together for a Shared Future.
১৮।	সম্প্রতি বিল ও মেলিন্দা গেটস ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত 'গ্লোবাল গোলকিপার অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন কে, যিনি বর্তমানে ইউএন ওমেন'-এর এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে কর্মরত আছেন?	ফুমঝিল ম্লাম্বো নাগুকা।

Cat and dog life** Means : **Life full of quarrels

সম্প্রতি প্রকাশিত 'দ্য কাস্টোডিয়ান অফ ট্রাস্ট' বইটি লিখেছেন রজনীশ কুমার

১৯।	২৩ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল– 'We Sign For Human Rights'?	ইন্টারন্যাশনাল সাইন ল্যাঙ্গুয়েজ ডে।
২০।	কেন্দ্রীয় সরকার অনাদেয় ঋণ সম্পর্কে গঠনমূলক সিদ্ধান্ত নেওয়ার জন্য সম্প্রতি যে অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠন করেছে তার নাম কী, যার অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০ কোটি টাকা?	**India Debt Resolution Company Ltd.**
২১।	২৫ সেপ্টেম্বর প্রয়াত ভারতের উন্নয়নবাদী, নারীবাদী কর্মী, লেখক এবং সমাজবিজ্ঞানীর নাম কী, যিনি ক্যানসারে আক্রান্ত হয়ে মারা গেছেন?	কমলা বাসিন।
২২।	চিকিৎসা যন্ত্রশিল্প খাতের যথাযথ পরিকাঠামো তৈরি করার জন্য কেন্দ্রীয় 'প্রোমোশন অফ মেডিক্যাল ডিভাইস পার্কস' স্কিমে মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে?	৪০০ কোটি টাকা।
২৩।	২৬ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল– 'Prioritizing Environmental Health for Healthier Communities in Global Recovery'?	ওয়ার্ল্ড এনভায়রনমেন্টাল হেলথ ডে।
২৪।	সম্প্রতি কোথায় বিশ্বের উচ্চতম ইলেকট্রিক ভেহিক্যাল চার্জিং স্টেশন গড়ে উঠল, যার উচ্চতা ৫০০ ফুট?	কাজাগ্রাম, হিমাচলপ্রদেশ।
২৫।	সম্প্রতি প্রকাশিত 'The Fractured Himalaya : How the Post Shadows the Present in India-China Relations' গ্রন্থটির রচয়িতার নাম কী, যিনি ভারতের প্রাক্তন বিদেশ সচিব ছিলেন?	নিরুপমা রাও।
২৬।	বিটকয়েনের উদ্ভাবক তথা প্রতিষ্ঠাতা সাতোশি নাকামোতো'র ব্রোঞ্জমূর্তি সম্প্রতি কোথায় উন্মোচিত হল?	বুদাপেস্ট, হাঙ্গেরি।
২৭।	সম্প্রতি কে, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনে'র 'গ্লোবাল হেলথ ফিন্যান্সিং'-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন যিনি ২০০৭-২০১০ পর্যন্ত ব্রিটিশ যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ছিলেন?	গর্ডন ব্রাউন।
২৮।	সম্প্রতি কোন লেখকের লেখা গ্রন্থ 'Jungle Nama' -এর অডিও ভার্সন প্রকাশিত হয়েছে যাতে নেপথ্যে কণ্ঠ দান করেছেন আলি শেঠি?	অমিতাভ ঘোষ।
২৯।	২৫ সেপ্টেম্বর সারা দেশজুড়ে কোন দিবস পালিত হল যেটি পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকী উপলক্ষ্যে উদযাপিত হয়?	অন্ত্যোদয় দিবস।
৩০।	২৫ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ফার্মাসিস্ট দিবসের এবছরের থিম কী?	**'Pharmacy : Always trusted for your health'.**
৩১।	প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি কবে রাষ্ট্রসংঘের সাধারণ সভার ৭৬তম বার্ষিক সম্মেলনে তার মূল্যবান বক্তব্য পেশ করেছিলেন?	২৫ সেপ্টেম্বর, ২০২১।
৩২।	২৮ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল– 'Rabies: Facts, not Fear?	ওয়ার্ল্ড র‍্যাবিস ডে।
৩৩।	ভারতের রাষ্ট্রায়ত্ত ও ইন্দাসিন্দ ব্যাঙ্ক সম্প্রতি কোন সংস্থার ৪.৭৯% শেয়ার অধিগ্রহণ করল?	**McLeod Russel India Ltd.**
৩৪।	মার্কিনি আর্থিক পরিষেবা প্রদানকারী সংস্থা 'মাস্টারকার্ড' সম্প্রতি কাকে বিশ্বব্যাপী বিপণন দূত হিসাবে নিযুক্ত করল যিনি একজন দাবাড়ু?	ম্যাগনাস কার্লসেন।
৩৫।	সম্প্রতি ইন্ডিয়ান কেমিক্যাল কাউন্সিল (ICC) কর্তৃক প্রদত্ত ২০২০ সালের বার্ষিক পুরস্কারের 'লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' বিভাগে কারা কারা পুরস্কৃত হলেন?	ডক্টর এস মিশ্র, ডঃ অজয় শ্রীরাম এবং ডক্টর অনিরুদ্ধ বি পণ্ডিত।
৩৬।	সম্প্রতি অনুষ্ঠিত 'ইওয়াই নরওয়ে চেস টুর্নামেন্ট-২০২১'-এ কোন দাবাড়ু রাশিয়ার ইয়ান আলেকজান্ডারোভিচ নেপোমনিয়াচটচি-কে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন?	ম্যাগনাস কার্লসেন।
৩৭।	এইচপিসিএল সারা দেশজুড়ে ১৯ হাজার জ্বালানি ও লুব্রিকেন্টস রিটেলারদের ফাস্ট্যাগ এর মাধ্যমে পেমেন্ট করার জন্য সম্প্রতি কোন ব্যাঙ্কের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছেন?	আইসিআইসিআই ব্যাঙ্ক।

A thorn in the flesh *Means* : **A constant source of annoyance**

মহারাষ্ট্রের সব জেলায় Anti-Narcotics Cell স্থাপনের কথা ঘোষণা করা হয়েছে

৩৮।	সম্প্রতি প্রয়াত বিশিষ্ট ওড়িয়া সাহিত্যিকের নাম কী, যিনি সমগ্র জীবনে ৪০টিরও বেশি গ্রন্থ রচনা করেছেন এবং যিনি ১৯৮৮ সালে সোভিয়েত নেহরু অ্যাওয়ার্ডে ভূষিতও হয়েছিলেন?	মনোরমা মহাপাত্র।
৩৯।	সম্প্রতি কে, রাশিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন, যে প্রতিযোগিতায় নেদারল্যান্ডের ম্যাক্স ভারস্টাপেন দ্বিতীয় স্থানে শেষ করেছেন?	লুইস হ্যামিল্টন (ব্রিটেন)।
৪০।	সম্প্রতি কে, ন্যাশনাল ক্যাডেট কর্পস (NCC)-এর ডিরেক্টর জেনারেল হিসাবে পূর্ববর্তী পদাধিকারী লেফটেন্যান্ট জেনারেল তরুন কুমার আইচে'র স্থলাভিষিক্ত হলেন?	লেফটেন্যান্ট জেনারেল গুরবীরপাল সিং।
৪১।	সম্প্রতি কোন রাজ্যের 'নাগা কিউকাম্বার' জিআই ট্যাগ লাভ করল যেটিতে প্রচুর পরিমাণে পটাশিয়াম রয়েছে?	নাগাল্যান্ড।
৪২।	সম্প্রতি ইয়াংটোনে অনুষ্ঠিত ওয়ার্ল্ড আর্চারি চ্যাম্পিয়নশিপে ভারতের কোন তিরন্দাজ মহিলাদের কম্পাউন্ড ইভেন্টে রৌপ্য মেডেল জয়লাভ করলেন?	জ্যোতি সুরেখা ভেন্নাম।
৪৩।	২৬ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল– 'Waterways in Our Communities'?	ওয়ার্ল্ড রিভারস ডে।
৪৪।	RBI অক্টোবর-২০২১ থেকে মার্চ-২০২২ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের Ways and Means Advances (WMA) এর পরিমাণ সীমা কত টাকা ধার্য করেছে?	৫০ হাজার কোটি টাকা।
৪৫।	২৭ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল– 'Tourism for Inclusive Growth'?	ওয়ার্ল্ড ট্যুরিজম ডে।
৪৬।	সম্প্রতি কে, 'ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি' (IAEA) এর এক্সটারনাল অডিটর হিসাবে কে, নিযুক্ত হলেন যিনি বর্তমানে ভারতের ক্যাগ (CAG) হিসাবেও নিযুক্ত আছেন?	গিরিশচন্দ্র মুর্মু।
৪৭।	২৯ সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যেটি ২০০০ সালের ২৪ সেপ্টেম্বর প্রথম পালিত হয়েছিল, পরে অর্থাৎ ২০১১ সাল থেকে ২৯ সেপ্টেম্বর পালিত হয়ে আসছে?	ওয়ার্ল্ড হার্ট ডে।
৪৮।	সম্প্রতি অসমের কোন বিজ্ঞানী ২০২১ সালের শান্তি স্বরূপ ভাটনগর প্রাইজের 'সায়েন্স অ্যান্ড টেকনোলজি' বিভাগে পুরস্কৃত হলেন?	বিনয় কুমার সাইকিয়া।
৪৯।	এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক চেন্নাইয়ের 'আর্বান ফ্লাড ম্যানেজমেন্ট প্রোগ্রামে'র জন্য কত টাকা ঋণ হিসাবে প্রদান করেছে?	২৫১ মিলিয়ন মার্কিন ডলার।
৫০।	উত্তর কোরিয়া ২৮ সেপ্টেম্বর যে হাইপারসোনিক মিসাইলের সফল পরীক্ষা করেছে তার নাম কী?	'Hwasong-8'
৫১।	ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া (NPCI) সম্প্রতি কোন ব্যাঙ্কের সহায়তায় Rupay on-the-Go নামক কন্ট্যাক্টলেস পেমেন্টস সলিউশন চালু করেছে?	ইয়েস ব্যাঙ্ক।
৫২।	সম্প্রতি কে অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (AIMA)-এর প্রেসিডেন্ট হিসাবে পূর্ববর্তী পদাধিকারী হর্ষপতি সিংহানিয়ার স্থলাভিষিক্ত হলেন?	সি কে রঙ্গনাথন।
৫৩।	সম্প্রতি ইয়েমেনের কোন মানবহিতৈষী প্রতিষ্ঠান ২০২১ সালের 'UNHCR ন্যান সেন রিফিউজি অ্যাওয়ার্ডে ভূষিত হল?	Jeel Albena Association for Humanitarian Development.
৫৪।	সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে রাইডার কাপ গল্ফ টুর্নামেন্টে কোন দল ইউরোপকে ১৯-৯-এ পরাজিত করে চ্যাম্পিয়ন হল?	ইউনাইটেড স্টেটস।
৫৫।	৩০ সেপ্টেম্বর সারা বিশ্ব জুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল— 'United in translation'?	ইন্টারন্যাশনাল ট্রান্সলেশন অ্যাওয়ার্ড।
৫৬।	সম্প্রতি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করতে ২৯ সেপ্টেম্বর কোথায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চেয়ারম্যানশিপে ৩৮তম প্রগতি (PRAGATI) মিটিং অনুষ্ঠিত হল?	নতুন দিল্লি।

To make both ends meet *Means* : ***To live within one's Income***

সম্প্রতি জিম করবেট ন্যাশনাল পার্কের নাম পরিবর্তন করে রাখা হল রামগঙ্গা ন্যাশনাল পার্ক

৫৭।	পিরামল এন্টারপ্রাইজেস সম্প্রতি কত টাকার বিনিময়ে 'দেওয়ান হাউসিং ফিন্যান্স লিমিটেড'কে অধিগ্রহণ করার প্রক্রিয়া সম্পূর্ণ করল?	৩৪.২৫০ কোটি টাকা।
৫৮।	ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিসেস সেন্টারস অথরিটি (IFSCA) কার নেতৃত্বে এক্সপার্ট কমিটি অন সাস্টেনেবল ফিনান্স গঠন করল?	সি কে মিশ্র।
৫৯।	সম্প্রতি কে ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরিজ (NSDL)-এর এমডি এবং সিইও হিসাবে পূর্ববর্তী পদাধিকারী জি ভি নাগেশ্বর রাও-এর স্থলাভিষিক্ত হলেন?	পদ্মাজা চুন্দুরু।
৬০।	কেন্দ্রীয় সরকার MTNL-এর সিএমডি হিসাবে কার কার্যকালের মেয়াদ পরবর্তী এক বছর বৃদ্ধি করার সুপারিশ করল যিনি বর্তমানে BSNL-এর সিএমডি হিসাবেও নিযুক্ত আছেন?	পি কে পুর্বার।
৬১।	৩০ সেপ্টেম্বর সারা বিশ্ব জুড়ে কোন দিবস পালিত হল যার এ বছরের থিম হল— 'Seafarers : at the core of shipping's future'?	ওয়ার্ল্ড মেরিটাইম ডে।
৬২।	সম্প্রতি Surfshark কর্তৃক প্রকাশিত ডিজিটাল কোয়ালিটি অফ লাইফ ইনডেক্স-২০২১-এ ভারত কততম স্থনে রয়েছে যে তালিকায় ডেনমার্ক প্রথম স্থানে রয়েছে?	৫৯তম।
৬৩।	১ অক্টোবর সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এ বছরের থিম হল— 'Digitally Equity for All Ages'?	ইন্টারন্যাশনাল ডে অফ ওল্ডার পার্সনস।
৬৪।	RBI সম্প্রতি কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ককে Prompt Corrective Action Framework (PCAF) থেকে বাদ দিয়েছে?	ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক।
৬৫।	দিল্লির কোন পরিবেশ সংক্রান্ত প্রতিষ্ঠান ২০২১ সালের রাইট লাইভলিহুড অ্যাওয়ার্ডে ভূষিত হল?	Legal Initiative for Forest and Environment (LIFE)
৬৬।	সম্প্রতি কে জাপানের প্রধানমন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী যোশিহিদি সুগার স্থলাভিষিক্ত হলেন?	ফুমিও কিশিদা।
৬৭।	সম্প্রতি প্রয়াত বিশিষ্ট ম্যানেজমেন্ট গুরু এবং গ্রেট লেকস ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (GLIM)-এর প্রতিষ্ঠাতার নাম কী যিনি 'Uncle Bala' নামে পরিচিত?	বালা ভি বালাচন্দ্রন।
৬৮।	কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক কোন সংস্থার সহায়তায় যুবক-যুবতীদের দক্ষতামূলক প্রশিক্ষণের জন্য 'Digisaksham' নামক এক প্রোগ্রাম চালু করেছে?	মাইক্রোসফট।
৬৯।	২৭ সেপ্টেম্বর প্রয়াত ইংল্যান্ডের পেশাদারি ফুটবলার এবং লিভারপুলের স্ট্রাইকারের নাম কী যিনি ১৯৬৬ সালে বিশ্বকাপ জয়ী ইংল্যান্ডের ফুটবল দলের সদস্য ছিলেন?	রজার হান্ট।
৭০।	কেন্দ্রীয় যুবকল্যাণ ও ক্রীড়া প্রতিমন্ত্রী কিরেন রিজিজু সম্প্রতি কোথায় ভারতের প্রথম স্পোর্টস অরবিট্রেশন সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন?	আহমেদাবাদ, গুজরাট।
৭১।	সম্প্রতি প্রকাশিত 'Jungle Nama : a story of the Sundarban' নামক গ্রন্থের রচয়িতার নাম কী?	অমিতাভ ঘোষ।
৭২।	সম্প্রতি কে ভারতীয় নৌবাহিনীর প্রধান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী রাকেশ কুমার সিং ভাদুরিয়ার স্থলাভিষিক্ত হলেন?	বিবেক রাম চৌধুরী।
৭৩।	সম্প্রতি কে CRISIL-এর এমডি এবং সিইও হিসাবে পূর্ববর্তী পদাধিকারী আশু সুহাসের স্থলাভিষিক্ত হলেন?	আমিশ মেহেতা।
৭৪।	সম্প্রতি প্রকাশিত 'My Life in Full : Work, Family and our Future' নামক গ্রন্থের রচয়িতার নাম কী যিনি পেপসিকোর প্রাক্তন সিইও?	ইন্দ্রা নুয়ি।
৭৫।	এনটিপিসি রিনিয়েবল এনার্জি লিমিটেড ৫০০ কোটি টাকা মূল্যের Green Term Loan (GTL)-এর জন্য সম্প্রতি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সঙ্গে মউ স্বাক্ষর করেছে?	ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।
৭৬।	এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক (AIIB) চেন্নাই মেট্রো রেল সিস্টেমের উন্নতির জন্য সম্প্রতি কত টাকা প্রদান করেছে?	৩৫৬.৬৭০ মিলিয়ন মার্কিন ডলার।

In cold blood *Means* : **Deliberately and without emotion**

ওয়ার্ল্ড পোস্ট ডে 2021-র থিম হল Post Across the world

৭৭।	২ অক্টোবর শিক্ষা এবং জনসচেতনতার মাধ্যমে অহিংসার বার্তা ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে কোন দিবস পালিত হল?	ইন্টারন্যাশনাল ডে অফ নন-ভায়োলেন্স।
৭৮।	সম্প্রতি কে তিউনিশিয়ার প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী হেইচেম মেচিচি'র স্থলাভিষিক্ত হলেন?	নাজলা বৌডেন রোমধানি।
৭৯।	সম্প্রতি কোথায় বিশ্বের বৃহত্তম খাদি জাতীয় পতাকা উত্তোলিত হল যার দৈর্ঘ্য ২২৫ ফুট এবং প্রস্থ ১৫০ ফুট এবং ওজন প্রায় ১০০০ কেজি?	লেহ, লাদাখ।
৮০।	সম্প্রতি কে, আইসিআরএ-এর ম্যানেজিং ডিরেক্টর এবং গ্রুপ সিইও হিসাবে পূর্ববর্তী পদাধিকারী এন শিবারামনের স্থলাভিষিক্ত হলেন?	রামনাথ কৃষ্ণাণ।
৮১।	কেন্দ্রীয় সরকার 'নমামী গঙ্গে' মিশনের ম্যাসকট হিসাবে কোন কার্টুন চরিত্রকে নির্বাচিত করেছে?	চাচা চৌধুরী।
৮২।	কোন জনপ্রিয় বলিউড চলচ্চিত্র অভিনেতা ন্যাশনাল বাস্কেটবল অ্যাসোসিয়েশনের (NBA) বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন?	রনবীর সিং।
৮৩।	প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জল জীবন মিশনের (JJM) অংশ হিসাবে সম্প্রতি ভার্চুয়াল মাধ্যমে কোন মোবাইল অ্যাপস চালু করলেন?	জলজীবন মিশন অ্যাপ এবং রাষ্ট্রীয় জল জীবন কোশ।
৮৪।	U-GRO ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগীদের সাশ্রয়ী সুদের হারে ঋণ প্রদান করার জন্য সম্প্রতি কোন ব্যাঙ্কের সঙ্গে এক চুক্তি স্বাক্ষর করেছে?	IDBI Bank.
৮৫।	কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক প্রবীণ নাগরিকদের জন্য ১ অক্টোবর ২০২১ তারিখে নতুন দিল্লি থেকে কোন প্রোগ্রাম চালু করেছে?	'VOYO NAMAN Programme'.
৮৬।	আদানি গ্রুপ শ্রীলঙ্কার 'কলম্বো ওয়েস্টার্ন কন্টেনার টার্মিনাল' (WCT)-এর রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য সম্প্রতি কোন সংস্থার সঙ্গে ৭০০ মিলিয়ন মার্কিন ডলারের মউ স্বাক্ষর করেছে?	শ্রীলঙ্কা পোর্টস অথরিটি (SLPA)।
৮৭।	কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ 'আজাদি কা অমৃত মহোৎসবে'র অংশ হিসাবে ২ অক্টোবর থেকে এক মাস ব্যাপী কোন কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন যাতে ভারতের এনএসজি অংশগ্রহণ করেছিল?	সুদর্শন ভারত পরিক্রমা।
৮৮।	সম্প্রতি প্রকাশিত ব্লুমবার্গ বিলিয়োনিয়ার ইনডেক্স-এ বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি হিসাবে কে জেফ বেজোসকে টপকে প্রথম স্থানে উঠে এলেন যার মোট সম্পত্তির পরিমাণ ২১৩ বিলিয়ন মার্কিন ডলার?	এলন মাস্ক।
৮৯।	সম্প্রতি কে উত্তরপ্রদেশের 'One District one product'-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন যে প্রোগ্রামটি প্রাথমিক ধাপে ২৭টি রাজ্যের ১০৩টি জেলায় শুরু হয়েছে?	কঙ্গনা রানায়ৎ।
(৪) ওপেন মার্কেট অপারেশন (OMO) : ক্রেডিট কন্ট্রোল পদ্ধতি হিসেবে ওএমও-র গুরুত্ব 1991 সালের অর্থনৈতিক সংস্কারের পর বোঝা গেল, যখন ভারতে বিদেশি তহবিলের পরিমাণ প্রভূত পরিমাণে বেড়ে গেছিল। যখন আরবিআই মূলধন বাজারে জি-সেক বিক্রি করে, সাধারণ মানুষদের কাছে লিকুইডিটি/ক্যাশ ইন হ্যান্ড কমে যায়, যেহেতু তারা সিকিউরিটিগুলো ক্রয় করেন; ফলে অর্থনীতিতে অর্থের জোগান কমে ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রিত হয়।

(৫) রেপো রেট : আরবিআই এটি 1992 সালে প্রচলন করেছিল। এই রেটে আরবিআই সিকিউরিটির পরিবর্তে বাণিজ্যিক ব্যাঙ্কগুলোকে স্বল্পমেয়াদি ঋণ প্রদান করে। অর্থনীতিতে অর্থের জোগান বাড়ায় রেপো রেট। রেপো রেট বাড়ালে (DEARER MONETARY POLICY) কেন্দ্রীয় ব্যাঙ্কের থেকে ঋণ গ্রহণ করা ব্যয় বহুল হয়ে পড়ে। অপরদিকে, রেপো রেট কমালে (CHEAPER MONETARY POLICY) আরবিআই-র থেকে সুলভমূল্যে ঋণ পাওয়া যায়।

(৬) রিভার্স রেপো রেট : 1996 সালের নভেম্বর মাসে এর প্রচলন হয়েছিল। রিভার্স রেপো রেট অর্থনীতিতে অর্থের জোগান হ্রাস করে। এই রেটে বাণিজ্যিক ব্যাঙ্কগুলো তাদের অতিরিক্ত ফান্ড আরবিআই-র কাছে গচ্ছিত রাখে। রিভার্স রেপো রেট বাড়ার অর্থ হল আরবিআই বেশি সুদে বাণিজ্যিক ব্যাঙ্কগুলির থেকে ঋণ-গ্রহণ করতে চায়। সুতরাং, বাণিজ্যিক ব্যাঙ্কগুলি বেশি অর্থ আরবিআই-র কাছে গচ্ছিত রাখতে চায়; অর্থনীতিতে টাকার যোগান কমে।

রেপো রেট ও রিভার্স রেপো রেট হল আরবিআই-র লিকুইডিটি অ্যাডজাস্টমেন্ট ফেসিলিটি (LAF)-র অংশ। LAF-এর মাধ্যমে আর্থিক বাজারে সুদের ওঠা-নামার বিষয়ে অবগত হওয়া যায়। আর্থিক নীতির একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হল এই LAF।

(B) গুণগত (কোয়ালিটেটিভ):

(১) মার্জিন রিকোয়ারমেন্ট : এটি হল ব্যাঙ্কে সংরক্ষিত মোট সিকিউরিটির পরিমাণ ও আরবিআই-র থেকে নেওয়া মোট ঋণের পার্থক্য।

(২) কনজিউমার ক্রেডিট রেগুলেশনস : এটি পেমেন্ট ও ইনস্টলমেন্ট বিষয়ক নিয়ম-নীতি।

(৩) ক্রেডিট রেশনিং : বাণিজ্যিক ব্যাংকগুলির ঋণ নীতি আরবিআই দ্বারা নিয়ন্ত্রিত হয়।

(৪) মরাল সুয়াসন : এর মাধ্যমে আরবিআই বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে আর্থিক পরিষেবা বিষয়ে বিভিন্ন উপদেশ ও সুপারিশ প্রদান করে।

সম্প্রতি, অন্যান্য ব্যাঙ্কিং কার্যকলাপের মধ্যে অন্তর্ভুক্ত হল মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি (MSF)। এটির সূচনা হয়েছিল 2011 সালে। বাণিজ্যিক ব্যাঙ্কগুলির এটি একটি স্বল্প মেয়াদি ঋণ নীতি। জি-সেক এর পরিবর্তে আরবিআই-র কাছ থেকে বাণিজ্যিক ব্যাঙ্কগুলি রাতারাতি যে হারে ঋণ-গ্রহণ করে তা হল এমএসএফ। টাকার অত্যধিক ঘাটতির সময় ব্যাংকগুলি এমএসএফ-র দ্বারস্থ হতে পারে। রাতারাতি ঋণ সংক্রান্ত সুদের হারে যে পরিবর্তন হয় তা এমএসএফ দ্বারা দূর করা যায়। আর্থিক বাজারের অস্থিরতা হ্রাস করে এমএসএফ আর্থিক নীতিকে সঠিকভাবে প্রণয়ন করে। নেট ডিমান্ড ও টাইম লায়াবিলিটির 2% পর্যন্ত এমএসএফ-এর মাধ্যমে ঋণ গ্রহণ করতে পারে।

Turn over a new leaf *Means* : ***Change for the better***

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

দেশীয় অর্থনীতিতে দ্রব্যের প্রকারভেদ

(১) **মধ্যবর্তী দ্রব্য বা ইন্টারমিডিয়েট গুডস :** এইগুলি হল সেই প্রকার দ্রব্য যা অন্য দ্রব্যের প্রস্তুতকারীরা তাদের চূড়ান্ত দ্রব্য প্রস্তুত করার ক্ষেত্রে ব্যবহার করে থাকে। যেমন, রাবার, টায়ার প্রস্তুতকারীরা ব্যবহার করে থাকে।

(২) **চূড়ান্ত দ্রব্য বা ফাইনাল গুডস :** এইগুলি উপভাক্তোদের সরাসরি ব্যবহারের জন্য প্রস্তুত করা হয় এবং তা অন্য কোনো দ্রব্য প্রস্তুত করার কাজে লাগেনা। যেমন, গাড়ি।

(৩) **উপভাক্তো দ্রব্য বা কনজিউমার গুডস :** এইগুলি নির্দিষ্ট উপভোক্তারা তাদের ব্যবহারের জন্য ক্রয় করে থাকেন। যেমন, শাড়ি, এয়ার কন্ডিশনার, রেফ্রিজারেটর ইত্যাদি।

(৪) **মূলধনী দ্রব্য বা ক্যাপিটাল গুডস :** উৎপাদনের সময় যে সমস্ত দ্রব্য ব্যবহৃত হয় সেগুলিকে ক্যাপিটাল গুডস বলা হয়। যেমন, মেশিন টুলস ইত্যাদি।

(৫) **বিলাস দ্রব্য বা লাক্সারি গুডস :** যখন উপভাক্তোদের আয় বৃদ্ধি পায় তখন নির্দিষ্ট কিছু দ্রব্যের চাহিদা বেড়ে যায়, সেগুলিকে বিলাস দ্রব্য বলা হয়। যেমন, সোনা। খাদ্য দ্রব্য, জামা-কাপড় ইত্যাদির মতো এগুলিও সাধারণ দ্রব্য বা নর্মাল গুডসের মধ্যেই পড়ে। এগুলিকে উৎকৃষ্ট দ্রব্য বা সুপিরিয়র গুডসও বলা হয়। এগুলির চাহিদা স্থিতিস্থাপকতা বা ডিমান্ড ইলাস্টিসিটি একের থেকে বেশি হয়।

(৬) **পরিপূরক দ্রব্য বা কমপ্লিমেন্টারি গুডস :** যে সমস্ত দ্রব্য একে অন্যের পরিপূরক, তাদের কমপ্লিমেন্টারি গুডস বলে। যেমন, চা ও কফি; পেন ও রিফিল ইত্যাদি। এই ধরনের দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপকতা হল নেগেটিভ ক্রস প্রাইস ইলাস্টিসিটি।

(৭) **বিকল্প দ্রব্য বা সাবস্টিটিউট গুডস :** যে সকল দ্রব্যাদি একে অন্যের বিকল্প হিসেবে ব্যবহার করা যায় সেগুলিকে বলা হয় বিকল্প দ্রব্য। যেমন, চা ও কফি। এই ধরনের দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপকতা হল পজিটিভ ক্রস প্রাইস ইলাস্টিসিটি।

(৮) **ভেবলেন বা স্নব দ্রব্য :** কিছু দ্রব্যের দাম বাড়লে উপভোক্তারা সেটি আরো কিনতে আগ্রহী হয় যেহেতু তারা মনে করে যে মূল্যবান দ্রব্য মানে উৎকৃষ্ট দ্রব্য। যেমন, হিরে, লিমিটেড এডিসন-র গাড়ি ইত্যাদি।

(৯) **গিফেন গুডস :** নির্দিষ্ট কিছু দ্রব্যের চাহিদা সেগুলির মূল্য বাড়ার সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়। এগুলি বিলাস-বহুল দ্রব্যের মধ্যে পড়ে না। যেমন, পাউরুটি, গম, চাল ইত্যাদি। এগুলির চাহিদা স্থিতিস্থাপকতা ধনাত্মক।

(১০) **পাবলিক গুডস :** যে সমস্ত দ্রব্যের ব্যবহার অপ্রতিদ্বন্দ্বীমূলক, অর্থাৎ একটি দ্রব্যের ব্যবহার অন্য একটির চাহিদার ঘাটতি করে না, তাদের পাবলিক গুডস বলে। একসাথে অনেকেই এই দ্রব্য ব্যবহার করতে পারে। যেমন, পার্ক, ডিফেন্স ইত্যাদি।

(১১) **প্রাইভেট গুডস :** এগুলোর ব্যবহার প্রতিদ্বন্দ্বীমূলক এবং একসাথে অনেকে এই দ্রব্য ব্যবহার করতে পারে না। যেমন, একজন একটি বাড়ি কিনলে অন্য উপভাক্তো সেটি একইসময়ে ব্যবহার করতে পারে না।

(১২) **সদগুণ সম্পন্ন দ্রব্য বা মেরিট গুডস :** যে সমস্ত দ্রব্যের ব্যবহারের ইতিবাচক দিক আছে। সেগুলিকে মেরিট গুডস বলা হয়। যেমন, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি।

(১৩) **অসদগুণ সম্পন্ন দ্রব্য বা ডিমেরিট গুডস :** যে সমস্ত দ্রব্যের ব্যবহারের নেতিবাচক দিক আছে সেগুলিকে ডিমেরিট গুডস বলা হয়। যেমন, মাদক দ্রব্য, সিগারেট ইত্যাদি।

(১৪) **নিকৃষ্ট দ্রব্য বা ইনফিরিওর গুডস :** উপভোক্তার আয় বৃদ্ধির সঙ্গে সঙ্গে যে সমস্ত দ্রব্যের চাহিদা হ্রাস পায় তাদের নিকৃষ্ট দ্রব্য বলে। যেমন, জোয়ার, বাজরা, রাগি ইত্যাদি। এগুলির ডিমান্ড ইলাস্টিসিটি ঋনাত্মক হয়।

(১৫) **সাধারণ দ্রব্য বা নর্মাল গুডস :** এগুলি প্রয়োজনীয় দ্রব্যের মধ্যে পড়ে যাদের চাহিদা স্থিতিস্থাপকতা ০-১ এর থাকে। উপভোক্তার আয় বাড়ুক বা কমুক, এগুলির চাহিদা বা ক্রয়ের ওপর সেরকম কিছু প্রভাব পড়ে না। যেমন, বিদ্যুৎ, জল ইত্যাদি।

★★★

মানি মার্কেট ইনস্ট্রুমেন্ট

স্বল্পমেয়াদি সাধারণত এক বছরের জন্য অ্যাসেট ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে সরকার ও কর্পোরেট সংস্থাগুলি যে আর্থিক বাজারের দ্বারস্থ হয় তাকে মানি মার্কেট বা অর্থের বাজার বলা হয়।

❖ **পরিকাঠামো :**

(১) **অর্গানাইজড মানি মার্কেট :** এর মধ্যে অন্তর্ভুক্ত হল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ডিসকাউন্ট অ্যান্ড ফিনান্স হাব অফ ইন্ডিয়া, বাণিজ্যিক ব্যাঙ্ক সমূহ, ডেভেলপমেন্ট ব্যাঙ্ক যেমন আইডিবিআই, আইএফসিআই, আইসিআইসিআই, নাবার্ড, এলআইসি, জিআইসি, ইউটিআই ইত্যাদি।

(২) **আনঅর্গানাইজড মানি মার্কেট :** মহাজনী সংস্থা, নিধি, চিট ফান্ড, সমবায় ক্ষেত্র ইত্যাদি এর মধ্যে পড়ে।

❖ **মানি মার্কেট ইনস্ট্রুমেন্টের প্রকারভেদ :**

(১) **কল মানি মার্কেট :**

- খুব কম সময়ের জন্য টাকা ধার নেওয়া বা দেওয়া হয়। যদি, সময়সীমা 1-14 দিনের হয় তাহলে সেটিকে নোটিশ মানি বলা হয়, অন্যথায় কল মানি বলা হয়।
- কোনো কোল্যাটারেলের প্রয়োজন নেই।
- এক্ষত্রে মার্কেট নির্ধারিত সুদের হার প্রযোজ্য হয়।
- বাণিজ্যিক ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্ক, ডিএফএইচআই একইসাথে ঋণ গ্রহীতা ও ঋণ দাতা হিসেবে কাজ করে।

Burn one's fingers *Means* : **Get into trouble by interfering in other's affairs**

বিশ্বের প্রথম সেলফ-ড্রাইভিং ট্রেন লঞ্চ করল জার্মানি

- এলআইসি ও সেবি শুধুমাত্র ঋণ গ্রহীতা হিসেবে কাজ করে।

(২) **গভর্নমেন্ট সিকিউরিটি :** এইগুলি ডেটেড সিকিউরিটি যা কেন্দ্রীয় ও রাজ্য সরকার ইস্যু করে এবং এগুলি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নিয়ন্ত্রিত হয়।

- **ট্রেজারি বিল :** এইগুলি স্বল্পমেয়াদি সিকিউরিটি যা ইস্যু ডেটের থেকে এক বছর বা তার কম সময়ে ম্যাচিওর করে। টি-বিলগুলি সাধারণত 91, 182, 364 দিনের হয়। এইগুলি ডিস্কাউন্টে ইস্যু করে ফেস ভ্যালুতে রিডিম করা হয়, সুতরাং, কোনো সুদের হার এক্ষেত্রে প্রযোজ্য হয় না। এগুলিকে জিরো কুপন মানি মার্কেট টুল বলা হয়। এইগুলি সর্বাপেক্ষা সুরক্ষিত ইনস্ট্রুমেন্ট। ব্যাঙ্ক, বিমা সংস্থা, আর্থিক প্রতিষ্ঠান এগুলির ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করে।

(৩) **ক্যাশ ম্যানেজমেন্ট বিল :** এগুলি ট্রেজারি বিলের মতই কিন্তু এর ম্যাচুরিটি 91 দিনের কম হয়। এগুলি সরকারের তাৎক্ষণিক ক্যাশ ফ্লোর গড়মিল সামাল দিতে ইস্যু করা হয়।

(৪) **সার্টিফিকেট অফ ডিপোজিট :**

- এগুলি স্বল্পমেয়াদি নেগোশিয়েবল প্রমিসরি নোটস। তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কগুলি 15 দিন থেকে 1 বছরের জন্য এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলি 1 থেকে 3 বছরের জন্য এই সিডি ইস্যু করে।
- আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক এবং লোকাল এরিয়া ব্যাঙ্ক সিডি ই[illegible] পারে না।
- এগুলিও ডিসকাউন্ট-এ ইস্যু করে ফেস ভ্যালুতে রিডিম[illegible] এগুলোও সুরক্ষিত মানি মার্কেট ইনস্ট্রুমেন্ট।

(৫) **ইন্টারকর্পোরেট ডিপোজিট :** এগুলি অসুরক্ষিত ঋণ। [illegible] সংস্থাগুলি একে অপরকে এই প্রকার ঋণ দিয়ে থাকে।

(৬) **কমার্শিয়াল পেপার :**

- এগুলি স্বল্পমেয়াদি অসুরক্ষিত প্রমিসরি নোট যা নামী [illegible] সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠান ইস্যু করে থাকে। এগুলি 7 দি[illegible] 1 বছরের জন্য ডিসকাউন্ট-এ ইস্যু করে ফেস ভ্যালুতে রি[illegible] হয়।
- টি-বিলের থেকে বেশি রিটার্ন দিলেও এগুলি অপেক্ষা[illegible] সুরক্ষিত।

(৭) **কমার্শিয়াল বিল :**

- এগুলি বিলস অফ এক্সচেঞ্জ বা ট্রেড বিল নামে পরিচিত। দ্রব্য ও পরিষেবার বিক্রেতারা ক্রেতাদের ইস্যু করে।
- ট্রেড বিলগুলি যখন ডিসকাউন্টিং এর জন্য কোনো বাণিজ্যি[illegible] দ্বারা স্বীকৃত হয় তখন তাকে কমার্শিয়াল বিল বলে।

★★★

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

₹ 299

₹ 399

₹ 299

₹ 299

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে।
বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই সেন্টার থেকে সংগ্রহ করুন

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন—
www.gscepublications.com/www.ehubs.in

ইতিহাস : মুসলিম যুগে বাংলা

খ্রিস্টীয় ত্রয়োদশ শতকে ইখতিয়ারউদ্দিন মহম্মদ-বিন-বখতিয়ার খলজি প্রথম বাংলায় মুসলিম আধিপত্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিলেন। সেন বংশের পতনের পর বাংলা দিল্লির সুলতানি শাসনের অধীনে এলেও দিল্লির সুলতানি শাসকরা কখনোই বাংলার ওপর একচ্ছত্র আধিপত্য স্থাপন করতে পারেনি, উল্টে বাংলায় বারংবার বিদ্রোহ লক্ষ করা গেছে। বাংলার সুলতানি যুগে প্রথম যে রাজবংশের মাধ্যমে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়েছিল তা হল ইলিয়াস শাহী বংশ।

❖ **দিল্লির সুলতানি আমলে বাংলার খলজি গভর্নরদের তালিকা—**

- মহম্মদ বিন বখতিয়ার খলজি (১২০৪-১২০৬)।
- মহম্মদ শিরান খলজি (১২০৬-১২০৮)।
- গিয়াসউদ্দিন ইয়াজ শাহ খলজি (১২০৮-১২১০)।
- আলি মর্দান খলজি (১২১০-১২১২)।
- গিয়াসউদ্দিন ইয়াজ শাহ খলজি (১২১২-১২২৭) দ্বিতীয়বার।
- নাসিরুদ্দিন মামুদ (১২২৭-১২২৯) — তিনি খলজি বংশের ছিলেন না। পিতা ইলতুৎমিস কর্তৃক নিযুক্ত হয়েছিলেন।
- আলাউদ্দিন দৌলত শাহ খলজি (১২২৯-১২৩০)।
- মালিক বলকা খলজি (১২৩০-১২৩১) — শেষ খলজি গভর্নর।

❖ **মামলুক সুলতানদের অধীনে বাংলার গভর্নরদের তালিকা (১২২৭-১২৮১) —**

- আলাউদ্দিন জানি (১২৩২-১২৩৩)।
- সৈফুদ্দিন আইবক (১২৩৩-১২৩৬)।
- আওয়ার খান আইবক (১২৩৬)।
- তুঘরল তুঘ্রা খান (১২৩৬-১২৪৬)।
- তুঘলক তমর খান (১২৪৬-১২৪৭)।
- জালালউদ্দিন মাসুদ জানি (১২৪৭-১২৫১)।
- মালিক ইকতিয়ারউদ্দিন উজবাক (১২৫১-১২৫৭) — স্বাধীনতার দাবি জানায়।
- ইজাউদ্দিন বলবন উজবাকি (১২৫৭-১২৫৯)।
- তাতর খান (১২৫৯-১২৬৮) — স্বাধীনতার দাবি জানায়।
- শের খান (১২৬৮-১২৭২)।
- আমিন খান (১২৭২)।
- তুঘরল তুঘ্রা খান (১২৭২-১২৮১) — দ্বিতীয়বার।
- নাসিরুদ্দিন বুঘ্রা খান (১২৮১-১২৮৭) — লক্ষণাবতীর গভর্নর।

❖ **লক্ষণাবতীর স্বাধীন শাসক (বলবন সাম্রাজ্যের সময়)—**

শাসকের নাম	গুরুত্বপূর্ণ তথ্য
নাসিরুদ্দিন বুঘ্রা খান (১২৮৭-১২৯১)	নিজেকে স্বাধীন শাসক বলে ঘোষণা করেন।
রুকউদ্দিন কাইকাস (১২৯১-১৩০০)	প্রথম মুসলিম শাসক যিনি সাতগাঁও অধিকার করেন। লক্ষণাবতীর সীমানা বৃদ্ধি পায়।
সামসুদ্দিন ফিরোজ শাহ (১৩০০-১৩২২)	প্রথম মুসলিম শাসক যিনি সোনারগাঁও, ময়মনসিং, শ্রীহট্ট অধিগ্রহণ করতে সক্ষম হন।
গিয়াসউদ্দিন বাহাদুর শাহ (১৩২২-১৩২৪)	দিল্লির সুলতান গিয়াসউদ্দিন তুঘলকের নিকট বাংলার স্বাধীনতা হারান।

❖ **তুঘলক শাসকদের অধীনে বাংলার গভর্নরদের তালিকা—**

- গিয়াসউদ্দিন বাহাদুর শাহ (১৩২৪-১৩২৮) — দিল্লির তুঘলক বংশীয় সম্রাট মহম্মদ বিন তুঘলক কর্তৃক নিযুক্ত হন। কিন্তু পরবর্তীকালে নিজেকে স্বাধীন ঘোষণা করেন।
- বহরম খান (১৩২৮-১৩৩৮) — সোনারগাঁও-এর গভর্নর।
- কাদের খান (১৩২৮-১৩৩৬) — লক্ষণাবতীর গভর্নর।
- মুখলিশ (১৩৩৬-১৩৩৯) — লক্ষণাবতীর গভর্নর।
- আজম খান (১৩২৪-১৩২৮) — সাজগাঁও-এর গভর্নর।
- ইজাউদ্দিন ইয়াহা (১৩২৮-১৩৩৯) — সাতগাঁও-এর গভর্নর।

❖ **তুঘলক শাসকদের অধীনে বাংলার স্বাধীন সুলতানদের তালিকা**

- ফাকরুদ্দিন মুবারক শাহ (১৩৩৮-১৩৪৯) — সোনারগাঁও-এর প্রথম স্বাধীন শাসক।
- ইখতিয়ারউদ্দিন গাজী শাহ (১৩৪৯-১৩৫২) — সোনারগাঁও।
- ইলিয়াস শাহ (১৩৩৯-১৩৪২) — সাতগাঁও।
- আলাউদ্দিন আলি শাহ (১৩৩৯-১৩৪২) — লক্ষণাবতী।

ইলিয়াস শাহী সাম্রাজ্যের নরপতিদের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যাবলি
শামসউদ্দিন ইলিয়াস শাহ (১৩৪২-১৩৫৭)	তিনি ছিলেন ইলিয়াস শাহী সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তাঁর আমলে বাংলার রাজধানী ছিল লক্ষণাবতী। তিনি নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে অভিযান চালিয়ে প্রচুর ধনসম্পদ লুঠ করে ভারতে ফিরে আসতে সক্ষম হয়েছিলেন। তিনি শাহ-ই-বাংলা, শাহ-ই-বাঙালিয়ানা, সুলতান-ই-বাংলা উপাধিতে ভূষিত হন। পরবর্তীকালে লক্ষণাবতী থেকে মালদহের গৌড়ে রাজধানী স্থানান্তরিত করেন। তাঁর আমলে দিল্লির সুলতান ফিরোজ শাহ তুঘলক বাংলা আক্রমণ করেছিলেন কিন্তু ইলিয়াস শাহ একডালিয়া দুর্গে বসবাস করায় ফিরোজ শাহ তুঘলক তাঁর সেনাবাহিনী নিয়ে দিল্লি প্রত্যাবর্তনে বাধ্য হন।

Let the cat out of the bag *Means* : **Reveal a secret**

এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেস লিমিটেডের চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন অরুণ কুমার মি

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যবলি
সিকান্দর শাহ (১৩৫৮-১৩৯১)	ইলিয়াস শাহের মৃত্যুর পর তাঁর পুত্র সিকান্দর শাহ সিংহাসনে বসেন। তিনি পিতার ন্যায় একজন সুদক্ষ শা এবং তাঁকেই ইলিয়াস শাহী বংশের শ্রেষ্ঠ সুলতান হিসাবে মনে করা হয়। তাঁর আমলেও ফিরোজ শাহ তুঘ আক্রমণ করেছিলেন এবং পিতার পদাঙ্ক অনুসরণ করে একডালিয়া দুর্গে অবস্থান করলে ফিরোজ শাহ তু যেতে বাধ্য হন এবং দুই পক্ষের মধ্যে মিত্রতার চুক্তি সাক্ষরিত হয়। তিনি শিল্প-সংস্কৃতির পৃষ্ঠপোষক ছি তাঁর রাজধানী পাণ্ডুয়ায় বিখ্যাত আদিনা মসজিদ নির্মাণ করেছিলেন। এছাড়া পাণ্ডুয়ার কোতোয়ালি দরও আমলে নির্মিত হয়েছিল। এছাড়া আখ-ই সিরাজউদ্দিন মসজিদ, গঙ্গারামপুরের মোল্লা আতাব মসজিদ, হুগ সিমলাই মসজিদ তাঁর আমলে নির্মিত হয়। দীর্ঘ ৩৩ বছর শাসন করার পর পুত্র গিয়াসউদ্দিন আজম শা তিনি নিহত হন।
গিয়াসউদ্দিন আজম শাহ (১৩৯১-১৪১১)	পিতা সিকান্দর শাহকে হত্যা করে তিনি সিংহাসনে বসেন। পিতাকে হত্যা করলেও তিনি একজন দক্ষ ও দয় ছিলেন। তাঁর আমলে বাংলায় শান্তি-শৃঙ্খলা বজায় ছিল। তিনি চীনা মিঙ বংশীয় সম্রাট ইয়াংলোর দরবারে ১৪০৮ এবং ১৪০৯ খ্রিস্টাব্দে তিনবার দূত প্রেরণ করেছিলেন। ১৪০৬ খ্রিস্টাব্দে বিখ্যাত চীনা পণ্ডিত মা হু রাজসভায় এসেছিলেন। তিনি দীর্ঘ ২০ বছর শাসনকার্য চালিয়েছিলেন এবং কামরূপ ও কোচবিহারের কিছু করেছিলেন। তিনি সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন এবং পারস্যের বিখ্যাত কবি হাফেজের সঙ্গে পত্রালাপ ক
সৈফুদ্দিন হামজা (১৪১১-১৪১২)	গিয়াসউদ্দিন আজম শাহের মৃত্যুর পর তাঁর পুত্র সৈফুদ্দিন হামজা অল্প সময়ের জন্য বাংলার শাসক হয়ে তাঁর আমলে আমীর-ওমরাহদের ক্ষমতা প্রভূত বৃদ্ধি পেয়েছিল।
শিয়াবউদ্দিন বাহজিদ শাহ (১৪১২-১৪১৪)	সৈফুদ্দিন হামজার মৃত্যুর পর শিয়াবউদ্দিন বাহজিদ শাহ সিংহাসনে বসেন। তিনি একজন দুর্বল এবং অকর্মন ছিলেন। তাঁকে নামমাত্র সিংহাসনে বসিয়ে ভাতুড়িয়ার হিন্দু জমিদার রাজা গণেশ সমস্ত ক্ষমতা করায়ত্ত করে
আলাউদ্দিন ফিরোজ শাহ (১৪১৪)	শিয়াবউদ্দিন বাহজিদ শাহের মৃত্যুর পর তাঁর পুত্র আলাউদ্দিন ফিরোজ শাহ সিংহাসনে বসেন। কয়েক মাসের তাঁকে সিংহাসনচ্যুত ও হত্যা করে রাজা গণেশ সিংহাসনে বসেন।
রাজা গণেশ (১৪১৫-১৪১৮)	মুসলিম যুগে বাংলায় মাত্র কিছু বছরের জন্য রাজা গণেশের জন্য পুনরায় হিন্দু সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল। সিং বসে তিনি 'দনুজমর্দনদেব' উপাধি গ্রহণ করেছিলেন। তাঁর আমলে গৌড়ের ফতে খানের সমাধি ভবন এবং প একলাখি প্রাসাদ নির্মিত হয়েছিল।
জালালউদ্দিন (১৪১৮-১৪৩১)	রাজা গণেশের মৃত্যুর পর তাঁর পুত্র যদু সিংহাসনে বসেন। তিনি ইসলাম ধর্ম গ্রহণ করে জালালউদ্দিন নাম করেন। তাঁর সেনাপতি ছিলেন রাজ্যধর এবং সংস্কৃত পণ্ডিত বিদ্যাধরকে তিনি যথেষ্ট শ্রদ্ধা করতেন। তিনি প থেকে গৌড়ে রাজধানী স্থানান্তরিত করেছিলেন।
শামসুদ্দিন আহম্মদ শাহ (১৪৩২-১৪৪২)	জালালউদ্দিনের মৃত্যুর তাঁর পুত্র শামসুদ্দিন আহম্মদ শাহ সিংহাসনে বসেন। তিনি খুবই অত্যাচারি শাসক ছি তিনি আমীর ওমরাহদের হাতে নিহত হন। এর ফলে রাজা গণেশের বংশ সমাপ্ত হয়।
নাসিরউদ্দিন মামুদ শাহ (১৪৪২-১৪৫৯)	রাজা গণেশের বংশ সমাপ্ত হলে পুনরায় ইলিয়াস শাহী বংশ ক্ষমতায় আসে নাসিরউদ্দিন মামুদ শাহের হাত ধ তাঁর উপাধি ছিল 'সামিরউদ্দিন আবুল মুজাফফর মামুদ'। তাঁর আমলে গৌড় এবং সাতগাঁওয়ে কয়েকটি মসজিদ নির্মি হয়। তিনি চীনদেশে দূত প্রেরণ করেন।
রুকনউদ্দিন বরবক শাহ (১৪৫৯-১৪৭৪)	রুকনউদ্দিন বরবক শাহের শাসনকাল বাংলার ইতিহাসে অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায়। তিনি শিল্প এবং সাহিত্যের পৃষ্ঠপে ছিলেন। তাঁর পাণ্ডিত্যের জন্য তাঁকে 'অল ফাজিল' এবং 'অল কামিল' উপাধিতে ভূষিত করা হয়েছিল। রাজসভায় এসেছিলেন পণ্ডিতজ্ঞ বৃহস্পতি মিশ্র। এছাড়া তাঁর রাজসভায় ছিলেন 'শ্রীকৃষ্ণ বিজয়' গ্রন্থের রচ মালাধর বসু। তিনি মালাধর বসুকে 'গুনরাজ খাঁ' উপাধিতে ভূষিত করেছিলেন এবং তাঁর পুত্রকে সত্যরাজ খাঁ উ প্রদান করেছিলেন। 'শফরনামা' কাব্যগ্রন্থের রচয়িতা ইব্রাহিম কায়ুম ফারুকি তাঁর পৃষ্ঠপোষকতা অর্জন করেছি গৌড়ের বিখ্যাত 'দাখিল দরওয়াজা' তোরণটি তাঁর আমলে নির্মিত হয়েছিল।
শামসুদ্দিন ইউসুফ শাহ (১৪৭৪-১৪৮১)	রুকনউদ্দিন বরবক শাহের মৃত্যুর পর তাঁর পুত্র শামসুদ্দিন ইউসুফ শাহ সিংহাসনে বসেন। তাঁর আমলে গৌড়ের লোটন মন্দিরটি নির্মিত হয়েছিল।

At sixes and sevens *Means* **: In a disordered/disorganized manner, chaotic**

ভারত পে-র নতুন চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন রজনীশ কুমার

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যাবলি
জালালউদ্দিন ফতে শাহ (১৪৮১-১৪৮৭)	তিনি ইলিয়াস শাহী বংশের শেষ সুলতান। তাঁর আমলে নবদ্বীপে মহাপ্রভু শ্রী চৈতন্যদেব জন্মগ্রহণ করেছিলেন। হাবসি ক্রীতদাসরা তাঁর আমলে প্রভূত ক্ষমতাশালী হয়ে ওঠে। এই হাবসি ক্রীতদাসদের নিয়ন্ত্রণ করতে গিয়ে তিনি নিহত হন এবং সেই সঙ্গে ইলিয়াস শাহী বংশের পতন ঘটে।

হাবসি শাসন— ইলিয়াস শাহী বংশের সুলতান রুকনউদ্দিন বরবক শাহ প্রচুর হাবসি বা আবিসিনীয় ক্রীতদাস আমদানি করে তাঁদের প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত করেছিলেন। কালক্রমে এই হাবসিরা প্রভূত ক্ষমতাশালী হয়ে ওঠে এবং তাঁদেরকে নিয়ন্ত্রণ করতে গিয়েই ইলিয়াস শাহী বংশের শেষ সুলতান জালালউদ্দিন ফতে শাহ নিহত হন এবং সেই সঙ্গে ইলিয়াস শাহী বংশের পতন ঘটে বাংলায় হাবসি শাসন শুরু হয়। ১৪৮৭-১৪৯৩ সাল এই ৬ বছর বাংলায় চার হাবসি শাসকের অধীনে হাবসি শাসন চলেছিল। পণ্ডিতরা হাবসি শাসনের এই ৬ বছর শাসনকালকে বাংলার 'অন্ধকারাচ্ছন্ন যুগ' হিসাবে অভিহিত করেছেন।

হাবসি শাসকদের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যাবলি
শাহজাদা (১৪৮৭)	হাবসি প্রাসাদরক্ষী বা পাইকদের অধ্যক্ষ বারবক শাহ সুলতান শাহজাদা নাম ধারণ করে সিংহাসনে বসেন। তিনি মাত্র ছয় মাস শাসনকার্য চালিয়েছিলেন। তিনি হাবসি সেনাপতি মালিক আনদিলের হাতে নিহত হন।
সৈফুদ্দিন ফিরোজ (১৪৮৭-১৪৯০)	হাবসি সেনাপতি মালিক আনদিল শাহজাদাকে হত্যা করে সিংহাসনে বসাতে চেয়েছিলেন ইলিয়াস শাহী বংশের শেষ সুলতান জালালউদ্দিন ফতে শাহের নাবালক পুত্রকে। কিন্তু, ফতে শাহের বিধবা পত্নী এতে সম্মত না হওয়ায় তিনি সৈফুদ্দিন ফিরোজ নামে সিংহাসনে বসেন। তাঁর ৩ বছরের রাজত্বকাল হাবসি শাসনের অন্ধকারের মধ্যে এক চিলতে আলোর রেখার মত ছিল। তিনিও ষড়যন্ত্রের শিকার হয়ে নিহত হন।
মামুদ শাহ (১৪৯০-১৪৯১)	তিনি একজন নাবালক শাসক ছিলেন। তিনি উচ্চাকাঙ্খী হাবসি সিদি বদরের হাতে নিহত হন।
শামসুদ্দিন মুজাফফর (১৪৯১-১৪৯৩)	মামুদ শাহকে হত্যা করে সিদি বদর নামক এক উচ্চাকাঙ্খী হাবসি শামসউদ্দিন মুজাফফর নাম ধারণ করে সিংহাসনে বসেন। তিনি শেষ হাবসি শাসক ছিলেন। হাবসি শাসনের অত্যাচারে বঙ্গবাসী সমস্ত সহ্যের সীমা হারিয়ে ফেলেছিলেন। হোসেন শাহের নেতৃত্বে শামসউদ্দিন মুজাফফরকে হত্যা করা হলে হাবসি শাসন শেষ হয় এবং হোসেন শাহী বংশ প্রতিষ্ঠিত হয়।

হোসেন শাহী বংশ— মুসলিম যুগে বাংলায় ইলিয়াস শাহী বংশের পর গুরুত্বপূর্ণ বংশ ছিল হোসেন শাহী। হাবসি শাসনের অবসান ঘটিয়ে হোসেন শাহ এই সাম্রাজ্য স্থাপন করেছিলেন বলে এটা হোসেন শাহী বংশ নামে পরিচিত।

হোসেন শাহী বংশের শাসকদের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যাবলি
আলাউদ্দিন হোসেন শাহ (১৪৯৩-১৫১৯)	তিনি ছিলেন এই বংশের প্রতিষ্ঠাতা। তাঁকে 'বাংলার আকবর' উপাধিতে ঐতিহাসিকরা ভূষিত করে থাকেন। তিনি বাংলার সর্বশ্রেষ্ঠ শাসক ছিলেন। তাঁর আমলে হিন্দু মুসলিম সম্প্রীতি লক্ষ করা গিয়েছিল। তিনি হিন্দু মুসলিম উভয়কেই উচ্চ রাজপদে নিয়োগ করেছিলেন। দুই হিন্দুভাই রূপ গোস্বামী এবং সনাতন গোস্বামী ছিলেন তাঁর শাসন ব্যবস্থার দুই স্তম্ভ। তিনি বাংলায় সত্যপীরের পুজোর সূচনা করেছিলেন। তাঁকে 'নৃপতি তিলক', 'জগত ভূষণ' প্রভৃতি উপাধিতে ভূষিত করা হয়েছিল। তাঁর আমলেই শ্রীচৈতন্যদেবের নাম সর্বত্র ছড়িয়ে পড়েছিল। তাঁর রাজস্ব সচিব রূপ গোস্বামী তাঁর শাসনকালে সংস্কৃত গ্রন্থ 'ললিত মাধব' এবং 'বিদগ্ধ মাধব' রচনা করেছিলেন। তাঁর সেনাপতি পরাগল খাঁর পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের বঙ্গানুবাদ করেছিলেন এবং পরাগল খাঁ'র পুত্র ছুটি খাঁ'র পৃষ্ঠপোষকতায় শ্রীকর নন্দী মহাভারতের অশ্বমেধ পর্ব বাংলায় অনুবাদ করেছিলেন। তাঁর আমলেই রচিত হয়েছিল বিপ্রদাসের মনসামঙ্গল গ্রন্থ। এছাড়া চৈতন্য ভাগবত এবং চৈতন্য চরিতামৃত গ্রন্থ তাঁর শাসনকালেই রচিত হয়েছিল। মালাধর বসু, কবিরঞ্জন প্রভৃতি কবি তাঁর পৃষ্ঠপোষকতা অর্জন করেছিলেন। গৌড়ের গুনমন্ত মসজিদ, ফিরোজপুরের ছোটসোনা মসজিদ, বীরভূমের বাদশাহী সড়ক তাঁর আমলেই নির্মিত হয়েছিল।
নসরৎ শাহ (১৫১৯-১৫৩২)	আলাউদ্দিন হোসেন শাহ'র মৃত্যুর পর তাঁর পুত্র নসরৎ শাহ সিংহাসনে বসেন। তিনি ১৪ বছর রাজত্ব করেছিলেন। তাঁর সময়ের দিল্লির সুলতানী সাম্রাজ্যের সমাপ্তি ঘটে। ১৫২৬ খ্রিস্টাব্দে বাবরের কাছে ইব্রাহিম লোদী পরাস্ত হয়। ১৫২৯ খ্রিস্টাব্দে বাবরের সঙ্গে তাঁর সংঘর্ষ হয় এবং তিনি পরাস্ত হয়ে বাবরের মৌখিক আনুগত্য মেনে নেন। তিনি

Cry over spilled milk *Means* : **Complaining about a loss or failure from the past**

ওয়ার্ল্ড মেন্টাল হেলথ ডে 2021-র থিম ছিল 'Mental health in an unequal world'

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যবলি
	শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। শ্রীকর নন্দী, কবিন্দ্রপরমেশ্বর, কবিশেখর প্রমুখ কবি সাহিত্যিকরা তাঁর পৃষ্ঠপোষ... অর্জন করে। তাঁর দ্বারা গৌড়ের বড়সোনা মসজিদ এবং কদম রসুল নির্মিত হয়েছিল। এছাড়া পিতা আলাউদ্দিন হো... শাহের সমাধির ওপর তিনি একলাখি সৌধ নির্মাণ করেছিলেন। ১৫৩২ খ্রিস্টাব্দে আততায়ীদের হাতে নিহত...
আলাউদ্দিন ফিরোজ শাহ (১৫৩২)	নসরৎ শাহের মৃত্যুর পর আলাউদ্দিন ফিরোজ শাহ সিংহাসনে বসেন। তিনি মাত্র ৩ মাস রাজকার্য চালনা করেছিলে... তিনি তাঁর খুল্লতাত ভ্রাতা গিয়াসউদ্দিন মামুদ শাহের হাতে নিহত হন।
গিয়াসউদ্দিন মামুদ শাহ (১৫৩২-১৫৩৮)	তিনি হোসেন শাহী বংশের শেষ সুলতান ছিলেন। আলাউদ্দিন ফিরোজ শাহকে হত্যা করে তিনি সিংহাসনে আরো... করেছিলেন। ১৫৩৮ খ্রিস্টাব্দে শের শা তাঁকে বিতাড়িত করে বাংলা দখল করেছিলেন।

❖ **সুরি শাসকদের অধীনে বাংলার গভর্নরদের তালিকা—**

- শের শাহ সুরি (১৫৩২-১৫৩৮)।
- খিজির খাঁ (১৫৩৮-১৫৪১)।
- কাজী ফজিলাত (১৫৪১-১৫৪৫)।
- মহম্মদ খান সুরি (১৫৪৫-১৫৫৪)।
- শাহবাজ খান (১৫৫৫)।

❖ **মহম্মদ শাহ সাম্রাজ্যের শাসকদের তালিকা (১৫৫৪-১৫৬৪)**

- মহম্মদ খান সুর (১৫৫৪-১৫৫৫) — নিজেকে স্বাধীন ঘোষণা করেন এবং সামসুদ্দিন মহম্মদ শাহ নাম ধারণ করে সিংহাসনে বসেন।
- খিজির খান সুরি (১৫৫৫-১৫৬১)।
- গিয়াসউদ্দিন জালাল শাহ (১৫৬১-১৫৬৩)।
- তৃতীয় গিয়াসউদ্দিন বাহাদুর শাহ (১৫৬৩-১৫৬৪)।

❖ **করানী সাম্রাজ্যের শাসকদের তালিকা (১৫৬৪-১৫৭৬)—**

- তাজখান করানী (১৫৬৪-১৫৬৬)।
- সুলাইমান খান করানী (১৫৬৬-১৫৭২)।
- বাইজিদ খান করানী (১৫৭২)।
- দাউদ খান করানী (১৫৭২-১৫৭৬)।

❖ **মুঘল আমলে বাংলার সুবেদারদের তালিকা (১৫৬৫-১৭১৭)**

● **আকবরের রাজত্বে—**

- মুনিম খান (১৫৭৪-১৫৭৫)।
- হুসেন কুলি খান (১৫৭৫-১৫৭৮)।
- মুজফফর খান তুরবাতি (১৫৭৯-১৫৮০)।
- মির্জা আজিজ কোকা (১৫৮২-১৫৮৩)।
- ওয়াজির খান তাজিক (১৫৮৩)।
- শাহবাজ খান কাম্বো (১৫৮৩-১৫৮৫)।
- সাদিক খান (১৫৮৫-১৫৮৬)।
- শাহবাজ খান কাম্বো (১৫৮৬-১৫৮৭)।
- সৈয়দ খান (১৫৮৭-১৫৯৪)।
- রাজা প্রথম মান সিং (১৫৯৭-১৬০৬)।

● **জাহাঙ্গীরের রাজত্বে—**

- কুতুবউদ্দিন কোকা (১৬০৬-১৬০৭) — শের আফগানের যুদ্ধে নিহত হন।
- জাহাঙ্গীর কুলি বেগ (১৬০৭-১৬০৮) — আকবরের ভাই মহম্মদ হাকিমের ক্রীতদাস ছিলেন। পরবর্তীকালে বাংলার সু... হিসাবে নিযুক্ত হন।
- ইসলাম খান চিস্তি (১৬০৮-১৬১৩) — প্রথম সুবেদার ১৬১২ খ্রিস্টাব্দে ঢাকায় বাংলার রাজধানী স্থানান্তরিত করেছি...
- কাশিম খান চিস্তি (১৬১৩-১৬১৭) — ইসলাম খান চিস্তির ভাই।
- ইব্রাহিম খান ফতে-ই-জঙ্গ (১৬১৭-১৬২৪) — শাহজাহা... আক্রমণে নিহত হন।
- মহবত খান (১৬২৫-১৬২৬)।
- মুকরম খান (১৬২৬-১৬২৭)।
- ফিদাই খান (১৬২৭-১৬২৮)।

● **শাহজাহানের রাজত্বে—**

- কাশিম খান জুবানি (১৬২৮-১৬৩২)।
- মীর মহম্মদ বকির (১৬৩২-১৬৩৫) — আজম খান নামে পরিচি...
- মীর আব্বাস সালাম (১৬৩৫-১৬৩৯) — ইসলাম খান ম... নামে পরিচিত।
- শাহ সুজা (১৬৩৯-১৬৪৭) এবং (১৬৫২-১৬৬০)।

● **ঔরঙ্গজেবের রাজত্বে—**

- দ্বিতীয় মীর জুমলা (১৬৬০-১৬৬৩)।
- শায়েস্তা খাঁ (১৬৬৪-১৬৭৮)।
- আজম খান কোকা (১৬৭৮) — দ্বিতীয় ফিদাই খান নামে পরিচি...
- মহম্মদ আজম (১৬৭৮-১৬৭৯)।
- শায়েস্তা খাঁ (১৬৮০-১৬৮৮)।
- দ্বিতীয় ইব্রাহিম খান (১৬৮৯-১৬৯৭)।
- আজিম-উস-শান (১৬৯৭-১৭১২)।

A hard nut to crack** Means : **A difficult problem

@bettersolution4u

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আয়োজন করল সামরিক অনুশীলন 'যুদ্ধ অভ্যাস 2021'

নবাবদের অধীনে বাংলা— হোসেন শাহী বংশের পতনের পর মুঘল যুগে সেই অর্থে কোনো রাজবংশ প্রতিষ্ঠিত হয়নি। মুঘলরা গোটা দেশকে 'সুবা' বা প্রদেশে বিভক্ত করে রাজকার্য চালাত। এই সুবাগুলির অন্যতম হল বাংলা। সুবাগুলি সুবাদারদের দ্বারা পরিচালিত হত। ১৭১৭ খ্রিস্টাব্দে মুর্শিদকুলি খাঁ বাংলার সুবাদার হলে বাংলায় নবাবী শাসন প্রতিষ্ঠিত হয়।

নবাবী শাসকদের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

শাসক ও শাসনকাল	গুরুত্বপূর্ণ তথ্যবলি
মুর্শিদকুলি খাঁ (১৭১৭-১৭২৯)	বাংলায় নবাবী শাসন প্রতিষ্ঠিত করেছিলেন মুর্শিদকুলি খাঁ। তিনি এক হিন্দু ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেছিলেন। হাজি শাফি ইস্পাহানি নামক এক মুসলিম এর কাছে তাঁকে বিক্রি করায় তাঁর নাম হয়েছিল মহম্মদ হাদি। ১৭০০ খ্রিস্টাব্দে বাংলার দেওয়ান হিসাবে উল্লেখযোগ্য অবদানের জন্য তাঁকে ঔরঙ্গজেব মুর্শিদকুলি খাঁ উপাধি প্রদান করেছিলেন। মুঘল বাদশাহের অনুমতিতে তিনি দেওয়ানি বিভাগ ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তরিত করেছিলেন। ১৭১৭ খ্রিস্টাব্দে নবাব হয়ে মুকসুদাবাদকে রাজধানী হিসাবে গড়ে তোলেন এবং নিজের নামানুসারে মুকসুদাবাদের নাম রাখেন মুর্শিদাবাদ। তিনি ইজরাদারি ব্যবস্থার প্রচলন করেন। এছাড়া 'মালজামিনি' ব্যবস্থার প্রচলন করেন।
সুজাউদ্দিন খাঁ (১৭২৭-১৭৩৯)	মুর্শিদকুলি খাঁ'র কোনো পুত্র সন্তান না থাকায় তিনি দৌহিত্র সরফরাজ খাঁকে উত্তরাধিকারী মনোনীত করেছিলেন। মুর্শিদকুলি খাঁ এর মৃত্যুর পর সরফরাজ খাঁ তার আত্মীয় স্বজনের অনুরোধে তাঁর পিতা সুজাউদ্দিন খাঁকে নবাব হিসাবে ঘোষণা করেন। সুজাউদ্দিন একজন ধর্মভীরু, নিরপেক্ষ, বিদ্যোৎসাহী ও প্রজাহিতৈষী শাসক ছিলেন। তিনি মুঘল সম্রাটের নিকট হতে 'মুতাসন-উল-মুলক-সুজা-উদ-দৌলা আসাদ জঙ্গ' উপাধি লাভ করেন।
সরফরাজ খাঁ (১৭৩৯-১৭৪০)	সুজাউদ্দিন খাঁ এর মৃত্যু হলে তাঁর পুত্র সরফরাজ খাঁ সিংহাসনে আরোহণ করেন 'আলাউদ্দৌলা হায়দার জঙ্গ' উপাধি ধারন করে। তিনি একজন অলস ও অযোগ্য শাসক ছিলেন। ১৭৪০ খ্রিস্টাব্দে তিনি 'গিরিয়ার যুদ্ধে' আলিবর্দি খাঁ এর কাছে পরাস্ত হন।
আলিবর্দী খাঁ (১৭৪০-১৭৫৬)	গিরিয়ার যুদ্ধে সরফরাজ খাঁ'কে পরাস্ত করে তিনি বাংলার শাসক হিসাবে নিযুক্ত হন। ১৭৪২-১৭৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত তাঁর আমলে বাংলায় মারাঠা বর্গীদের আক্রমণ হত। এই মারাঠা বর্গীদের অন্যতম ছিল ভাস্কর পণ্ডিত যাকে আলিবর্দী খাঁ চক্রান্ত করে হত্যা করতে সমর্থ হয়েছিলেন। কিন্তু এতেও বাংলায় বর্গী আক্রমণ হ্রাস পায়নি। পরবর্তীকালে রঘুজি ভোঁসলের সহিত শান্তি সন্ধি স্থাপনের মাধ্যমে বাংলায় বর্গী আক্রমণ বন্ধ হয়।
সিরাজদ্দৌল্লা (১৭৫৬-১৭৫৭)	আলিবর্দী খাঁ-এর মৃত্যুর পর সিংহাসন বসেন তাঁর দৌহিত্র সিরাজদ্দৌল্লা। তিনি বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন। তিনি বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন। সিংহাসনে আরোহণের সময় থেকেই তাঁর সঙ্গে ইংরেজদের তিক্ততা শুরু হয়। ১৭১৭ খ্রিস্টাব্দে ইংরেজরা মুঘল সম্রাট ফারুকশিয়ারের নিকট হতে বাংলাদেশে যে বিনা শুল্কের অধিকার পেয়েছিলেন তাঁর অপব্যবহারের বিরুদ্ধে তিনি প্রতিবাদ জানালে ইংরেজদের সঙ্গে তাঁর বিবাদের সূচনা হয়। শুধু ইংরেজরাই নয়, তাঁর মাসি ঘসেটি বেগম, পূর্ণিয়ার শাসনকর্তা সৌকত জঙ্গ, ঢাকার দেওয়ান রাজবল্লভ তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। তিনি কলকাতায় উপস্থিত হন ইংরেজদের সমুচিন জবাব দেওয়ার জন্য এবং সেই উপলক্ষ্যে ১৭৫৬ খ্রিস্টাব্দের ৪ জুন কাশিমবাজার কুঠি দখল করেন। ওই বছরের ২০ জুন ফোর্ট উইলিয়াম-সহ পুরো কলকাতা তাঁর হস্তগত হয় এবং আলিবর্দী খাঁ-এর নামানুসারে এর নাম রাখেন 'আলিনগর'। অনেক ইংরেজ সৈন্যকে তিনি নাকি একটি ঘরে শ্বাসরুদ্ধ অবস্থায় রেখে হত্যা করেছেন বলে গুজব রয়েছে; যা 'অন্ধকূপ হত্যা' নামে পরিচিত। ১৭৫৭ খ্রিস্টাব্দের ২ জানুয়ারি রবার্ট ক্লাইভ এবং অ্যাডমিরান ওয়াটসন একপ্রকার বিনা বাধায় কলকাতা অধিকার করে নেন এবং ১৭৫৭ খ্রিস্টাব্দে ৯ ফেব্রুয়ারি সিরাজ ইংরেজদের সঙ্গে 'আলিনগরের সন্ধি' সাক্ষরে বাধ্য হন। এর মধ্যে প্রমুখ হিন্দু-মুসলিম বহু বিশিষ্ট ব্যক্তি সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন যাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন মীরজাফর, জগৎ শেঠ, রাজবল্লভ, রায়দুর্লভ প্রমুখ। ১৭৫৭ খ্রিস্টাব্দে ২৩ জুন পলাশির প্রান্তরে সিরাজ ও ইংরেজদের মধ্যে 'পলাশির যুদ্ধ' শুরু হয় এবং মীরজাফরের বিশ্বাসঘাতকতায় নবাব পরাজিত হন। তিনি পালাতে গিয়ে ধরা পড়েন এবং মীরজাফরের পুত্র মীরনের নির্দেশে আলি বেগ তাঁকে হত্যা করেন এবং এর পর বাংলায় ইংরেজদের প্রাধান্য বৃদ্ধি পায় যা তাঁদের পুরো ভারতবর্ষকে অধিকার করার ক্ষমতা জোগায়।

To cut a sorry figure *Means* : **To make a poor show**

বিভিন্ন দেশের সর্বোচ্চ সম্মান, সর্বোচ্চ সেনা সম্মান এবং সর্বোচ্চ সাহিত্য পুরস্কার

দেশ	সর্বোচ্চ সম্মান	সর্বোচ্চ সেনা সম্মান	সর্বোচ্চ সাহিত্য পুরস্কার
ভারত	ভারতরত্ন	পরমবীর চক্র	জ্ঞানপীঠ
বাংলাদেশ	বাংলাদেশ স্বাধীনতা সম্মান	বীর শ্রেষ্ঠ	বাংলা অ্যাকাডেমি লিটারেসি অ্যাওয়ার্ড
শ্রীলঙ্কা	শ্রীলঙ্কাভিমান্য	পরমবীরা বিভূষণয়া	The Gratiaen Prize
চীন	Order of Briliant Jade	Order of August First	Mao Dun Literature Prize
ব্রিটিশ যুক্তরাজ্য	Order of Merit	The Victoria Cross	বুকার প্রাইজ
ইউএসএ	Presidential Medal of Freedom	Medal of Honor	National Book Awards
পাকিস্তান	নিশান-ই-পাকিস্তান	নিশান-ই-হায়দার	কমল-এ-ফুন অ্যাওয়ার্ড
রাশিয়া	Order of Saint Andrew the Apostle	Order of St. George	Pushkin Prize
ফ্রান্স	Ordre national de la Legion d' honneur	The Legion of Honour-2	Goncourt Prize
জার্মানি	Order of Merit of Federal Republic of Germany	The Cross of Honour for Valour	The George Buchner Prize
ইতালি	Ordine al Merito della Repubblica Italiana	Gold Medal of Military Valour	The Strega Prize
জাপান	Grant Cordon of the Order of the Chrysanthemum	Order of the Chrysanthemum	Akutagawa Prize
গ্রিস	Grand Cross of the Order of the Redeemer	Cross of Valour	The Runciman Award
ইজরায়েল	Itur Nesi Medinat Yisra'el	Medal of Valor	The Sapir Prize
অস্ট্রেলিয়া	Cross of Valour	Victoria Cross for Australia	Miles Franklin Award
কানাডা	Cross of valour	The Victoria Cross of Canada	Governor General's Literary Awards
স্পেন	Order of Isabella the Catholic	Laureate Cross	Cervantes Prize
নেদারল্যান্ড	Order of Netherlands Lion	Military William Order	The P.C. Hooft Prize
পোল্যান্ড	Cross of Merit	Order of Virtuti Militari	Nike Literary Award
নেপাল	নেপাল রত্ন মানপদবী	Order of the Star	মদন পুরস্কার
ইউএই	Order of Zayed	Coveted Highest Military Award of the UAE	শেখ জায়েদ বুক অ্যাওয়ার্ড
আর্জেন্টিনা	Order de Mayo	Argentine Nation to the Valour in Combat	Konex Award
বেলজিয়াম	Order of Leopold	Croix de guerre	Boekenbon Literature Prize
কম্বোডিয়া	Royal Order of Cambodia	Grand Order of National Merit	Cambodian Literary Awards
চিলি	The Order of Bernardo O' Higgins	Order of Merit	Premio Nacional de Literatura
ইজিপ্ট	Order of the Nile	Order of Sinai Star	The Nile Awards
কেনিয়া	Order of the Golden Heart of Kenya	Elder of the Order of the Golden Heart of Kenya	Jomo Kenyatta Prize for Literature
মেক্সিকো	The Order of the Aztec Eagle	The Defense of Puebla Medal	Premio Nezahualcóyotl de Literatura en Lenguas Indigenas
নিউজিল্যান্ড	Order of Newzealand	Victoria Cross for New Zealand	Ockham New Zealand Book Awards
ফিলিপিন্স	Quezon Service class	The Medal of Valor	Don Carlos Palanca Memorial Awards

@bettersolution4u

ভারত ও বিশ্বের প্রধান কৃষিজ ফসল উৎপাদক দেশ সংক্রান্ত তথ্যাবলি

		ভারত			পৃথিবী		
শস্যের প্রকৃতি	শস্যের নাম	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
খাদ্যশস্য	খাদ্যশস্য (Coarse Cereals)	রাজস্থান	কর্ণাটক	মধ্যপ্রদেশ	আমেরিকা	চীন	ব্রাজিল
	পুষ্টিশস্য (Nutri Cereals)	রাজস্থান	মহারাষ্ট্র	কর্ণাটক	—	—	—
পুষ্টিশস্য	ধান	পশ্চিমবঙ্গ	উত্তরপ্রদেশ	পাঞ্জাব	চিন	ভারত	ইন্দোনেশিয়া
	গম	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	পাঞ্জাব	চিন	ভারত	রাশিয়া
	ভুট্টা	কর্ণাটক	মধ্যপ্রদেশ	মহারাষ্ট্র	আমেরিকা	চিন	ব্রাজিল
	জোয়ার	মহারাষ্ট্র	কর্ণাটক	তামিলনাড়ু	আমেরিকা	নাইজেরিয়া	ইথিওপিয়া
	বাজরা	রাজস্থান	উত্তরপ্রদেশ	হরিয়ানা	রাশিয়া	চিন	ইউক্রেন
	রাগি	কর্ণাটক	তামিলনাড়ু	উত্তরাখণ্ড	ভারত	নাইজার	চীন
	বার্লি	রাজস্থান	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	রাশিয়া	ফ্রান্স	জার্মানি
তৈলবীজ	তৈলবীজ	রাজস্থান	গুজরাট	মধ্যপ্রদেশ	ব্রাজিল	আমেরিকা	চীন
	সরষে	রাজস্থান	হরিয়ানা	উত্তরপ্রদেশ	নেপাল	কানাডা	রাশিয়া
	সয়াবিন	মধ্যপ্রদেশ	মহারাষ্ট্র	রাজস্থান	ব্রাজিল	আমেরিকা	আর্জেন্টিনা
	সূর্যমুখী	কর্ণাটক	ওড়িশা	বিহার	ইউক্রেন	রাশিয়া	আর্জেন্টিনা
	পামতেল	অন্ধ্রপ্রদেশ	তেলেঙ্গানা	কেরালা	ইন্দোনেশিয়া	মালয়েশিয়া	থাইল্যান্ড
	রেড়ির তেল	গুজরাট	রাজস্থান	তেলেঙ্গানা	ভারত	মোজাম্বিক	—
	তিল (Sesame)	পশ্চিমবঙ্গ	মধ্যপ্রদেশ	গুজরাট	সুদান	মায়ানমার	ভারত
	তিসি (Linseed)	মধ্যপ্রদেশ	ঝাড়খণ্ড	উত্তরপ্রদেশ	কাজাখস্তান	রাশিয়া	কানাডা
	সাফোলা	কর্ণাটক	মহারাষ্ট্র	তেলেঙ্গানা	কাজাকিস্তান	আমেরিকা	রাশিয়া
ফল	ফল	অন্ধ্রপ্রদেশ	উত্তরপ্রদেশ	মহারাষ্ট্র	চিন	ভারত	ব্রাজিল
	আখ	উত্তরপ্রদেশ	মহারাষ্ট্র	কর্ণাটক	ব্রাজিল	ভারত	চিন
	নারকেল	কেরালা	তামিলনাড়ু	কর্ণাটক	ইন্দোনেশিয়া	ফিলিপাইন	ভারত
	টমাটো	অন্ধ্রপ্রদেশ	মধ্যপ্রদেশ	গুজরাট	চিন	ভারত	তুর্কি
	কলা	অন্ধ্রপ্রদেশ	গুজরাট	মহারাষ্ট্র	ভারত	চিন	ইন্দোনেশিয়া
	আম	উত্তরপ্রদেশ	অন্ধ্রপ্রদেশ	বিহার	ভারত	ইন্দোনেশিয়া	চিন
	লেবু	গুজরাট	অন্ধ্রপ্রদেশ	কর্ণাটক	ভারত	মেক্সিকো	চিন
	আমলকি	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	তামিলনাড়ু	ভারত	ইন্দোনেশিয়া	ফিলিপিন্স
	আপেল	জম্মু ও কাশ্মীর	হিমাচল প্রদেশ	উত্তরাখণ্ড	চিন	আমেরিকা	তুর্কি
	কমলালেবু	মধ্যপ্রদেশ	পাঞ্জাব	মহারাষ্ট্র	ব্রাজিল	চিন	ভারত
	আঙুর	মহারাষ্ট্র	কর্ণাটক	তামিলনাড়ু	চিন	ইতালি	আমেরিকা
	পেয়ারা	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	বিহার	ভারত	ইন্দোনেশিয়া	চিন
	পেঁপে	অন্ধ্রপ্রদেশ	গুজরাট	কর্ণাটক	ভারত	ডোমিনিকান রিপাবলিক	ব্রাজিল
	আনারস	পশ্চিমবঙ্গ	আসাম	কর্ণাটক	কোস্টারিকা	ফিলিপিন্স	ব্রাজিল

At the eleventh hour** Means : **At the last moment

রিনিউবেল এনার্জি কান্ট্রি অ্যাট্রাক্টিভনেস ইনডেক্স-এ ভারতের স্থান তৃতীয়

		ভারত			পৃথিবী		
শস্যের প্রকৃতি	শস্যের নাম	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	প্রথম	দ্বিতীয়	তৃতীয়
ডাল	ডাল	রাজস্থান	মধ্যপ্রদেশ	মহারাষ্ট্র	ভারত	মায়ানমার	কানাডা
	কলাই	রাজস্থান	মহারাষ্ট্র	মধ্যপ্রদেশ	—	—	—
	অড়হর	কর্ণাটক	মহারাষ্ট্র	উত্তরপ্রদেশ	—	—	—
	মুসুর ডাল	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	পশ্চিমবঙ্গ	কানাডা	ভারত	অস্ট্রেলিয়া
	মুগ ডাল	রাজস্থান	মধ্যপ্রদেশ	কর্ণাটক	—	—	—
	ফুল ও সব্জি (Horticulture)	উত্তরপ্রদেশ	পশ্চিমবঙ্গ	মধ্যপ্রদেশ	—	—	—
শাকসব্জি	শাকসব্জি	পশ্চিমবঙ্গ	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	চিন	ভারত	আমেরিকা
	আলু	উত্তরপ্রদেশ	পশ্চিমবঙ্গ	বিহার	চিন	ভারত	রাশিয়া
	পেঁয়াজ	মহারাষ্ট্র	মধ্যপ্রদেশ	কর্ণাটক	চিন	ভারত	আমেরিকা
	লংকা	অন্ধ্রপ্রদেশ	কর্ণাটক	পশ্চিমবঙ্গ	ভারত	মেক্সিকো	তুর্কি
	বেগুন	পশ্চিমবঙ্গ	ওড়িশা	গুজরাট	চিন	ভারত	মিশর
	ফুলকপি	পশ্চিমবঙ্গ	মধ্যপ্রদেশ	বিহার	চিন	ভারত	আমেরিকা
	বাঁধাকপি	পশ্চিমবঙ্গ	ওড়িশা	মধ্যপ্রদেশ	চিন	ভারত	রাশিয়া
	ঢেঁড়স	গুররাট	পশ্চিমবঙ্গ	বিহার	ভারত	নাইজেরিয়া	মালি
	বিনস্	গুজরাট	ঝাড়খণ্ড	তামিলনাড়ু	চিন	ভারত	ইন্দোনেশিয়া
	কুমড়ো	ওড়িশা	উত্তরপ্রদেশ	মধ্যপ্রদেশ	চিন	ইউক্রেন	রাশিয়া
	গাজর	হরিয়ানা	পাঞ্জাব	উত্তরপ্রদেশ	চিন	উজবেকিস্থান	আমেরিকা
	উচ্ছে	ছত্তিশগড়	তেলেঙ্গানা	অন্ধ্রপ্রদেশ	চিন	ইউক্রেন	রাশিয়া
	আদা	আসাম	মহারাষ্ট্র	পশ্চিমবঙ্গ	ভারত	নাইজেরিয়া	চিন
	রসুন	রাজস্থান	উত্তরপ্রদেশ	গুজরাট	ভারত	চিন	বাংলাদেশ
তন্তু	তুলা	গুজরাট	তেলেঙ্গানা	মহারাষ্ট্র	চিন	ভারত	আমেরিকা
	পাট	পশ্চিমবঙ্গ	বিহার	আসাম	ভারত	বাংলাদেশ	চিন
	উল	রাজস্থান	জম্মু ও কাশ্মীর	তেলেঙ্গানা	চিন	অস্ট্রেলিয়া	নিউজিল্যান্ড
	সিল্ক	কর্ণাটক	অন্ধ্রপ্রদেশ	আসাম	চিন	ভারত	থাইল্যাণ্ড
বাদাম	কাজুবাদাম	মহারাষ্ট্র	অন্ধ্রপ্রদেশ	ওড়িশা	ভিয়েতনাম	ভারত	আইভোরি কোস্ট
	চিনাবাদাম	গুজরাট	রাজস্থান	তামিলনাড়ু	চিন	ভারত	নাইজেরিয়া
	আমন্ড (Almond)	হিমাচল প্রদেশ	জম্মু ও কাশ্মীর	—	আমেরিকা	স্পেন	ইরান
অন্যান্য	তামাক	গুজরাট	অন্ধ্রপ্রদেশ	কর্ণাটক	চিন	ভারত	ব্রাজিল
	ডিম	অন্ধ্রপ্রদেশ	তামিলনাড়ু	তেলেঙ্গানা	চিন	আমেরিকা	ভারত
	মাংস	উত্তরপ্রদেশ	মহারাষ্ট্র	পশ্চিমবঙ্গ	আমেরিকা	চিন	ব্রাজিল
	মাছ	অন্ধ্রপ্রদেশ	উত্তরপ্রদেশ	গুজরাট	চিন	ভারত	ইন্দোনেশিয়া
	ফুল	অন্ধ্রপ্রদেশ	তামিলনাড়ু	মধ্যপ্রদেশ	নেদারল্যান্ড	ফ্রান্স	ইতালি
	মধু	উত্তরপ্রদেশ	পশ্চিমবঙ্গ	পাঞ্জাব	চিন	তুর্কি	কানাডা
	ঔষধিগাছ	রাজস্থান	তামিলনাড়ু	মধ্যপ্রদেশ	চিন	—	—
	মশলা	মধ্যপ্রদেশ	রাজস্থান	গুজরাট	ভারত	তুর্কি	বাংলাদেশ
	দুগ্ধ	উত্তরপ্রদেশ	রাজস্থান	মধ্যপ্রদেশ	ভারত	আমেরিকা	ব্রাজিল

Play second fiddle *Means* : **Take an unimportant part**

পশ্চিমবঙ্গ সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্প

প্রকল্পের নাম	সময়	উদ্দেশ্য	তথ্যাবলি
খাদ্যসাথি	২০১৬ ২৭ জানুয়ারি	রাজ্যের মানুষকে ভর্তুকিতে খাদ্যশস্য প্রদান	রাজ্যের ৭.৫ কোটি মানুষকে ২ টাকা কেজি দরে চাল ও গম দেওয়ার উদ্দে... প্রকল্প চালু করা হয়েছে।
উৎকর্ষ বাংলা	২০১৬ ১৬ ফেব্রুয়ারি	কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়ন	কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের শেষে কর্মসংস্থানের ব্যবস্থা করার লক্ষ্যে... প্রকল্প চালু করা হয়েছে।
কন্যাশ্রী	২০১৩ ১ অক্টোবর	নারীশিক্ষার প্রসার, বাল্যবিবাহ ও নারীপাচার রোধে আর্থিক অনুদান প্রকল্প	স্কুলছুটের সংখ্যা কমানো, বাল্যবিবাহ, নারীপাচার প্রভৃতি দূর করবার উদ্দেশ্যে... থেকে দ্বাদশ শ্রেণির মধ্যে পাঠরতা এবং ১৩ থেকে ১৮ বছর বয়সসীমার... কন্যারা এই প্রকল্পে রাজ্য সরকারের কাছ থেকে বার্ষিক ৭৫০ টাকা হারে নি... ভাতা পাবে। এছাড়া তাঁদের বয়স যখন ১৮ বছর হবে এবং তখনও পর্যন্ত যদি... অবিবাহিত থাকেন, যাদের পরিবারের বার্ষিক আয় ১ লক্ষ ২০ হাজার টাকার... তাঁরা আরও এককালীন ২৫ হাজার টাকা আর্থিক অনুদান পাবেন।
যুবশ্রী	৩ অক্টোবর ২০১৩	বেকার যুবক-যুবতীদের উদ্যোগ ভাতা	দীর্ঘদিন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম নথিভুক্ত বেকার যুবক-যুবতীদের সরকা... পক্ষ থেকে যুবশ্রী প্রকল্পের অধীনে মাসিক ১৫০০ টাকা ভাতা দেওয়া হচ্ছে।... শ্রেণি উত্তীর্ণ ও ১৮-৪৫ বছরের মধ্যে বয়স হতে হবে। একটি পরিবার থে... একজনই এই ভাতা পাবেন। এই প্রকল্পের স্লোগান— হতাশা ভাঙো, জীবন গ...
মিশন নির্মল বাংলা	২ অক্টোবর ২০১৪	রাজ্যজুড়ে সার্বিক-স্বাস্থ্যবিধানের লক্ষ্যে	সার্বিক স্বাস্থ্যবিধানের লক্ষ্যে পারিবারিক শৌচাগার নির্মাণে নদিয়া জেলা সারা দে... মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। এরপরই হুগলি ও বর্ধমান জেলার স্থান। নদি... এই সাফল্য আন্তর্জাতিক স্তরেও স্বীকৃতি পেয়েছে। ৩০ এপ্রিল এই দিনটি রা... 'নির্মল বাংলা দিবস' হিসেবে উদ্‌যাপিত হচ্ছে।
ন্যায্য মূল্যের ওষুধের দোকান	—	গরিব মানুষদের তথা অসুস্থ অবস্থায় জনগণের জন্য কম দামে ওষুধ দেওয়া	সাধারণ মানুষের জন্য বিভিন্ন সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে সরকারের পক্ষ থে... বিভিন্ন হাসপাতালে 'ন্যায্য মূল্যের ওষুধের দোকান' স্থাপন করা হয়েছে। এ... দোকানগুলিতে বিভিন্ন ওষুধের ওপর ছাড়ের পরিমাণ ৪২% বিক্রি থেকে ৭৬... পর্যন্ত আছে। এছাড়া পিপিপি মডেলে রাজ্যের বিভিন্ন হাসপাতালে সিটিস্ক্যা... ডায়ালিসিস, ডিজিটাল এক্স-রে, যাত্রী প্রতীক্ষালয়, উন্নত পরিবেশের সুবি... থাকছে।
মাইক্রো বিজনেস ক্রেডিট কার্ড	২০১৫ ১১ ফেব্রুয়ারি	ক্ষুদ্র উদ্যোগপতিদের জন্য ক্রেডিট কার্ড	ক্ষুদ্র উদ্যোগপতিদের জন্য পশ্চিমবঙ্গ সারা ভারতে প্রথম মাইক্রো বিজনেস ক্রেডি... কার্ড প্রকল্প চালু করেছে। SBI-এর সঙ্গে যৌথ উদ্যোগে গড়ে ওঠা এই প্রকল্পে ক্ষু... উদ্যোগপতিরা ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সিকিউরিটি ছাড়াই পেতে পারেন।
প্রাণধারা	২০১৫ আগস্ট	সহজভাবে পানীয় জলের বিতরণ করা	ত্রাণের কাজসহ বিভিন্ন সংকটজনক পরিস্থিতিতে পানীয় জলের সুবিধাজনক... বিতরণের উদ্দেশ্যে রাজ্য সরকার নিয়ে এসেছে বোতলে ভর্তি পানীয় জল 'প্রাণধারা'।
গীতাঞ্জলি ও আমার ঠিকানা	২০১১	দরিদ্র মানুষদের বাসস্থানের উদ্দেশ্যে	রাজ্যের যেসব দরিদ্র মানুষের মাসিক আয় ৬ হাজার টাকা বা তার কম তাঁদের... বাসস্থানের প্রয়োজনে ৭০,০০০ টাকা প্রদানের মাধ্যমে রাজ্য সরকারের নতুন প্রকল্প... 'গীতাঞ্জলি' ও 'আমার ঠিকানা'। এই প্রকল্প দু'টির মাধ্যমে একদিকে যেমন... অর্থনৈতিকভাবে অনগ্রসর মানুষদের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা সম্ভব... হচ্ছে— তেমনই নির্মাণকর্মীদের জন্যও কর্মসংস্থানের ব্যবস্থা হচ্ছে।
বিশ্ব বাংলা শোরুম	২০১৪ ২৬ ফেব্রুয়ারি	বাংলার হস্তশিল্পের প্রসার	বাংলার ঐতিহ্যমণ্ডিত হস্তশিল্প যাতে সারা বিশ্বের কাছে পৌঁছে যায় এই লক্ষ্যে... কলকাতা বিমানবন্দর, দক্ষিণাপন, রাজারহাট ও দিল্লিতে বিশ্ব বাংলার শোরুম চাল... হয়েছে।
পথসাথি	—	যাত্রীদের সুবিধা প্রদান	রাজ্যের গুরুত্বপূর্ণ সড়কগুলিতে সফররত মানুষ, বিশেষত মহিলাদের বিশে... অসুবিধার কথা চিন্তা করে প্রতি ৫০ কিমি অন্তর 'পথসাথি' নামে মোটেল নির্মাণ ক... হচ্ছে। মোটেলগুলিতে শৌচাগার, যাত্রী প্রতিক্ষালয়, নৈশাবাস ও রেস্তোরাঁর ব্যবস্থা থাকবে...

Throw out of gear *Means* : **Disturb the work**

ইন্ডিয়ান ব্যাঙ্ক অ্যাসেসিয়েশন-র চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন এ কে গোয়েল

প্রকল্পের নাম	সময়	উদ্দেশ্য	তথ্যাবলি
নিজ গৃহ নিজ ভূমি	২০১১ ১৮ অক্টোবর	দরিদ্র মানুষের নিজের বাড়ির স্বপ্নকে সফল করতে	গ্রামাঞ্চলের দরিদ্র গৃহহীন খেতমজুর, কারিগর ও মৎস্যজীবী পরিবারগুলিকে পরিবার পিছু ৫ শতক পর্যন্ত জমির মালিকানা ও এই জমিতে তাঁরা বিভিন্ন সরকারি প্রকল্পের টাকায় ও পরিবারের সদস্যদের শ্রমে বাড়ি তৈরি করতে পারবেন। এর ফলে তাঁরা মজুরি বাবদ কিছু উপার্জনও করতে পারবেন।
মাটির কথা	—	বিভিন্ন কৃষিক্ষেত্র সহায়তা প্রদান	কৃষি, কৃষি বিপণন, পশুপালন, মৎস্য ও উদ্যানপালন ৫টি বিষয় সম্পর্কিত যাবতীয় তথ্য এই পোর্টাল থেকে পাওয়া যায়।
কিষান ক্রেডিট কার্ড	—	এই কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক থেকে কৃষিঋণ প্রদান	কৃষকরা এই কার্ডের মাধ্যমে আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন। ৬৫ লক্ষেরও বেশি কৃষক এই কার্ডের মাধ্যমে লাভবান হয়েছেন।
সুফল বাংলা প্রকল্প	২০১৪ ২৯ সেপ্টেম্বর	দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী জনগণকে ন্যায্য দামে পুষ্টিকর খাদ্যের জোগান	দরিদ্র জনগণকে কম দামে পুষ্টিকর খাদ্যের জোগান ও একই সঙ্গে কৃষি অর্থনীতির উন্নতি ঘটাতে শুরু হয়েছে সুফল বাংলা প্রকল্প। এই প্রকল্পে চলমান গাড়িতে করে দরজায় দরজায় ফল ও সবজি বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। প্রকল্পের ফলে নতুন নতুন কর্মসংস্থানেরও সৃষ্টি হয়েছে।
আমার ফসল আমার গোলা, আমার ফসল আমার গাড়ি	২০১৪ জানুয়ারি	ক্ষতির হাত থেকে কৃষককে বাঁচাতে	রাজ্যের প্রান্তিক চাষিদের নিজস্ব গোলা ও নিজস্ব গাড়ি না থাকার জন্য এ রাজ্যে অনেক ফসলের অপচয় হত। ক্ষতির হাত থেকে কৃষকদের বাঁচাতে কৃষি বিপণন দপ্তর নিজস্ব গোলা তৈরির জন্য ৫ থেকে ২৫ হাজার টাকা ও নিজস্ব গাড়ি কেনার জন্য সরকারের পক্ষ থেকে কৃষকদের ১ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সাহায্য প্রদান করা হয়।
জল ধরো, জল ভরো	—	জলসম্পদকে বাঁচানো ও বৃষ্টির জলের অপচয় বন্ধ করা	বিভিন্ন জলাশয়, খাল, বিল ও প্রকৃতির জলধারণ ক্ষমতা বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে সুখা মরসুমে জলের অভাব মিটবে, মৎস্যচাষ, পশুপালন ইত্যাদি ক্ষেত্রেও সুবিধা হবে।
সামাজিক মুক্তি কার্ড	—	অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য এই প্রকল্প	অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের একটি কার্ড প্রদান করা হবে, যার মাধ্যমে কার্ডধারীরা স্বাস্থ্য, শিক্ষা, পেনশন ইত্যাদি ক্ষেত্রের যাবতীয় সুযোগ-সুবিধার ভাতা অতি দ্রুত পাবেন। এছাড়া কোনো কারণে কর্মহীন হলে বা বয়সজনিত কারণে বা অসুস্থ হলে সব ধরনের সামাজিক সুরক্ষা পাবেন।
শিশুসাথি	২০১৩ ২১ আগস্ট	শিশুদের হার্টের বিনামূল্যে অস্ত্রোপচার	এই প্রকল্পে দরিদ্র পরিবারের ১২ বছরের কমবয়সি শিশুদের হার্টে অস্ত্রোপচার করার দরকার হলে তা সম্পূর্ণ বিনামূল্যে করা হবে। এজন্য সরকারি হাসপাতাল ছাড়াও সরকার ৩টি বেসরকারি হাসপাতালে প্রতি বছর ৩০০০ শিশুর বিনামূল্যে হার্টের অস্ত্রোপচার করা হবে। সঙ্গে স্কুলগুলিতে নিয়মিত শিশুদের স্বাস্থ্যপরীক্ষার উদ্যোগ নেওয়া হয়েছে।
সবুজ সাথি	২০১৫ সেপ্টেম্বর	ছাত্রছাত্রীদের স্কুলে যাতায়াতের জন্য সাইকেল প্রদান	এই প্রকল্পের অধীনে এই রাজ্যের দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের স্কুলে যাতায়াতের জন্য সাইকেল প্রদান করা হয়। এই প্রকল্পে ৭০ লক্ষ ছাত্রছাত্রীকে সাইকেল দেওয়া হচ্ছে।
মধুরস্নেহ	২০১৩ আগস্ট	বিশেষ শিশুর জন্য হিউম্যান মিল্ক ব্যাঙ্ক	পূর্ব ভারতের প্রথম এবং দেশের সবচেয়ে আধুনিক মানব দুগ্ধ ব্যাঙ্ক চালু হয়েছে এসএসকেএম হাসপাতালে। এখানে পাস্তুরাইজেশন, অত্যন্ত আধুনিক দুগ্ধ সংগ্রহ, নির্বাচন ও প্রক্রিয়াকরণ পরীক্ষা ও ভাণ্ডারীকরণের সুবিধা রয়েছে। নির্দিষ্ট সময়ের আগে জন্মানো শিশু কিংবা যাদের জন্মের সময় ওজন খুব কম হয়, বা যাদের মায়েরা প্রত্যক্ষভাবে দুগ্ধ পান করাতে পারেন না তাঁরা এই প্রকল্পের সুবিধা পাবেন।
শিক্ষাশ্রী	২০১৪	রাজ্যের তপশিলি জাতি এবং উপজাতি ছাত্রছাত্রীদের উন্নয়ন প্রকল্প	রাজ্যের তপশিলি জাতি এবং উপজাতি যেসব ছাত্র-ছাত্রী পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে পড়ে এবং সরকারি হোস্টেলে থাকে না, তাদের শিক্ষায় উৎসাহ দেওয়ার জন্য এবং তাদের মধ্যে স্কুলছুটের সংখ্যা কমানোর জন্য রাজ্য সরকার 'শিক্ষাশ্রী' বৃত্তি চালু করেছে।
কর্মতীর্থ	২০১৪ ১ আগস্ট	নতুন কর্মসংস্থান সৃষ্টি	মূলত স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের উৎপাদিত দ্রব্যাদি, গ্রামীণ জনগণের কাছে বিক্রয়ের জন্য এই প্রকল্প। পঞ্চায়েতের মাধ্যমে এই সমস্ত সামগ্রী বিক্রির জন্য ৫০০টি মার্কেটিং হাব তৈরির পরিকল্পনা করা হচ্ছে।

Alpha and omega *Means* : **The beginning and the end**

ওয়ার্ল্ড ফুড ডে 2021-র থিম হল 'সেফ ফুড নাও ফর এ হেলদি টুমোরো'

প্রকল্পের নাম	সময়	উদ্দেশ্য	তথ্যাবলি
মুক্তিধারা	২০১৩ ৭ মার্চ	স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের সম্মানজনকভাবে জীবিকা অর্জনের জন্য এই প্রকল্প	স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের সম্মানজনকভাবে জীবিকা অর্জনের জন্য পুরুলিয়া জেলায় সূচনা হয় 'মুক্তিধারা' প্রকল্পের। নাবার্ডের সহযোগিতায় এই প্রকল্পে স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণের পর তাঁদের ব্যাঙ্ক থেকে ঋণের ব্যবস্থা করা হয়।
শিল্পসাথি	—	শিল্প স্থাপনের জন্য বিনিয়োগকারীদের সমস্যা সমাধান	শিল্প স্থাপনের জন্য প্রয়োজনীয় লাইসেন্স, রেজিস্ট্রেশন ইত্যাদি পেতে সরকারি বিনিয়োগকারীদের সমস্ত সুযোগ-সুবিধার লক্ষ্যে সিঙ্গল উইন্ডো প্রকল্প 'শিল্পসাথি' বিনিয়োগে ইচ্ছুক শিল্পপতিরা একটি সাধারণ আবেদনপত্রে আবেদন করবেন। সংশ্লিষ্ট আধিকারিকরা নির্দিষ্ট দিনে ইচ্ছুক বিনিয়োগকারীদের প্রয়োজনীয় লাইসেন্স, রেজিস্ট্রেশন প্রভৃতি দেওয়া হবে। এই প্রকল্পের সঙ্গে যোগ হবে G2B এবং e Biz নামে পোর্টাল
গতিধারা	২০১৪ আগস্ট	পরিবহণ শিল্পের উন্নতিতে এই প্রকল্প	বেকার যুবক-যুবতীদের পরিবহণ শিল্পে উৎসাহ দিতে এই প্রকল্প। এই প্রকল্পে আঞ্চলিক পরিবহণ আধিকারিক বা ব্যাঙ্কের মাধ্যমে গাড়ি কেনার জন্য সহজ শর্তে ঋণ দেওয়া হবে।
সামাজিক সুরক্ষা যোজনা-২০১৭	২০১৭	যাবতীয় সামাজিক সুরক্ষা প্রদান	এই প্রকল্পে মাত্র ২৫ টাকা করে জমা করে পেনশন, ফ্যামিলি পেনশন, মৃত্যুজনিত কারণে আর্থিক সহায়তা, ক্যাশলেস মেডিক্যাল বেনিফিট, বিয়ে ও মাতৃত্বের জন্য সাহায্য, সন্তানের শিক্ষার জন্য অনুদান ইত্যাদি পাওয়া যাবে। প্রায় ১.৫ কোটি অসংগঠিত এককালীন ২৫ টাকার বিনিময়ে পারিবারিক পেনশনের সুবিধা পাচ্ছেন
সংখ্যালঘু উন্নয়ন প্রকল্প	—	সংখ্যালঘু ছাত্র-ছাত্রী ও সম্প্রদায়ের সামাজিক উন্নয়ন	সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষার প্রসার ও উচ্চশিক্ষা লাভের জন্য স্কলারশিপ প্রদান। MSDP প্রকল্পে শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, পানীয় জল ইত্যাদি ক্ষেত্রে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জন্য দীর্ঘকালীন সম্পদ বৃদ্ধিতে বরাদ্দ প্র... ৯৫% সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে OBC তালিকায় আনা এবং সরকারের বিভিন্ন জেলায় একাধিক 'মাইনরিটি হাব' তৈরির পরিকল্পনা রয়েছে।
প্রত্যাশা	—	পুলিশ কর্মীদের নিজের বাড়ির স্বপ্ন পূরণ	পশ্চিমবঙ্গের পুলিশবাহিনীর কর্মরত পুলিশ কর্মীদের নিজের বাড়ির স্বপ্নকে বাস্তবায়িত করতে একটি আবাসন প্রকল্প।
সবার ঘরে আলো	২০১২ জুলাই	রাজ্যের ১১টি জেলায় বিদ্যুতায়ন	দক্ষিণ দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর দিনাজপুর, পুরুলিয়া, জলপাইগুড়ি, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়ায় বিশেষ অনগ্রসর অঞ্চল মঞ্জুরি তহবিল পরিকল্পনার মাধ্যমে ১০০ শতাংশ বিদ্যুতায়ন।
সেচবন্ধু	—	রাজ্যের সেচ ব্যবস্থার উন্নতি করণ	এটি একটি কৃষক মিত্র প্রকল্প। এর মাধ্যমে রাজ্যের সেচ ব্যবস্থাকে আরো উন্নত করতে কৃষকদের বিদ্যুৎ সংযোগ ব্যবস্থাসহ ৪৬,০০০ নতুন পাম্প সেট প্রদান করা হচ্ছে
আকাঙ্খা	—	রাজ্যের সরকারি কর্মচারীদের নিজেদের বাড়ির ইচ্ছাপূরণ	রাজ্যের সরকারি কর্মচারীরা নিজেদের বসবাসের জন্য বাড়ি বা ফ্ল্যাট নির্মাণের ক্ষেত্রে যে সমস্ত অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন সেগুলির সমাধানের জন্য ১০০ কোটি টাকা তহবিলসহ এটি একটি নতুন গৃহনির্মাণ প্রকল্প।
আনন্দধারা	২০১২ ১৭ মে	গ্রামীণ দরিদ্র ও প্রান্তিক মানুষের জীবিকা সংস্থান	গ্রামীণ দরিদ্র ও প্রান্তিক মানুষদের একটি স্ব-নিয়ন্ত্রিত স্বতন্ত্রপূর্ণ প্রতিষ্ঠানের ছত্রছায়ায় সংগঠিত করা এবং সমষ্টিগত ভাবে জীবিকা সংস্থানের সহায়তা করা হবে এই প্রকল্পের মাধ্যমে।
কর্মশ্রী	২০১৪	অতিরিক্ত কাজের সুযোগ করে দেওয়া	এটি শ্রম দপ্তরের অন্য কয়েকটি প্রকল্পের সম্মিলিত রূপ। যে ব্যক্তি কোনো প্রকল্পে ২০ দিন কাজ করেছে, সেই ব্যক্তিকে অন্য প্রকল্পে আরও ২০ দিনের কাজ দেওয়া হবে এই প্রকল্পের মাধ্যমে।
সবলা	২০১১	কিশোরীদের স্বাস্থ্য ও কর্মসংস্থানের উন্নতি	কোচবিহার, জলপাইগুড়ি, নদিয়া, পুরুলিয়া, কলকাতা, মালদহ এবং আলিপুরদুয়ার এই ৭টি জেলায় অপুষ্টি দূর করার পাশাপাশি স্বাস্থ্য, পরিবার ও শিশু সুরক্ষা এবং যত্নের ব্যাপারে সচেতনতা তৈরি করে ১১ থেকে ১৮ বছর বয়সি অবিবাহিত কিশোরীদের ক্ষমতায়ন বৃদ্ধি করা হবে।

Once In a blue moon *Means* **: Something that happens very rarely**

ভারতের 21তম মহিলা গ্র্যান্ডমাস্টারের খেতাব পেলেন দিব্যা দেশমুখ

প্রকল্পের নাম	সময়	উদ্দেশ্য	তথ্যাবলি
